দেবী-মহিমা

অতীন বন্দ্যোপাধ্যায়

প্রথম প্রকাশ আবাঢ়, ১৩৪৯

প্রকাশক
বামাচরণ মৃথোপাধ্যায়
করণা প্রকাশনী
১৮এ টেমার লেন
কলকাতা-১

মৃদ্রাকর
ভামাচরণ মৃথোপাধ্যার
করণা প্রিণ্টাস

১৩৮ বিশান সরণী
কলিকাতা-৪

দেবী মহিমা

লেখকের অন্য বই

নীলকণ্ঠ পাথির থোঁজে (১ম ২য়) অলোকিক জলযান (১ম ২য়)

ঈশরের বাগান (১ম ২য় ৩য় ৪র্ব)

নয় ঈশর

মাহুবের সভ্যাসভ্য

মাহুৰের হাহাকার

মা**হুবে**র ধরবাড়ি ভূঃশপ্র

ক্ষেনত্র সাদা বোড়া

ब निर्मान

শেব দৃখ্য

রূপকথার আংটি

টুকুনের অহ্ধ

হ্ৰী রাজপুত্র

গৰ্ভে হাতের স্পর্ন

উৎসগ

रामिषि এবং चाननमास्क

॥ প্রথম পর্ব॥

সোমনে স্থান্ত মাত্র প্রথন্ন ব্যাদ চরাচরে। গনগনে উত্তাপ।
সামনে স্থান্ত মাত্র। রুখা জমি। খড়ের বন। শুকনো এবং প্রচণ্ড
দাবদাহে সব যেন জলছিল। শুকনো ঘাস পাতা ওড়াওড়ি করছে।
চোখ জালা করছে। পায়ে কোসকা। নতুন কাবলি জুতো পরে
এই দশা। সেই কবে কেনা নতুন জুতো জোড়া সে এ-দেশে রঙনা
হবার আগে প্রথম পায়ে দিয়েছে।

দেশবাড়িতে জুডো পরার অভ্যাস নেই। তাকে রেখে আসার সময় বাবা প্রথম এক জোড়া ন্তৃন জুডো নারানগঞ্জ থেকে এনে বলেছিল, নে। পরবি।

সবাই দেশ ছেড়ে চলে ষাচ্ছে। মা বাৰা স্থাঠারা সৰ। সে আর ভার এক দাদা ঠাকুমার সঙ্গে থাকৰে কথা। পরীক্ষার পর যাবে। কটা মাস মাত্র। তবু কী মন খারাপ! বাবা ব্যতে পেরেই আসার আগে খুশি করার জন্ম ভাকে কাবলি স্থ স্পোড়া দিরেছিলেন। সেটেন্ট-পরীক্ষার সময় ভেবেছিল পরে পরীক্ষা দিতে যাবে। তারপর আবার মনে হয়েছে, পাড়াগাঁরের স্কুলে কে কবে জুড়ো পরে যায়। বরং যেদিন দেশবাড়ি ছেড়ে সে চলে যাবে, সেদিনই পরা যাবে।

পরতে গিয়েই বিপদ।

বড়দা, ঠাকুমার দেশ ছাড়ার কথা সবার শেষে। বড়দা ভাকে দামোদরদির স্টিমার ঘাটে তুলে দিতে এসেছিল। সে বাড়ি থেকে জুতো পরে বের হয়েছিল দামোদরদি স্টিমার-ঘাট পর্যস্ত হেঁটে যাবে বলে। অর্থেক রাস্তাও সে যেতে পারেনি। চয়া জ্মি, সক আল, সে

জুতো পরে স্বাক্তাবিক্তাবে হাঁটতে পারছিল না। তার কট্ট হচ্ছিল। দেই থেকে জুতো জ্বোড়া আর পায়ে দিতে পারেনি। পরলেই জ্বালা করে।

এখন তার হাতে এক লোড়া কাবলি মু। অক্স হাতে টিনের স্টকেন! ক্লান্ত অবদর: মরতে কেন যে ৰাবা এমন একটা জায়গায় বাভি বানাল। দেশ গাঁয়ের সব লোক নিয়ে কাকা জাাঠারা এই অঞ্চলটায় বস্তি গড়ে ভূলেছে। আরু কডদূর বুঝতে পারছে না। পকেটে বাবার চিঠি। কীভাবে কোখায় নামতে হবে, কোন গাড়িতে উঠতে হবে, আর আছে নদী পার হবার জ্বা, রিক্লার ক্পা। আর সৰ স্টেশনের নাম। সে ঠিকমতো শেষ পর্যস্ত শেষ স্টেশনটায় জোরের গাড়িতে নেমেছে। নেমেই অবাক। স্টেশনের সামনে এক বিশাল বিলেন মাঠ ক্রোশের পর ক্রোশ চলে গেছে। বাবা লিখেছিলেন কৃষ্ণপুর জারগাটা হিজল বিলের কেন্দ্রাবন্দতে। রেল-স্টেশনটা খাড়া পাহাড়ের মত উচু জায়গায়। সাইন ধরে কিছুটা পুর দিকে এগোবে: গুমটি ঘর দেখতে পাসে একটা, পরে বিরাট অশ্বপ্রের ছারা পাবে। শুমটি বরের ভানাদকে যে গরুর পাড়ির লিক পাবে সেটা ष्यस्मद्रभ कद्रात । विटल शाहलाला क्या इटहा नमी भारत, এकहा ছারকা পরেরটা ত্রাহ্মণী। ছটো নদারই উৎসমুখ ছোটনাগণুরের পাহাড়ী এলাকা। বাবা রাস্তার বিবরণ দিতে গিরে নদীর উৎসমূথ নিয়ে কেন পড়েছিলেন, াদ চিঠিটা পেয়ে বুঝতে পারেনি। ক্রোশ ছয়েকের মত পৰ সেঁশন বেকে । এ সময় বিলেন অঞ্চটা প্ৰায় জনহীন পাকে। দুরে অদুরে মাঠচরা মামুবের দাক্ষাৎ পেতে পার। কিছু গরু মোষ। পরে একসময় দেখৰে তা-ও নেই। ওধু খড়ের বন আর ঘেরি। বেরির পাড় ধরে হাঁটলে তুপুর গড়িরে বাবে। দোলাস্থল হাঁটার চেষ্টা করবে। দারকা নদীতে খল পেতেও পার, নাও পার। বর্ষা হলে জল, না হলে শুক্নো বালির চরা: নদীর মঞ্জি আমরা এখনও বুঝে উঠতে পারিনি। আর ঈশবের নাম নেবে। বিলেন

অঞ্চলটার দাপথোপের প্রচণ্ড উপদ্রব। বস্থার সময় অঞ্চগর পর্বস্ত নেমে আসে।

সে ঠিকমভোই ভাহলে যাছে। ছ-দিন আগে বড়দা স্টিমারঘাটে তুলে দিরে গেছে। কথন স্টিমার নারানগঞ্জে পৌছবে, কোণার
গোরালন্দ মেলের টিকিট পাওয়া যাবে, তারপর দর্শনাতে ওর টিনের
বাক্সটা পুলিশ যে হাটকাতে পারে এ-সব সম্পর্কেও বিশ্বদ ব্রিরে
দিরেছিল বড়দা। সে ভীক্র বালকের মত তাকিয়ে থাকলে, দাদা
বলেছে দেখ, যাবি কিনা ! না আমাদের সঙ্গে বাবি। আর মাত্র ভো
কটা মাদ।

তার ফাইগ্রাল পরীক্ষা হয়ে গেছে। দেশবাড়ির জন্ম বে কটটা, এক আশ্চর্য মোহময় প্রকৃতির মধ্যে বড় হওয়া এবং ক্যালবাদা সবই যেন মার নঙ্গে দেশান্তরে চলে গেছে: আদলে সে মাকে ছাড়া এক কণ্ড থাকতে পারে না: ক্ষেতরের কটটা এভাদন পরীক্ষার জন্ম চেপেচুপে রেখেছিল। পরীক্ষা হয়ে যাবার পরই সে অধীর—আমি একাই যেতে পারব।

বড়দা তার জ্যাঠামশাইয়ের ছেলে। উত্তরের জমির টাকাটা পেলে বড়দা ঠাকুমাকে নিয়ে রওনা হবে। তথন যারা বাড়িখর কিনে নিয়েছে, কথা আছে তারা দব তুলে নিয়ে যাবে। একটা অজানা অচেনা জায়গায় গিয়ে দবাই উঠেছে, টাকার বড় দরকার। যে-করে হোক যতটা নিয়ে যাওয়া যায়। বাবা জ্যাঠামশাই কিংবা ছোট কাকা তাদের বদবাদের জায়গা ঠিক করতেই ব্যস্তঃ উত্তরের জমির টাকা পেলে দাদা ঠাকুমাকে নিয়ে রওনা দেবে। কটা মাদ তার কাছে মনে হয়েছিল, অনেক দিন। যেন এড বড় অপেকা তার জীবনে শেষই হবে না। দে বলেছিল আমি ঠিক পারব।

এই পারাটা এত কণ্টের সে জানত না! নারানগঞ্জ স্টিমারবাটে নেমে সে একবার সবার অলক্ষ্যে কেঁদেই কেলেছিল। যদি হারিয়ে যার! যদি বুঝাতে না পারে কোন স্টিমারে উঠতে হবে। সব মানুষজনই তথন তার কাছে কেমন আডকের শামিল। আর বি
ভিড়। মানুষের মাথা গিজগিজ করছে! কত রকমের লটবহর।
কেউ কেউ ছদিন থেকে লটবহর নিয়ে বদে আছে। মেল স্টিমারে
ওঠা দার। মেলে উঠে মনে হয়েছিল, এ-স্টিমার আর গোয়ালন্দ পৌছাবে না। কেমন আডক পদ্মায় ডুবে না ষায়! কেউ জানতেই পারবে না, টিনের স্টকেদ হাতে নিয়ে এক বালক পদ্মার জলে ডুবে গোছে। দে দব ভয় আডক পার হয়ে শেব স্টেশনে আজ পৌছে গোছে। সকালবেলার ঠাণ্ডা আমেজ, রোদ ওঠার সঙ্গে দকে দব হাহরা। মক্রভূমিদদৃশ মনে হয়। গরম হাওয়ায় মৃথ পুড়িয়ে দিছে। দে হেঁটে ষাচ্ছিল।

কিছুটা হেঁটেই মনে হল, গরুর গাড়ির লিকটা মিলিরে গেছে। এই লিক ধরে বাবা তাকে খেতে বলেছে চিঠিতে। সামনে একটা খেরি। সর্বত্র কাঁটাঝোপের জঙ্গল। পায়ে হাঁটা পথ পর্যন্ত নেই। সে কেমন খাবড়ে গেল। পেছনের দিকে ভাকাল। ক্ষুধায় ভেষ্টায় জিভ টানছে। শেষ খাবার কাল রাভে সে খেরেছে। গোটা চারেক চিড়ের মোয়া ছিল, তাই খেয়ে স্টেশনের কলে জল খেয়েছিল। এভ রোদ এবং ভাপপ্রবাহ ভেঙে নতুন দেশবাড়িতে পৌছতে হয় সে জানভ না।

স্টেশনটা এখন বেশ দ্রে। বেশ পেছনে পড়ে আছে। বড় দে বাচ্ছে ডত স্টেশনটা মাধার ওপর আকাশের গায়ে ছবির মডো দেখাছে। ছিমছাম লাল ইটের বাড়ি, ছ-পাশে ছটো সিগফালের থাম, সারি সারি কৃষ্ণচ্ড়া গাছের মধ্যে কেমন ভেসে আছে ছবিটা। রেললাইনটা একটা অর্ধাকার রন্ত হয়ে গেছে। সে যে খুব নিচ্ছামিতে নেমে এসেছে ব্রুডে পারছে। লোকজন নেই যে জিজেস করে। দ্রে অল্রে রোদের বিল্লি ভেসে যাচ্ছে—প্রায় মরীচিনার মডো—যেন সামনে অফ্রন্ত জলরাশি। বুকে পিপাসা জন্মালে এমন হয় সে জানে। এত রোদ যে মাঠে রাখালী করছেও কেউ আসেনি। গ্রামটা কোন দিকে হবে! সে পথ ভূল করেনি ভো!

সামনেই ডাঙা মডো জমি, কিছু হিজ্ঞল গাছ। হিজ্ঞলের ছায়ায় দে উঠে যেতেই দেখল ডানদিকে বড় একটা যেরি। ডার উপর সারি সারি কুঁড়েঘর। মানুষের বাদ। গাছপালা নেই—শুকা যাঠে দেইদব ঘরবাড়ি রোদে পুড়ছে। মরুভূমির মধ্যে যে মরুতান থাকে এখানে ডাও নেই। নিচে নদী। আক্ষণী কিংবা দ্বারকা হবে। দৃর্ দিয়ে একটা গরুর গাড়ি যাচ্ছে। মাথার টোপর পরে আছে মড ছই। গাড়িটা নদী পার হয়ে যাচ্ছে।

এ এক অস্ত পৃথিবী। দেশবাড়ির মতো গাছপালার ছায়ার বরবাড়ি ঢাকা নেই। নতুন আবাদ বোধহয় এ রকমেরই হয়ে থাকে।

সে তার ছদিনের যাত্রায় দেখেছে, কী সুন্দর শহর, বাঁধানো পথঘাট,
বড় বড় দব দালানকোঠা, খেলার মাঠ ফুলের বাগান। মামুবের জক্ত
এতদব থাকে সে আগে জানত না। তার মনে হয়েছিল বাবা কাকারা
এদেশে এদে এমনই শুন্দর কোন ঘরবাড়ি কয়ে বদবাদ কয়বে। দে
কেমন দমে গেল। তবু মনের এক কোণে গভীর এক আকাজ্জা
জেগে উঠছে। মা তার দেখানে পথ চেয়ে বদে আছে। দে বুকে বল
পেল। কুধাতেস্তার কথা ভূলে গেল। পড়ি মরি কয়ে ঝোপ-জঙ্গল
ভেঙে যাবার দময় মনে হল সরদর কয়ে কি দয়ে বাচ্ছে। চিঠিতে
বাবা লিখেছিলেন, এখানে এলে চারপাশে দতর্ক নজর রাখবে।
ভার সংবিং ফিয়ে আদায় কিছুটা ধীর গতি হয়ে গেল দে।

ভাঙা জমি থেকে নিচে নামতেই সব আবার অদৃশ্য হয়ে গেছে।
চক্রাকার বাঁধের মডো চারপাশ যেন ঘেরা। নিচে সবৃদ্ধ ঘাস মাটি
সঁয়াতসঁয়াতে। জলজ ঘাসের মতো কিছু মাড়িয়ে দে বাচ্ছে। মগজের
মধ্যে কম্পাসের কাঁটা ঘুরছে। দিক নির্ণয় সে ঠিকঠাক রেখে
এগোচ্ছিল। এমন স্থমার মাঠ সে অনেকদিন একসঙ্গে হাঁটেনি।
কেমন এক ব্যাপ্ত গস্তীর বিস্তার এই হিজলের, চিঠিতে বাবা এমন
লিখেছিলেন, হিজলের বিলে হাজিদের ঘেরিতে আমাদের মাধা
গাঁজার ঠাই। পরাপরদির বৃন্দাবন কর, হাইজাদির ঘোষেরা এবং

তাদের আত্মীয়সজন মিলে নতুন একটা গ্রামের পত্তন করা হরেছে। বেঁচে থাকার জন্ম মানুষের প্রতিবেশী বড় দরকার। সে কুঁড়েঘরগুলো দেখেই ব্ঝেছিল, কোন নতুন সভ্যতার পত্তন শুরু হয়েছে এই হিজল বিলে! মানুষের জগম্য কিছু নেই।

নিচ্ছমি ভাঙার সময় কিছু কীটপতঙ্গ নহ্মরে এসেছে। কড়িং প্রজাপতি সব। চেনা এরা। কিছু পাখিও সে দেখল। ঝাঁক বেঁধে মায়ুবের সাড়া পেয়ে উড়ে ষাচ্চে। হলুদ ঠোঁট সাদা ডানা, সবুজ পেটের দিকটা। বালিহাস হতে পারে। ওরা সাঁগাতসাঁগতে জলাজমিতে খুঁটে খুঁটে কি থাচ্ছিল। নীলাভ আকাশের নিচে ওদের উড়ে যাওয়া দেখে কিছুক্ষণ স্তম্ভিত হয়ে দাড়িয়ে থাকল সে। তারপর আবার ডাঙা মডো উচু জমিটায় উঠে আসতেই দেখতে পেল, কুঁড়ে-বরগুলি যতটা লাগোয়া মনে হয়েছিল ততটা আর নেই। ফাঁকা ফাঁকা। এগুলিই বৃঝি তবে ঘেরি। চারপাশে বাঁথ দিয়ে জল আটকে রাখা, তারপর চাষ আবাদের জল্য বেরিগুলি কারা কৰে তৈরি করে গেছে—এ সব ভেবে সে কিছুটা রোমাঞ্চ বোধ করল।

সে যত এগিরে ষাচ্ছিল, তত প্রবল উৎসাহ সঞ্চার হচ্ছে মনের মধ্যে। মনে হচ্ছে বাপ কাকারা সৌরলোকের এক ছোট গ্রহাণুতে এসে উঠেছেন। শহর গঞ্জ থেকে দূরে প্রকৃতির নিষ্ঠুর লীলার মধ্যে মানুষগুলোর নিত্য থেলা। সেও তাদের একজন। প্রকৃতির লীলা থেলার কথা তার অজ্ঞানা নয়। তবু কোধার বেন ফেলে আসা দেশ-বাড়িতে নিশ্চিত এক নিরাপত্তা ছিল। মানুষ মানুষের বৈরী হয়ে বার—দেশবাড়ি ছাড়তে হয়, এভাবেই মানুষ বোধহয় বার বার ডাড়া থেরে কোন এক অগম্য স্থানে নিজেদের ঠাই করে নেয়। ফলে স্থানুর দ্বীপমালায়ও মানুষের ঠাই হয়ে বায়। পৃথিবী এভাবেই মানুষের বর-বাড়িতে ভরে গেছে। স্টেশন থেকে নেমে সে যভটা নিরাশ হয়েছিল, এথন আর তা নেই। কভক্ষণে কাছাকাছি পৌছবে, ক্রেড

কের পা চালিরে সামনের নদীটা পার হতেই মানুষক্ষন চোথে পডছে। সে ডেকে উঠতে চাইল, বাবা আমি এসে গেছি।

মনে হয় দূর থেকেই তার আগমনের প্রতি কারো লক্ষ্য ছিল! কাছাকাছি আসতেই সে হুটো একটা রক্ষণ্ড দেখছে পেল। হিজ্ঞলগাছ বোধহয়। গাছের নিচে মামুষজন জড় হছে। প্রথমে একজন পরে গুজন আরও পরে আনেকে এসে গাছটার নিচে দাঁড়িয়েছে। নারী পুরুষ প্রজেদ করা যাছে না। কিছুটা আয়ও এগিয়ে গেলে বুঝতে পারল. ভিড়ের মধ্যে কোন পুরুষ নেই। কেউ একজন ভিড় থেকে নেমে আসছে। পেছনে পঙ্গপালের মতো কাচ্চা বাচ্চারা ছুটছে। সে বুঝতে পারল গাছের নিচে খার মা দাঁড়িয়ে। রোদে যতই ঝিলিমিলি থাকুক সে যত দূরেই থাকুক. বুঝতে পারে মা ধীরে ধীরে নেমে আসছে। ডাঙা জমি থেকে মার আব দে যত দূরেই থাক ঠিক টের পায়। বাক্ষটা নিয়ে হাতে কাবলি স্থ নিয়ে সে দেড়িতে থাক্স। প্রেরজনের কাছে কিয়ে জাদার এমন এক অপার আনন্দ থাকে সে আগে কখনও আনত না। তার চোথ ফেটে আনন্দে জল এমে গেল।

হাজিদের মেরির ডাঙা দথল নেওয়া নিয়ে যে সংধর্ষ হবার কথা ছিল শেষ পর্যন্ত ডা আর হয়নি :

মাশুষক্ষন দেশ ছাড়ছে। হাজির: ঘেরির ডাঙা বিক্রিৰাটার চেষ্টা করছিল পারেনি।

প্রায় বলতে গেলে কিছু মানুষের কাছে এটা রাট্রবিপ্লব। কাডারে কাডারে মানুষজন দেশ ছেড়ে পালান্ডে। চিন্তাহরণ যেমন এক দঙ্গল নিয়ে এই ঘেরিটার পাশে এনে দাঁড়িয়ে হাত তুলে বলেছিল এখানেই আমাদের নতুন আবাস গড়ে তুলতে হবে ডেমনি হাজিরা নিরাপদ আশ্রের খুঁজতে দেশ ছাড়া হয়েছিল। ঘেরির ডাঙা জলের দামে বিক্রি করাও শেষ পর্যন্ত হয়ে ওঠেনি। এই সুমার বিলে ঘেরির দথল

থেকে চাষ আনাদ সবই লাঠির জোরে। তার উপর উপদ্রবের শামিল উদ্বাস্তদের ভিড়। যেথানে সেধানে বদে যাছে। পতিত জমি আর ডাঙা পেলেই হল, একটা অলিখিত আইনও চালু হয়ে গেছিল। আইনটার নাম জবরদখল স্বত। চিস্তাহরণ মল্লিক দেশে ধাকতে কোটে স্ট্যাম্প ভেণ্ডারের কার্ক করত। আইনের কার্কচুপি তার রক্তে। এতবড় একটা ঘেরির ডাঙা বিনা সংঘর্ষে দখলে আসবে তার করনার বাইরে।

বারা প্রথম দখলদার ছিল পরে তারা আরও লোকজন দেশ থেকে নিয়ে এদেছে। কারণ এত বড় ঘেরির ডাঙা শেষ পর্যন্ত দথলে রাখতে গেলে জনবলের দরকার। শেষের দিকে জমি বিক্রিবাটাও হয়েছে। এসব অবশ্য অনেক পরেকার কথা। যা হয়, মায়য় মাধার ওপর থোলা আকাশ নিয়ে বেশি দিন বাঁচতে পারে না। ঘরবাড়ি বানাতে হয়। পানীয় জলের বন্দোবস্ত করতে হয়, চাষ আবাদ, গরু বাছুর, গাছপালা হাটবাজার সব কিছুর দরকার। সব হবে এখন এই আপ্রবাক্য সার করে পুরুষরা জমি খননের কাজে লেগে গেছে। কারণ ছদিন হল, এই পল্লীতে বড় বেশি জল সংকট চলেছে। দারকা থেকে বালি থুঁড়ে পানীয় জল আনা হচ্চিল, এখন ডাও পাওয়া যাচ্চে না। বে যার কোদাল গাঁইতি নিয়ে মাটি খননের কাজে লেগে গেছে। জলের জন্ম প্রয়োজন হলে পাতাল পর্যন্ত ষেতে রাজি। দিব্যেন্দু গাছের নিচে এ জন্ম কোন পুরুষ মানুষকে দেখতে পায়ন।

মা তার হাত থেকে টিনের বাক্সটা নিয়ে এগোচছে। সে ৰলল, কিরোদ মা। একটা গাছ নেই। আমার তেষ্টা পেয়েছে।

করুণা ৰঙ্গল, আয় দেখি।

পাশে যারা হাঁটছিল সে তাদের কাউকেই বড় একটা চেনে না, কেবল উষা তার জাঠততো বোন এবং একটি ছেলে বেশ স্থলর দেখতে হাত থেকে কাবলি স্থ জোড়া নিয়ে বলল, আমার নাম পটল। উষাদি আমার দিদির দই। বেশ একটা কোলাহল চলছিল তাকে কেন্দ্র করে। বৌরা বলা-বলি করছিল মধু রায়ের ছেলে। মাকে বলছিল, বলছি না দিদি, ঠিক চিনে আসতে পারবে। তুমি কী না তুশ্চিস্তা করছিলে!

করুণা ছেলের মুখের দিকে ভালভাবে তাকাতে পারছে না। মাত্র এক বছরে ছেলে তার আরও কত বড় হয়ে গেছে। লম্বা বাপের মতো চোথ মুথ। তার ইচ্ছে হচ্ছিল তক্ষুনি ছেলের খামে জবজবে মুথ আঁচলে মুছিয়ে দেয়। কিন্তু এত লোকজনের সামনে এটা করতে ভার সংকোচ হচ্ছিল।

করুণা মাঠ ভেঙে ডাঙা জমিতে ওঠার সময় বলল, ঠাকুমা কেমন আছে।

দিব্যেন্দু সব দেখছিল। মার কথা শুনতে পায়নি। সে এই জনজীবনে আর একজন নবাগত। সবাই ডাকে যেন বরণ করে তুলে নিচ্ছে। হাসি মসকরাও করছে কেউ। দিদি, ডোমার ছেলে হারাবার নয় গো।

কেউ বলছিল ভোমার মা কাল থেকে কেবল উপথুদ করছে।

আসলে সে বুঝেছে তার আগমন নিয়ে এই নতুন জনপদে সবারই কৌতৃহল ছিল। সে যে পৌছে গেছে এই খবর দিতে পটল আগেই দৌড়ে কোণাও ডাঙা জমিতে ছুটে গেছে। তাকে আর দেখা বাচ্ছে না। যেন বাড়ি বাড়ি সে খবরটা পৌছে দেবে। তাঙা জমিতে পঠার মুখেই কিছু ঘরবাড়ি। নিকোনো দাওয়া, হাঁস কবৃত্র। গরু বাছুর। যাবাবর জীবনেও বোধ হয় এ সব লাগে। খড়ের ছাউনি। বাঁশের বেড়া। খোপ খোপ জানালা। বাড়ির বাইরে সবাই দাঁড়িয়ে। খবর পৌছে যাবার মতো অথবা কোন ডাকপিওন তার ঝোলায় এক সুখবর বয়ে এনেছে। সবারই প্রশ্ন এই সেই ছেলে।

দিব্যেন্দু ভাবল দে ম্যাট্রিক পরীক্ষা দিয়ে এদেছে, খুব মেধাৰী ছাত্র এমন হয়তো চাউর হয়ে গেছে দর্বতা। ভার দিকে ছেলে বুড়ো দ্বাই বড় কৌতৃহলী চোখ নিয়ে তাকিয়ে আছে। সে কিছুটা লজার পড়ে গিয়ে, সব কিছু আর ভালভাবে দেখতেও পাচ্ছে না। পরনে ফুল প্যাণ্ট হাফ শার্ট। পা খালি। কোসকার আলাবোধ নিরাপদ আশ্রয়ে পৌছে বাওয়ায় কম। সে জল ডেষ্টায়ও বেন আর ততটা কাতর নয়।

সামনের বাড়িটার করণা ঢুকে ৰলল, জল আছে পার্বতী ?

জল সবাই চুরি করে সংরক্ষণ করে। জানতে দেয় না, জল আছে কি নেই, এ হেন সময় জল চাওয়া বড় গহিত কাল করণার কথাবার্তায় তা ফুটে উঠেছে। করুণা ফের্ন বলল, থাকলে দে, আমাদের বরে এক ফোঁটা জল নেই। ওর ছোট কাকা জল আনতে গেছে।

দিব্যেন্দু মার এই কাতর উক্তিতে কেমন মাবড়ে গেল। বাপ কাকারা এ কেমন দেশে এদে বাড়িমর বানিরেছে। একটু মলের ক্ষম্ম ভার মার চোথে অপার হুঃথ। দে বলল, তুমি এদো ভো মা।

আর ঠিক এ সময় কেউ বের হরে এল। এনামেলের তোবড়ানো প্লাসে বরফের মতো ঠাণ্ডা এক গ্লাস ভরমুজের রস। মেয়েটির গায়ে ফক। চুল ঘাড় পর্যন্ত। চোথ বড় বড়। ভরাট মুখ। আশ্চর্য শ্রমা সারা অলে। এমন দাবদাহে এ হেন বালিকা দর্শনে দিব্যেল্পু কিছুটা মুর্ম, কিছুটা হওচকিত। পার্বতী রস দেবার সমর বলল, ভিতরে আস্থন। বসে খান। মার সঙ্গে আর যারা ছিল ভারা সবাই প্রচণ্ড উত্তাপ পেকে মাধা বাঁচবার জন্ম চুকে গেল। সেও পার্ছিল না। ভিতরে চুকে গেলে পার্বতী একটা জলচৌকি এগিরে দিল। আঃ এভ আরাম, এত তৃত্তি, জীবনে দিব্যেল্পু কোনদিন অনুভব করেনি। মাবলল, উষার সই। ওর মা নেই। বাবা মাটি খুঁড়ে জল আনতে গেছে।

বছর থানেকের মতো এই জনপদের সৃষ্টি। এখনও কোন পানীয় জলের ব্যবস্থা হয়নি, অবচ মানুষকলো বেঁচে আছে। দিব্যেন্দুর কেমন ভর ধরে গেল। সে ভেবেছিল, বাড়ি পৌছে স্নান, তারপর আহার, তারপর ঘুম। তু-রাত সে জেগে আছে। ভরে ঘুম আসেনি। তার আবার শরীর কেমন ক্লান্তিতে অবসর হরে আসছিল। এই মকসদৃশ ভারগার বাপ কাকাদের বসবাস কিছুটা নিবৃজিতার পরিচয় এমন মনে হল তার। সে মার দিকে তাকিরে বলল, তোমরা স্নান্টান কর না ?

মার কথার আগে পার্বতীই বলল, খেরির নাবুভে জল আছে। ওথানে আমরা স্বাই স্নান করি।

বালি খুঁড়ে বে পানীয় জল আনা, তা এখন নিখোঁজের মুখে। সবাই আকাশের দিকে তাকিয়ে তাজিরে আন্তঃ। শেষমের সবাই ছুটে গেছে বেরির ভেডরে। সেখানে মাটি খোঁড়া হচ্ছে। পাতকুয়ো বসানো হচ্ছে। সবল পুরুষেরা সবাই এখন সেখানে। খবর নিয়ে আসছে কেউ। জল বিকেলেই মিলবে। নতুন জনপদে তার আসার চেয়ে এটা আজ আরও কত বড় খবর বাড়ি ঢোকার মুখে দিব্যেন্দু সেটা টের পেল। নিদারুল সংগ্রামে প্রকৃতি বদি বল মানে। সে আরও যা খবর পেল—তাতে কিছুই এখানে স্থায়ী হর না। এই পাতকুয়ো কাজ চালিয়ে নেবার মতো। কক্ষ এই প্রায়রে বর্ষায় চল নামলে সব ভাসিয়ে নিয়ে যাবে। তখন সব জলে জলময়।

ঘেরির উপরেও কিছু করা যায় না। ঘেরির ভাঙা জমি নিচের জমি থেকে বড় বেশি উচু। জলের নাগাল পাওয়া কঠিন। ছটেং টিউকলের কোনোটা দিয়ে এক ফোঁটা জল পড়ে না।

সে যেন পড়েছিল কোধায় জলের অপর নাম জীবন—এই কাঠ-কাটা রোদে ঘরের ভেতর মাত্রে চিংপাত হয়ে শুয়ে দেটা বড় বেশি আজ মনে হল। ঠাগু তরমুজের শরবত আবার মা দিলে দে প্রথম টের পেল, প্রকৃতি কিছু না কিছু জীবন ধারণের জন্ম সব সময় রেখে দেয়। চার ভিটেতে চারটা ঘর। জেঠিমা, সোনা কাকিমা, ছোট কাকিমা সব তাকে খিরে বসে আছে। দেশের থবর জানতে চাইছে। এখানে এত বড় একটা বিপর্যয় চলছে জলের, মা জেঠিদের কথায় তা টের পাওয়া যাচ্ছে না । আদলে বোধ হয় অভ্যাস। সে উঠে গিরে এখন বরগুলি দেখার জম্ম এ-ঘর ও-ঘর করছে।

রায়াবায়া খাওয়া দবার নটার মধ্যে দারা। ভারপর মাটি এভ ভেতে বায়—কারো পক্ষে বের হওয়া কঠিন। মা জেঠিদের দেখে দে ব্রতে পারল খ্ব দকালে ভারা স্নানটান দেরে ফেলেছে। দেখল গোলাঘরের এক কোণে ভরমুজের পাহাড়। এখানে এই জমিতে ভরমুজ বড় বেশি ফলে। এসেই মামুষজনেরা আগেই বোধহয় এটা টের পেয়ে গেছিল ব্যথানে বে লভানে গাছ দেখল, দব ভরমুজের। আর বড় বড় দব ভরমুজ ঠাণ্ডা জলের কভ বড় বিকল্প দে খেতে বদে ভাও টের পেল।

তথন হল্লা চলছে। —নামাও, তুলে ধর। এই ৰগলা ওদিকের দড়িতে খুঁটি বেঁধে দে।

লোকগুলির পরনে গামছা প্রায় নেংটির মতো। চিন্তাহরণ মল্লিক ছাতা মাধায় দাঁড়িয়ে আছে। চুল শব্দাকর মতো থাড়া। চোথ ব্দবা ফুলের মতো লাল। পিঠ বাঁকা আর লম্বা উপবীত গলায়। ধুতির কোঁচা কোমরে গোঁজা। মধুরায় উপেন রায় পাশে দাঁড়িয়ে হুকা খাছে

ভিড় থেকে কেউ একজন বাসতি ভরে জল নিয়ে এল। জলের উপর তিনজনই ঝুঁকে পড়েছে। দেখছে। ফটিক জল হতে আর কতটা বাকি। বালি মোটা কি দক্ষ, আর কতটা খনন করা দরকার—এই ক্ষেল জীবন, জীবনের জন্ম প্রভীকা সবার। মানুষ না পারে কি!

মধু রায় বলল, গুনছেন মল্লিক মশাই। চিন্তাহরণ হ হাত পেছনে রেখে তাকাল। দিবু এদে গেছে। ৰাক, আর একজন আমাদের লোক বাড়ল। তারপরই প্রশ্ন এখান বেকে পড়বে কোধার ?

উপেন রায় লম্বা রোগা মানুষ। চুল কাঁচাপাকা। রাশভারি মানুষ। বোঝাই যায় ডিনি কোন পরিবারের গৃহকর্তা। মুথে গান্তীর্থ অপার। মানুষের কাছ থেকে আজীবন সম্মান পেলে মুথে এক ধরনের মধুর গান্তীর্থ তৈরি হয়ে যায়।

উপেন রায় চোথ ভূলে চিন্তাহরণকে দেখলেন। তারপর বললেন, কেন রাজ কলেজ আছে। সেধানে যাবে।

হোস্টেলে রাথবেন ?

টাকা কোৰায় ?

এই প্রশ্নটাই উপেন রায় বারবার ভেবে থাকে। টাকা কোথার।
দিবুটা এল। সে যদি কোন থবর নিয়ে আসে টাকার। দেশছাড়া
হবার পর, টাকার অভাব এবং তার অস্বস্থিটাই বড় হয়ে দেখা
দিয়েছে। মান সম্ভ্রম ইচ্ছত রক্ষার্থে জীবনে বড় বেশি ঝুঁকি নিয়ে
কেলেছেন। এবং সব সময় তাঁর মনে হয়.কোন স্থধবর ঠিক আসবে।
পাতকুয়োর পাড় থেকে তিনি হাঁটা দেবার সময় বললেন, দেখি
দিবুটার সঙ্গে যদি কিছু দেয়।

চিন্তাহরণ ভাকল, রারমশার।

উপেন বার দাড়াল।

বৃদি ধবর বাকে জানাবেন। লপ্তের জমিটা রেধে দেন। হাড-ছাডা করবেন না। কথা বলা আছে।

তিনি জানেন, জমিটা রাখতে পারলে তাল হয়। এদেশে আগার পর গ্রাদাচ্ছাদন নিয়েই বড় ভাবনা। নিজের ছটি ছেলেমেরেসহ পরিবারে বেলার বার চোদজনের পাত পড়ে। খরচ বাড়ছে। আরের উৎস তেমন কিছু আর নেই। ছোটটা শহরে একটা কাল জুটিয়ে নিয়েছে। শনিবার আসে। রবিবার বিকেলের ট্রেনে শহরে চলে যায়। রাস্তাঘাট ছুর্গম। টর্চ বাতি ছাড়া রাতে চলাফেরা করা ভারি বিপজ্জনক। সে শহর থেকে মসলাপাতি নিয়ে আসে। মসলাপাতির খরচটা ছোট সংসারে যোগায়। মেজটা কিছুই করে না। দেশে খাকতেও কিছু করত না। আবাদ দেখত। বছ বলিষ্ঠ জোয়ান এই ভাইটি। পুষ্ট গোঁফ।

ইচ্ছে ত আছে। তবে মল্লিক মশাই কোমরে জোর কম। বৃঝতেই ত পারছেন।

দে বুঝি না!

উপেন রার জানে, মল্লিক মশাই অত্যন্ত চতুর মানুষ। জমি কেনা বেচার তার একটা বড় রকমের তহরি থাকে। বোগাবোগপ্রির মানুষ। টাকার গন্ধ ষেখানে, মল্লিক মশাই সেথানে। খোঁজখবর নিয়ে হাদিদের সেরেস্তা গোপীনাথের সঙ্গে ইভিমধ্যেই বন্ধুত্ব পাতিরে-নিরেছে। গোপীনাথ বেনতেন করে বিক্রি কবলা করে দিতে পারলেই হু তরকে টাকা। চিন্তাহরণ লোকটি কিকিরবাজ এবং মামলাপ্রির। তবু দব কাজেই ডাকে ডাকা হয়। পাতকুরো বদানোর দমরত উপেন রার লোক দিয়ে খবর পাঠিয়েছেন, ডিনি বেন আদেন। এতে করে উপেন রায় দবার মধ্যে কিছুটা সহযোগতা ভৈরি করতে চায়।

উপেন রায় ভাঙার দিকে উঠে বাৰার সময় বললেন, লপ্তের জমিটা কত বিবে হবে ?

ত্রিশ বৃত্রিশ বিষে হবে। দাগ খডিয়ান না দেখলে বলা যাবে না। আউশ ধান বিষেতে দশ মণ করে হলে, এক চাবেই টাকা উঠে আসবে। দেখলেন ভো, মা বস্থারা ছ হাত উজাড় করে এখানে চেলে দেয়।

হাঁটার সমর মনে হল, ঠিকই। প্রকৃতি ছ-হাত ভরে মানুষকে দিতে চার। তারপরই মনে হল, প্রকৃতি নির্দর হলে তৃ-হাত ভরে মানুবের মাধার সংকটও চাপিরে দেয়। এখানে বসবাসের আগে স্টেশনে কিছু লোক বলাবলি করছিল, আরে এই লোকগুলি কি পাগল! বেরিতে বাড়ি বানাচ্ছে। বান বন্ধার ভর নেই।

চিন্তাহরণ ভারি উৎফুল্ল হয়ে বলছিল, কী যে বলেন, জলের দেশের মানুষ। দশ হাত জলের নিচে ধান রুরে মা-লক্ষীকে ঘরে রাখি। জল হলগে জীবন ভারে ভয় করতে আছে!

মধুরার দেখল ভার বড়দা ভাঙার দিকে উঠে বাচ্ছে। পাভকুরার চাক গড়িয়েননিরে বাচ্ছে মরণ সরকার। মল্লিক মশাই ছাঙা মাধার ছুটে বাচ্ছেন চাক আবার পড়ে না ভাঙে। মরণের বড় বেশি কাল দেখানোর বাভিক। ছ'জনে নাও। লোকের ডো অভাব নেই। কাদা মাখামাখি হয়ে আছে মাফুবজন। মধুরায়ের মনটা এ-সব দেখতে দেখতে ভারি উপখুস করছিল। ছেলে আসার খবরে কিছুটা অক্তমনস্ক। কাজ কেলেও যেতে পারছে না। কথা হবে। মল্লিক মশাই এই নিরে তপে তলে লোক কেপাবে। দেখলে ডো, কাগুটা। আমার একার দার। জল ভোরা ধাবি না! ছই ভাই কেমন কাঁক বুবো কেটে পড়ল।

আদলে এই বছর থানেকের মধ্যে ছই পরিবারে একটা অদৃশ্য প্রতিযোগিতা শুরু হরেছে। অধুবা দ্বন্ধ। কে কডবড় মহাজন কিংবা রইস আদমি অধবা বলা যায় দেখরে বাহার—কে আগে যায়, কার যরে কড প্রাচুর্য, কিংবা বংশ ঘরানা এবং এই নিয়ে ভেডরে ভেডরে মন ক্যাক্ষি। মধু রায় ঠায় দাড়িয়ে থাকল, এক পা নড়ভে পারল না। কাজটা শেষ না করে যাওয়া ঠিক না। নতুন জনপদে পানীয় জলের ব্যবস্থার মভো পুণ্য কাজে হিস্তা বুঝে না নিলে ঘরে ঘরে কথা উঠবে—রায়েরা বড় স্বার্থপর। কোন কাজে যদি পাওয়া যায়।

মধু রার শেব জলটা দেখে বলল, কী বলেন, মল্লিক মলাই চমংকার জল। ডালিমের রসকে হার মানায়। চাক বসানোর কাজে ভালে লেগে যাক। চাক নিচে বসছে, মাটি উপরে ডোলা হচ্ছে। পলি মাটি। বেশ উচু ঢিবির মত হরে উঠছে। বিকালবেলায় বৌ-বিরা জল নিডে পারবে, খবরটাও পৌছে দেওয়া দরকার।

मिल्लक ट्राँट्रेशिए वरन कलें प्रथम। मधु बाब भ्य कथा बनाम

ইজ্জত থাকে না। শেষ কথাটা তারই বলার দরকার। কেমন সংশর প্রকাশ করে বলল, আর কিছুটা বালি তুলুক। জলের ঘোলাটে ভাবটা ঠিক কাটেনি।

মধু রার বোঝে, এই হলগে চিন্তাহরণ মল্লিক। সে বোঝাতে চার, ভার কথাই শেব কথা। স্বভরাং সব ব্যাপারে ভার আগাম মাভব্বরি
—বড়দা সরল সোজা মানুর, কথা উঠলে বলবে, ঠিক আছে। ওতে
যদি লোকটা সম্ভষ্ট থাকে, থাক না। যা দিনকাল, মিলেমিশে
থাকার বড় দরকার।

বড়দা বোঝে না, এই করে লোকটার অহমিকা দিন দিন বাড়ছে।
আসলে বড়দার লাই পেয়ে লোকটা আজকাল অনেক কুকাল করতে
পর্যন্ত দিখা করে না। বৌ থাকতে আবার একটা বিয়ে করার মতলবে
আহে। বৌ রুগ্ন ঠিক, ভাই বলে বালিকা বয়দ পার হয়নি মেয়েটাকে
ক্ষরাই—ঠিক কাজ না। স্যাঙাত আছে অনেক। বারান্দার চায়ের
কেন্ডলি বদানোই থাকে। সন্ধ্যায় আসর বদে। লোকটার গাঁজা
ভাঙের নেশা আছে। মায়ুবের মাধায় হাত বুলাতে ওক্তাদ। আসলে
বড়দা ভয় পায় মল্লিককে। ঘাঁটায় না। বিয়ে নিয়ে জোয়ান উঠিতি
বয়সের ছোকরাগুলি বড়দার কাছে এনে নালিশ করেছিল, বিপাকে
পড়েছে বলে লোকটার এতবড় দর্বনাশ করবে, আমরা তা হছে
দেব না।

ৰড়া বলেছিল, হরেন বাপ হয়ে মন্ত দিলে ভোরা কিছু করছে। পারিস না।

ছবেন তো ওরই খায়। মত না দিয়ে যাবে কোণায়?

মল্লিকের ছেলে বাইরে থাকে, চিঠি দে, বদি কিছু ওরা করতে পারে। বড় ছেলে খুব লায়েক শুনেছি।

চিঠি গেছিল। লায়েক ছেলের কোন পাতা পাওয়া গেল না। ছোটগুলি তো বাপের চণ্ড রাগকে বড় ভয় পার। আর তাছাড়া মল্লিক কৃটবৃদ্ধি ধরে। সে জানে বড় স্থচারুভাবে কাল উদ্ধার করছে হয়। প্রোচ বর্ষদে বিবাহ—কোনরকমে সাত পাক ঘুরিয়ে কন্সা উদ্ধার। হরেনকে কন্সাদায় খেকে উদ্ধার করে বড় রকমের একটা পুণ্য কান্স করছে সে। হরেন বাড়ি বাড়ি এই খবর পৌছে দিয়ে ব্ঝিয়েছিল, খেতে দেবার মূরদ নেই কিল মারার গোঁদাই। ভোমাদের আমি চিনি না!

হলে কি হবে, হরেনের কন্তেটি মাধা পাডছে না। মল্লিক জানে গা জোয়ারি কাজ না এটা। কন্তের মন ভেজানোর জক্ত গরনাগাটি দিছে। শহর থেকে শাড়ি এনে দিছে। কত বড় জবরদন্ত মার্ম্য সে এই নতুন জনপদে হাবেভাবে তা ব্ঝিয়ে দিছে হরেনকে। সে আছে বলেই হরেন মাতববরি করার মওকা পেয়ে য়ায়। ফেমন হরেন নিচে না নেমে উপয়ে দাড়িয়েই করমাদ করছে—বালভি, আরও একটা বালভি—দাড় ফদকে যাবে, ওঠাও ওঠাও এমন দব হল্লা চিৎকার ভার। মধু রায়ের মঞা লাগে। এতবড় বিপর্ষয়ের পরও মানুষের আদল ঠিকানা পাল্টার না। দে বলল, আমি যাছি মল্লিক মলাই।

দিবুর পরীক্ষা কেমন হয়েছে তার জানার মাগ্রহ। তার মুখ্
দেখার মাগ্রহ। সন্তান বড় হলে বাপের মর্যাদা বাড়ে। সেও ইাটা দিল
ডাঙার দিকে। কপালে হাত রেখে সূর্বের অবস্থান দেখল। যাবার
সময় ঘরে ঘরে খবর দিয়ে গেল, কা ঠাওা জল! পাতাল থেকে তুলে
আনা হচ্ছে যেন। একটা বোর্ড লাগাতে হবে। জলের অপচর বন্ধ
করুন। কুয়ায় জলে চান নয়। শুধু খাবার জল বাদে অন্ত কোন
কাজে ব্যবহার করলে কুয়ো ব্যবহার বন্ধ। সন্ধ্যায় গ্রামসভা ডেকে
এ-সব বলে দেওয়ার দরকার হবে।

রাস্তায় পার্বতী থবর দিল, কাকা দিবুদা এয়েছে।

এই জনপদে সে জানে মরে মরে এখন শুধু দিবুর কথা। দিবু শান্ত স্বভাবের ছেলে, কিছুটা উদাস—মেধানী এবং স্থপুরুষ: শৈশব পার করে সে এখন যৌবনের মুথে। ঘন চুল ভারি চোখ অনেক দ্রের দৃশ্য সৰ সময় যেন তার চোথে ভাসে। দেশ ছাড়ার কালে স্টিমার যাটে দাঁড়িয়ে থাকার সময় দিবুকে এমনই মনে হয়েছিল তার। আর এক বছরে দিবু আরও কত না জানি বড় হয়েছে! পুত্রের প্রতি প্রবল্গ স্নেহে সে কিছুটা অধীর! পার্বতীর কথার জবাব দিতে গিরে বলল, তুই দেখেছিদ দিবুকে ?

কাৰিমা জল চাইলু। জল তো নেই। তরুমুজের রদ করে দিলাম।

ভোর বাবা আসছে। চাক লাগানো শেষ। বিকেলে জল পাবি। বাবা সেই সকালে কিছু মুখে না দিয়ে গেল। বসে আছি। পটলা ভো কভবার গেল। খবর পাঠালি না কেন ? আপনি ভো বাবাকে জানেন কাকা। কাবো কথা শোনে না।

আপনি তো বাবাকে জানেন কাকা! কারো কথা শোনে না। মর্জি না হলে খাবে না।

রাগটাগ করেনি ত!

সেই তো। সকালে জল চাইল, কোখেকে দি বলুন। রস করে দিলাম ছুঁড়ে ফেলে দিল। কিছু খেল না। চলে গেছে, জল তুলতে না পারলে আর খাবে না।

ভোর বাবাটা বড় গোঁয়ার। ভাবিদ না। এদে যাবে। জ্বল উঠেছে। বালভি করে জ্বল নিয়ে আদবে একেবারে।

মধ্ রার কপিলকে ভাল করেই জানে। মাধার কিছুটা ছিট আছে। একটা পা কিছুটা দক্ষ। পা টেনে হাঁটে। পাটার ভাল জার পার না। অবচ কুরো কাটার সমর সে একাই একশ। সারা সকাল না থেরে কাজ নিরে মেতে বাকার মধ্যে সে কোবাও বেন একটা বড় রকমের হংখ ভূলে বাকতে চার। দাদা দাদা করে। সে কপিলকে নাম ধরে ভাকে। অবচ মেরেটা সেই ট্রেনে যে প্রবমে কাকা বলে সম্বোধন করেছিল সেটা আর পাণ্টাতে পারেনি। কপিল সমবরসী মাহুব। সংসারে কিছু মাহুব বাকে বারা লেপ্টে বাকতে চার এবং এই লেপ্টে বাকার মধ্যে সে ভার নিরাপভা খোঁজে এমন

একটা আপন করে নেবার স্বভাৰ আছে কপিলের। পার্বতীও বাপের স্বভাব পেয়েছে। দাঁড়িয়ে থাকলে অনুর্গল কথা বলবে। কাকা, বাবা বলেছে সাঁটুই থেকে পুঁইয়ের বীচি নিয়ে আসবে। একটা কাঁঠালের চারা লাগিয়েছি। তুটো নারকেলের ডিগ বের হয়েছে। বাবা নাড়ু করতে বলেছিল, করিনি। ও তুটোও লাগিয়ে দেব। নতুন বাড়িয়রে গাছপালা লাগিয়ে আগেকার জীবনে ফিরে যেতে চায় মেয়েটা।

পার্বতীদের বাড়িটা বিঘেখানেক জমি নিয়ে। যে যার মতো বেড়া দিয়ে নিয়েছে। যতটা যে দিতে পেরেছে ততটাই তার সীমানা। ফটকি বোনদির বাড়িট। পার হবার সময়ই গলা পেল, কে যেন ডাকে মধুনাকিরে!

ट्रा (वानिष, किছू वन्दर ?

জল তুলতে পারলি ?

খুব ভাল জল উঠেছে। বিকেলে নিয়ে এন।

বেঁচে থাক ভাই। কতদিন জল পাই না। ও পার্বতী, গলা চেঁচিয়ে ডাকতে থাকল, আমাকে কুয়ো থেকে ঠাণা জল এনে থাওয়াবি।

কটকিবোনদির কেউ নেই। একা মানুষ। বনমালী বলে একটা ছোঁড়া মাঝে মাঝে আদে। পিনি পিনি করে। থাকে থার। ছোঁড়াটার পার্বতীর উপর নজর পড়েছে। সেই টানে মাঝে মাঝে ক্যাম্প থেকে চলে আদে! তবে কি যে হয়, কিছুদিন গেলেই আর পিনির সঙ্গেবনিবনা হয় না। হাড় জিরজিরে চেহারা ছোঁড়াটার। গলায় কালো কারে তাবিজ। রোজ দাড়ি কামায়। শুনেছে, পার্বতীকে দেখে ত্তু-একবার শিনও দিয়েছে! উষা ওর কাকিমাকে বলেছিল—কানে সেই থেকে কথাটা উঠেছে। কপিলকে বলেছিল খোঁজথবর নিয়ে দেখ—বিদ হয় বিসিয়ে দাও। উঠিত বয়েদে মতিজ্রম হয়। গলায় ঝুলিয়ে দিলে সব কেটে যায়। এই নিয়ে তেড়েফুঁড়ে যাবে না। পুরুষের কোন দাগ লাগে না। মেয়েদের বেলায় দাগ ওঠানো দায়।

কপিল উন্তেজিত হয়ে বলেছিল, কোণাকার কোন ছোকরা জাত ধর্ম জানি না, বলছ বসিয়ে দিতে ?

থোঁজ্ঞথৰর করে দেখ না। কে জানে বাপের হয়তো সেই স্পৃত্র! এখানে এলে তো দেখি খুব পয়সা ওড়ায় ইরারবন্ধৃও জুটে গেছে।

কপিল আরও ক্ষেপে গেছিল—তোমরা কি, হাঁা তোমরা আমার কচি মেরেটার মাধা থেতে চাও!

মধুরার জানে, কপিলকে এমন বলা তার ঠিক না। কিন্তু এও জানে এমন একটা সুমার মাঠে পার্বতী যুবতী হলে কপিলের শান্তিতে টিকে থাকা দায় হয়ে উঠবে। গরীৰ মানুষ খাটতে পারলে ভাত। হাল লালল নেই। চেয়ে-চিন্তে, কথনও বেগার দিয়ে জমির হাল বলদের সংস্থান করতে হয়। শুধু কোদাল চালিয়ে ছ-বিঘে জমিতে চাষ তৃলেছিল কপিল। একটা পা হবলা বলেই বুঝি জগবান অক্সজায়গায় সৰ পুষিয়ে দিয়েছেন। অমুরের মত বল, কথায় কথায় বলবে, আমরা হলামগে সিডাই হাটের চক্রবর্তী। কপাল কেরে এই। দাদা, ভোমার পায়ে পড়ি অমন কথা আর তৃল না। মগজে আগুন ধরে ষায়।

বাড়িতে ঢুকলেই দোনা বউ বলল, জল উঠল।

জ্ঞল, কত জ্ঞল। কত খাবে। এমন একটা সুখবরে দিব্যেন্দুও হর থেকে বের হয়ে এল। তার চান হয়নি। গরমে হাঁদকাঁদ করছিল।

থেতে বসলে সোনাকাকি তাল পাতার পাথায় বাতাস করেছে।

যামে জবজবে শরীর আঠা আঠা—ছদিন স্নান নেই থেতে বসে কেমন

ওক উঠে এসেছিল তার। থেতে পারেনি। জল উঠেছে শুনে

স্নানে যাবার জন্ম রওনা হলে মধুরায় দেখল ছেলে সভি্য বড় হয়ে

গেছে তার। গোঁকের রেখা স্পন্ত হরে উঠেছে। ছ রাত জেগে ট্রেনে

আদায় চোখ কোটরাগত কিছুটা। ঘুমাতে পারজেই সব আবার

সতের হয়ে যাবে!

খর থেকে বের হতেই দিৰোন্দু দেখল, বাৰা সামনে দাঁড়িয়ে। সে বাৰাকে প্রণাম করল।

কোন অস্থবিধে হয়নি ভ ?

ना ।

মা ভাল আছেন ?

पिरवान्त्र भाषा याँकान।

তুলদী হুণ্ডির কথা কিছু বলেছে ?

দিব্যেন্দুকে এ প্রশ্নটা জ্যাঠামশাইও এসে করেছিলেন। সে একই উত্তর দিল।—না! জ্বমা জ্বিম, ঘরবাড়ি তুলদী মাঝি কিনে নিরেছে। বড় অঙ্কের টাকা। বাপ-জ্যাঠারা আসার সময়, হাজার পাঁচেক টাকা ধরিয়ে দিয়ে বলেছিল, বেশি টাকা সঙ্গে নেবেন না কর্তাঠাকুর। দর্শনায় সব কেড়েকুড়ে রেখে দিচ্চে: বাকি চার্নিবশ হাজার টাকা গদির মারকতে পাঠানোই শ্রেয় সেই জ্রেয় বোধে, উভয় পক্ষই রাজি হয়ে গেল। বছর পার হতে চলল, ছণ্ডির আর নামগন্ধ নেই। তাকে দেখার পর জ্যাঠামশাই এবং বাবার একই ধরনের প্রশ্নে ব্রুমতে পেরেছে, দংসারে টাকার টান ধরেছে।

মধুরায় বারান্দায় উঠে বলল, পরীক্ষা কেমন দিলে। হয়েছে একরকম:

দিব্যেন্দু দব সময়ই পরীক্ষা সম্পর্কে এরকমই বলে, মধু রায় এতে বিচলিত বোধ করে না বা দিনকাল, কোন রকমে পাসটাস করে কোপাও চুকে পড়া। যদি আরও পড়তে চায়, কী হবে জানে না! বড়দার ইচ্ছে দিবোন্দু রাজ কলেজে পড়ে। এই পড়ার সঙ্গে পরিবারের মর্যাদার প্রশ্ন জড়িয়ে আছে। বড়দাকে বেশি কিছু বলাও বায় না। একটা স্থমার মাঠে উঠে এদেছে বলেই হাতে ঠোঙা সম্বল বড়দা মানতে রাজি না। বাপ-ঠাকুদার আশীর্বাদে আবার সব হবে। বাপ-ঠাকুদার মর্যাদা, পরিবারের মর্যাদা এককালে কত ছিল, দিব্যেন্দুর মানুষ হওয়ার সঙ্গে তার যোগস্ত্র কোপায় যেন খুঁজে পান

জিনি। এখানে বড় প্রতিপক্ষ চিন্তাহরণ মল্লিক! বাড়িতে লোকজন ইয়ার-দোস্ত নিয়ে মল্লিক যে এই নতুন জনপদে সবচে প্রভাবশালী ব্যক্তি প্রমাণ করতে উঠে পড়ে লেগেছে। বড়দা ভেডরে জ্বালা বোধ করে। তিনি যে অসহযোগ আন্দোলনে জ্বেল থেটেছিলেন, তাও আর এখন কাউকে বলেন না। স্বভাবদোষে খদ্দর ছাড়া পরেন না, স্বদেশীর এই চিহ্নটুকু বজার আছে শুধু। এবং একটা হাডবাক্স। বাক্সে কিছু হোমিওপ্যাধির শিশি, সাদা গ্লোবিউল ভর্তি! আরামব্যারাম সর্বএই মানুষের সঙ্গে যায়। তিনি ওটা সেজ্ফ কিছুতেই ছেড়ে আসেন নি। বড়দা মনে করে এ জায়গাটার তার একটা জার আছে।

মধু রায় ছেলেকে ভেকে বলল, কোথায় যাচ ! ভবা, শেফালী, দেই থেকে দাদার সঙ্গ ছাড়ছে না। ওরাই বলল, ঠাণ্ডা জলে চান করব কাকা।

না ওথানে নর। সান করতে হর ভালবাগানে নিয়ে বাও।

শেকালী উষা জানে, ওখানে হাটু জল। জুল ঘোলা। খুব সকালে সান না করলে আরাম পাওয়া যায় না! দাদাটা তাঁর অমন ঘোলা জলে ডুবই দিতে পারৰে না। আর রোদে জল তেতে আছে। তাপ উঠছে। ওরা ৰলল, কি হবে সান করলে। বালতি নিয়ে যাব।

নামা, হৰে না! শুধু খাবার জল আনতে পারবে! চারপাশে দেখচ না. কী আশুন জলহে! লু ৰইছে! ডোমরা করলে, সবাই করবে। জলে টানাটানি পড়বে।

অগত্যা আর কী করে। একটা বৃদ্ধি খাটাতে হয়। উবা পার্বতীকে ডেকে নিয়ে এল। দাদার অহা ছঘড়া জল নিয়ে আসবে। বেলা পড়ে আসছে। দিবোন্দু দেখল, সেই মেয়েটা মাধা গোঁজ করে বের হয়ে বাচ্ছে তার চানের জল আনতে। পার্বতীর জন্ম এ সময় সে কেমন এক গভীর আবেগ বোধ করল। এই সুমার মাঠে গ্রীত্মের প্রথর উত্তাপে দব যথন জলছিল, দিব্যেন্দুর কাছে তথন এক দবৃদ্দ নক্ষত্রের মতো পার্বতী আকাশে আলো দিচ্ছে। স্নানের পর লম্বা ঘুম দিয়ে উঠলে দেখল, জ্যোৎস্নায় চরাচর জেসে যাছে। ঠাণ্ডা হাওয়া বইছে। দূরে কিছু তালগছে—তার অস্পষ্ট ছায়া এবং ঘরে ঘরে লক্ষের আলো দূরাতীত রহস্তের মতো।

এক আলাদা নির্জন পৃথিবী। শাপদেরা এখানে নির্বিল্নে মুরে বেড়ায়। তবু জনহান প্রান্তরে নিশীথে মানুষের ঘরবাড়ির ছবির জালাদা একটা মাধুর্য আছে। দিনের দাবদাহে দিবু যা টের পায় নি, জ্যোৎস্নার প্রান্তরে দাঁড়িয়ে তং টের পেয়ে কেমন বিমৃত হরে গেল সে।

मकालाई प्रिथा (शन, वाँ रिश्त छे भद्र मिरा माहेरकरन (कछ बामरह। মানুষ বিচ্ছিন্ন হয়ে পড়লে বোধহয়, যে কোন মানুষের আগমনের প্রতীক্ষায় দাঁডিয়ে থাকে। একজন সাইকেল আরোহী এই গ্রামের দিকে উঠে আসছে কারো নজর এড়াল না। কোন খবর বরে আনতে পারে—অথবা লোকটা কার বাড়ি যাবে. এ-সব গৌতৃহল এথানকার সব মানুষের। কপিল ভামিতে কোদাল মারছিল। আগাছা বেছে আলে ছুঁড়ে দিচেছ। অথবা ঝুড়িতে আলাদা তুলে রাথছে। দূৰা-ঘাদ, বাদলা ঘাদ জড় করে জলে ধুয়ে বাড়ি নিয়ে যাবে৷ গাভীন গরুটার জ্বস্থা এখন কচি কাঁচা ঘাদ দরকার ৷ মাঠ ফুটিফাটা, ঘাদের বড় আকাল। সে জমির আগাছা ৰাছার সঙ্গে গাভীন গরুটার আবনার হিল্লে করছে। দে কাজ ধরার সময় একটু বেশি মনোখোগী হয়ে পড়ে। কারণ জাম শুধু ফদল দেয়না, জমি প্রাণের চেয়েও বেশি দামি। অমি সরেস করে রাথতে না পারলে বর্ষায় জল ধরে ব্ৰাখবে না ঠিক মতো। চাষ-গ্ৰাৰাদ, খাটনি দৰ ৰিক্লে যাবে। ঘৱে একটা পর্সা সঞ্জ্য নাই। সে যে তর্মুব্ধ তুলেছিল ভাল, পাইকার জ্ঞলের দামে নিয়ে গেছে। একটা গরুর গাড়ি থাকলে সে নিজেই

নিয়ে ষেত বেলডাঙার হাটে। কত আর দূর, ক্রোশ পাঁচেক হবে, তবে অত দূরে মাথায় করে নিয়ে গিয়ে পড়তা পড়ে না।

ভূঁস ভূঁস ! কাদাল মারার সময় কপিল এমন শব্দ করছিল।
ভূঁস ভূঁস অর্থাৎ এক জ্বোড়া বলদ হাল। ভূঁস ভূঁস এক জ্বোড়া
হাঁস। ভূঁস ভূঁস, পার্বভীর স্থানর বর। ভূঁস ভূঁস পটল স্ক্লে
যাবে; দরদর করে ঘাম ঝরছে তার। ভোর রাতে সে মাঠে
নেমে এসেছিল। রোদ উঠলে মাটি আর কোপানো যায় না; গরমে
মাপার চাঁদি কেটে যায়। দৈভোর মতো চেহারা কপিলের। হাতের
দাবনা যেন ফুঁসছে মুখে কেনা উঠছে। আর ভূঁস ভূঁস শব্দের মধ্যে
ভাঁর জীবনের স্থার কথা মিশে রয়েছে।

বাধের উপর লোকটা ক্রিং ক্রিং করে ঘণ্টা বাজিয়ে কপিলের মনোষোগ আকর্ষণ করতে চাইল। সামনে এই হারমাদ চাষের লোকটা— একটু যদি ভূঁশ থাকে। নে ফের ঘণ্টা বাজাল। নিচে ঘেরির পাতিত জমিতে এই একটাই লোক! খাঁ খাঁ রোদ্ধুরে এমন হারমাদ লোকের পক্ষেই সম্ভব খরের বাইরে থাকা। বাড়িটা সে চেনেনা। মাধায় সোলার হ্যাট। সে বড় অধৈর্য হরে পড়েছে। না পেরে ভাকল, হাই!

কপিল দেখল খনেক উচুতে সাইকেল নিয়ে দাঁড়িয়ে আছে একটা লোক। সে কাউকে সহজে বাবু মানুষ ভাৰতে পারে না। বাবু মানুষ সে নিজেও কম ছিল না। দাক্সায় সর্বস্নান্থ না হলে সেও একজন বাবু মানুষ! জমিজমা চাষ-আবাদ বাপ-দাদার রেখে যাওয়া দব মিলে, সে ছিল কপিল। দেশ ছাড়া মানুষের থাকে কি! সে কোদালটা কাঁখে কেলে দটান দাঁড়িয়ে বলল, আমাকে ? কথার মধ্যে ডেজ ফুটে উঠেছে ভার।

তোমাকে নাত কাকে ? বেশ হাঁকাড় দিয়ে সাইকেল আরোহী কথাটা বলল !

কপিল চারপাশে তাকাল। আশপাশের জমিতে যারা হাল

বলদ নিয়ে নেমেছিল তারা কেউ নেই। কাজে লাগলে দে খুবই বেছ দ হয়ে পড়ে। আর ঐটুকু। আর কটা কোপ। আর কিছুটা করে গেলে আসান। লোকটার কথাবার্তা ভাল না। তবু দিনকাল মন্দ—কাউকে দে চটাতে চায় না। সেও হাকড়ে বলল, বলেন।

মল্লিক মশাইর বাড়ি কোন দিকটায় ? ঐ ষে টিনের চাল দেখছেন, ৩টা।

এই বাড়িষরে একটাই টিনের ছাউনি দেয়া বাড়ি। লোকটার মনে হল মল্লিক তাকে যেন কংগটা বলেও এসেছিল। গেলেই দেখতে পাবেন। টিনের চাল চার্ঘরের চার মাধায়। ওটাই আমার বাড়ি। মল্লিক মশাই বললে, একটা রাস্তার কুকুরও আপনাকে পথ দেখিয়ে নিয়ে যাবে! কলিলকে কুকুর না ভাবলেও মানুষের ইজ্জত দিতে লোকটার বাধছিল। কপিলের পরনে গামছা। মাধায় অস্তরের মডো কোঁকড়ানো চুল। সামনে পথ আগলে দাঁড়ালে বুকের রক্ত হিম হয়ে যাবার কথা। তবু সে যে এই লোকালয়ে একটা স্থবর নিয়ে এসেছে জানান দেবার অফ্টই ফের হাঁকাড় দিল, কোন দিকটায় বলবে ত ?

দেখতে পাচ্ছেন না! চোখ নেই।

লোকটার ইজ্জতে লাগল। সে সন্ত্যি দেখতে পাচ্ছে না। বাঁধ এখানটায় মোড় নিয়েছে। হারমাদ লোকটার কথাবার্তা ভাল লাগছে না। যা একখানি কোদাল, রোদে চকচক করছে, ঘাড়ে বিসয়ে দিলেও কেউ দেখবার নেই। সে সুড়মুড় করে সাইকেলে উঠে গাঁয়ের ভেতর চুকে যেভেই বাঁকের মুখে শেষ প্রান্তে দেখতে পেল টিনের চাউনি, প্রথর রোদে ঝলকাচ্ছে। সে গাঁয়ের ভিতর দিয়ে চলে যাচ্ছে। সাইকেল চড়ে কেউ গেলে খবর—খবর কেউ এলে, ঘরে ঘরে খবরটা রটে গেল—মাধায় হ্যাট পরা একটা লোক মল্লিক মশাইয়ের কাছে যাচ্ছে।

মল্লিক মশাই জ্বানে আজ বিশ্বস্তর আসবে। সে অনেক দূরে

সাইকেল আরোহী দেখেই বুঝেছিল, বিশ্বস্তর আসছে। কিছুটা এগিয়ে বেতে পারত ছাতা মাধায় দিয়ে। ইচ্ছে করেই যায় নি। সৰাই জায়ুক মল্লিক কাউকে তোয়াজ করে না! সবাই জায়ুক, মল্লিকের বাড়ি খুঁজে বের করতে হয়। বৈঠকখানা খেকে নেমে মল্লিক হাত জোড় করে বলল, আসতে আজ্ঞা হউক। কি সোক্তাগ্য। আমাদের কথা তবে সভ্যি মনে আছে আপনার।

হরেন কাঠের চেয়ার ছটো বারান্দার বের করে দিল। গাঁরে জিনখানা কাঠের চেয়ার। ছটোর মালিক মল্লিক—একটা আছে রায়মশাইর বাড়ি। দরকারে ওটাও নিয়ে আগতে হয় মল্লিককে। আজ অবশ্য বিশ্বস্তর একা। তাকে বসতে দিয়ে গলার পৈতাটা হবার এ'দকে ওদিকে কয়ে নিল। কোন কায়ণে মল্লিক উত্তেজিত হলে এটা কয়ে থাকে। বিশ্বস্তরকে এখন হাওয়া কয়ছে হয়েন। এ-সব আগে থেকেই ঠিক কয়া আছে। এবং হয়েনের এরপর আয় কি কিকাজ তাও সে জানে।

বিশ্বস্তর বলল, আপনার। সভ্যি দেখালেন। ভাৰা বার না।

মল্লিক দেখল, গল্পে গল্পে কটকি বৃড়ি ধীরেনের মা, দীনবন্ধু মরণ দরকার দব হাজির । গুরা বাইরে তালগাছের ছায়ায় বদে আছে। মল্লিক ভাদের জ্যান্ত ঠাকুর—যা কিছু করছে একা মল্লিক। শহরে ইটাইটি আন দপুরে ছোটাছুটি মল্লিক মশাই আছে বলেই সম্ভব হচ্ছে। মল্লিক চেয়ারে ছ'দশু সুস্থির হয়ে বদতে পারছে না। একবার শুধু বিশ্বস্তরকে উদ্দেশ্য করে বলল, দেখছেন ও ভিড় বাড়ছে। আগে কিছু মুখে দিন। বলে শরবত এবং এক গণ্ডা ডালের শাঁদ দামনে রেখে বিনয়ের অবভার হয়ে গেল।

বিশ্বস্তর ব্যাগ থেকে কাগজপত্র বের করছে। একটা নামের ভালিকা বের করে উল্টে পাল্টে দেখছে। নামগুলোর সঙ্গে আসল নামের মিল খুঁজে দেখার ভার ভার। সে শর্বভ সবটুকু একটানেই মেরে দিয়েছে। ভালের শাঁদগুলো ধরছে না। ঘরে ত্ব আছে— মল্লিক এর পর এক গ্লাস দেবে ভাবল। মোরা নাড়ু সান্ধিরে দেবে থালায়। কাজ নির্বিদ্নে দারা নিরে এখন প্রান্ধ। সে ব্ঝেছে মামুষকে ভোরাজে না রাখতে পারলে কাজ উদ্ধার করা বার না। এই মামুষটা লোন বের করার সব সন্ধান জানে। এখন কাজ শুধু ডালিকার সঙ্গে মামুষগুলোর চেহারা মিলে বাধুয়া নিরে।

বিশ্বস্তর আসবে বলেই, সকালে মল্লিকের কিছু বাড়তি কাল ছিল।
দাড়ি কামানো বাড়তি কাজের মধ্যে পড়ে। খুব সকাল স্কাল
উঠে কাজটা সেরেছে। শহরে গেলেও তাকে সাক্ষ-স্তরোর কাজটা
ভাড়াতাড়ি সারতে হয়। নাহলে গালে দাড়ির জঙ্গল গলিরেই থাকে।
পাকা থোঁচা থোঁচা দাড়ি—এই নিয়ে সকালে হল্লা গেছে কিছুটা।
এত হম্বিত্যি সন্থেও জায়গার জিনিস জায়গায় থাকে না। নিজ্ম
একটা কাঠের আলমারি তার দরকার। একটা ট্রাংকের মধ্যে জমিজমার পরচা, দলিল-দন্তাবেজের কাগজ দোয়াত কলম সব। ওতে
আর ধরে না। এবারে, তার কন্দি মতো কাজটা উদ্ধার হয়ে গেলে
হাতে জনেক টাকা। সে লোকজন ডাকাডাকি শুরু করে দিরেছে।
হরেনকে পাঠিয়েছে, ঘরে ঘরে থবর পৌছে দিতে—লোনের বারু
এয়েছেন। হাউজ লোন।

মরণ সরকার চুকে বলল, আমার নামটা দেখেন কর্তা আছে কিনা !

বিশ্বস্তর বলল, কি নাম ?

সে তার নাম বলল।

মল্লিক ইশারায় ভাকল মরণকে। মরণ কাছে গেলে ৰলল, কথা মনে আছে ত !

म रलल, थूर रहिंग इरम राजा।

বেশি कि রে! महे पि वाछ।।

মরণ বলল, রায় মশায়কে ডাকি।

ত্যাদড়। এত করে তার পরিণাম এই। মল্লিক ক্ষেপে গেল।

তোর রিফ্জি কার্ড আছে ?
না।
তোর বর্ডার প্লিপ আছে ?
না।

মল্লিকের লক্ত ভাল না। আৰুণা কুৰণা বলেই কেলত। কেবল সরকারের লোক আছে বলে বড় সমীহ কার কণা চালাচালি করছে। বেন খুবই মসকরার বিষয় অথবা আবাল মানুষ মরণ। বোঝে না। হাহা করা কুত্রিম হাসি গলায় —সরকার তোর বড়কুটুম নারে ?

না বলছিলাম, টা গার অর্থেকটাই নিয়ে নেবে।

নেবে না বলছিস । ইটাইটি, এখানে ওখানে গোঁজা দিতে হর, খুঁটি গরতে হয়, কার্ড নেই, বর্ডার শ্লিপ নেই—লবভঙ্কা দব তোদের হারামের প্রদা—পাইয়ে দিচ্ছে তার উপর কথা । বিশ্বস্তারের দিকে তাকিয়ে বলল, কত বড় মানুষ জানিস। তোকে এক কথায় পুলিশে দিয়ে দিতে পারে।

মরণ একেবারে চুপ মেরে গেল। পুলিশকে ভার থুবই ভয়। ভার কাগত্বপত্র. কিছু নেই—দে সই করে দিয়ে ব্যাজার মূথে বের হয়ে গেল।

বারান্দার দরজ্ঞায় মুখ বাড়িয়ে মল্লিক বলল, ভোমরা সৰ বদ। নাম ধরে ডাকবে। কারো নাম বাদ খায় নি। বিশ্বস্তারের দিকে ভাকিয়ে বলল, দেখলেন ভো স্তাম্পলখানা।

এই ডাক'ডাকির মধ্যে একবার বিশ্বস্তর গস্তীর মুখে মল্লিককে বলস, এতো মশাই বালিকা, এর নাম কেন ?

মেয়েটা জ্বড়সভ হয়ে এক কোণার দাঁড়িয়ে আছে। বাপের নাম লেখা হরেন :ভীমিক! ত্রাণের নামে বতই লুঠনের স্থােগ থাকুক, একজন বালিকার নামে লোনের টাকা স্থাংশন করতে বিশ্বস্তরের মডো জাঁদরেল মানুষেরও হাত কাঁপছিল। সংশয় দানা বাঁধলেই প্রশ্ন, নাহলে মল্লিকের কথাই শেষ কথা। মল্লিকই এ অঞ্চলের অলিথিত সরকারী স্ট্যাম্প। ওর স্ট্যাম্প থাকলে, চোধ বৃক্ষে বিশ্বস্তর সহকরতে পারে। কংগ্রেস মহলে হরদম ইটোহাঁটি। কোথাও আটকে গেলেই, মল্লিক বলবে, সুরেশদাকে তালে বলব। বাস হয়ে গেল সেরকারী কর্মচারীর এক কথাডেই পিলে চমকে বার। তারও চমকে ছিল। পরে মল্লিক বৃঝিয়ে বলেছে আরে মশাই আমিওতো মানুষ। দোষে গুণে সব। অত ধরলে হয়। যে নিয়মে বা হয় তাই করবেন। কেবল দেখবেন, আমার হাতটা না ত্বলা হয়ে বায়। সেবলল বালিকা না, গায়ে-গভরে ভেমন বাড়েনি। তবে বাড়তে শুরু করলে—কোপায় শেষ কেউ জানে না। নারী বলতে পারেন। বিধবা; দশ নং ক্লেছে বিধবার জন্ম তটো লাইন লেখা আছে।

বিশ্বস্তর আর কথা বাড়াল না! নামের পাশে টিক মেরে দিল!
সই নিল। এই করে মল্লিকের তিন নম্বর গোলমেলে কেদ উৎরে
গেল। আর হুটো কেদ আছে। একজন তার সহোদরা। ভগ্নীপতি
উধাও। তার নাম তালিকায় আছে। মাঝে দাজে লোটা-কম্বল
শার করে এখানে উদয় হয়। আবার ঠেলা খেয়ে দরে যায়।
সহোদরার নামটাও রেখেছে। এখন কাছে নেই। বৃক্ষ আছে, ভবে
শেকড়-বাকড় আলগা। মাটিতে বদে বেতে কডক্ষণ। দেই স্বাদে
নাম রাখা। এ-কেদটার বেলায় মল্লিক বলল, সহোদরা আমার,
নববীপে থাকে। লোনের টাকা পেলে বাডিবর বানাবে।

শেষ কেসটা হরেনের বৌর। একবার বৌ বলে দেখানো অক্সবার বিধবা বলে দেখানো। তালিকায় ছ জায়গায় নাম রাখার সময় কুমীরের গল্পটা মনে বড় ধরেছিল মাল্লকের। একটা ইডর প্রাণীর বেলায় যা খাটে, মামুবের বেলায় তা খাটবে না, সেটা সে বিশ্বাস করে না। আর বিশ্বস্তর তো ধোওয়া তুলসীপাতা নয়। তার চেয়ে বড় কথা শেষ তুরুপের তাস, সুরেশদাকে বলব। এই সব নিরাপদ আশ্রয় থাকতে হরেনের বৌ'র ছ জায়গায় নাম রাখতে কুঠা ধাকবে কেন। কিন্তু লোকটার কথাবার্তা শুনে আগ্রু কেমন একটু ধন্দ এসেছে মনে

—আসলে চাপ সৃষ্টি। ভাগ বাড়াও। সব ভণ্ডুল করে দেবে ভাবছে! এই আমার বৃদ্ধাসূষ্ঠ। মল্লিক নিজের মুখের সামনেই প্রটা নাড়তে থাকল। তৃই না করিস তোর বাপ করবে। বাপ না করলে পিডামহ, তস্ত প্রপিডামহ। জল ঘোলা করিস না বাপ, বা লিখেছি ডাই টিপ ছাপ দিরে নিয়ে যা। খোদ বৃক্ষ হাজির না থাকলে বকলমে টিপ ছাপের দরকার ভাও করিয়ে দিচ্ছি। হামলা ভ্জ্জোতি মল্লিকের বড় গা-সওয়ারে বাপ।

হরেন ডাকল, নন্দ মণ্ডল হাজির!

হাজির। দৌডে আসছে।

ফট্কি বোনদি হাজির!

হাজির! লাঠি ভর করে একটা কাঁকড়ার মতো হেঁটে আসছে। আর কে হাজির! বিশ্বস্তর বলল, মধুরায় এসেছেন কিনা দেখ! মল্লিক বলল, ওরা লোন নেবে না ?

নেবে না মানে! এমন অপাধিৰ কথা সে কখনও শুনেছে বলে মনে হয় না! বলে কি! বিশ্বস্তৱ এই পরিবার সম্পর্কে কিছু থোঁজখবর রাখে। উপেন রায়, মধু রায় লোন নেবে না, কেন নেবে না, এই প্রশ্নটাই বড় করে কাঁটা ফুটিয়ে দিয়েছে।

বিশ্বস্তর মল্লিকের দিকে চোপ তুলে আবার তালিকাটা নামিরে
নিল। তু'জনেই একটু যেন দমে গেছে। ঘরে বগলা, অমৃত টিপ
ছাপ দিচ্ছে। বিশ্বস্তর মৃথ খুলতে পারছে না। ওরা চলে গেলে
তালিকাটা বিশ্বস্তর নিচে ফেলে দিল—যেন উচ্ছিষ্ট বস্তু নিয়ে ঘাঁটাঘাঁটি করেছে এওক্ষণ।

বগলা বলল, আৰার যাব বাবু ?

কোপায় ?

ডাকতে ?

कारक १

উপেন বারমশাইকে।

না। বেতে হবে না। ডোমরা যাও। ওরা চলে গেলে মল্লিককে -বলল, চলুন বরং আমরাই যাই।

মল্লিক বলল, হুঁম। এর মধ্যে তার ক্ষোভের প্রকাশ আছে বোঝা বার। আঁতাকলে পড়েছে। রায়মশাই লোন নেবেন না। এ-বাড়িতে আদতে তার যদি মান-সম্ভ্রমে বাধে। মল্লিক ক্ষের বলল, হরেন গিয়েছিল। বলেছে, ওদের সরকারি লোনের দরকার হবে না।

বিশ্বস্তর বলল, আরে ৩টা বুঝতে পারছেন না, আপনি তো সাত্যাটে জলখাওয়া মানুষ মশাহ, কোণায় পা দিলে কাঁটা কোটে ভালই জানেন। জেনে-শুনে কাঁটাগাছটা বাড়তে দেবেন! নিজে না পারেন ছাগল-গরু দিয়ে খাইয়ে দিন।

মিল্লক বলল, সেই। রায়সশাই লোন নিয়ে কোন চক্রান্ত করার মতলবে থাকতে পারে। খুব গোপনে বলে দিয়েছে সবাইকে, আধাআধি বখরা—কেউ জানবে না। জানলে, শালা জোমাদের ঢাকী
স্ফ্রুবিসর্জন। মনে রেখ আমি মল্লিক। বশুড়া কোটের স্ট্যাম্পভেণার। বাপ মোক্রার। পিডামহ পেশকার। তিন পুরুষ ধরে
আদালভই বংশের মোক্ষ। কাকে কিভাবে কোমরে দড়ি দিয়ে মোক্র
স্পান করাতে হয় জানি।

মলিক গায়ে কত্রা চড়িয়ে বিশ্বস্তরের আগে রওনা হল। ছাডা মাথার মলিক, সাইকেল নিয়ে হাট মাথার বিশ্বস্তর—আর এই জনপদের কচি-কাঁচা বুড়ো। কিছুটা তামাশার মতো—সঙ্গে হরেন, বগলা, মরণ। মলিক রায়মশাইর বাড়ির সামনে দাঁড়িয়ে বড় বেশি সাধুসজ্জনের মতো বলে গেল, মহাজ্জনি মহাজন ষে-পথে করে গমন হয়েছেন প্রাত্তঃস্মরণীয় সেই পথ লক্ষ্য করে স্বায় কীতি ধ্বজা ধরে আমরাও হব বরণীয়। রায়মশাই অধ্যেরা হাজির। সাধু সন্দর্শনে এসেছি।

উপেন রায় একটা বাঁশের মাচানে বসে তাঁর ওষ্ধপত্র ঘাঁটাঘাঁটি

করছিলেন। রাস্তা থেকে মল্লিকের বেশ উদান্ত কণ্ঠ শোনা বাচ্ছে। কেউ তাঁর বাড়িতে এলে তিনি খুবই খুশি হন। মল্লিকের কবিতা আবৃত্তি সন্তায়ণ এত আন্তরিক যে তিনি বের হয়ে, না বলে পারলেন না যে, আসতে আজ্ঞা হউক।

চিন্তাহরণ মল্লিক বলল, বিশ্বস্তর দাস। তাণ দপ্তরের কর্মী। আমাদের বা কিছু এনার দয়ায়।

উপেন রায় হাত তুলে নমস্বার করল।

ইনি উপেন রায়। বড় সজ্জন সাধু প্রকৃতির মানুষ। অসহযোগ আন্দোলনে জেল খেটেছেন। আমাদের গর্ব বলডে পারেন।

বিশ্বস্তর বলল, হরিহর আপনার ভাই হয় ?

আমার মামাতো ভাই।

ওর কাছে আপনাদের সব খবর পেয়েছি।

ভিতরে আমুন।

আমরা একটা কাব্দে এসেছিলাম।

বস্ত্র। বসে কথা হউক। এ-বাড়িতে অতিথি-অভ্যাগতের আপ্যায়ন একটু বেশি মাত্রাতেই হয়ে থাকে। এত দূর থেকে আসা একজন সরকারি কর্মচারিকে তুষ্ট করার চেয়েও পারিবারিক ঐতিহ্য রক্ষার্থেই রায়মশাই বোল যত্মবান। চেয়ার এগিয়ে দিয়ে বললেন, খবর পেয়েছি। কিন্তু রাজদর্শনে যাওয়া হয়ে উঠল না। কিছু মনে করবেন না।

মল্লিকের বলার ইচ্ছে হল, শালা ভোমাকে আমি চিনি না। হেসে বলল, পর্বতই হাজির। আপনাদের কিছু টিপছাপের দরকার।

বিশ্বস্তুর বসেই তালিকাটা বের করে বলল, হাউজ লোন দিচ্ছে সরকার। সঙ্গেছ' বাণ্ডিল করে টিন। আপনাদের দেখছি চার-জনের নাম আছে।

শোনলাম লোনের টাকা সব নাকি পাওয়া যাবে না। মিছে কথা। সবটাই পাবেন।

পেলেই ভাল।

মল্লিক বলল, হুর্জনের অন্তাব নেই রাধমশাই। বিদ্যাদাগরমশাই
ঠিকই বলেছিলেন, উপকার করলে দে আপনার অপকার করবেই।
দেখেছেন তো দোড়াদোড়িটা। কার দার পড়েছে বলুন। তবু করি,
রক্তে আছে বলে। মল্লিক এখন এড সক্ষন হয়ে গেছে যে উপেন
রায় আর বেশি কিছু বলতে সংকোচ বোধ করছিল। বাড়ি বরে টিপ
ছাপ নিডে এয়েছে এডেই বোধহয় তার ভেডরে যে গর্বের একটা
উত্তর্জ শিথর খাড়া হয়েছিল তা ভেঙে চুরমার হয়ে গেছে। তবু
বললেন, লোন নেবার ইচ্ছে নেই। বাড়িঘর তো হয়েই গেছে।

মল্লিক এ-বাড়ির কড আপনজন তার আরও বেশি প্রমাণ দিতে থাকল। — দিদি এক গ্লাদ জল দিন। বাতাসা দেবেন ছটো। স্কাল থেকে একদম ফুরসত, পাইনি। দিব্যেন্দু নাকি এয়েছে। কৈ রে বাবা, এদিকে আয় দেখি। ভোর কথা আমি স্বাইকে বলি। ভোরাই তো আমাদের মান রাখবি।

মধু রায় বলল, যাও প্রণাম করগে। শত হলেও গুরুজন।

দিব্যেন্দুর পছন্দ নয়—তবু পিতৃজাজ্ঞা পালনে, বিশেষ করে জ্যাঠামশাইও চান তাঁর পরিবারের ছেলেদের যশ স্বাই করুক। যেন
বাপ-জ্যাঠার এই মনোবাঞ্চা পূরণের জ্যাই সে বাইরের বরটায় চুক্
মল্লিক এবং জ্যাঠামশাইকে প্রণাম করল। মল্লিক দেখল, গৌরবর্ণ
এক তরুণ, মাধায় কোঁকড়ানো চুলের বাহার, দীর্ঘকায় এবং চোধ
উদ্ভাসিত—দেখার সঙ্গে সঙ্গে একটি ইচ্ছে ভার মধ্যে মাধাচাড়া দিয়ে
উঠল। সে বলল, বেঁচে থাক বাবা। ভোমার মঙ্গল হোক। ভোমার
মাসিমার বড় ইচ্ছে ভোমাকে দেখে। ক্ষণকে নিয়ে একবার যেও।

বিশ্বস্তর বলল, আপনাদেরটাই বাকি। কি রোদ, ছু'ক্রোশ ঠেডিয়ে স্টেশন।

উপেন রায় বলল, টিপ ছাপ খাক। মামুষ অঞ্গী মপ্রবাদী হয়ে

বাঁচতে চায়। কপাল ফেরে প্রবাদী, ঋণটা ধাক। কে তথৰে বলুন। কডদিন আর আছি নিজেই যথন জানি না। ছেলেপুলেদের আর ঋণের মধ্যে রেখে যেতে চাই না।

মল্লিক জ্ঞানে এর পর আর কথা নেই। না যথন করেছে, তথন নাই! হাঁা করার শিবেরও অসাধ্য। সে বলল, নিলে ভাল করতেন।

উপেন রার বেশ বিনীত জ্বাব দিলেন!—না। নেব না ষংন ভেবেছি, নেব না। রায়মশাই মনে করেন এতে কোন ঈশ্বর নির্দিষ্ট নির্দেশ রয়েছে। মনের বোঝাপড়াকে তিনি কথনও নিজের বলে ভাবেন না। কল্যাণ-বাকল্যাণ সবই তাঁর। মনের ভেতর কোন অকল্যাণবোধে তিনি যে পীড়িত, চোথ-মূথ দেখলেই বোঝা যায়। এখানে এনে ওঠার ব্যাপাথেও মল্লিকের হাত ছিল। জবরদখলী জমি এটা আগে তাঁর জানা ছিল না। টাকাটা যে মল্লিক হাজিদের নামে ভছরুপ করবে একবারও মনে হয়নি। পরে ধরতে পেরে কিছুটা অরুশোচনার মধ্যে আছেন। অবস্থা তথন এমন জলেপড়া অবস্থা ছিল যে সবদিক থতিয়ে দেখারও ফুরসত ছিল না। একটা ক্যাম্পে হাজার দশেক উদ্বাস্ত এক সঙ্গে হাগা-মোভা সহ্য হচ্চিল না। ক্যাম্পের দ্যিত আবহাওর। থেকে মুক্তি পেতে চেয়েছিলেন। এর জন্ম এত বড় মূল্য ধরে দিতে হবে তিনি জানতেন না। কের বললেন, নিলে ভাল হত জানি কিন্তু নিতে পারছি না।

ভোমার এত কি জেদ হে বাপু! দব কাজেই ভোমার একটা বিল্ল ঘটাবার প্রয়াস ন বুঝি। মল্লিক উঠে দাঁড়াল : ভালিকা ানয়ে ৰলল, ভালে নাম কেটে দিছিছ।

ভাই দিন। তবে কিছু মুখে না দিয়ে যাবেন না। বিশ্বস্তরবাব্ গৃহস্থের অকল্যাণ করবেন না।

যা এল তা বেশ ভঙি ভঙি। মল্লিকও বাদ গেল না। ধাবার সময় মল্লিক তেরচা ঢোখে দেখল উপেন রায়কে—ফুটানি। মরবে। ভেতরে কাঁটাটা বড় খচ্খচ্ করছে। টিপ ছাপ নিয়ে জাড়িরে দিডে পারলে এডটা খচ্খচ্ করত না তবে সম্বল, বিশ্বস্তরবাবুর মডো মানুষেরা। তারা আছে বলেই মল্লিক এক জায়গার গাছ অক্স জারগায় তুলে নিয়ে সহক্ষেই লাগাতে গারে। সার জল দিডে পারে। ফুল কোটে। কল ধরে। কোন কীট বাসা বাঁধডে পারে না। রায়মশাই কীট হয়ে যভই দংশন করার চেষ্টা করুক সার জল, ঠিকঠাক দিতে পারলে তার বাগানে ফুল ফ্টবেই। কে থাটকায়!

একথণ্ড মেঘ দেখা নিয়ে সবার মধ্যে কাড়াকাড়ি পড়ে গেছে। কেউ বলছে ওটা মেঘই নয়, দূরে থড়ের স্থমিতে কেউ আগুন দিয়েছে —তার ধীয়ো। ঘূর্ণিঝড়ে ধুলোবালি ওড়াও অসম্ভব নর।

কাপল মাধলা মাধায় বাইরে এসে দাঁড়াল। সে-ও দেখল। পার্বতীকে ডেকে বলল, উঠে আসছে মনে হয়। দেখ ত ণু

পার্বতী দেখল, পটল দেখল। ফটকি বোনদি লাটি নিয়ে বের হয়ে এল। পিঠ সোজা করতে পারে না। তবু বলল, কৈ রে ? কোন দিকে রে ? কপিল বলল, ঐ তো, দেখছ না ভেদে যাচ্ছে।

বীরে ধীরে ৩টা গোকর্ণ খোসবাসপুরের দিকে সরে যাচ্ছে। তার পর এক সময় সব মিলিয়ে গেল।

বড় তুংসহ অবস্থা মানুষের—এক কোঁটা বৃষ্টি নেই। গাছের পাডা বিবর্ণ। গাছপালা মাঠ দব ধুদর রঙ ধরে আছে। দেই মারাবী মেধের খণ্ডটি মিলিয়ে যেতেই কপিল বলল, তেনার মারার অন্ত নাই। উদকে দিয়ে গেল। দেখ আমি ৰুত মূল্য ধরি বোঝ, আমি না হলে তোদের মরণ! তা ঠিক, তুমি আছ বলেই আমরা আছি। খ্যাপা প্রকৃতির কাছে কপিল বড় অসহায়। ডেখনই মনে পড়ল, সেই স্থরে গান—আল্লা ম্যাম্ম দে পানি দে—বাড়ি বাড়ি দম মাধা দমের লাঠি নিয়ে পাইক খেললে কিংবা কাদার গড়াগড়ি দিলে, বক্লণ দেবতা তুই হয়। জারি গানের মতো গান—স্বর ধরে—হেই ধারা নামোরে

নাম। স্বৰ্গ মৰ্ত্য উথাল করি নামোরে নাম। পান দিমু গুরা দিমু দিমু গুড়ের ৰাভাদা, দকালবেলার পানি দিমু, দিমু অল ভরে কাঁদা। কাঁদি ৰাজোরে বাজো—টাং টাং টাং

কপিলের মাধায় এ-সব আসতেই হাঁকল, পার্বড়ী ছেঁড়া ডেনা-কানি দে একথান। বরুণদেবের কলজেয় থোঁচা না মারলে জল ঝরাবে না।

পার্বতী বৃঝতে পারল না, বাপের কী ইচ্ছে। বৈশাখ গেল জ্যৈষ্ঠ বায় যায়—একফোঁটা বৃষ্টি নেই। গরমে মানুষের মাধা ঠিক থাকে না। বাপ তেনাকানি দিয়ে কী করবে কে জানে।

পার্বতী বাপের চণ্ড রাগকে ভয় পায়। একথানা ছেঁড়া ভেনা-কানি দিলে কপিল একটা লাঠির মাধায় তা ভারি ষত্ন করে বাঁশল, উঠোনের মাঝখানে পুঁতে দিয়ে সে এক কলসি জল ঢেলে হাঁকাড় দিল, নামোরে নাম। জয় বাপ বরুণেশ্বর। ভারপর হহাতে দণ্ডটি তুলে একবার পুবে একবার পশ্চিমে উত্তরে দক্ষিণে প্রদক্ষিণ করে বিড্ৰিড় করে কী বকল আর দণ্ডটিকে মাধায় ঠেকাল।

এখন অগতির গতি এই দণ্ডটি।

পার্বতীও হাঁটু গেড়ে দগুটিকে প্রণাম জানাল। তারপর হর থেকে আর এক বালতি জল এনে উঠোনে ঢেলে দিলে কপিল জলে কাদায় গড়াগড়ি দিয়ে দগুটি মাধার উপর তুলে বের হয়ে গেল। পটল পেছনে। পার্বতীর লজ্জা করছিল বের হড়ে। বাপ এমন বেশে বাছে দিবুদা দেখে না আবার হাসে। কিন্তু, ভাদের দেশগাঁয়ে এই দগু দেবতাটির বড় প্রবল প্রভাপ। দিবুদার দেশে এই পূজা হয় কিনা ভার জানা নেই—বাপ ত এখন বাড়ি বাড়ি টুকবে। দেশের লোক মরণকাকা, বগলাদা এরা টের পেলে ঠিক বাপের মজো তারাও দগু মাধায় নিয়ে বের হয়ে পড়বে। পটল হাতে একটা কাঁদার থালা নিয়েছে। বাপের পেছনে সে টাং ট্যাং কয়ে সেটা বাজাছে। বে একখণ্ড মেঘ্ছ উড়ে চলে গেল, ভার দোহাই দিয়ে এখন বাড়ি বাড়ি

ষার ষেটুকু জল আছে, তাই দিয়ে উঠোন ভিজিয়ে দিতে হবে। বাপ তার দলবল নিয়ে তাতে গড়াগড়ি যাবে। সারা শরীর কাদায় মাথা-মাথি হবে। আজ বাপের এই চলবে দিনমান। ফটকি ঠাকুমা তার দেশের মামুষ। দে বাড়িতেই বাপ প্রথম হাজির। ঠাকুমা জানে দব। জলের যতই আকাল থাকুক যেখানে বাপ যাবে, উঠোনে জল ঢেলে দিতে হবে। দগুটি মাথায় নিয়ে বাপ ঘুরে ঘুরে নাচবে। ভার পর জয় হরি, বিষ হরি, দেবতা পঞ্জলন, কুপা করি দেহ দরশন এমন বোলে গান ধরবে।

বাপকে যতক্ষণ দেখা যায়—পার্বতী রাস্তায় দাঁড়িয়ে থাকল, চোথের উপর থেকে বাপ অদৃশ্য হয়ে যেতেই দেখল দূরে উত্তরের বাঁধে তাল গাছের মাধায় একটা শকুন বসে আছে। শাঁ করে আরো গোটা কর শকুন মাধার উপর দিয়ে উড়ে গেল। মরা জীবজ্ঞন্ত সব ও দিকটার কেলা হয়। আত্ম আবার কার গেল কে জানে। রোজই যাচ্ছে।

ঘেরির দর্বত্র ছাড়া গরু-ৰাছুর। জ্বল নাই, ঘাদপাতা কিছু নাই, শুখা মাঠে গরু-ৰাছুর চবে বেড়ায়। রাতে বাঁধেই শুয়ে থাকে। কেউ কেরে, কেউ কেরে না। তখন খোঁজ হয়, কার গেল! বর্ধা না এলে ধরে নিয়ে কোন লাভ নেই। খড়া বিচালি শেষ। পার্বতীর ব্বে তরাদ লাগে। বাপ খুঁটে খুঁটে দিনমান শুধু ঘাদ দংগ্রহ করে। কোদাল নিয়ে হত্যে হয়ে খোঁজে কোণায় চাপড়া ঘাদ প্রচণ্ড দাবদাহের মধ্যেও রদ শুষে নিচ্ছে বস্থারার। কেমন এক আতত্ত্বে পেয়ে বদে পার্বতীকে। ঘরে জল নেই। হয়তো গিয়ে দেখবে পাতকুয়োর জলও শেষ। এই আতহ্ব এত প্রবল পার্বতীর যে, এক দণ্ড দে বদে থাকতে পারে না। ঘড়া নিয়ে দে বাঁধের নিচে নেমে গেল।

বেলা বাড়ছে। হরেন ছাতা মাথায় পাতকুষো পাহারা দিচ্ছে। কে কত জল নেয় তার হিদাব রাথছে। তেঁড়া পিটিয়ে দিলেই হল— মামুষগুনতি জল, মাথাপিছু হিদাৰ, তথন পার্বতী ঘরের জালা-কলসি ইাড়ি দব ভরে রাথতে পার্বে না। বিশার কট্ট হবে। ভ্রাদে বিশা যেন গামলা-ভর্তি ক্যান-জল থেয়েও তুষ্ট পাকতে পারে না : আরও চায়। যথন বড় বড় চোথে তাকিয়ে থাকে, বুঝতে পারে বিশার তেষ্টা নিবারণ হয়নি। সে দরকারে রাতে চুরি করে জল তুলে আনবে—কেউ আটকাতে পারবে না।

পার্বতী জল তোলার সময় দেখল, দূরে বাঁধের উপর দিয়ে একদল লোক দশু কাঁবে চলে বাচ্ছে। বাপের দোসর সব। যে যায় তারই পুণা। সংসারে, সব হয় পুণাফলে। পুণাফলে বাড়িঘর। পুণাফলে আকাশ ফুঁড়ে রৃষ্টিও নামবে। বাপ বরুণদেবের হয়ে ছড়া কাটছে। দশুপুজা দিচ্ছে। তেনাকানি দশুের মাধায় বেঁধে নাচছে। তাঁর কুপা হবেই। যে আভক্ষটা সে পুষে রেখেছিল বাপের দশুপুজার মিছিল দেখে তা উবে গেল।

পাতকুয়োর চারপাশে ভিড়। কেবল জল উঠছেই। পাতাল থেকে জল আসছে জল অপচয় নয়—নোটিশ টাঙানো। পার্বতী জানে কোন কিছু অপচয় করতে নেই। জল নিয়ে আসার সময় ঘড়াথেকে জল চলকে একফোঁটা বাইরে পড়ে না। বড় সতর্ক থাকে পার্বতী। সতর্ক থাকতে হয় সেই হাড়বজ্জাত বনমালীটার জন্ম। আবার হাজির। ঠিক বাডির মুথে হিজলের নিচে দাঁড়িয়ে আছে। বাপ বাড়ি নেই টের পেলেই হল। পার্বতী ডাড়াডাড়ি ভাল করে দেখল নিজেকে। সে যে বড় হয়ে গেছে। বাপ শাড়ি কিনে দিতে পারে না। লজ্জা নিবারণের জন্ম ফ্রকের উপর সব সময় একটা গামছা গায়ে জড়িয়ে রাহতে হয়়। বনমালী ভাকে ভাল করে দেখার জন্ম কেমন ভক্তে ভক্তে থাকে। মাছের গন্ধে বেড়ালের ঘুরঘুর করার স্বন্ধার ভোমার বের করে দেব।

আসলে দিব্দাকে দেখার পরই তার মনের মধ্যে কোখেকে যে এত প্রবল জোর এদে গেছে ব্রতে পারে না: আগে বনমালী এলে, একা বাড়ি পাকতে সাহসই পেত না। পটলকে বলত. তুই যদি বাড়ির বার হস ভাল হবে না। মাঝে মাঝে বেশ ভারিকি চালে বলত বই-স্লেট নিয়ে বোদ। আমি দেখছি। ভার অধীত বিস্তার তখন ঝালাই চলত। এটা-ওটা দিয়ে পটলকে বাড়িতে আটকে রাখত। দিবুদা আসার পর মনে হয়েছে ভার একজন প্রবল গার্জেন হাজির। আর ভয় নেই। দিবুদার দলে সাহদ করে আল পর্যন্ত একটা কথা বলতে পারেনি। সাইকেলে দিবুদা বাঁধের উপর দিয়ে মাঝে মাঝে যায়। বেড়ার ফাঁকে দে উকি দিয়ে দেখে। দিবুদাকে দেখলে কোখা খেকে যে রাজ্যের আড়স্টতা এদে ভার উপর ভর করে। সে কেমন নিস্তেজ হয়ে পড়ে। চুলে হাত দেয় অজান্তে। আয়নার মুখ দেখে। নিজেকে দেখতে দেখতে ভারি কাতর হয়ে পড়ে।

হিজ্ঞল গাছের নিচে কেউ দাড়িয়ে নেই। রোদে মুথ পুড়ে বাচ্ছে। পার্বতী ঘড়া থেকে ঠাণ্ডা জল নিয়ে চোখে-মুথে ছিটিয়ে দিল। কিছুটা মাধায়। বনমালী এত ভাল মান্ত্যের ছা হয়ে যাবে দে ভাবতে পারেনি। এদিক-ওদিক থাকতে পারে। দে চারপাশে ত'কাল। কোথাও কেউ নেই। আর বাড়িতে চুকে দে ভূত দেখার মতো আঁতকে উঠল। বনমালী বারান্দায় বদে আছে। পার্বতীকে দেখে বলল, পিদি পাঠাল তোমার কাছে।

কেন পাঠাল. আসলে অজুহাত খাড়া করতে চাইছে বনমালী। ছল ছুভোয় বাড়ি ঢুকে যাবার মতলব। একটা বড় পেডলের ঘটি পাশে। বনমালী ঘটিটা এগিয়ে দিয়ে বলল, জল নিডে পাঠাল।

জল চাইলে দিতে হয়। ঠাকুমাকে সে এমনিতেও ঘড়া করে জল এনে দেয়। পাঠাতেই পারে। বনমালীকে কেন জানি আগের মতো খারাপ লাগল না। দ্রে দাঁড়িয়ে অসভ্য অকভন্নী করলে কার না খারাপ লাগে। দে ঘড়া থেকে ঘটিতে জল তেলে দিল।

বনমালী বলল, তুমি আমার সঙ্গে কথা বল না কেন, আমি বাঘ না ভালুক। ধুবুলিয়া গেছ? খুব সুন্দর জায়গা।

পার্বতী কথা বাড়াতে চায় না। সে ঘরে চুকে গেল। ধুবুলিয়াতে আমার চায়ের দোকান। বিক্রিবাটা থুবই ভাল। আলতা পর না কেন ? আলতার শিশি এনেছি একখান। স্নো পাউভার যা লাগে বলবে।

পার্বতী ঘর থেকেই জবাব দিল, আপনি যান! বাবা একুনি চলে আসবে।

ভোমার বাবা একথানা মানুষ বটে। মরতে আর জারগা পেল না। বাড়িঘর করবি ত রেলের ধারে কর। যথন তথন শহর, দিনেমা, রিকশায় চড়ে হাওয়া খাওয়া—কড় কিছু আছে জীবনে।

পাৰ্বতী ফের বলল, বাবা আদৰে। আপনি যান।

বাচ্ছি। ধুবুলিয়া গেলে, রোজ সিনেমা দেখতে পেতে। রামের সমতি চলছে রাণাঘাটে। কী সুনদর বই। স্বয়ংসিদ্ধা আসছে। হিট বই। আমার ভো চার বার দেখা হয়ে গেছে। কোন জবাব নেই ভেতর থেকে।

বনমালী এবার জ্লের ঘটিটা নিয়ে উঠে পড়ঙ্গ।—পিসি ভোমাকে ডেকেচে।

পরে যাব।

আলভার শিশিটা নেবে না !

বাপ টের পেলে মারবে।

অ:। তারপরই গালাগাল, কী লোকরে বাৰা নিচ্ছেও দিতে পারবি না, অক্টে দিলেও দোষ। আমরা তোমাদের দূর সম্পর্কের আত্মীয় হই। পিদি তো বলল, কপিল তার জ্যাঠশ্বস্তরের নাতি।

পার্বজী হঠাৎ হি-হি করে হেদে দিল ভেডরে। — আপনি ডবে আমার মামাবাবৃ?

আরে না না আমি কিছু না। লভায় পাভায় সম্পর্ক—ও সব মানতে নেই।

পার্বতী ফের বলল, অনেক কথা বললেন। এবারে যান। তুমি আসবে ত!

পাৰ্বতী এবার বলল, হাতে দেখছেন এটা কি!

বনমালী দেখল, ধারালো একটা ঘাদকাটার হাস্থা। পার্বজী মুহুর্তে রণর জিনী। পার্বজীকে দেখা যাচছে না। সে নিজেকে আড়াল করে হাস্থাটা কেবল হাতে ঝুলিয়ে রেখেছে। হাতে কাচের চুড়ি—শ্রামলা রঙ মেরের উঠোন খেকে দৃশ্রটা দেখে বুকের রক্ত হিম
হয়ে গেল পার্বজী নেই, শুধু একটা যেন কাটা হাত বাতাসে
ভেদে আছে। হাতের মুঠোয় হাস্থয়। দে পড়িমড়ি করে বেড়া
ভিঙিরে এক লাকে পিদির দীমানায় চলে গেল। আর সঙ্গে সার্বজীর কি হাসি। হাহাকার হাসি। কিছুতেই আর তার হাসি
ধামছে না।

আর একটু পরেই পার্বতী পিদির বাড়িতে গিয়ে ভাকল, কৈ বনমালীদা, তুমি যে আসতে বলেছিলে।

কটকি বৃড়ি মুসুরি ডাল রোদ থেকে তুলছিল। কিছু আমচুর. তেল সরষে। সব রোদ থেকে ভোলার সময় পার্বতী বল্ল, দাও আমি তুলে দিছি। কোণায় রাখবে বল।

বনমালী ঘরের ভেতর বেকে উকি দিয়ে দেখল—দাড়া দিল না! হাত খালি। তবু বিশ্বাদ নেই—দে চুপচাপ মাহুরে শুয়ে থাকল। পার্বতীকে নিয়ে দে কত স্বপ্প দেখেছে। পিদিকে একবার বলেওছিল কথাটা ভোল না, আমার ভো আয় মন্দ না। বিয়ে থা হলে ভোমায় ভীর্থ করিয়ে আনব। নবদ্বীপ যেতে চাও ভো বল, নিয়ে হাব।

ফটকি বৃড়ি মাধা পাডেনি। বনমালীর গুচ্ছের বরেদ। মেয়েটা দেদিনের। বয়দে বড় হয়নি—বাডাদে বড় হরেছে। নাহলে গায়ে গভরে এভ ফনফনিয়ে ওঠা কখনই সম্ভব নয়।

থোঁজ নিডেই আসা। ভাল প্যান্ট শার্ট, নতুন স্লিপার গ্রমের দিনেও গলার কক্ষ্টার। এসব না হলে সে একজন বড় মানুষ হয় কী করে! দামী চেক কাটা লুক্তি - গলায় পাতলা সোনার চেন, এ সবও দেখিয়েছে পার্বভীকে শিস্ দিয়ে। কিন্তু কাছে যায়নি। সেই মেয়ে ভার থোঁজে এয়েছে। বিষয়টা বড় গোলমেলে। সে পাতলা একটা

ৰটভলার বইয়ের মলাট থুলে মুখে ধরে রেখেছে। পার্বভী হরে চুকলেই দেখভে পাবে বনমালী যে দে মামুষ নয়। একটা আৰাল মেয়ের জন্ম সে হাদিয়ে মরে না। তার আরও অনেক জরুরী কাজ আছে ছনিয়ায়।

পাৰ্বতী ৰলল, বনমালীদা বুঝি পালিয়েছে ?

পালাবে কেন রে। এগুলো তো ওই এনেছে। আমার কেউ দেখার নেই—তবু যা হক আনে, খোঁজখবর নেয়। অল নিয়ে এল নাং

ডাকছি-কেউ সাড়া দিছে না যে! আসতে বলেছিল!

ও বন্মালী, পাৰ্বতী ভোকে ভাকছেরে। তুই নাকি আসতে ৰলেছিলি!

না তো, কথন বললাম।

উঠোন থেকেই বলল পাৰ্বতী, তুমি যে আলতার শিশি এনেছ ৰললে।

কারো জন্ম আমি কিছু আনি না। এখন আমাকে ডিস্টার্ব করবে না। আমি পড়ছি।

কী পড়ছ ?

বই পড়ছি!

কী বইগো ?

গল্পের বই ।

কীনাম ?

শাঁখা সিঁতুর।

বেশ নাম বইয়ের। আমাকে পড়তে দেবে ?

আসলে বনমালী সম্পর্কে সৰ ভীতি পার্বভীর দূর হয়ে গেছে। লোকটা এমন চরিত্রের জানলে, সে কথনও সইকেও ৰলত না, শিদ দেয় লোকটা। আসলে ভয় থেকে বলা। এমন কি ওই লোকটার। ভয়েই সে বাড়িতে একা থাকতে সাহস পেত না। থালি বাড়িতে চুকে মুখ চেপে, কত রকমের ঘটনা ঘটে, কাগতে কত দৰ খারাপ খবর বের হয়, মুগে মুথে ভারপর রটে বায়, শহর থেকে কেউ কিরে. এলেই—এমন দৰ খবর পার্বতী শুনজে পায়। মেয়ে চালান ইয়ে যায় এক দেশ থেকে আর এক দেশে—লোকটা বে সেই দলের নয় কে জানে! এ-দৰ কারণেই সে ভার দইকে বলেছিল, ভয় করে।

এখন মনে হচ্ছে কোন সার্কাদের জোকার বনমালী। রোগা ঢ্যাঙা ভালপাভার নিপাই। সে ভিতরে ঢুকে হাঁচকা টান দিয়ে বইটা তুলে নিয়ে বলল, জান আমার কাকা পুলিশে কাজ করে।

ৰনমালী ভড়াক করে লাফিয়ে উঠে বসল। বলল, পিসি ভে: আমাকে সে-কথা বলেনি।

জ্ঞান আমার কাকা এলে তোমার খোঁজখবর নেয়। আমার খোঁজখবর কেন। আমি কি দোষ করেছি। ভূমি শিস্ দিয়েছিলে মনে নেই।

আর দেব না। পার্বতী কথা দিচ্ছি। আর এখানে আসব না। পার্বতী এবারেও হেসে দিল। হাহাকার হাসি। তারপর বলল তুমি পুরুষমামুষ না, তুমি বিয়ে করবে কিগ! আলতা বের কর।

আনি নি। সভ্যি বলছি আনি নি।

তবে বলে এলে কেন!

বনমালীর মনে হল, আলতার শিশি দিলেই দে বামাল সহ ধরা পড়ে যাবে। ও-লাইনে আর হাটে। কাকা পুলিশে কাজ করে। ছুতোয় নাভায় লটকে দেবে। দে বলল, বিখাদ কর আমি ঠাটুং করেছি। আলতার শিশি ভোমার জন্ম আনতে যাব কেন, তুমি আমার কে ?

এ সময়ে দূরের কোন সোরগোলে পার্বতী কিঞিং অক্সমনস্ক হয়ে পড়ল। ৰাপ ভার বড় গোঁয়ার মামুষ। ঠ্যাণ্ডাড়ে। সব সময় পার্বতী বাপকে নিয়ে শঙ্কার থাকে। কোথায় কি নিয়ে ৰচ্চা বাধিয়ে দেবে, তেড়ে যাবে, লাঠালাঠি করতে, এমন শঙ্কায় সে দৌড়ে ঘর থেকে বের হরে দেখল, দণ্ড নিয়ে মিছিলটা আসছে। বগলাদার কাঁথে বাপ, সেই হাড়্ডু খেলে বাপ যথন মেডেল গলায় ঝুলিয়ে ফিরড ডেমন একখানা দৃশ্য। হঠাৎ মান্ত্যজন বাপের এমন কি কৃডিছে ক্ষেপে গেল কাছে না এলে বোঝা যাবে না। এবং ডখনই দেখল, ঈশান কোণে কালো গভীর ঘন মেঘ কালনাগিনীর ফণার মডো-আকাশের প্রাস্তে মাথা উচিয়ে দিয়েছে। দণ্ড পূজার মাহাত্ম্য এবং বাপের মাথায় এটা প্রথম উদয়—দেশছাড়া হয়ে সবাই আচার- অমুষ্ঠান ভূলডে বদেছিল—বাপ যেন মনে করিয়ে দিল, নিস্তার নাই হে: প্রকৃতির লীলাথেলায় বাঁচন-মরণ, তারে তুমি অবহেলা কর!

পাৰ্বতী সহসা থুলিতে ডেকে ফেলল, ও বনমালীদা, দেখ এসে কি একখানা মেৰ মাৰাচাড়া দিয়ে উঠেছে গ। ও ঠাকুমা এদে দেখ না— এবং এই নতুন জনপদে কতদিন পর বৃষ্টি নামবে, বৃষ্টি না ঝড় না আরও কোন বড় প্রলয়ন্তর ঘটনা—কে জানে পার্বতী দৌড়ে বাড়ি ঢ়কে কোপায় কি আছে দেখল। কোপা থেকে কি উভিয়ে নেবে দেখল। সংদারে কুটোগাছটিরও বড় প্রধ্যেজন। দে বড় হতে হতে তা বড় বেশি টের পেয়েছে। তুটো কলাই করা থালা বাইরে পড়ে। দে তা ষরে তুলে রাখল। বিশা বাঁধে খোঁটায় বাঁধা, সে দৌড়ে নিয়ে এল বিশাকে ৷ মেঘ মাধার উপর ক্রমে দূরবর্তী অন্ধকারের মতো ছড়িয়ে ছিটিয়ে যাচ্ছে। বিহাৎ চমকাচ্ছে। হাওয়া নেই। দম বন্ধ হয়ে আসার মডো এখন এই বিশ্বচরাচর। তালগাছের মাধা ধেকে শুকুনগুলো উড়ে যাচেছ। এবং ক্রমে আকাশের নিচে ছড়িয়ে পড়ল। এনৰ দেখলেই পাৰ্বতী বুঝতে পারে ঝড় উঠৰে—পরে ঘন বর্ষণ। থড়কুটো দব জড় করে তুলে নিল ঝুড়িতে। বারান্দার এককোনায় द्वरथ पिन । चूर्षे शक्ता **कावमा करत्र क्लान त्राथन माठात्नत्र** निर्हा দড়ি বেকে কাপড়-স্বামা তুলে নিয়ে গেল: ক'টা বাঁশ দাঁড় করানো ---ঝড়ে উড়িয়ে নিডে পারে। বাঁশগুলো সৰ মাটিভে ফেলে টেনে এক জায়গায় ঞ্চ করে রাখল।

পার্বভীর এখন নিখাস ফেলার ফুরসভ নেই। বৃষ্টি নেই শুধু দাবদাহ মরণ-বাঁচন নিয়ে সংশয়, কি হবে সব কিছু গোছগাছ করে, পুড়ছে পুড়ুক কেমন এক লণ্ডভণ্ড অবস্থা—আর বৃষ্টি নামবে ভেবেই ঘর-দোর যেন কের গুছিয়ে ভোলা। বাছারির নিচে উমুন হাঁ করে আছে। বৃষ্টি হলে জল পড়বে। দে একটা কাঠের পিঁড়ি দিয়ে মুখ চেকে দিল। মেঝে থেকে ধান তুলে ডোলের মধ্যে পুরে রাথক। ঘামে জৰজৰে হয়ে গেছে মুখ। মাঝে মাঝে রাস্তায় নেমে উকি দিচ্ছে, বাপের মিছিল আর কতদুর! পটল ধাকলে কত সুবিধে। দিদির সঙ্গে সেও দৌড়াদৌড়ি করত। সব কিছু ধরাধরি করে ভোলা। সব চেরে দরকার শুকনো কাঠকুটোর। বাপ ভাল পাভার ভিগ কেটে রেখেছিল, হিজ্পলের ভাল কেটে রেখেছিল—বৃষ্টি বাদলায় ঘরে কাঠ-কুটো না পাকলে মরণ। সব এখন তুলতে হচ্ছে। গোয়ালগরের মাচানে সাঞ্চিয়ে রাখতে হচ্ছে। সাপের উপদ্রব বড় বেশি। আডাল-আবডাল পেলেই ভেনারা উঠে আদেন। মাধা গোঁজ করে গা মুড়ে পড়ে থাকেন। গেল পূজায় বগলাদার মাতে কালে খেল। বৃষ্টি বাদলায় খড জমা রাখা ছিল বারান্দার। হাত পড়েনি। কে জানভ তেনার বর দেখানে। হাত দিতেই ছোবল। যতীন ওঝার দিনমান कि बाहाबाहि, बञ्चलार्घ, नान कोलीन शत्रात, शनाय कखात्कत माना, ৰাড়িতে তার মা মনদার ধান। কপালে বড় দি হুরের ফোঁটা। ভাজ মাদে পদ্মাপুরাণ পাঠ--এই করে ষতীন ওঝার মনে হয়েছিল একদিকে ৰিষহরি আর অফাপানে দে। ছ-পক্ষের লড়াই। সারা গাঁয়ের মাহুহ ভেমাধার মুখে ভেঙে পড়েছিল। ঝড়বাদলা হলে সবচেয়ে ভয় পটলকে নিয়ে। বাপকে নিয়েও তার কম ভয় না। বড় বেশি মাছ ধরার বাই। জলে ভেদে যায় দব। ডাঙা জমিন বলতে এই বাঁধ এলাকা। তেনারা শীতে গ্রীমে মাঠে গাকেন। চরে বেড়ান, জলে ভেসে পেলে সব করেন কি: গাছের ডালে, ডাঙার হুলোডে খরের আনাচে কানাচে উঠে আদেন। বড় সতর্ক থাকতে হয়।

আর এই সময়ই এল সেই ঝড়। প্রলয়ন্তর ঝড়। তালগাছের ডিগগুলি দব খাড়া হরে গেল শোঁ শোঁ গর্জন। ধুলো বালি উড়ছে। খড়কুটো উড়ছে। ঝাপটা মারছে। চোখ মেলে পার্বতী তাকাতে পারছে না। ঘরের ঝাঁপ ঠেলে কেলে লিছে। মড়মড় করে উঠছে দরবাড়ি। পার্বতী তাকছে, পটল, পটলরে। ঝড়ের মধ্যেই বাপ-বেটা এল। গারে কাদামাখা। অঝোরে বর্ষণ শুরু হয়েছে। আকাশ কালো অল্ককার। বিহাৎ চমকাছে। কড়বড় করে বাজ পড়ল কোণাও। ঝড়ের ঝাপটায় খরের খুঁটি নড়ে যাছেছ। পার্বতী ঝাঁপ আলগা করে তাকছে, এদ বাবা। পটল ভিতরে আয়। কিন্তু কে যায়—বর্ষণে দাঁডিয়ে ভিজতে কার না আরাম বোধ হয়!

বাপের এখন কত উল্লাস। পটলও নাচছে। ঝড় বইছে প্রবল বেগে। হজনার একজনের বদি কোন স্থান বাকে। ঝাপটায় জল চুকছে। পর্বতী একটা বস্তা টানিয়ে দিল খিড়কির জানালায়। অন্ধকার আর শনশন হাওয়া। বৃষ্টির ঝমঝম শব্দ বাজছে। মুহূর্তে পৃথিবীটায় অক্স রকমের রঙ ধরে গেল। বনমালীদা আলতার শিশি যাদ সভ্যি এনে থাকে—স্রো পাউভার। তার বড় ইচ্ছে হয়, পায়ে আলতা দেয়। মুখে স্নো পাউভার। দব ভাবতে গেলে আজকাল কেমন ঝিমঝিম করে মাখাটা। মার শাড়ি, ভোলা স্টুকেদে ছ-একখানা আছে এখনও! ঝড়-বাদলায় মনে যে কী দব উদয় হয়! কাউকে বলা যায় না কেবল কোন দ্রানী পুরুষ চোখ মুখ দেখলেটের পাবে, পার্বতীর শরীর ঠিকঠাক নেই! লণ্ডভণ্ড অবস্থা। আবেশ বড় বেশি।

পটল দৌড়ে বরে চুকে গেল। বাপ বারান্দায়। বলছে, গামছা-খান দে। পটলকে তথন পার্বতী মাথা মুছিয়ে দিচ্ছে। প্যাণ্ট এগিয়ে দিচ্ছে: একটা খোঁট ভাজ করে দিরেছে গায়ে দেবার জন্ম। গামছাটা বাপ হাতে নিয়ে বলল, কাঁঠালবীচি ভাজা আছে ছু চারখানা, দেনা খাই।

পটल वलल, बाबाटक मिनि।

পাৰ্বতী হাঁড়ি থেকে ভাজা কাঁঠালবীচি তুলে গোনাগুণতি বাপকে দিল, পটলকে দিল, নি**ৰে**র জন্ম কোঁচডে ক'থানা রাখল। ৰাইরে ম্পলে ভেনে যাচ্ছে। চড়াৎ চড়াৎ বৃষ্টির ফোঁটা বড় বড় ফোঁটার কবৃতরের ডিমের মতো আকাশ থেকে অঝোরে পড়ছে, ভাওছে ফুটছে। ঝাঁপ গলিয়ে পটল বারান্দায় বাপের পাশে গিয়ে বসেছে। হরে পার্বতী থাকে কী করে আর! সেও গিয়ে বাপের আর এক পাশে গা ঘেঁষাঘেঁষি করে বদে পড়ল। আদলে ঝড়-বাদল দেখা। ভাল গাছগুলির মাণা কেমন হাওয়ায় যেন উতে যেতে চাইছে—কোন আদ্যিকালের ভাইনীর চুলের মডো তালগাছের ভিগগুলি বাতানে থাড়া হয়ে গেছে। থোদা ছাড়িয়ে কাঁঠালবীচি ভাঙ্গা থাওয়া থার ঘন ঘোর বাদল দেখার মধ্যে কী ষেন এক মজা! দিবুদা এখন কী করছে! জ্ঞানালায় না ওর পড়ার টেবিলে বসে। দিবুদা এখন কার কথা ভাবছে! দিবুদার কথা ভাবতে ভাবতে নিজের মধ্যেই পার্বঙী কী এক আবেশে গুটিয়ে যায়। শরীরে তার কেমন এক ঘোরলাগ: অবস্থা। নিজেকে ৰড় ভয় পায় এখন পাৰ্বতী। ৰাপের আরও গা ্রেষে সে বসে। কোন এক ছাতুকর খেন তাকে বাপের কাছ থেকে পটলের কাছ থেকে আলগা করে নিতে চায়!

কপিল বলল, বিশা সকালে ফ্যান জল খেয়েছে ?

পার্বতী ব্ঝতে পারে না বাপের এমন কথা কেন! সে বলল, খাঃ না। কালও খায়নি।

কপিল কি ভেবে বলল, মাধলাখান দে ত, দেখি। বলে দে উঠে দাড়াল!

বাপের মনে এ-হেন সংশয়ে পার্বতী ঘারড়ে বায়। বাঁধের ধারে
বিশা শুয়েছিল। ঝড় দেখেও হু শ হয়নি। অনেক ঠেলাঠেলি করে
তুলতে হয়েছে। নড়তে-নচড়ে কন্ত। তা সময়কালে এমন হবারই
কথা। ঠেলেঠুলে নিয়ে আসতে হয়েছে। বিশার মুখে অফচি কেন!

সে তো বিশার জন্ম ক্যানজল, থড় ঘাসের জাবনা খুব বত্ব করে রেখে দেয়। সুন মিশিরে না দিলে একদম মুখে দেয় না। বাপের বড় সোহাগী কন্যা। পার্বজীর তথন হিংসে হয়— যাব চলে যেদিকে ছচোথ যায়। আমি যেন কেউ না! সব চেয়ে থারাপ লাগে সংসারের রারাবারা উঠোন ঝাড়, থড়কুটো সংগ্রহ, জল ডোলা থেকে সব কাজ করার পর বাপের যথন মন পায় না। বিশারে তুই জল দিলি না, বিশারে তুই ঘরে তুললি না, হভজাগী মেয়ে কেবল রাস্তায় নেমে ধং ধিং করে টোলানো! সারা ঘরটা চনিয়ে কি করে রেখেছে। চোথে দেখতে পাস না পার্বজী! এইভাবে মা ভগবতীরে রাখিস!

কপিল মাধলাখান মাধায় দিয়ে উঠোন পার হয়ে গেল। কি ধেন বাপ বলল, বৃষ্টির শব্দে শোনা যাচ্ছে না। উত্তুরে হাওয়া বলে বারান্দায় ছাঁট আসছে না। পটল ডাকল, দিদি।

বল |

বিশামরে যাবে না ড! অলুক্ষণে কথা বলিদ না! মরণ কাকার আজে যে গেল!

গো-মড়কে সৰ সাক হয়ে যাবে, ভায়ে বাপ পাঁচ ক্রোশ রাজ্য হেঁটে গো-বভির কাছ খেকে কলাপাভার পুঁটলিতে ওয়্ধ নিয়ে এসেছে।

গো-মডকের গন্ধ ত্থা-বিছা টের পেরে যায়। গাঁয়ের রাস্তায় কথনত কথনত হেঁকে গেছে, কপিলের মন ধরেনি। আদলে শালাদের টাকা উপারের ধানদা। এত করেত বুন্দাবন কর মড়ক আটকাডে পারেনি। ঘোষেদের হুটো তরভাজা গরু গেল, একটা বাছুর গেল। ভাগাড়ে বদে থাকে চামার। ভাগাড়ের পাশে ভালগাছের নিচে বদে মুড়ি-গুড় থায়। টাঁয়কে শানানো ছুরি। লোভে পড়ে গেলে বা হর, ভাগাড়ে গরু না এলে নিজেরাই উত্যোগী হয়ে ওঠে। গো-মড়কের নামে কলাপাভায় কালবিব অদৃশ্য করে ছুঁড়ে দিয়ে যায় বথন তথন

সবাই তকে তকে আছে—ধরা পড়েনা, পড়লে একথানা রামধোলাইর ব্যবস্থাও হয়ে আছে— এসব সলাগুলুকের মধ্যে বেঁচে থাকা—কানে আসে কথাবার্তা পটল জানে, ঐ যদি হয়, কেমন এক আতক তথন, বিশা মরে যাবে না ড!

গোয়ালখর থেকে ছুটে বের হয়ে আদছে তথন কপিল। পার্বতা আদের গলায় চিংকার করে ডাকল, বাবা!

রষ্টির ছাট প্রবল। কপিল পার্বতার আর্ত ডাকে ব্রুতে পারে, খেয়েটার তরাদ লেগে€ে।

সে দৌড়ে চুকে হানি হাসি মুখে বলল, বিশা জননী হবেরে মেয়ে। দে দে হথান বাঁশ দে। বড় ছাঁট আসছে।

পাৰ্বতী তুথান বাঁশ ৰাপের সঙ্গে ধরাধরি করে নিয়ে গেল। এখন মাধায় মাধলা নেই। পটল বলল, কামি ৰাৰ ৰাবা।

না, গন্তীর মুখে পার্বতী কথাটা বলল। ছেলেমামুর পটল। জননী হওয়ার বিষয়টা বেশি জানাজানি হলে বেন মেরেজাতের মান থাকে না। পার্বতী আর কিছু বলতে পারেনি। কেবল গোরালে ঢোকার আগে দেখেছে, পটল না আবার রষ্টিতে নেমে আদে। পটল তেমনি বাশের খুটিতে লাড়িয়ে বড় বড চোখে দিদিকে দেখছে। বৃষ্টি পড়া দেখছে। শনশন হাওয়া বইছে। পটলের চোখ এড নিবিষ্ট ষে দেখে মনে হয়েছে পার্বতীর, কান পেডে সে ডাও শুনছে। আসলে প্রকৃতির লালাখেলা। জননী হবার ভাগিদ কে যে দেয়। কে যে ডুমুক বাজিয়ে যায়—শস্ত ফলে কটিপডক বাড়ে, পাথিরা ডিম পাড়ে—বিশা জননী হয়। দিবৃদা কী।কছু বোঝে না। শরীরে ভার প্রকৃতর কৃট কামড় কোন দাগ কাটে না!

ক'প্ল বল্ল, এদিকে ধর।

পার্বতা বাশটা তুলে ধরল। ঝড়ে সামনের বেড়াটা পড়ে গেছে।
খুঁটি একটা আলগা হয়ে গেছে। ছাঁটে বিশার শরীর ভিজছে। মুখ
তুলে বিশা পার্বতীকে দেখল। কান নাড়ল। মাধা নাড়ল। টল-

টল করে চেরে আছে পার্বতীর দিকে। পার্বতী বলল, ঠাট দেখা মহারাণী! বৃষ্টি ভিজে মরছি, মহারাণী আদর থাবার জন্ম ট্গবগ করছেন! না এখন কিছু হবে না। ভোকে আদর করলে বেড়া বাঁধবে কে!

ক্রমে সন্ধ্যা নামে। আকাশ আরও ঘন কালো। ধারা বর্ষণ চলছে। ব্যান্তের গোভরগোড আওয়াক্স কেমন মাতাল করে দিচ্ছে পার্বতীকে। বিশা একবার উঠে দাঁড়াচ্ছে, আবার পা-মুড়ে শুরে পড়ছে। বাপ বসে আছে কোণায়; লক্ষ অলছে। পার্বতী বসে আছে কোণায়, বিশার কষ্টটা তার মধ্যে কেমন সংক্রামিত হচ্ছে তার ঘুম আসছিল। লক্ষের আলোতে চোথ টলটল করছে পার্বতীর। আতক্ষ তর আনন্দ বিশার এবং রহস্তময়তা মিলে পার্বতী কেমন দিশেহারা। খড় এগিয়ে দিচ্ছে। বিশা কিছু মুখে দিচ্ছে না।

পটল ও-খর থেকে চিংকার করছে, আমি বাব। আমার ভর করে। পার্বতীকে কপিল বলল, তুই বা! বদে থেকে কি হবে।

পার্বতীর উঠতে ইচ্ছে করছিল না। সেই কখন থেকে বিশার কষ্ট। বাপ ঠিক ব্ঝছে না। ওর যেতে ইচ্ছে করছে না। পটলের উপর রেগে কাঁই হয়ে আছে। এথানে আসার মতলব।

বিশা জননী হল একসময়। কপিল থাবড়া মারল বাছুরটার পিঠে।

বিশা গা চেটে দিচ্ছে। পার্বতী কাছে গেলে চুঁ মারতে এল।
তথনই পার্বতীর ছঁশ হল তার ভাইটা একা ঘরে বদে আছে লফ্
আলিয়ে। সে এবারে দৌড়ে গেল ঘরে। ভাইকে জড়িয়ে ধরে বলল,
আয়। দেখবি বিশার কী সুন্দর বাচচা হয়েছে।

পটল দিদির পিছু পিছু গামছা মাধায় দিয়ে দৌড়ে গেল। লক্ষ্টা তুলে ধরে দেখাছে পার্বতী।

কপিল তথন, বাচ্চাটার নাকে মুখে ফুঁ দিচ্ছে। তিড়িংবিডিং করে নডছে, উঠতে চাইছে। কী মঞ্চা। পটল বলল, দিদিরে। পার্বতী ভাইকে জড়িয়ে কেমন এখনও সম্মোহনের মধ্যে আছে। একবার শুধু বলল, কি সুন্দর চোধ! ও মা আমাদের দেখছেরে পটল।

আসলে পাৰ্বতীর মনে হচ্ছিল, ৰাচ্চাটা ডাকিয়ে জানতে চাইছে, ভারা কে ?

পার্বভী বলল, আমার ভাই পটল।

পার্বতী ফের বলন, আমার নাম পার্বতা, আমি পটলের দিদি!

পাৰ্বতী বাবার দিকে তাকিয়ে ৰলল, আমার বাবা!

বাচ্চাটা আবার হাঁটু মুড়ে পড়ে গেল।

পটল ধরতে গেলে কপিল বলল, কাছে যাস না, বিশা ঢুঁ মারবে।

কা হিংমুটেরে বাবা!

কপিল হাসল। মায়ের প্রাণ, কভ শঙ্কা।

পার্বভী বলল, শক্ষা না ছাই। এত করি, তবু তেনার বিশ্বাদ নেই। আয়রে পটল, আমরাও রাগ দেখাতে জানি গ। কাল ভোমার ঘর কে সাফ করে দেখব। কে ফাান জল দেয় দেখব।

কপিলের কেমন এক মায়া জাগে—এই হুই সন্থান, বিশা, আর ধরবাড়ি, বৃষ্টিপাত, প্রকৃতির সুমার লীলাখেলার মধ্যে কের জ্ঞীবনপাত সবই ধেন কোন এক প্রবল কেন্দ্রবিন্দু থেকে উৎপত্তি। কে কোণায় থাকে কোখা থেকে আসে, ভাসমান প্রাণের মধ্যে নিত্য রূপ নের আবার মিলিয়ে যায়, প্রকৃতি তারে হুজ্ঞম করে নেয়—সুরূপা থাকলে এই ঝড়-বাদলার দিনে সে আরও বেশি সাহদী হতে পারত। পটলার হবার দিনে, ঠিক এমনি ঝড়-বৃষ্টি। সে মাথায় করে নিয়ে এসেছিল, তাঁড়ি কাঠ, ধর বেঁধে দিয়েছিল উঠোনে। চালে শণ পেতে দিয়েছিল, নাপিডবাড়ির বড় বৌকে বলে এসেছিল, উঠেছে, চলে আসেন। এবং প্রহর গোনা বারান্দায় বদে। পটলাকে মাটিছে রেথে সেই যে জ্ঞানহারা হল, আর তা ক্রিয়ল না। বিশার বাচচা

হওরা নিয়ে দে এজন্ত বড় উচাটনে ছিল—কপাল পোড়া মামুষ দে।
মুখ ভার কপালে দয় না। অধিক সুখেও দে প্রাণ খুলে হাসতে
পারে না। কেবল মনে হয়, কোন এক আছি বুড়ো ভাকে ভাড়া
করে ফিরছে। খেতে-বনতে, কোদাল মারতে, দেশছাড়া হতে,
ট্রেনে, বাসে, ক্যাম্পে দে শুধু ভাড়া খাছে। এখানে এসেও আর
এক ভাড়া, বনমালী ছোঁড়াটা পিছু লেগেছে মেয়েটার। মধুদা, রায়
মশায় আছে বলেই ভার সাহস। মলিকমশাই গাঁজাখোর লোক—
নাহলে একটা বালিকাকে পুষে বড় কয়ে কেউ! বিশায় বিশদ কেটে
বাওয়ায় কেমন ঝাড়া হাত-পা কপিলের। গোয়ালের ঝাঁপ বন্ধ
করার আগে, বাঁশের বাডা দিয়ে ভিনপাশে খোঁয়াড়ের মতো কয়ে
দিল। পার্বভী পটল এখন স্বাই ভার সাহাব্যকারী।

পটল বলল, এটা নাও। পাৰ্বড়ী বলল, দেব বাৰা পুঁড়ে। কপিল দেখে বলল, দে ঠিক আছে।

ভারপর কোনরকমে বেড়া বেঁবে দে ৰাইরে বের হয়ে এল শাবল খোন্তা হাতে নিয়ে। গোয়ালের চারপাশটা দেখল। ঝাঁপ থুলে কেউ যদি বিষটিদ ছুঁড়ে দিয়ে বার—মেখলা ঋড়ো হাওয়ায়, পঙ্গপালের মডো মানুবের অপকারকেরা খুরে বেড়ায়। ভার চিন্তা বাড়ে।

কপিল, বৰ্ষণের ধারাতেই উঠোনে দাঁড়িয়ে চান করল।
বারান্দার লক্ষ অলছে। জল-ভাত আর আধ্থানা কাঁচা পেঁরাজ
খারগন পাতা বাটা বড় মধুর খাতা। একট কাগজিলেব্র পাতা আর
ভকনো লকা পোড়া, অমৃত আর কাকে বলে। ত্স-হাস খাছে।
পটল থেতে থেতে বলল, বাচ্চাটার নাম রাখবে না বাবা ?

কশিল বড় খুশি মনে বলল, তুই একটা নাম রাথ না। পটল ভারি বিজ্ঞজনের মতো খাওয়া থামিয়ে ভাৰতে থাকল। পার্বতী বদে আছে। বাপ ভাইয়ের খাওয়া হলে দে খাবে। বাবা ভাকে বাচ্চাটার নাম রাখার দায়িত্ব দিচ্ছে না ৰলে বেশ গোমড়া মুখে তাকিয়ে আছে।

পার্বতী বলল, এই থাবি ভোখা, না হয় ওঠ। আমার খিদে পায় না ব্ঝি!

পার্বতীর কথা পটল কানে তুলল না। দিদিটা মাঝে মাঝে কেমন হয়ে যায়। তাকে ভালবাসে না। বাবা তাকে কত বড় দায়িছ দিয়েছে! দিদির খুশি হবার কথা! ফুটফুটে বাচ্চাটার যে সে নাম হলে হবে কেন। ভেবে-চিস্কে একটা স্থানর নাম রাখবে সে। তা নয়, তাড়া লাগাচেছ। সে বলল, হিছল।

পাৰ্বতী বলল, হয়েছে, এই নাম! হিচ্চল! হিচ্চল কেন হবে। বাবে আমরা হিচ্চলে থাকি না। হিচ্চল বিল, হিচ্চল গাছ, বাচ্চাটার নাম হিচ্চল।

পতা ধরেছে !

কপিল বলল, রাগ করছিদ কেন পার্বতী। হিজাল ডো বেশ স্থুন্দর নাম।

মেয়ে বাছুরের নাম হিন্দল হবে কেন ? হিজ্ঞলী হবে।

তা একখানা কথা বটে।

পটল বাৰার কথায় দমে গে**ল**।

পাৰ্বতী ৰলল, আমি নাম রাথব বাৰা!

কী নাম!

হরিণা। হরিণের মডো গায়ের রঙ, হরিণা। সুন্দর নাম না বাবা ?
কপিল বলল, হটো নামেই ডাকিদ। যার যেমন খুশি। ঘরের
জীব, নাম ধাকবে না হয় না

পটল বলল, তুমি কিন্তু আমার নামে ডাকবে বাব: !

পাৰ্বতী দক্ষে দক্ষে বলল, না আমার নামে।

পটল দিদির সঙ্গে পেরে না উঠে খাওয়া পাতে উঠে গেল। আমি থাব না! তোর কোন কাজ যদি করি! পার্বতী ভাড়াভাড়ি লাফ দিয়ে পটলের হাত ধরে ফেলল।
বলল, থা ত আগে। না থেলে, দেধবি আমার কি হয়! কপিল
এমন কথায় ভারি মৃত্যমান হয়ে যায়। খেতে ধামারে দে জন্ম পড়ে
ধাকতে পারে, দিনমানে মেয়েটা ভার দব দেখেশুনে রাখে। পটলকে
চোখে চোখে রাখে। পটলের জন্ম বাডা দিয়ে চাকা বানিয়ে দেয়।
পটল চাকাটা রাস্তায় চালিয়ে নিয়ে যায়—ব্যালাঞ্জের খেলা খেলে।
এভাবে ব্বি ভরে ধাকে জীবন—কপিলের ক্লান্থিতে ঘুম পায়।

বৃষ্টিটা ধরে আসছে। শোবার আগে কপিল আর একবার গোয়ালে চুকে সব ঠিকঠাক আছে কিনা দেখে এল। পা ধুল জালা থেকে জল নিয়ে। পার্বতী মাচানে বাপের বিছানা পেতে দিয়ে, নিজেদের বিছানা করে ফেলল। পটল, দিদির যদি সত্যি কিছু হয় ভরে বাকি ভাতটুকু খেয়ে খালি মাচানে শুয়েছিল। ওকে ডেকে ভূলেছে। ভারপর বাবা শুলে লক্ষ্ নিবিয়ে ভাইয়ের পাশে সেও শুয়ে পড়ল। কিন্তু ঘুম এল না:

অন্ধকার ঘরে হুটো একটা জোনাকি জ্বলছে। গরুটা বাচ্চা হওয়ার বিষয়টা মাধা থেকে বাচ্ছে না। গাভীন হবাব আগে কী ডাকাডাকি। সে বালিশে মুখ গুঁজে ফিক করে হেসে দিল। ডারপর কিছুক্ষণ চিং হয়ে শুয়ে থাকল। বনমালীদা যদি আলভা এনে দেয়। বাপকে বলতে পারে না। লজ্জা করে। বাবা তাহলে ব্রুডে পারবে, সে বড় হয়ে গেছে। বনমালীদাদা দিলেও পরতে পারবে না। একটা কলি আঁটডে হবে—বলবে সই জাের করে পরিয়ে দিয়েছে। আলভা পরা পা দেখলেই বাবার রাগ হতে পারে—কোধায় পেলি, কে দিল! সে যভ বড় হয়ে উঠছে, বাবার সংশেষ বাড়ছে। কোধায় গেছিলি রে! এডক্ষণ লাগে! কায় সঙ্গে কথা বলছিলি!

পটল ডাকল, ও দিদি, ভোর ঘুম আসছে না। খুমোচ্ছি ড। তৃই ঘুমোচ্ছিদ ত পা নড়ছে কেন! মাচান নড়ছে। সঙ্গে সঙ্গে পাৰ্বতী পা নাচানো থামিবে দিল।

গুলেই এটা হয়। আর বিদঘুটে ভাবনা মাধায় চুকে গেলে এটা আরোও বেশি হয়। ফ্রক পরে বের হতে লজ্জা করে।

কপিলেরও তুশ্চিন্তার ঘ্ম আসছিল না। খুট করে কোধাও শব্দ হলে, সে কান পেতে আরও ভাল করে শোনার চেষ্টা করছে। তারপর শব্দটা কোত্থেকে হতে পারে এমন একটা আন্দাল করতে পারলে পাশ ফিরে শুচ্ছে। পটলের ক্থার ব্রতে পারল পার্বতী ঘুমারনি।

কপিল বলল, পার্বতী কাল একবার বড় বোঠানকে ধবর দিস। বলবি, বাড়িতে বিপদনাশিনী ঠাকুরের পূজা দেবে বাবা। ভোর দোনাকাকি, ছোট কাকিকেও বলবি। ভোর ফটকি ঠাকুমাকেও বলবি।

পার্বতী কোন উত্তর করল না। দিব্দাদের বাড়ি সে কিছুতেই ফ্রক গায়ে দিয়ে যেতে পারবে না।

কিরে কানে যায় না !

পার্বতী পাশ ফিরে বলল, আমি পারব না।

মেয়ের কথায় মাধায় রাগ চড়ে যায়। সহসা উঠে বসে কপিল। ঠাকুর-দেবতা নিয়ে অবহেলা!

কি বললি !

পারব না।

পটল বলল, আমি যাব বাবা ?

না, ভোমায় যেতে হবে না। কপিল ভাবে পটল নেহাতই ছেলেমামুষ। ভার কথার কোন গুরুত্ব দিতে নাও পারে। ভার সংনারে ত এমন হয় না। পার্বতী ভার মুখের ওপর কথনও না করে না। মেরেটা ভার দিনকে দিন এমন হয়ে যাচ্ছে কেন। আগের মতো ভারতরও কমে গেছে। মাঝে মাঝে তেজ্ব দেখায়। দে সৰ

সহা করতে পারে, কারো জ্লেদ সহা করতে পারে না। সে ভাল কথার মানুষ: নিজের মেয়ে হয়ে মুখের উপর কথা বলিস। ধেন সংসারে ভার প্রতিপত্তি নিয়ে এটা একটা প্রশ্ন। এত করে শেষে ভোরা গামার এই হলি!

ভোমার বাবা বাবে। বাবে না মানে। না না আমি পারব না, পারব না।

অন্ধকার রাত, বিশ্ববিরে বৃষ্টি। ঠাণ্ডা ভাব। কোণাণ্ড শেয়াল ডাকছে জল নামার শব্দ, কটিপতক ডাকছে। এবং বাঁধের শেষে কপিল আলো দেখতে পেল, জানলার ফাঁক দিয়ে। বৃষ্টিতে স্বল নামছে। জ্বলা জায়গা খেকে মাচটাছ উঠে আসতে পারে। কেউ इयरण बाह गुँकरहा अदीव निरुक्त ना वरल रम याय्नि! बाह्मदाद নেশা ভারও কম ছিল নাঃ কিন্তু এই বাতে বাডিটা ফেলে ভার কোৰাও বেতে শ্কা বোগ হচ্চিল। তার ঘুম আস্ছিল না। রাজ্যের চিন্তা মাধায় কাল সকালে কোদাল নিয়ে ধনিতে নামতে হবে। সার[্] দিন্নমান কাজ : বছর্থানেক আগে হলে, পার্বভীর মেজাজ বের করে দিত। তুগালে করে চড। किন্তু পর্বিতী বড হয়ে যাচেত। এখন তৃত্তে যে ঠ্যাঙাৰে সে দাহসও ভার নেই। সে কেমন মদহায় বোৰ করতে থাকে। মেজাল ভিরিকি থাকে না। পার্বভী ঠিক **ওর মার চোথ মথ পেয়েছে ৷ বন্দ বভ হচ্ছে পার্বতী কভ দেই তব্**ছ এক ছবি। এই বাত এবং ঠাণ্ডা আমেজ, বৃষ্টির ঝির্ঝির শব্দ ভাকে স্ত্রীর স্মৃতির প্রতি কেমন খারও তলিরে নিয়ে গেল। বড় একা লাগে। নিংস্থ লাগে। থালি থালি: পার্বতীর লপ্টে থাকা স্বভাবটাও উধাও।

কপিল ভার বিভানায় তু-হাঁটুর মধ্যে মাধা গোঁজ করে বদে আছে।

পার্বতী এর প্রথম তার উপর রুখে উঠেছে। কি রকম একটা জালাবোধে দে পীড়িত হচ্ছিল। পার্বভী অন্ধকারেও টের পাচ্ছে, বাবা ঘুমোয়নি। মাচানটা নড়ছে। ঝাঁপের জানালা থেকে একটা আবছা আলো এসে পড়ছে। বাবা মৃতিমান পাধরের মডো মশারির নিচে বদে। মাধা গোঁজ করা। আবছা ছায়া থেকে সে টের পায় বাবা ভাল নেই। সে ডাকে, বাবা।

বল ৷

আমি বাব। তুমি ঘুমোও।

কোণা থেকে অক্স বারিপাতের মতো আবেগ সঞ্চার হতে থাকে কপিলের শরীরে: মুহূর্তে মনে হয়, সে বডটা নিক্সেকে নিংস্ব ভাবছিল, ডা নয়: আশ্চর্ষ মায়া বোধ সরে ঘরবাড়ির ক্ষস্ত। সে বলল, আজু কি বার রে গ

সোমবার !

তালে ত ছদিনও ৰাকি ,নই : ্রেট সাটুইর বাজারে গেলে পয়সা দিয়ে দিস। পান স্থুপারি আরও কী সৰ লাগে যেন। বিশার জন্ম মানত করেছিলাম, না দিলে ঠাকুরের কোপ বাড়তে কডকণ।

পটল বলল, আমি দিয়ে আসব ৰাবা ?

না। পার্বভীই দেবে।

পার্বতী মুখের উপর আজ প্রথম বাবাকে পারব না বলেছে।
এতে সে নিজেও কেমন অস্বস্তির মধ্যে ছিল। বাবা তো বোঝে না
ক্রক গায়ে দিয়ে সব জায়গায় ষেতে পারলেও দিবুদাদের বাড়ি বাওয়া
যায় না টিনের বাজে বড় বড় করে ডোলা আছে মায়ের শাড়ি,
রাউজ। বাবা ৺টা পার্বতীকে ধরতে দের না। মার চিক্র।
স্টকেসটার মধ্যে আর আছে নিঁতরের কোটা, একজোড়া শাখা।
যরের কাড়ে বাডায় ঝোলানো। লক্ষ্মীপূজার দিন, বাক্সটায় বাবা
দিঁথরের ফোঁটা দেয়। অমঙ্গল থেকে বাবা বাড়িটাকে, ভাকে
পটলকে, বিশাকে এভাবে রক্ষা করে। বাবা বোধ হয় টের পায়,
মা লক্ষ্মী ওর মধ্যে পোরা আছে। শারীর অশুচি থাকলে ভটা

ছোঁয়ারও নিয়ম নেই। বাবা ওটা খুলতে গেলে স্নান আহ্নিক করে খোলে। মার শাড়ি পরার জন্ম মনটা তার বড় বেশি বেপরোয়া হয়ে বায়। বাবার ভয়ে ধরতে পারে না। বাবা বড় দীন তু: থী। দে তবু দাহদ করে ফের ডাকল, বাবা।

কপিল, উদোম শক্ত বালিশটা ঠিকঠাক করে নেবার সময় বলে, কিছু বলবি :

পাৰ্বতী আবার চুপ।

মেরেটার কী ধে হয়েছে! কদিন খেকেই দেখছে, কী বলতে গিরে বলে না। অফ্য কথা বলে। সে থুব জ্বোর দিয়ে জানতেও পারে না। মেয়ে আবদার করে বদলে যদি রক্ষা করতে না পারে। মুং ব্যাজার হয়ে যায় তার। তবু বলল, কিরে ঘুমিয়ে পড়লি?

না বাবা!

কপিলের ক্লান্তিতে হাই উঠছে। এমন চোথ জুড়িয়ে আদছে যে আর কোন প্রশ্ন করতেও ইচ্ছে হচ্ছে না। সে শুরে পড়ার সময় শুনল পার্বতী যেন কি বলছে। ঘুমের ঘোরে সে স্পষ্ট ব্রুতে পারছে না। পার্বতী ঠিক তার মার মতো গলা করে আন্দার জানাচ্ছে। দ্রাতীত গ্রহ থেকে কথাবার্তা কানে ভেসে আসছে। আমায় আলতা এনে দেবে বাবা। তারপর কথাগুলি স্পষ্ট নয়। ঘোরের মধ্যে থাকলে মানুষের কথাবার্তা যেমন অবিশ্বাস্থ্য ঠেকে, রূপকথার মতো মনে হয় তেমনি কপিলের মনে হচ্ছে—আলতা স্নো পাউভার। শাঁখা সিঁছর। শাভি সায়া রাউজ। এক রূপবতী কম্মের চূল চোখ আকাজ্ফার ভূবে আছে। কোন শস্তক্ষেত্র অথবা যব গমের গাছ মাভিয়ে সে ক্ষিরছে মেলা থেকে। পাশে তার স্কুরুপা। পায়ে রুপোর ব্যুর্ব। ঝনঝন করে বাজছে। তার ঘুম আসছিল তোড়ে। বাঁথের উপর দিয়ে কে দৌড়ায়—আঁচল ওড়ে, আকাশে তারা ক্ষোতি। বিশুতি রাতে বাদলা দিনের ঠাণ্ডায় শরীরে সে শীতল স্পর্শ পায়।

ভার হাত নড়ে। বুকে টেনে আনে কিছু। ভারপর কেউ মাধ্য গুঁজে দেয় বুকে। কপিল নিঃসাড় হয়ে যাচ্ছে।

পার্বতী কান খাড়া করে রেখেছে। বাবা আর কিছু বলছে না।
পার্বতী দেখে কুঁকড়ে শুরে আছে পটল। গারে কাঁথা তুলে দেয়।
কে বলবে এই কিছুক্কণ আগে ধরণী ছিল তপ্ত এবং উদাদীন। যেন
দে জ্ঞানেই না ভার মাঝে বিচরণ করে বেড়ায় মামুষেরা। ঠাণ্ডা
জ্ঞানো বাভাদে পার্বতীরও শীভ শীভ করে। বিশার মডো দে টলটল করে চেয়ে থাকে। বাবা ঠিক কিছু এবার বলবে।

কিন্তু ৰূপিলের কোন সাড়া না পেরে সে কের ডাকল, বাবা স্থামি কী বললাম শুনতে পাচ্ছ!

সে শুনল, বাবার নাক ভাকছে।

কপিল ঘুমাচ্ছে।

পার্যতী পাশ ফিরে কপালে হাত রেখে ঘুমোবার চেষ্টা করল। বাবা তার কোন কথাই হয়তো শুনতে পায়নি। সকাল হলে বাবার সামনে মুখ ফুটে আর কখনও সে চাইতে পার্বে না, বাবা, দই পায়ে আলতা পরলে কী ফুদর লাগে। আমায় আলতা এনে দেবে ?

দিব্যেন্দু সারা রাভ অঘোরে ঘুমিয়েছে। ঝড় বাদলায় ঠাণ্ডা পৃথিবী। শেষ রাভের দিকে একটা চাদরও গায়ে দিভে হয়েছে। ঘুম ভাওলে দেখল, মা, সোনা কাকিমা ছোট কাকিমার স্নান সারা। ওদিকে বাছারি ঘরে ধোঁয়া উঠছে। জেটিমা আঁচ দিয়েছেন উন্থনে। বড় কাঁসার থালায় এক ভাল আটা মাখা। জ্যাঠামশাই বাঁধের দিক থেকে হেঁটে আসছেন। কানে পৈতা ঝোলানো। বাবা বাড়ি নেই, সকালেই ম্নিষের খোঁজে বের হয়েছে। সে ব্রতে পারল, ভার ঘুম ভাওতে খুবই বেলা হয়েছে।

বড় প্রসন্ন সকাল। আকাশ পরিষ্কার। দিব্যেন্দু বাইরে বের হরে আড়মোড়া ভাঙল। অফুরস্ক সময়। জায়গাটাতে কিছুই নেই এখনও। লাইবেরি নেই, গল্পের বই পাওয়া যায় না। দিন কাটে না তার। কেবল বৃন্দাবন করের ভাইপো ললিত, মোড়ে একখানা চায়ের দোকান খুলেছে। বাঁশের বাতা কেটে খুঁটি পুঁতে মাচান। একটা ভাঙা ডক্তাপোশ ভিতরে, এক কোণায় ললিতদার বদার জায়গা। কাগজ পেনসিল লজেলা বস্কুট রাখে। পাশ দিয়ে বড় সড়ক বাঁধ থেকে নেমে কান্দি বরাবর চলে গেছে। মাঝে মাঝে দেখা বায়্গরুর গাড়ি অথবা কোন সাইকেল আরেছী। ওরা গাছের কাণ্ডে সাইকেল হেলান দিয়ে ঠাণ্ডা জায়গায় জিরিয়ে নের। চায়ের তেষ্টা পেলে চা খায়। ত্ব' একখানা লেড়ে বিস্কুট। এখানে আসার পর থেকেই দিব্যেন্দুর জায়গাটার প্রতি কেমন নেশা জমেছে। ললিতদা ভার দেশের মানুষ। তাকে নিয়ে ললিতদার একটা প্রচ্ছের অহংকার আছে। পালের গায়ের ছেলে দিবোন্দু, এথানে আসার পর এক গায়ের হয়ে যাওয়ার চানটা বোধহ্য আরও বেড়েছে মুখটুক ধুয়ে একবার দেখানে যাওয়া দরকার বোধ করে দিবেন্দু।

মাচানটায় বদলেই অনেক দ্ব পর্যন্ত চোখ চলে যায়। এমন থাঁ থাঁ মাঠ, রোদ্ধুর দে জীবনে বড় দেখেনি। মাইলের পর মাইল চলে গেছে শহুবিহীন মাঠ। অনেক দ্ব থেকে জেদে আদে গরুর গাড়ির চাকার ক্যাচক্যাচ শব্দ। এথবা মনে হয় দ্বে কোণাও কোন ডাইনী বৃড়ি, পথ হারিয়ে গোঙাচ্ছে। তার গ্রাম মাঠ ছিল, বড় কাচাকাছি। যোজন-ব্যাপী দূরত দেখনে ছিল না। খোলা প্রান্তর দেখতে দেখতে কথনও সে বড় উদাদ হয়ে যায়। ইভন্তত ছটো একটা ভালগাছ কিংবা হিজল গাছ বাদে আর কিছু চোথে পড়ে না।

পড়া নেই, পরীক্ষা নেই। ক্রেমন নে মুক্ত মাতুষ। এ-কদিনে, অঞ্চলটা ভার ভাল জানা হয়ে গেছে এখানে আদার দিন দে পথ হারিয়েছিল। বাঁথে বাঁধে অনেক দূর যাওয়া যায়। আর কিছুদূর গেলে রেল লাইন। ফৌশন। ললিডদার সঙ্গে একদিন সাইকেলে ফেটশনেও গিয়েছিল। সাইকেলে ঘণ্টাখানেক লাগে না। রাস্তা-

খাট ছুৰ্গম বলে এত সময় লাগে: নদীর চরা পার হতে হয়। বর্ষায় অঞ্চলটা যে দ্বীপের মতো হয়ে যাবে সহজেই সে বঝতে পারে।

এখানে এদে অন্তুত সব খবর দে ললিতদার কাছে পেয়েছে।
যেমন এই সুমার মাঠে কাউকে খুন করে রেখে গেলে দেখার নেই
দ্রে দ্রে বেরির মাখায় চালাগর, বর্ষায় গরু বাছুর নিয়ে জল সাঁতরে
সব গরু মোব নিরে আদবে মাছুবজন। চালাগরে খাকবে খাবে গার
বাঁধের পাড়ে পাড়ে গরু মোয় চরাবে। বেমন বান বলায় ভাসিয়ে
নিয়ে আদে কাঠের সিন্দুক, মরা মানুষ এবং গরু বাছুর। এমনকি
একবার এক যুবতী ভেসে এসেছিল, পরনে লাল পেড়ে চেলি, মাখায়
রক্ত ভবার মড়ো সিঁহুরের ফোঁটা, নাকে নথ, গা ভঙি অলংকার।
যে-পায় সে রাজা হয়ে যার। চট্টরাজদের ঘেরির পাশেই ছুগা-ঘেরি।
ঘেরিটার নাম এ যুবতীর নামে। লাশ ওখানে আটকে পড়েছিল।

সলিতদা সব সময় বলবে, একটা কিছু করব। কি করবে বলতে পারে না। হাতের কাছে যা পাওয়া যায়—কা পাওরার স্ত্রে চারের দোকান। উন্তট সব পরিকল্পনা ললিতদার। এখন যে ইচ্ছেটা ললিতদাকে পেয়ে বসেছে দেটা এক সার্কাসের। দে সার্কাসে সিংহের খেলা দেখে ভলতে পারছে না। বে-মেয়েটা খেলা দেখিয়েছিল, ললিতদার ধারণা—মেয়েটা আর জন্মে ইন্দ্রসভায় নাচত। ইন্দ্রের অভিশাপে উর্বশী এখন সিংহের খেলা দেখাছে। খুব ভাব করার ইচ্ছা ছিল। বহরমপুর শহরে লালদীবির মাঠে শিরিব গাছের নিচে উকি দিয়ে বসে শাকত। রেলিং লাগোরা জার্। একদিন সে তাকে দেখতে পেয়েছিল, সার্কাসের হাতীশালার পাশে। মেয়েটা একটা বাচচা হাতীকে খাবার দিছে। ললিতদা চেঁচিয়ে উঠেছিল, জীবন সার্থক। একটা সার্কাস খোলার সেই থেকে কন্দি মাখার। একটা মেয়ে দেখে জীবন কতটা সার্থক হয় ললিতদা নাকি এর জাগে জানত না।

দিব্যেন্দু দেখল ডডক্ষণে জ্যাঠামশাই বাড়ি চুকে গেছেন। এখন

ভার চানের ভাড়া। সোনা কাকীমা ঠাকুরবরে ঢুকে পূজার আয়োজনে ব্যস্ত। জ্যাঠামশাই বাড়ির কাজ বলতে এই প্রাটুকু করেন। সময় নিজের কাঠের চেয়ারটায় বদে খাকেন---আর কাঠের বাক্সটা খোলা থাকে। জর জালায় ওষুধ নিতে আসে ষারা, লম্বা কাঠের পাটাতনে তারা বদে। দেশে থাকতেও জ্যাঠামশাই এই করতেন। হাত্যশ আছে। এথানে দেই হাত্যশটা আবার ঝালিয়ে নিচ্ছেন। সব সময় কেমন একটা নিলিপ্তভাব চলাফেরায়। তাকে দেখে বললেন, এভক্ষণে ৬ঠা হল: একবার ললিতকে নিয়ে কাঁদি যা। দেখে আয় কলেজটা। এতদ্র যাবি, রাজ্ঞাবাট চিনে রাথবি না। দে বুঝতে পারে জ্যাঠামশাই এ-দেশে খড়কুটো অবলম্বন করার মতো তার পড়ার কথা ভাবছেন। আঞ্চকাল জ্যাঠামশাই মাঝে মাঝেই কাঁদি বাবার জন্ম ভাড়া দিচ্ছেন। সংসারে কার কি করার কথা জ্যাঠামশাই দেশে থাকতে ঠিক করে দিতেন, এখানে এদেও ভাই। ভার উপর কথা বলার কেউ নেই। বাবা থুব বেশি ৰললে বলবেন, বড়দা যে ডোকে বলল কলেজটা দেখে আসতে, গোল না !

দে বাৰাকে শুধু বলতে পারে, যাব। জ্যাঠামলাইকে ভাও বলতে পারে না। মানুবটা কম কথা বলেন, কাঠের চেয়ারে বদে থাকেন আর রোগীপত্তর না থাকলে কালী কালী করেন। এই মানুবটাই যে একদিন দেশের হয়ে জেল থেটেছেন, দেখলে বিখাদই করা ষাবে না। কখনও ভার সংগ্রামের দিনগুলি সম্পর্কে কাউকে কিছু বলেন না। বাবার অতেল সম্পত্তি—ছোট ভাইরা দব দেখালোনা করে, ভার বেন কথা ছিল, দেশের হয়ে কাজ করার। কি বুঝে ঠাকুরদা বোধহয় বুজিমানের মতো বিয়ে দিয়ে দিয়েছিলেন। সংসারে ভখন মেজর বিয়ে হয়ে গেছে। সেজর বিয়ে ঠিক। একটু বেশি বয়সে জেঠিমা ঘরে এলেন। বয়দের ফারাক বেশ। কিন্তু জেঠিকে মাক্স করতে কেউ ভুলল না। জেঠির সলে জ্যাঠামশাইও গৃহী হয়ে গেলেন

পুরো দক্তর। এ সৰ ভার শোনা কথা। সে বড় হয়েছে, মার চেয়ে বেশি জেঠির কোলে।

সংসারের প্রতি নির্লিপ্ত ভাবটাই জ্যাঠামশাইকে এই জায়গা করে দিয়েছে। এখানে আসার পর সে লক্ষ্য করেছে জ্যাঠামশাই আগের মতো কাজটাজের কথা ভূলে যান না। এই নিয়ে তিনবার হল। যেন সে না গেলে, সংসারের বড় একটা কাজ করা বাকি থাকছে। সংসার কি ভাবে চলছে, চলবে তার দায় বাবার। তিনি শুধু বলে থালাস। সংসারে ছোটদের তিনি অভিভাবক। পড়াশোনার প্রতি আগ্রহ তার অন্য ভাইদের তুলনায় একটু বেশ। দিব্যেন্দু ব্রুতে পারে ছোটদের ঠিকঠাক মান্ত্র্য হওয়ার মধ্যে বাপঠাকুরদার ইজ্জত রক্ষা হবে এমন ধারণা জ্যাঠামশাইয়ের। ভাই তাড়া দিছেন কদিন থেকে। আগের মতো নির্লিপ্ত স্বভাব নিয়ে বেঁচে থাকলে বিদেশ-বিভূইয়ে টেকা দায় এমনও মনে হজে পারে তাঁর। দিব্যেন্দু কিছু বলল না। যেন কিছু বললেই মুথের উপর কথা হয়ে যাবে—সে শুধু ঘাড় কাত করে সম্মতি জানাল।

যেতেই হয়। ললিতদার সাইকেল আছে। ঘরে ছোটকাকার
সাংকেলও একথানা আছে। কিছু ভাল না লাগলে সাইকেলে চকর
দেয়। ঘুরে বেড়ায় এই ঘেরির পাড়ে পাড়ে—কখনও সড়ক ধরে
চলে যায়—উধাও হতে তার আজকাল কেন জানি ভাল লাগে।
কখনও কোন গাছের নিচে একা বদে থাকতে তার ভাল লাগে।
দে কী হবে জানে না তবু তার কেন জানি জ্যাঠামশাইর মতো
মানুষ হতে ইচ্ছে হয়। দে এথানেও দেখেছে মানুষজন বেশ সম্মান
করে তাঁকে। পরিবারের মর্যাদা এই মানুষটার সঙ্গে আছে
ললিতদার মতোও ইচ্ছে হয় কোন সার্কাদের মেয়ের প্রেমে পড়ে
বেতে। এই বয়সটা বড় তাকে কাবু করে দিচ্ছে। কেউ য়েন ভার
জক্ত বড় হচ্ছে কোন শস্তক্ষেত্রের পাশে নদীর পাড়ে। সে কে জানে
না। মাঝে মাঝে মনে হয়, কোন পাহাড়ী উপ হাকায় মেয়েট।

লাকিরে উঠছে, অথবা স্থিপিং করছে লাল নীল দড়ি নিয়ে! বব করা চূল ভার, লম্বা ফ্রক গায়, পায়ে রঙিন জুতো। পার্বভীর মুখটা ভারি স্থানর। মল্লিকের মেজ মেয়ে মীনা একদিন বাঁধের পাড়ে দাঁড়িয়ে ভাকে লুকিরে দেখছিল। দে উদোম গায়ে স্থান করে কিরছে। ভার কেমন লজ্জা করছিল চোখ তুলে ভাকাতে।

সকালে তিনথানা সেঁকাকটি, আপুর তরকারি—বেশ মনোরম লাগে খেতে। সোনা কাকীমা কলাপাভায় মোড়া ফুল বেলপাডা জলে ধুরে ভামার টাটে রাখছেন। ফুলের বড় অভাব। রাডে ছোট কাকার আর কিছু না আনলেও চলে, কিছু ফুল বেলপাডা দরকার সব সময় এই পরিবারে! বাবা কিছু দোপাটি ফুলের গাছ লাগিয়ে রেখেছেন—জল নেই বলে বাড়ছে না, ফুল ধরছে না। জবা ফুলের কলমও লাগানো হয়েছে। বছর ছ-বছর পার না হলে ফুল ফুটবে না। একটা স্থলপদ্মের গাছও আছে বাড়িতে। কিছু না পাক বাবা কাকাদের ফুলের বড় দরকার জীবনে। ফুলের বড় আতি দেখলে সে বোঝে সংসারে বাপ-কাকারা বড় বেশি শুভাশুভের কথা ভেবে পাকেন। ক্যাম্পের থাকার সময় দেশের ঠাকুর-দেবকা ট্রাঙ্কে ভোলাছিল—বাড়িঘর হড়েই দব নামিয়ে যেখানে যা সাজানো দরকার এক বছরের মধ্যে ডা করা হয়ে গেছে। বাসি ফুলে পূঞা। কী করবেন, বাবার কথায়—যে দেশে যে আচার। না মিললে কী করা যার!

দিব্যেন্দু উঠে পড়ল। একটা হাক শার্ট গায়ে দিল। তারপর বের হয়ে গেল। দে যথন হেঁটে যায়, মনে হয় তার, সবাই তাকে লক্ষ্য করছে। এখানকার মায়ুয়জন কিছু পরিচিত কিছু অপরিচিত। নানা জায়গা থেকে লোক এদেছে। কথা এক রকমের না! কে কোথানার কোন জেলার এ-সব তার এখনও ভাল জানা হয় নি। ললিতদার দোকানে গিয়ে বসলেই সবার পরিচয় পেয়ে যায়, ঐ যে বুড়িটা আসছে, ওদের দেশ হোগলা পাড়ায়। লোকটাকে দেখলে, কে বলবে ওর দীঘিতে এক মনি রুই কাতলা ভেসে থাকত। নায়েব ছিল উদ্দবগঞ্জের বাবুদের। সব গেছে, আছে শুধু গোঁকখানা। ফণী আসে না! ফণী মণি তু-ভাই! তোর সঙ্গে কথা বলল—ওদের বাবা। তথনকার দিনে এন্টাল পাস।

দিবোন্দুর এ ভাবেই এ-জায়গার দঙ্গে পরিচয়। কে কী করে,
কী ছিল কার, এখন কার কি-ভাবে সংসার চলে ললিতদার জানা।
বেরিতে বেই উঠে আস্থক তার দোকানের পাশ দিয়ে উঠে জাসতে
হয়। বেরিতে উঠেই সংশয় দেখা দিলে, প্রথম যে মায়য়য়টাকে পাওয়া
যায় সে হল ললিতদা। তার কাছেই খোঁজখবর নিয়ে ভিতরে
এগোনো। ললিতদা পায়ের নিশানা দিয়ে নলবে বাড়ির সামনে
দেখবেন, একটা জামকল গাছের চারা বড় হছেে। অথবা বলবে,
ভদ্রলোকের ছই মেয়ে। নাকে নধ আছে। এখানে কোন বড় পুকুর
নেই বাঁশঝাড় নেই কিংবা বড় শিশু গাছ। বাড়ির নির্দেশ ললিতদা
এভাবেই দিয়ে থাকে। বলভে পারে না বড় বাঁশঝাড় আছে, পুকুর
আছে কিংবা শিশু গাছের ছায়া।

এই যে দিবুবাবু ঘুমিয়েছ থুব. কী বৃষ্টি। দেখছ মাঠ ঘাট।

দিবু পা তৃলে ভক্তপোশে উঠে বসল। সে চারপাশ দেখছিল। থাঁ থাঁ রোদ্দুরের পর ঠাগুা আমেজ মামুষকে বোধহয় ভারি বিশ্ময়ে ফেলে দেয়। দিবু সে বিশ্ময় কাটিয়ে উঠতে পারছে না। ঘুম গভীর হলে চোথ মুখ ভরাট হয়ে যায় লাবণ্য বাড়ে মুখের। দিবু চোথ তুলে ভাকাল ভারপর খুঁটিতে হেলান দিয়ে বসে বলল, যা ঝড় ঘরবাড়ি উড়িয়ে নেয়নি এই রক্ষা।

ঝড়ের সঙ্গে জ্বল বল। থালি মাঠ তো ঝড়টা লাগে বেশি। আমি তো ভাবলাম সব উড়িয়ে নেবে।

নেবে, সময় হলে নেবে। আদল বাড় ভো দেখলি না। তবে
দেখতে পাবি। ঝড় জলের আলাদা মজা আছে। বিকেলে বৃষ্টি নামলে
ঘরে শাকিস না। এখানে এসে বদবি। সারা প্রান্তর জুড়ে ঝড়
জলের ছবি ভোর দেখতে ভারি ভালো লাগবে। কেমন ঘন কুয়াশার
মতো—মেঘ নিচু দিয়ে ভেদে যায় যেন। আর গুমগুম আওয়াজ।
কানে যেন বাত বাজে। মহরমের ঢোল বাজনা শুনেছিদ কখনও!

मित् वनन, ना।

মাদল বাজনা।

a1 (

জিম জিম—বাজছে। বৃষ্টি পড়ছে, আকাশে ঝিল্লি, দাত্রি ডাকছে প্রেমের আর্ডি। সে ডাক শুনতে শুনতে শস্ত কেন ফলে ব্ঝতে পারি: প্রকৃতি গর্ভবতী হতে চাইছে!

ললিভদার মধ্যে কেমন একটা স্বপ্ন এই পৃথিবীকে নিয়ে। কথায় কাব্য আছে। একটা খাভা আছে ভাকে তোলা। ভাভে কাব্য লেখার বাভিক। যা কিছু দ্রের, দবই ভার কাছে রহস্থানয়। রোগা ভেঙা মামুষ। পেটে আলদার। বিজি মুখে দব দময়। খাবি নাকি একটা, খেয়ে দেখ না। দিবু এডদূর ষেডে দাহদ পায় না। ললিভদা হু-হুবার ক্লাদ এইটে ফেল করে পড়া ছেড়েছে। ঝাণ্ডাপার্টি করজ, এখন করে কি না দে জানে না। যাত্রা এবং রামায়ণ গান শোনার নেশা। পাঁচ দাভ ক্রোশ হেঁটে মাধায় ফেটি বেঁধে যাত্রা শুনভে অহরহ চলে যায়। ভাঙা হারমোনিয়াম রেখেছে তক্তপোশের নিচে। যখন খদ্দের থাকে না, মামুষজন দেখা যায় না, একা গাকে, তখন গলা মেলে গায় হে আনন্দ, আনন্দ ছে····।

দিবু বলল, বাড়িতে ভাড়া খাছি ।
ভাড়া কেন ?
একদিন চল কান্দি! রাস্তাঘাট দেখে আসা দরকার ।
বলবি ড ।
ভূমি কাজের মানুষ।

ধুস ভোর কাজ। কবে যাবি, আজ ! কাল। কথন, বলবি। বাবাকে বলেছিলাম একাই যাব। রাজি না। তৃমি না গেলে চাড়বে না।

তার উপর বাবা জ্যাঠার এমন আস্থা দেখে ললিতদ। ভারি খুশি।

নলা, তবে আজই চল। তারপর হুদ করে টান দিল বিভিটার।
নশার চমৎকারিছ বোঝা যায় কত! চোথ মুখ কেমন ভারি হয়ে

মাদে। থলের হাজির। চা চাই। একই দঙ্গে তিন কাপ, খদেরকে

নকটা দিয়ে বাকি হুটো কাপ নিজেদের জক্ষ। চা থাওয়া হলে

নলল, বদ। আমি জল নিয়ে আদছি। পাতকুয়োটা বেশি দ্র না।

দোকানের পাটাতনে বদেই দেখা যায়: কিছুটা ঘেরির পাড়ে পাড়ে

চানদিকে হেঁটে নিচে নেমে যেতে হুয়। এখানটায় বদলে যারা জল

মানতে যায় ভাদের দেখা যায়: কার বাড়ির বৌ বা ললিতদার

মুখস্থ: দোকানটা আলগা জায়গায়। গাঁয়ের মানুষ খুব জরুরী

মাজ না থাকলে এদিকটায় বেঁবে না। দে ইচ্ছে করলে এখানে

মেদে চা বিভি দব নির্ভাবনায় খেতে পারে।

আজ জল নিয়ে আসার পর ললিডদা সহসা বলল, মাইরি একটা ফাণ্ড হয়ে গেল।

দিবু ললিভদাকে ভালই চেনে। সব কিছুই তার কাছে জগৎ দংসারে একথানা কাশু। ললিভদা জলের বালভিটা পাটাভনের নিচে রেথে বলল, নতুন পাথি এয়েছে।

কথাটা না ব্ঝতে পেরে দিবু বলল, কি পাথি। নাম জানি না। দেখলাম। একবার ঘাড় তুলে শর্মাকে দেখল না পর্বস্ত। না ভাই বেশি আশা করি না। এ পাথি আমার কাছে পোষ মানবে না। হড়কে যাবে। পাথি বড হরস্ত।

দিবু এবার খুঁটি থেকে সোজা হয়ে বলল, এতদিন এখানে আছ. পাখি চিনতে পারছ না :

বললাম, না নতুন আমদানি।

এতক্ষণে দিবু ব্যাপারটা বুঝতে পেরে জ্বোরে হেনে উঠল। বলল, এই। খুব ঘাবতে গেছ দেখে ?

की जानि।

আমার মনে হয় কণির দিদি। সে উর্বশী, হাজির। দার্কাদের মেয়েটা।

যা: ওর দিদি সার্কাসের খেলা দেখায় জ্ঞানভাম না ভ!

আরে সব অজ্ঞানা অচেনা! কে কোথায় কি করে জ্ঞানব কি করে! একেই আমি সার্কাসে সিংহের খেলা খেলতে দেখেছি।

তুমি ঠিক চিনেছ!

কেমন পতমত থেয়ে গেল প্রশ্নটা শুনে। বলল, স্থলরী মেয়েদের দেখতে কেন জানি একইরকম লাগে। দূর থেকে দেখলে আরও বেশি একরকম। তবে মাইরি বলছি, দেখলে মজে থেতে হয়। আসতে ইচ্ছে করছিল নারে—

আমি ড ছিলাম, না এলেই পারতে!

একটা হাই তুলে, কেমন আড়মোড়া চ্ছেঙে বলল ললিত, বড় টানে। ললিতদা কথা বলছে, কাজ করে যাচ্ছে। উন্মনটা ক'বার থুঁচিয়ে দিল। তারপর নিচ থেকে ঝুঁকে কি দেখল। কিছু কয়লা দিয়ে বলল, শালা সব এখন ফেরববাজ। বগলার কয়লা, যত রদ্দি মাল।

বগলাচরণের কয়লার কোন ভিপো নেই। গরুর গাড়িতে স্টেশন থেকে কয়লা আনে, যারা কাঁচা পয়দা হাটকায় ভাদের ঘয়ে ঘরে পৌছে দেয়। রন্দি মাল ছাড়া এখানে কিছু চালানো দার দে ললিভও জ্ঞানে। সন্তার মাল না রাথলে বিকোয় না। বগলাকে গাল দিয়ে। লাভ নেই।

অনেক দ্রে ছ-তিনটে গরুর গাড়ি দেখা যাছে। ললিত তা দেখেই আঁচ খুঁচিয়ে দিল। ঝুড়িতে ডিম আছে। বাসি পাঁউরুটি। আলুর ঝোল কড়াইয়ে। এরা ঘেরির নিচে গাড়ি রেখে ওর দোকানে ঠিক উঠে আদবে। চার পাঁচ ক্রোশ রাস্তা ভেঙে জল ভেষ্টা পায়। ললিত এর জ্ব্যু তুটো জালা রেখেছে। জ্বল ভরে রাখে। দ্রের মামুষের কাছে তার চটানটা জ্বলসত্রের কাল্প করে। জ্বল খেলেই অক্স ভেষ্টা পায়। কিছু খেতে ইচ্ছে হয়। জ্বলটা রেখেছে রাস্তায় মামুষজনকে লোভে কেলে দেবার জ্ব্যু। দোকান চালাতে হলে, মামুষের সঙ্গে কিরকম ব্যবহার করতে হয় সে জানে। —ভা ভাই যা রোদ, ক্বল খাও। গাছতলায় গামছা পেতে শোও আরাম পাবে। লোকজন ধরে রাখতে পারলেই কাল্প হাসিল। এটা-ওটার দরকার। বিভির বাণ্ডিল সাজানো। পান সাজানো। এ সব দেখে রাস্তার মামুষের চোখ লোভে চকচক করে। টাাকের পয়সা সর্বস্বান্ত করে কেডে রাখার এটাও একটা ফন্দি যেন তার।

দিবু বলল, দিদি কি করে জানলে ?

জ্ঞানব না! ফণীর বড়দা আসামে রেলে কাজ করে। ফণীরা দিতীয় পক্ষের সন্তান। ওর দািদকে কেন পাঠিয়ে দিয়েছিল এখন বুঝতে পারছি। একেবারে আগুন!

দে দেখল, দেই মেয়েটা বালতি দিয়ে জল তুলছে। ফ্রক গায়। যাবার সময় দোকানটার পাশ দিয়ে যাবে।

ডোমার দোকান পার হয়ে গেল দেখন।

তুই দেখেছিন।

আমি তো এই এলাম। তুমি তো দেই দকাল থেকে দোকান থলে বদে আছে। মেয়েটামনে হয় ফাঁকা জায়গা দিয়ে যেতে ভের পায়। বাড়ি-ঘরের ভেতর দিয়ে গেছে। টের পাইনি।

দিবু লক্ষ্য রাখছে। কোনদিকে উঠে যায় দেখার ইচ্ছে। ফ্রব গায়ে দেয়া। কণীর বড় হলেও বেশি বড় না। পিঠাপিঠি হবে। এদিকেই আসছে। দূর থেকেই ব্রুতে পারল ললিতদা মিছে কথা বলে নি। একেবারে আপেলের মডোরঙা। চোধ বড় বড়। জলের বালতি নিয়ে হাঁটার সময় কেমন একটা অস্বস্তি। যত কাছে আসছে, ডভ পা ক্রত হয়ে উঠছে। কবে এল! ওদের পাড়ায় থাকলে জানতে পারত। পেছনে বৌ মডোকেউ ওর সঙ্গে আসছে। একা না। কাছে আসতেই দিবু ভারি অবাক হয়ে গেল। এমন একটা স্থমার মাঠে এ মেয়ের বড় হওয়াও বিপজ্জনক। দে কেমন মেয়েটিকে দেখে কেঁপে উঠল। চুল নীলাভ। সামাক্ত বোদে মুখ ঝলসে যাছে। চুলে ক্লিপ আঁটা। শহরে থাকলে যে কমনীয়ভা লক্ষ্য করা যায়

এই কি হচ্ছে !

দিবু লজ্জায় পড়ে গেল!

কী নেশা ধরিয়ে দিল!

ৰাঃ কি যে বলছ।

ঠিকই বলছি! ভোকে মানায়। তুই দেখ না একবার চেষ্ট: করে।

ললিতদঃ মারব : আসলে মারব নয়, ললিতদাকে ভার এ-জক্সই ভাল লাগে। সব ভাল কাজ একমাত্র সেই করতে পারে এমন বিশ্বাদ ললিতদার । দে নামী-দামী মানুষ হবে, না হওয়াটাই অস্বাভাবিক ললিতদার কাছে। প্রথম দিন থেকেই বলেছিল, আমাদের দেশ গাঁরের নামটা রাখিস। বৃত্তি পাওয়া ছেলে, সোজা কথা। এটা ঠিক দে প্রাইমারি পরীক্ষায় একটা বৃত্তি পেয়েছিল। মেট্রক পরীক্ষায় কিহবে এথনও জানে না। এ-নিয়ে ভার ভেতর একটা অহমিকা

আছে। তার কথাবার্তা যত সহজ সরল হোক ভেতরে সব সময় একটা দস্ত পুষে রাখে।

কণীর দিদি একেবারে মুখোমুখী এখন। তাকাবে না তেবেছিল
—বরং দে এখানে ললিডদা ছাড়া দোকানটা ছাড়া আর কিছু বোঝে
না—কথাবার্তা ললিডদার সঙ্গে শুক করে দিয়ে দেটা প্রমাণে সচেষ্ট
থাকলেও কখন যে চোখ চলে গেল—আর চোখ যেতেই ধারালো
চোখের দৃষ্টিতে দে কেমন খতমত খেয়ে গেল। বুকটা ছাত করে উঠল।
দে যে দিব্, এই নতুন বসতের সেরা ছেলে ফণীর দিদি কি খবর পেয়ে
গেছে! তা না হলে এ-ভাবে দেখল কেন! একেবারে শানে ধার
দেয়া চোখ। সারা শরীরে বিহাৎ তরল বয়ে গেল দিব্র। দে অক্রমনক
হবার সময় শুনল ললিতদা বলছে—কোন বাড়ির দেখতে হবে। তবে
আমার ধারণা ভূল হতে পারে না। ফণী বলছিল, ওর দিদি আসামে
থাকে। ওর বাবা ভয়ে দেশভাগের সঙ্গে সঙ্গল আসামে পাঠিয়ে দিয়েছিল। বরবাড়ি হয়ে যাওয়ায় নিয়ে এসেছে। আর যে বৌটি গেল,
ফণীদের পাশের বাড়ির। এ সব দেখে ললিতের দৃঢ় ধারণা, ফণীর
দিদি না হয়ে যায় না।

যাবি নাকি ?

কোণায় গ

কণীদের বাড়ি?

কেন যাব। আমি কাউকে চিনি না।

ফণীর বাবা তোকে চেনে।

কী করে জানলে ?

বলেছিল।

তুমি মিছে কথা বলছ।

আরে মিছে কথা না। ফণীর বাবার চা দিতে গেছিলাম। খুব দামী চা। চারের নেশা খুব। ক্ষের হপ্তায় আনতে হয়। এটা ঠিক ললিজদাকে সাঁট্ইর বাজারে না হয় বেলডালার হাটে যেতে হয়। নিজের সওদার সঙ্গে অন্সের ফাই ফরমাস মতো সব কিনে আনে। চা এনে দিতেই পারে।

মধ্ রায়ের ছেলে এসেছে দেখলাম। ললিত ই্যাক ই্যাক করে সম্ভার ছেড়ে দিয়ে বলল, বোঝ এবার। নজর পড়েছে রে! তুই এসেই কিনা খবর হয়ে গেলি। বেঁচে খাকলে হয়।

আর ঠিক তথনই হৈ চৈ গণ্ডগোল। বাঁধের উপর দিয়ে লোকজন ছুটে আসছে। কী খবর! কী খবর! তাড়াতাড়ি উন্থন থেকে কড়াই নামিয়ে কেলল ললিত। দিবু লাক দিয়ে বাঁধের পাড়ে উঠে দেখতে ধাকল। বাঁধের ও-পাশ থেকে কিছু লোক গড়িয়ে নিচে নামছে। লালত ঝাঁপ বন্ধ করে জ্বলা উন্নটা গাছের ছায়ায় রেখে দৌড়োল। এখানে বাড়িঘর করার পর থেকে কত রকমের উৎপাত—সরকারের লোক থেকে হাজিদের গোমস্তা স্বাই একরকম। তার উপর আছে বস্তায় জলে ডোবা মামুষ, গোমড়ক, খরায় জরায় সব গ্রাস করে নেয়। কে কখন ষায় ঠিক থাকে না। বুকে ভরাস লেগেই থাকে। একজন ছুটে যাচ্ছিল বলতে বলতে. হরেনের মেরেটাকে তুলে নিয়ে গিয়েছে কে!

এ-সব সময় ললিতের কাজ বাড়ে। ললিত, সুখো, ল্যাংড়া গোপাল, ধীরেন, সুবোধ সমবয়সী ছেলে ছোলরা। দায়ে আদায়ে ভারাই। হস্থিতিম্ব সব ওদের। ওরা বদে থাকে ক্রী করে। মল্লিককে ওরা গিয়ে শাসিয়েও এদেছিল, যা শুনছি, হলে ঠ্যাং ভেঙে দেব। মল্লিকের চুল থাড়া থাকে এমনিতেই। ছেলে ছোকরাদের অপমানে চুল একেবারে সব শব্দাকর কাঁটা হয়ে গেছিল যেন। চোথ লাল। গাঁজা ভাঙের নেশা থাকলে যা হয়। থড়ম নিয়ে তাড়া করবে ভেবেছিল—কিন্তু ছেলে-ছোকরারা ভেরিয়া হয়ে উঠতেই জ্লোকের মুখে মুন পড়ার অবস্থা। হলে কী হবে ছউফটানি যায় না। মামলা ঠুকে দেব। ঐ এক জায়গায়, যখন তখন মল্লিক জুলু দেখিয়ে সবাইকে

আত্ত্বিত করে রাখে। কিন্তু ললিত দৌড়ায় আরু ভাবে, জেল হাজতের ভয় দেখাও, বামুনের পো। তারপরই থুথু ফেলে। কেমন বামুন কে জানে! ভড়ং বেড়েছে দেশ ছেডে। এখানে এদে গলায় পৈতে ঝুলিয়ে অং বং করতে শিথে গেছ। দেব একদিন টিকি নেড়ে।

সে ভিড়টার সামনে যেতেই সবাই বলল, ঐ ত ললিত, ওরে শুনেছিদ, ছুলি পগার পার:

দিবু পেছনে পেছনে দৌড়চ্ছে, ললিড টেরই পায় নি। সে খামতেই দেখল পাশে দাঁড়িয়ে দিবু। দিবু বলল, ছলি কে ?

আরে হরেনের মেয়েটা। একটা আবাল মেয়ে উধাও হয়ে গেল!
মেয়েটা যে এখানে আছে টেরই পাওয়া যেত না। সে কের বিষয়টা
পরিষ্ণার করে বোঝাবার জন্ম দিবুকে বলল, মল্লিক তো তাই বলছে।
কারা রাতে ছিল বাড়িতে তিনাথের মেলা বদেছিল। ছই আউল
বাউলের কাণ্ড।

ললিড ভিড্টার দিকে তাকিয়ে বলল, কথন গেল!

আর গেল! যাবে কভদূর—হরেন বলেছে, গেলে ভোররাতে গেছে। দে এক ঘরে আউল-বাউল নিয়ে শুয়েছিল। দকালেই দেখে নেই।

হরেনের বে কী বলে শোনার আগ্রহ ললিভের নেই। ল্যালা ক্ষেপা। একটা হাড কী রোগে অচল। শুকনো কলার খোলের মজো শরীরে ঝোলে। আর থাকে মল্লিক। ও শালা ভো হারমাদ। হরেন নেশা ভাঙে ওস্তাদ। মল্লিকের দোসর—দেও ঠিক বলবে বলে বিশ্বাদ হয় না। কোন কৃট খেলা মল্লিক চেলেছে কে জ্বানে! ছলি লম্বা রোগা পাতলা আর চোথ ছটো সম্বল। হাড়ে মাস লাগলে কপবতী হবে এই আশায় ছিল মল্লিক। এখন ঘটনা সব না জ্বেনে কোথায় খোঁজ করবে! কিন্তু ভিড্টার হাতে বল্লম সড়কি। বগলাদা সবার আগে। বড় বেশি হৈ-চৈ করছে। মুণ্ডু নেব। ইজ্বন্ড নেই। বসভের ক্যা তুলে নিয়ে যাবে। মগের মুল্লুক! দেশ গেছে বলে কী ইজ্জত গেছে! এমন হরেক রকম কথাবার্তা হৈ-চৈ, কে কী বলছে স্পষ্ট বোঝা যাচ্ছে না।

ললিত হুকার দিয়ে উঠল, থামবে ত !

সবাই কেমন স্তব্ধ হয়ে গেল।

ললিতদা যে এমন হুলার দিতে পারে দিবুর ধারণায় ছিল না।

আর ঠিক এ-সময়ে সেই ছুই আউল-বাউল বাঁধের ও-পার থেকে উঠে আসছে। প্রাতঃকৃত্য সারতে বাঁধের ওদিকটায় গেছিল। মল্লিকের বাড়িতে ত্রিনাথের মেলায় ওরা ছিল বলে চিনতে পেরেছে। চিৎকার করে বলল, ঐ তো ওরা!

मवाहे (मथन। जाद्रभद्र वनन, जातन!

ধর শালা মল্লিককে!

একজন বলল, অদের জিজ্ঞাসাবাদ কর।

আরে দেখছ না দাঁত মাজছে। ওরা জানবে কী করে! বাঁধের ওপারে থাকলে দেখা যায় না। মল্লিক ব্ঝেছিল, ঐ দিয়েই কাজ হবে। ছই মৃতিমান এখন এদিকেই ছুটে আসছে।

প্রাতঃকৃত্যে এত সময় লাগবে কেন ? এটা একটা কৃট প্রশ্ন বটে ।
সেই সকাল থেকে তুই মৃতিমান তবে এতক্ষণ বাঁধের ও-পারে কি
করছিল ! ালা হয়েছে, তাতে করে খুব সকালে বের হলে
ক্রোশখানেক পথ হেঁটে আবার ফিরে আসা যায়। ক্রোশখানেক দূরে
হিজ্ঞলের গভীর জন্মল আছে একটা। পর পর খেরি আছে বলে
বাঁধের উপরে দাঁড়িয়েও দেখা যায় না! নিচু জায়গা। গো-ডাম্মায়
উঠলে কেবল বনটা দেখা যায়। দিবু ওদিকটায় এখনও যায় নি।

ললিত বলল, তোমরা দাঁড়াও। দেখি। বলে সে দিবুর দিকে তাকাল। যাবি নাকি ?

मियू वनन, हन।

ওরা দেই ছব্দনের দিকে এগিয়ে যেতে পাকলে, দেখল ওরা থমকে দাঁড়িয়ে আছে। বেরিটা বড়, মাইল থানেক লম্বা। মাঝামাঝি জায়গায় ওরা। ললিতের কী মনে হল, দৌড়াতে ধাকল। ভিড়টাকে সঙ্গে আনে নি। উত্তেজনার মাধায় বদি লাঠিপেটা শুরু করে দেয়। রক্তারক্তি বিষয়টা ওর মাধায় আসে না। বিচার-বৃদ্ধি তার বড় প্রথর বলে স্বাই জানে।

সে বলল, দিবুরে পালাবে না ড ?

ডাক না!

ললিত ডাকল, হাই।

ওরা হাত তুলে ইশারায় বলল, আমাদের !

हैंग रकामारनद्र हाँन। अनित्क अम। शालावाद रहेश कदरव ना :

· ওরা ভাল মামুবের মতো হেঁটে আসতে থাকল।

কাছে এলে ললিত বলল, তুলিকে কোপায় ব্লেখে এলে !

ছুলি!

মারব শালা থাপ্পর: গ্রীব গুরবোর মেয়ে পাচার করার তাকে ছিলে। সব মরে গেছে ভেবেছ!

তুই আউল-বাউলের কেমন বিমৃঢ় অবস্থ -

আমরা হিজলে গান গাই দাদা: পাথ-পাথালি দেখি, ভিক্ষা করি। প্রভুর দাস আমরা।

ললিত গোঁয়ার প্রকৃতির মানুষ বলে ধর্ম ভয় থাকবে না সে কী করে হয়। তার ধর্মভয় বরং একটু বেশিই। প্রভুর দাস কণাটাতে তার মনে ধন্দ ধরিয়ে দিয়েছে: বলল, বাঁধের নিচে কী করছিলে!

কিছুই না। প্রকৃতির চং পাল্টেছে—নয়নাভিরাম। বঙ্গে তু হাত তুলে, মন আমার কি ষে বলে ওলো সথী ললিতে। বলে নাচতে শুরু করে দিল।

মরণ ছিল ভিড়ের মধ্যে। সে ছুটে বের হয়ে এল। গাট্টাগোট্টা শরীর। বেঁটে পেশী মজবুত। রোদে জলে চোথ লাল—জবা ফুলের মতো। হাতের রগ ফুলে-ফেঁপে থাকে সব সময়। মেজাজটা ডিরিক্ষ। তেরিয়া হয়ে বলল, থাম থাম। প্রভুর দাসগিরি বের করছি। শালা ডোমাদের গাছপেটা করব। বল শিগগির রেখে এলি কোথার ? প্রভুর দাস ফলানো হচ্ছে।

ললিত মরণকে সরিয়ে বলল, কোমর দোলানি থামা। সঙ্গে আয়। ছলিকে না পেলে ছাড়ছি না।

প্রভুর দাস হজন আজ্ঞা পালনে ওন্তাদ। ভিড্টার আগে আগে হাঁটতে থাকল।

দিবু বলল, মিছেমিছি ওদের ধরে নিয়ে যাচ্ছ।

আরে তৃই তো দবে এ-দেশে এলি। এ-দেশের লোকদের তৃই কতটা চিনিস। বেটারা কুঁড়ের হদ্দ। অপকন্ম ছাড়া মাধার কিছু ধাকে না: বাঙ্গাল মেয়ে দেখলে ক্ষেপে ধার। তারপরই বলার ইচ্ছে ছিল, এ-দেশের বাবুরা রাঁড়ে রাখে। কিন্তু দিবু বুঝতে পারে না রাঁড় কথাটা কি, তার গুরুত্ব কতথানি এদের সমাজে। বাবুদের জমিজমা, প্রসা, কুঁড়েমি দব মিলে আস্ত একখানা গোলাঘর। তুলিকে খুঁজে না পাওয়া পর্যন্ত ছাড়া যাচ্ছে না। তুলির খ্যামলা রঙ, ভাদা চোখ, মাংদ ল্যাগলে পরী। বেটারা দং দেজে কু কাজ করতে কডক্ষণ।

দিবু ছলিকে দেখে নি। কানাঘুষা শুনেছে, মূল্লিকের দিভীয় পক্ষের বৌ হবে মেয়েটা। মল্লিকের দাপট দে চোখের উপর একদিন দেখছে। পুলিশ দারোগা এলে মল্লিকের বাড়িতে থাকে। প্রভাব আছে লোকটার। দিবুর কেন জানি মনে হল, সজুভ করতে হলে, আগে মল্লিককে করা দরকার। এই বেচারাদের ওপর হামলা ওর একেবারেই পছন্দ হচ্ছিল না। দিবু বলল, আপনারা রাতে কোণায় ছিলেন!

মল্লিকের বাড়িতে বাব্মশাই।

কি কর্বছিলেন।

ত্রনাথ ঠাকুরের মেলা, মেলা হলেই আমরা শিবঠাকুরের পরম-ঠাকুর—ধন্য রাজার দেশ। তার রাজ্যে গোরা নাচে, আমরা তাহার কেশ। অন্ত কবিতা করে কথা বলার স্বভাব। ওর মজা লাগছিল। সংসারে কেউ বেপান্তা হয়ে যায়। কেউ বনে-জঙ্গলে ঘোরে, কেউ একতারা বাজিয়ে গান গায়, কারো চাষ-আবাদ ঈশ্বর লাভ—সেকোন মাহুষকেই ছোট ভাবে না। সে বলল, ললিভদা ওদের গায়েকেউ হাত দিলে খুব খারাপ হবে।

কথাটাতে ললিত চমকে গেল। দিবুকে এত জোর দিয়ে কথনও সে কথা বলতে শোনে নি।

দিবু ফের বলল, ওদের আটকে রাথতে হয় রাথ। ভার আগে দরকার খুঁজে দেখা সব জায়গায়। মলিক সব করতে পারে।

কথাটা মনে ধরল ললিতের। বাঁধের পাড়ে আরও লোকজন, স্ত্রী-পুরুষ দাঁড়িয়ে। হরেন বদে বদে কপাল চাপড়াচ্ছে! আমার দোনার অঙ্গরে, তুই আমার জাল কেটে কোন্থানে উড়াল দিলি রে!

ললিত বলল, হরেন কাকা বাড়ি যাও। পুলিশে খবর দেব। তুমিও রেহাই পাবে না।

ললিভ দিবুর দিকে ভাকিয়ে বলল, ভোর কি মনে হয় ?

ঠিক ব্ঝতে পারছি না।

মল্লিক শুনেছি হাত করার চেষ্টা করত !

की करत्र खानल।

অপকন্ম চাপা থাকে! ছলিকে ফুসলে ফাসলে কক্ষা করার ভালে আছে।

মল্লিকের বাড়ি গিয়ে দেখল, তিনি সোজা ধানায় রখনা হচ্ছেন। বগলে ছাতা একথানা। ছাতে কাপডের ব্যাগ। সঙ্গে আরও তুই স্যাঙাও, নরেন আর শ্রীহরি।

ভিড্টা দেখেই বলল, কার কাজ আমি জানি। কেউ রেহাই পাবে না। আমার নাম মল্লিক। তিন পুরুষ আমার আদালতে বাদ। ভোমরা বাবারা লোক হজনকে মারধোর কর না। নিজের হাতে আইন নেবে না। ললিত বলল, কাকা ছলি এক কাপড়ে গেল।

আমার সর্বস্থ নিয়ে পালিয়েছে। আমি কাউকে ছাড়ব না। সব ফাটকে দেব।

দিবু বলল, দেখছ লোকটার কি হমিডমি। ভারপর বলল, লোকটা মিছে কথা বলছে। ভারপরই ভিড়ের মধ্যে বোধহয় মল্লিক দিবুকে দেখতে পেয়ে একেবারে চোথ মুথ অমায়িক করে কেলল, আরে দিবু বাবাজীবন—এস এস! অরে বাপ, আমার কি সৌভাগ্য দিবু এয়েছে। অ-হরেন, রাখ বেটা কালাকাটি, আমি যখন আছি ভয় কি! ধানা পুলিশ আছে, আদালত আছে, দিবুর মতো আমার বাবাজীবন আছে, ও ললিড, লোক তুটাকে ছাড়িদ না। আটকে রাখ।

ললিত কের বলল, আপনার কি নিল ? সোনাদানা কিছু!

দিবু বলল, ললিভদা রুধা সময় নষ্ট করছ। ছলিকে খুঁজভে হলে বের হয়ে পড়া দরকার ।

দিবুর বার বার মনে হচ্ছিল, তুলি এই চামার লোকটার হাত থেকে রেহাই পাবার জ্বন্তই পালিয়েছে। তুলি ভারি লান্ত স্বভাবের মেয়ে শুনেছে। আদলে তুলি প্রকৃতির মধ্যে বড় হয়ে ওঠা পাথি। উড়তে চায়—পৃথিবীর দারুণ মোহময় দব কিছু তার এখন দরকার। অস্থির প্রাণ। যেমন দে মাঝে মাঝে অস্থির হয়ে ওঠে এক অজ্ঞানা রহস্তে। তুলির মধ্যে তার তাড়া শুরু হয়েছে চামার লোকটা একটা বড় অজ্ঞার হয়ে তুলিকে গিলতে চাইছিল। য়াদ-প্রশ্বাদে তুলি টাল দামলাতে পারছিল না। ইা করা মুখ আগুনের মশাল চুকিয়ে দিলে তুলির প্রাণ জুড়াত। বাবা তুবলা, মা হাবলা, দে প্রাণান্ত পাথি। তার দবদিকে ভয়। দে নির্ঘান্ত পালিয়েছে। মল্লিকদের বৈঠকখানা ঘরে যখন ত্রনাথ ঠাকুরের নামে ময়ফেল শুরু হয়েছিল, তখন পাথি টের পেয়েছে শেকল আল্লা। উড়ে গেলো এই সময়। দিবুর আক্রানা হচ্ছিল, এখানে আদার পর দে একবারও মেয়েটিকে দেখার আগ্রহ বোধ করেনি।

দিবু বলল, ললিভদা আমার দক্ষে এদ।

ললিড দিবুকে গুরুত্ব দেয়। এতক্ষণ বে লাকালাফি করেছে, বেন দিবুকে দেখানোর জন্ম, সে সমাজের সব গশুগোলে আছে। অশুভের বিরুদ্ধে সব সময় ভার লড়াই। কিন্তু দিবুর দিকে ভাকিয়ে এখন মনে হচ্ছে, এই হামলাভে দিবুর সভিয় দায় নেই।

কী কিছু বলবি:

हरू।

কোপায়।

খুঁছে দেখি। তুমি কি ব্ঝতে পারছ না, ছলির কেউ নেই। কেউ নেই মানে, হরেনকা, কাকী দব ভার আছে। গুরা কেউ না! দে একা।

ভার মানে!

সে ভেবেছে, মল্লিক তার সর্বনাশ শেষ পর্যন্ত করবেই। মল্লিকের ভাগ্য খুন্টুন হয়নি!

কী বলছিস তুই।

ঠিতই বলছি ৷

ত্রলি চোথ তুলে কথা বলতে শেথেনি।

সেটা কৰে গ

ক্যাম্পে যথন ছিলাম।

এক বছরে মেয়েরা কত পাল্টে যায় জান না। দিবু ষেন কত বড় অভিজ্ঞ মানুষ! দিবুর কথায় ললিত হাসবে কি কাঁদৰে বুঝতে পারল না। নাক টানলে ছেলেটার প্যাটা গড়াবে, সে কি না এত বুঝদার মানুষের মতো কথা বলছে!

সেই মতো ভারা আর দাঁড়াল না। ললিভ ভিনদিকে লোক পাঠাল। একদল গেল চুমড়িগাছার দিকে। একদল খোসবাসপুর গোকর্ণের দিকে। অন্য দল সালারের দিকে। সে আগু দিব্ ঠিক করল, সেই হিজ্ঞলের বন ধরে কাঁদির দিকে যাবে। ভাগে তিন স্বায়গায় খবর দরকার। আস্ত একটা মেয়ে লোপাট হয়ে গেল!

দিবু আর ললিত কাঁদির দিকে রওনা হ্বার আগে সাইকেল চেপে
কিছুটা মাঠ, বাঁধ ভেঙে খুঁজে এল। কাছাকাছি জারগাগুলি বিশেষ
করে জলা জারগা নদীর ধার, বাঁধের আড়াল সব। গুম খুন হতে
পারে অথবা আত্মহত্যা করতে পারে মেরেটা। সব সমর দিবুর
বুকে কেমন একটা ত্রাস। যেন দেখে ফেলবে চিতপাত হয়ে জলে
ভেসে আছে মেরে, অথবা শাড়ির আঁচল পদ্মপাতার আটকে—ফড়িং
উড়ছে পদ্মপাতার, আঁচলটা পদ্মকুলের কাঁটার আটকে আছে। পারের
ছাপও লক্ষ্য করল। নদীর চরার বালিয়াড়িতে শুধু পাথির পারের
ছাপ, মামুষের পারের ছাপ চোখে পড়ল না। বেলা বাড়ছে, রোদের
ভাপ বাড়ছে।

এরই মধ্যে জায়গায় জায়গায় খড়ের বন। গ্রীম্মকাল বলে, হাঁটু সমান গাছ, শুকনো, সেখানে লুকিয়ে থাকতে পারে। ভয় দেখাবার জ্ঞা কিংবা যে মেয়ে বিজোহ করতে চায় তার পক্ষে সবই সম্ভব। লালিত মাঝে মাঝে জোরে ডাকল, হলি! হলি! কেউ সাড়া দিল না। ধরা ফিরে এল।

তিন জায়গা থেকে একই খবর, না নেই।

ষরে ঘরে তুলিকে নিয়ে হা-হুতাশ। এই পর্যস্ত। তুলি ভেগে গেছে। কোথায় যেতে পারে! কিছুই চেনে না! ললিত ক্যাম্পে থাকতে দেখেছে, তুলি কলে জল আনতে কিংবা ক্যাশডোলে যেখানেই লাইন দিক বড় উদাস চোথ দেশভাগ, বাপের বজ্জাতি, মার অসহায় মুখ-চোথ জীবন সম্পর্কে কোথায় কথন কারা যেন একটা বড় ক্ষত স্প্তি করে গেছে। সেই মেয়ে নেই—কন্ত হয়। মল্লিক হরেনকে কজা করার পর তুলিকে কথনও আর বাইরে দেখা যায়নি। মল্লিকের বাড়ির বাইরে যাওয়া ছিল তুলির বারণ। কথা বলা বারণ। বিশ্বস্তর এলে শুধু ঘর থেকে সাক্ষী প্রমাণের জন্ম একবার বের করে দেখিয়েছিল। তথনই দেখেছিল, ছলির চোথ আপাড ক্লান্তিতে ভরা, ভেতরে অঞ্চারের মতো তাঁক্ষ হিংস্র চোথ। যেন মেয়েটার পক্ষে দব কিছুই করা সম্ভব। দিবুকে এমন দব বলার পর ঠিক হল, বাওল ছ'জনকে আটক রেখে লাভ নেই। ওদের ছেড়ে দেওয়া হল।

আর ভখনই পুখো আসছে ছুটে। চিংকার করে বলছে, পাওয়া গেছে! চুল্---চু---ল।

এই দব পরোপকারা কাব্দে ললিভের মধ্যে যে আবেগ সঞ্চার হয়েছিল, পাওয়া গেছে খবরে দেটা কেমন নিমেষে উবে গেল।

কোণায় ছিল! চুল মানে!

স্থাে ইাপাতে হাপাতে বলল, কোথায় ছিল !

বললি যে পাওয়া গেছে।

ত্বলিকে পাওয়া যায়নি ড! চুল পাওয়া গেছে।

দিবু বলল, কি আজে-আজে বক্ছ সুখোদা।

আজে-বাজে মানে। স্বচক্ষে দেখে এলাম। গোছা গোছা চুল। তুবেণী কাটা:

কোপায়!

हल ना (पश्रव।

এই খবরে সবাই আরও অবাক হয়ে যায়। ছোটে: সারা বদত ভেঙে সবাই ছুটছে। সুথো দেখাল। তালগাছের নিচে ছটো বেণী আর গোছা গোছা চুল। একটা কাঁইচি পড়ে আছে। কার চুল, যে এভাবে ছলিকে কুংসিত করে দিয়ে হত্যা করতে পারে। খুঁজে আর লাভ নেই এমন মনে হল কারো: পুলিশে খবর দিতে হয়। মল্লিক গিয়েছে ঠিক, কিন্তু মাল্লক পারে না হেন কাজ নেই। ললিভ কি এখন করবে—কিছুটা ভাকে বিচলিভ দেখাছে। আর কিছুক্ষণের মধ্যে দেখা গেল, ফণীর বাবা এসে ভার ছই পুত্রকে ভাড়িয়ে নিয়ে গেল। দিবুর ছোট কাকা এসে বলল, ললিভ এসব পুলিশের কাজ। দিবুর না। দিবু বাড়ি আয়।

ফটকি বোনদি পার্বতীকে বলল, চুল কাটা যখন, ঠিক জিন পরীর কাজ। যা তালগাছ দব, ব্রহ্মদত্যি থাকতেই পারে। পার্বতী সন্ধ্যা হলে বাড়ি থেকে বের হতে সাহস পেল না। পটলকে সলে নিয়ে ধূপ-ধুনো দিল বাড়িতে। লক্ষ জেলে ভাই-বোন কেমন এক আতল্কের মধ্যে বদে থাকল। বাবাটা যে কোথায় গেল। এখনও আসছে না!

আলের উপর দিয়ে কখনও বাঁধের উপর দিয়ে ত্ব'লন সাইকেল আরোহী যাছে। সকালবেলা। প্রকৃতি শাপন মনে তার লীলা-খেলায় মন্ত্র। আকাশ মেঘলা। বৃষ্টি হওয়ায় গাছপালার কক্ষতা একদিনেই কেমন কমে গেছে। ঘাদপাতা গল্গাছে। পোকামাকড় উড়ছে। পাথিরা উড়ে যাছে গাকাশে। মাঠে মাঠে চাষ। মানুষের মধ্যে আবার সেই বেঁচে থাকার আবেগ। গরু-মোষ দক্ষল বেঁধে মাঠে চরছে। কেমন এক সব্ল প্রাণের আভাস সর্বত্র। ধুলো বালি উড়ছে না, পৃথিবাঁটা বড় শান্ত নিরিবিলি।

ললিত বলল, পোডাডাঙা দিয়ে চুকে যাব। রাস্তা দটকাট হবে।
সাইকেল ছটো এখন পাশাপাশি। একটা সড়ক নতুন ঘেরি
থেকে নেমে গেছে। গরুর গাড়ির লিক এড়িয়ে দিবু সাইকেল
চালাচ্ছে। মাঝে মাঝে কথা বলার সময় অগুমনস্ক হলে সাইকেল
লাফিয়ে উঠছে। দিবু ব্ঝডে পারে লিকে সাইকেলের চাকা পড়ে
এমনটা হয়। হিজলের বনটা বাদিকে। গভীর সবুত্ব একখণ্ড মেঘের
মতো পাশাপাশি ভেসে যাচ্ছে ধেন।

দিবু বলল, আজ আবার বৃষ্টি হতে পারে। হলে ক্ষতি কি। ভিজব। লক্ষ্য রাথছিদ ডো! কিছুই তো দেথছি না।

ওরা ত্র'জনই ত্র'দিকে লক্ষ্য রেখে যাছে। কোথাও যদি কিছু চোথে পড়ে। সংশয় হবার মডো কিছু চোথে পড়েনি। চাষ আবাদের মানুষজ্ঞন দেখলে প্রশ্ন, কোনো মেয়েটেয়ে দেখেছ—এ পথ দিয়ে গেছে। কেউ কিছু বলতে পারছে ন।

ললিত বলল, রথ দেখা কলা বেচা একসলে। রাতে শুয়ে আছি
চলিটা উধাও। কোথার যেকে পারে। কাকা শাসিয়েছে এর মধ্যে
লাকতে পারবে না। মল্লিক কাকে কথন কৈ ভাবে জড়িয়ে দেবে ঠিক
নেই। জাচ্ছা বল, মন মানে! বৃদ্ধিটা তথনই মাথার গজাল। তুই
ললে থাকলে গাহ্দ পাই। সকালবেলার হাজির। কাঁদি যাবার
রাস্তাটা তোর দেশা দরকার। বলেই হা হা করে তেনে উঠল।

আসলে অভেতাবকদের সত্ত্বতা এড়িয়ে ধরা তৃ'জনই তৃলিকে থাঁজার বাাপারে সাপন তৎপরতা চালিয়ে যাছে । দিবুর এক কথা। হলি একাই ভেগেছে। খাঁচার পাখি উড়তে চায়। উড়ে গেছে। যেটা বিপদ তৃলি বালিকা, পৃথিবীর নিয়মকার্ম জানে না। মানুষজ্ঞন মল্লিকের চয়েও কত নিষ্ঠুর হতে পারে জ্ঞানে না। বসভের কারো সঙ্গে ভেগে গেলে কথা ছিল। পবাই আছে। এমন কী বনমালা পর্যন্ত। কোবাও একা ভেগেছে, কিংবা পালিয়ে আছে। জীবনে ভার বড় সংকট দিবু একা আসার সময় অনুভব করেছে, মানুষ এক চথে গেলে কত অসহায় বোধ করে। ভয়ে সারা রাস্তায় এত চথে মুখ শুকনো ছিল, মানুষজ্ঞনের সঙ্গে প্রাণ খুলে কথা বলতে পারেনি। তৃদিনের জন্ম পৃথিবীটা ভার কাছে তৃর্জনে ভরে গেছিল। পুরুষমানুষ্যের এই হলে, একজন বালিকার পক্ষে কত না বিপদ।

লালিতের মতা কন্ত। মেয়েটা ভ্রম্ত ছিল একদা বোঝা যেত।
চোপ-মুথ দেখে দে টের পেত, এ মেধে দে-মেয়ে নয়। দেশ ভাগ,
দালা, ছিন্নমূল হওয়ার কন্ত মেয়েটার ভিতর লেপ্টে থাকায় আর
আগেকার হরস্ত আবেগ তাকে তাড়িয়ে বেড়াত না। অবিশ্বাস হলিকে
শান্ত নিরীহ করে রেখেছিল। খোলা আকাশের নিচে একবার হলিকে
দেখার সোভাগ্য হয়েছিল। ওরা হেঁটে সীমান্ত এলাকা পার হচ্ছিল
তখন। সব ওরা তখন পান্তজন। ছলি. পাশেই মানুষের জত্য
জলাশ্য থাকে ভেবে আগেকার স্বভাব মুহুর্তে ফিরে পেয়ে ছুটছিল—

ঐ তো এদে গোঁছ। আম গাছ, নারকেল গাছ, মানুষের অক্য ছবি ছলি জলে ঝাঁপিয়ে পড়েছিল, সাঁতার কেটেছিল, রোদে শাড়ি-সায় শুকোতে দিয়ে বাপকে রেঁধেবেড়ে খাইয়েছিল। একটু আগুনের জহু বলোছল, দেশলাই আছে দাদা। তারপর ফিক করে হেদে দিয়েছিল। এই হাদিটুকু আর কখনও ছলির মুখে দে দেখেনি। মল্লিক ধীরে ধীরে অজগরের মতো গ্রাস করে মেয়েটাকে একটা ভয়ার্ভ হরিণ শাবক করে ফেলেছিল। ছলির সেই ছরস্থ হাসি ললিত এখনও ভুলতে পারে না।

আমরা আসার সময় হিচ্চলের বনটা দেখে ফিরব। ওর ওথানে পালিয়ে থাকতে ভয় করবে না।

ভয় ঘরে, ভয়-বাইরে। মানুষের বস্তির চেয়ে বনটা অনেক বেশি নিরাপদ মনে হতে পারে তুলির।

দিবু ভাবল, ললিডদা ঠিকই বলেছে। বনটা দেখে আসা দরকার। আচ্ছো ললিডদা, চূল কাটা কেন! বেণী হুটো কার।

সেই! অবাক বিসায়। বুঝাতে পারছি না কিছু। আচ্চা খুন্টুন কেন করবে। মল্লিক তো সব দিক সামলে ফুসলাচ্চিল। জমিজমা লিখে দেবে বলেছিল।

দিবু বলল, ঘরের বার নাকি হতে দিত না ৷ পাড়াতে গেলে হল্লিডম্বি করত ৷ আচ্ছা সবাই মিলে কিছু একটা করা ষেত না !

কী করবি হরেনটা পুলিশে যদি ডাইরি করে। আমার নাবালিকা মেয়েটিকে অপহরণ করেছে। কে চার ঝুটঝামেলা বাড়ুক। সবার ডো এমনিডেই প্রাণ টানাটানি। নতুন জারগা, কডরকমের ঝড়-জলের আশকা।

কাঁদি থেকে ফেরার পথে ওরা বনটার ঢুকে গেল। কাঠঠোকরা পাথি ঠুকঠুক করে গাছ কোকর করছে। আর কোন সাড়াশব্দ নেই। গাছের ডাল পাতা হাওয়ায় নড়ছে। সাপথোপের উপত্তব থুব বেশি। সাইকেল নিয়ে বনটার ভেডরে ঢোকা যাবে না। ললিভ বলল, থুঁছে দেখা। পাব না জানি। জোরে কথা বলিস না। সাড়া পেলে অপটি মেরে থাকডে পারে। যা একথানা মেয়ে!

একটা ছবি ভেদে ধায় তথন ললিতের চোথে। জমিজমা, চাষ আবাদ, হাল ধর ঝাঁট দিচ্ছে, বিপদনাশিনী ব্রত করছে, জল আনছে। আদন পেতে থেতে দিচ্ছে। মেয়েরা এই চায়। চায় একজন সমবয়সী মামুষ, স্বামী এবং বন্ধুর মতো। ভেতরে ওর কেমন হলির জন্ম টান ধরে যায়।

দিবু বলল, বন-জঙ্গলের একটা আলাদা আকর্ষণ আছে।

কাঠবিড়ালি দৌড়ে বেড়ায়। কাঁটা ঝোপে দিবুর প্যাণ্ট আটকে গেল একবার। কোণাও খসখদ শব্দ, গাছপালার ফাঁকে যদি কোন আমুষের অবয়ব চোখে পড়ে। হঠাৎ দিবু ফিসফিদ করে বলল, ঐ দেখ।

ेक !

দেখছ না!

ওরা হামাগুড়ি দিতে থাকল। কিছুটা গিয়ে হিজ্পলের বড় বড় কাণ্ডের আড়ালে নিজেদের আড়াল করল। কাছে গেলে অবাক এক কাঠকুড়ানি মেয়ে গাছের নিচে শুয়ে আছে। এবং এভাবে তারা আবিহ্বার করল বনের গভীরে কেউ হেঁটে বেড়ায়। ছই সাঁওতাল বালকের দেখা পেল। একটা বড় গো দাপ মেরে বাঁশে ঝুলিয়ে বের হয়ে আদছে বন থেকে। ললিভ বলল, এখানে কোনো মেয়েকে দেখেছিদ ?

ওর! কিছু বলতে পারল না। বনটা বেশ বড়। মাইলখানেক জুড়ে:

ললিত বলল, হল না :

দিব্ বলস, বেলা পড়ে যাচ্ছে। বাড়িতে চিস্তা করতে পারে।
একটা গাচের গুঁড়িতে বদে ওরা চিড়ামুড়ি আর গুড় থেল।
ঝোরাই থেকে জল গড়িয়ে নামছে। ফটিক জল। থেলে উপকার
হয়। বোধ হয় কোন উষ্ণ প্রস্তবণ থেকে জলটা নেমে আসছে।

ওরা জল থেল। তারপর সামনের ছোট একটা চিবির মধ্যে উঠে চারপাশটা দেখার চেষ্টা করল। এই সেই জলার মুখ, বান-বস্থায় ভাসিরে নিয়ে কিছুটা জল খাটকে থাকে। প্রথর তাপেও গুকায় না। কেমন বেলাভূমির মডো মনে হয় দূর থেকে।

পার্বতী সকাল থেকেই আজ বড় অধীর। কডবার যে আয়নায় मुथ (मरथरह। वावा मकारल कामाल काँ। मार्क त्वरम रशरह मरक বিশা আর বাচ্চাটা। পটল জোরে জোরে পডছে— কান দেখেতে ভঞ্জভা সকল দেশের চাইভে শ্রামল, কোন দেশেভে চলভে গেলে দলতে হয় রে দূর্বা কোমল এই সব পড়াশোনার অন্তরালে থাকে এক কাৰা মহিমা, অজতা নক্ষতা এবং গাছপালা মিশে সবুজ এক পুৰিবী। পাৰতী টের পায় দিবুদা এদে যাওয়ায় জায়গাটার মহিমা আরও তার কাছে বেড়ে গেছে ৷ স্থমার মাঠ, হিজ্ঞাের ছেরি, ইতস্তত তালের বন, এবং দুরে একটা ছবির মজো আবছা ইন্টিশন, বড অর্থথ গাছ, দব যেন ভার দঙ্গে এখন কথা কর! দে সকাল থেকে কেমন ভাইটার উপর বড় বে:শ প্রনয় মাঝে মাঝে ঘরে চুকে বাক্সের ডাল, খুলে উব্ হয়ে দেখছে। কেউ জ্বানে না, দে কি লুকিয়ে রেখেছে। তার কাছে কত অমূল্য নম্পদ আছে পটল যদি টের পায় তবে ভারি হামলা চালাবে। বাপত: কডক্ষণে এখন তার বাবা আম থেকে ফিরবে এই আশায় আছে: বেলডাঙা হাটে যাবার কলা বাজার হাট করবে। বিপদনাশিনী ব্রভের ভেল স্থপার পান সিঁতুর বাতাসা আনতে যাবে হাটে।

তার কাজ শেব হচ্ছে না।

থেই ভো গোল অল আনতে এই তো ঘর ঝাঁট দিয়ে এল। পটলকে থেতে দিল। উত্থনে কাঠ গুঁজে দিল। বাঁধের ধারে সাইকেলের ঘণ্টির শব্দ শুনে ছুটে গোল। আডাল থেকে দেখল দিবুদা লালভদা কোথায় যেন যাছেছ়ে। খচ করে উঠল ভেডরটা। কেউ বেন কাঁটা ফুটিয়ে দিয়েছে কলজের মধ্যে। ছলিকে থুঁজছে। গেল-কাল দিনমান খোঁজা। রাভেও কোন খবর পাওয়া ষাব্রনি। কাটা চুলের রহস্টটা এখনও কাবু করে রেখেছে তাকে।

সে ফিরে এসে বলল, পটল, দিবুদ। কোথায় গেল রে !
জানি না দিদি।

দিবৃদার শব থবর পটল দেয়। কাল কোপায় গেছে খুঁজাতে ভাও পটল দিয়েছে। যেখানেই যাক ছপুরে বাড়ি ফিরবে। বিকেলে সে যাবে। সই দেখে বলবে ভুমা পার্বতী শাড়ি পরে ভোকে কী স্থানর দেখাচ্ছেরে। লজ্জায় নাক মুখ ঘামতে থাকবে। কিন্তু দিবৃদা যদি বাড়িনা ফেরে।

এই পটन या ना !

কোথায়।

সইয়ের কাছে।

কেন ?

দিবুদা কোথার গেল জেনে আয় না

পটল এক লাফে পড়া থেকে উঠে পড়ল। পুঁ-পুঁ সে ট্রেন চালায়।
কা যে স্থানময় ভার, ভার গাড়ি আর দে-চাকার মডো গাড়িটা বারান্দা থেকে বের করে গড়িয়ে দিল। ভার আটকানো কাঠিটা লাগিয়ে দে দৌড়ায় আর পুঁ-পুঁ-ভার গাড়ি যাচ্ছে, সাবধান, কেউ যেন সামনে না পড়ে যায় —নির্ঘাত অ্যাকসিডেন্ট। সে তথন শুনতে পায় দিদি ভাকছে, এই শোন, পটল শোন।

পে পেছনে ভাকাল।

আয় না।

की।

শোনই না

কাছে গেলে দেখল, দিদি ভারি লজ্জায় পড়ে গেছে। কিছু ৰলছে না। কীরে ৷

ৰদিস না কিন্তু! তুই তো একটা হাবা।

পটল দিদির কথা ঠিকমতো বৃঝতে পারে না।

পাৰ্বতা ভাইকে জড়িয়ে ধরে কি বলল !

পটলের স্থুড়সুড়ি লাগছে। সে হাসছিল। মুখটা সরিরে নিচ্ছিল। পার্বতী ভাইরের মাধায় এক আশ্চর্য দ্রাণ পায়। সে মাধা তুলতে পারে না।

পটল জোরজার করে নিজেকে ছাভিয়ে নিল। তারপর কের বাঁশের বাতা দিয়ে তৈরি চাকাটা সামনে ঠেলে দিয়ে বলল, আচ্ছা, বলব না।

লক্ষী দাদা আমার।

পটল ব্ঝতে পারে না, দিদিটা মাঝে মাঝে তার এমন হয়ে যায় কেন। সে বাঁথের পাড়ে পাড়ে যাছে, বাঁদিকে সব বাড়িষর নিচে ঘেরি—চাষ-আবাদের জম্ম বসত থেকে সব মামুষত্বন নিচে নেমে পড়ছে। পাড়ে দাঁড়িয়ে তার বাবা, বিশা হরিণা কতদূর একবার দেখার চেষ্টা করল। পেয়েও গেল। বাবা কোদালের মাণায় ভর দিয়ে আকাশ দেখছে।

দিদির কথা মনে পড়ল তার। দিদি তাকে দিব্দার থবর নিতে পাঠিয়েছে—উয়াদি যেন না জানে।

ा वलिंडिन, चानल की इरव १

দিদি ভার বলেছিল তবে আমি মরে যাব।

তার দিদি, তার বাবা, বিশা হরিণা এই বাধ আর কন্ধণ দব যেন বড় ভালবাদার জগং। গাছপালা পাথি পর্যন্ত। এমন কি এই চাকা-গাড়িটাও। তাকে দব কিছুই আকর্ষণ করে। এই পথে দিবৃদার দাইকেল, ললিতদার চায়ের দোকান কিংবা দূরের তালগাছে চায়া— দে কিছুতেই তাডাডাডি ফিরতে পারে না। দিদিটা কেন যে তার এমন ভীতু! কেবল বলবে, দেখে শুনে যাদ। তাড়াডাড়ি ফিরিদ। একা আমার ভয় করে পটল। সে জানে, দিবুদা সাইকেলে কোথায় গলল থবরটা না পাওয়া পর্যন্ত বার বার বাড়ির বাইরে এসে দাঁড়াবে দিদি। পটল কী করে বোঝাবে, একবার বের হলে দহজে তার কিরতে ইচ্ছে হয় না। সে হয়তো এই গাড়ি নিয়ে কম্বণকে নিয়ে স্থমার মাঠে নেমে যেতে পারে। একবার নেমে গেলে দব ভূলে যায় বাড়িঘরের কথা মনে থাকে না। দিদি প্রায়ই বলে, আমি মরে যাব দেখিস—এসব কথা তার একেবারেই মনে থাকে না। সেকিছুটা আসতেই দেখল, দূর থেকে কারা আসছে—মড়া নিয়ে যাছে, দাঁটুইর শাখানে। হঠাৎ চমকে যাবার মতো দে থমকে দাঁড়াল। হরিবোল ধ্বনি শুনে দব মানুষই সতর্ক হয়ে যায় সে বোঝে। এই বাঁধের উপর দিয়ে দূর দূর দেশ থেকে গলা পাইয়ে দেবার জন্ম ভারা আদে। কভ দেখছে—ভব কেন যে চমকে গেল। বড় বড় চোঝে ডাকাল—ভারপর সেই কাটাবেণী ব্রহ্মদিভা সব মিলে এক ভূতুড়ে ভয়ে দে ছুট লাগাল।

কল্পদের বাজি এসে ঢুকে বলল. একটা মড়া উঠে আসছে কলণ।
তাবপর সেই মড়া দেখার আকর্ষণে কলণ, পটল এবং সঙ্গে জড়ো
হয়ে বায় সব সমবয়সীরা, ওরা বাঁধের উপর দিয়ে দেড়িতে থাকে।
তারপর জলাশায় পেয়ে হুপ-হাপ ঝাঁপিয়ে পড়ে। ডুব দেয়। কাদা
ঘাঁটে। মাছ খুঁজে বেডায়। কিংবা আরও দূরে সেই হরিণা, সে
লাফাচ্চে। পটল সেখানেও দৌড়ে যায়। বেলা বাড়ে। ফিরে দেখে
দিদি তার পথ চেয়ে বসে থাছে। সঙ্গে সঙ্গে সেই খচ করে কামড,
ভিজে প্যাণ্ট —ভার বলাই হয় নি। কিন্তু পটল সহজেই মিছে কলা
বলতে পারে দিদিকে—সে বলে, দিবুদা চলে এয়েছে দিদি। বাড়িতেই
স্মাছে বেশিদুর যায় নি।

পাৰ্বতী বলল, কথন ফিবল !

ঐ তো ফিরল।

কোণায় গেছিল!

তা জানি না।
ছলিকে পাওয়া যায় নি!
না। ছলিদি পালিয়ে গেছে। জন্ত থাকৰে বলেছে!
জনত মানুষ থাকে!
কী জানি!

আদলে পার্বতী ছলির জ্বন্ম ভাবে না। তার কট হয় একটা মেয়ে বসত থেকে উধাও হয়ে গেল ভেবে—কিন্তু ষেভাবে দিবুদারা খৌজাখুঁজি করছে, ভাতে ভার সংশয় জাগে হাল দিবুদার মাধা না ঘুরিয়ে দেয়। তথন ছলিকে কেন জানি মনে হয় ডাইনী। সংসারে যাদের থেকে তার অমঙ্গলের আশকা তাদেরকেই সে ভারি অপছন্দ করে। দিবুদার এটা বাড়াবাড়ি মনে হয়েছে তার। দিন-রাভ খোঁজাথুঁজি কিসের আকর্ষণে। তারপরই কেমন একটা পাপবোধ কাজ করে মনে। মামুষের জন্ম থারাপ কামনা করতে নেই। ভগবান রাগ করে। তারও একদিন এমন হতে পারে: পটলকে হয়তো আর খুঁজেই পাওয়া গেল না। সে বলল, না ঠাকুর ছলিকে তুমি বের করে দাও: এইসব ভাবতে ভাবতে স্নান করে এল: কপিল ফিরে এলে খেতে দিল। হাটে যাথে বলে ব্যাগ গুছিয়ে দিল। বাবা বের इर्प्य याबाद मन्य वनन, আक्रहे मवाहेर क वरन आमवि। এই এक्र १ অজ্হাত উপলক্ষ করে দে আব্দ আবার দিবুদার বাড়িডে খেডে পারবে। সে ওনেছে, দিবুদা ফণীর দিদির থোঁজথবর নিয়েছে। মনে মনে সে কেমন কষ্ট পায়। ফণীর দিদি জুতো মোজ। পরে। কানে গোল সোনার ইয়ার্বিং: বেণী বাঁধে নাল রঙের ফিডায় । নথে লাল নেলপালিশ। আর সব সময় কি এক খুড়াণ শরীরে। এই থেকে ও একটা আশঙ্কা ভার—দিবুদার মাণা না আবার ঘুরে যায়। সে যে े की করে।

পার্বতী পটলকে বলল, থেয়ে ঘুমাবি। রোদে বের হোদ ত মার খাবি। পটল থেলে, ঘুমালে তার ছুটি। সে এই ফাঁকে আলতা পরবে।
পাউডার মাথবে মুখে। হাতে তার কাচের চুড়ি। মার শাড়ি সায়া
রাউল্ল খুলে মনের মতো করে সাজবে। বনমালীদা তাকে সব এনে
দিয়েছে। মানুষটার সঙ্গে ভাল করে কথা বললেই কী খুলী। তবে
সে বলে দিয়েছে, না ডাকলে তুমি আমার বাড়ি কখনও আসবে না।
কাকা পুলিশে কাজ করে। সব দিকে তার নজর থাকে। গোয়েন্দাগিরি তার স্বভাব। বনমালীদা পুলিশকে বড় ভয় পায়। তার
আলতা, পাউডার বড় সংগোপনে রাখা। পটলের হাটকানোর বড়
স্বভাব। দেখলেই আঁৎকে উঠবে। অমা দিদিরে, আলভার শিশি।
বানান করে নামটাও জোরে পড়তে পারে, কেশসুন্দরী তরল আলডা।
বশীকরণ আছে আলভার দ্বাগ্তবে। রাঙা পায়ে সে ইেটে বেতে
চায়।

পার্বতী খুব সন্তর্পণে বাক্সের ভালা খোলে। আলতার শিশি বের করে। পাউভারের কোটা ফ্রকের ভলায় লুকিয়ে নেয়। তারপর ভালায়। পটল শুয়ে আছে । একটা বেড়াল ম্যাউ ফ্যাউ করে ভাকে মুখ দেখিয়ে গেল! ঘরের পেছনে দে বস্তা পেতে বদে পড়ে। খোয়া পা নরম অকরকে খীরে খীরে আলভাব রঙে দে কেমন অধীর হতে থাকে। পা-তথানি দেখতে কা স্ফুকর দাড়িয়ে দেখল। সামনে থেকে পেছন থেকে দেখল। কপোর মল পরলে দে লক্ষ্মী প্রতিমার মতো—দিবুদা দেখলে চোখ কেরাভে পারবেনা। মার শাড়ি সায়ারাউজ পরে কিছুক্ষণ কেমন ও হয়ে দাড়িয়ে থাকল। শরীর কেমন অবশ লাগছে আয়নায় নিজেকে নতুন ভাবে আ।বহ্নার করতে পেরে বলল, ধুদ পোড়ামুখী, ভোর লজ্জা করে না। দে ভারনায় জিভ বের করে নিজেকে ভেংচাল।

পার্বতী কিছুতেই শাড়িটা সামলাতে পারছে না। ইটোর সময় কেমন অবৃথবু হয়ে থাকে। সে কাউকে রাস্থার দেখলেই ঘরের আড়ালে লুকিয়ে পড়ছে। রোদ এখনও প্রথম। কিন্তু ভার তর দইছিল না। দে সইকে ডেকে বলবে, বাবা পাঠিয়েছে। কাল ব্রডকথা। তুমি যেও দিবুদার জন্ম প্রসাদী বাডাসা দেবে আলগা
করে। কও আশা তার। দিবুদা ভাকালে সে দাঁড়াডেই পারবে
না। মামুষের মূহুমান অবস্থা হলে যা হয়, পার্বতী যাচ্ছে আর
ভাবছে—ভাল করে চোখ তুলে তাকাতে পারছে না। সে কোন
রকমে ছুটে দিবুদের বাড়ি চুকে বড় আস্থে ডাকল, সই।

ফিসফিদ করে জানালায় কেউ কথা বলছে—উষা লাকিয়ে মেঝে থেকে উঠে জানালায় দাঁড়াল—ওমা তুই। চেনাই যায় না। ও কাকিমা, দেখ এসে।

সঙ্গে সঙ্গে পাৰ্বতী টুপ করে কোৰায় ডুবে গেল।

উবা কের তাকিয়ে দেখল, **জানালায় কেউ নেই। কো**ধায় গেল।

কেরে?

পাৰ্বতী।

কোপায়!

এই তো ছিল।

উষা ভাড়াভাড়ি ঘর থেকে বের হয়ে জানালার পাশে ছুটে গেল। দেখল পার্বতী উবু হয়ে বনে আছে।

পেছন থেকে উষা পার্বভীকে জাপটে ধরল। ভারি নরম কবৃতরের মতো উষ্ণ প্রাণ কেমন ধুক-পুক করছে।

শায়।

পার্বতীর আচল পড়ে গেছিল। তাড়াতাড়ি আঁচল তুলে শরীর তেকে নিল।

সোনাকাতিমা বলল, কিরে তুই আর আসিস না কেন ? পার্বতী কথা বলল না। মাটির দিকে তাকিয়ে থাকল। দিব্র মাগলা পেয়ে বের হয়ে এল। কে এলরে ?

পাৰ্বতী ৷

করুণা পার্বভীকে দেখে বলল, কপিল ঠাকুরপোকে বলৰ এবার ভোর বর খুঁজতে

পার্বতী উষাকে ছাড়িয়ে কেমন ছুটে পালাল ঘরের মধ্যে:

কপিল ঠাকুরপোর মেয়েটা আগে এ-বাড়িতেই ফাঁক পেলে চলে আসত। উষা কল্প শেকালীর সঙ্গে পলান্তি খেলত, গান গাইত, মেয়েটা এখন আগে না। এলেও আগের মতো আর ত্রস্ত নেই। বড় সভক চলাক্ষেরা। কি যেন হয়েছে পার্বতীর। করুণা এমন যখন ভাবছিল, তখনই পার্বতী বলল, মেজ কাাক্মা, কাল বাড়িতে বিপদনাশিনী ব্রত। বাবা স্বাইকে ষেত্রে বলেছে। ক্লাগুলি বলার সময় সে এদিক-গুদিক কাকে যেন খুঁজে বেড়াচ্ছিল।

উষা দব ব্রুজে পারে। পাবতী থার আদে না কেন, ছুটে বেড়ার না কেন, ডাও ব্রুজে পারে। দে কানের কাছে মুথ নিয়ে বলল, নেই গো নেই। যাকে তুমি খুঁজছ, তিনি উড়ে গেছেন।

এই যা মারব। বলেই এক দৌড়।

উষা ছুটে এসে লোটানো আঁচল চেপে ধরে বলল, মন কেমন করে, না

এ-কথায় সে উষাকে ঠেলা মেরে সরিয়ে দিল। বলল, এমন করজে আর আসব না সই!

আসবে না! দেখি না এসে কেমন পারিস! ভূই কি আমার টানে আমিস!

ভবে কার টানে!

কেন জানিস না কার টানে! বলে দিডে হবে।

পার্বভী গম্ভীর হয়ে যায়।

রাগ করলি সই!

পার্বতী বলল, সবাইকে বলে গোলাম, ষেও কিন্তু। বলেই আবার ছুটতে চাইল।

যাদ না দই।

শার্বতী যাবে কী করে! সে তো যেতেই চার না। এখনও দেখা হল না, তাকে দেখতে পেল না তবু মনের মধ্যে কী যে থাকে—যেন সভা্য ধরা পড়ে যাবে। সই তাকে নিয়ে মাঝে মাঝে ঠাটা তামাশা করে, ওর মুখ রাঙা হয়ে ওঠে। কিছুতেই উদাদীন থাকতে পারে না। সে-জন্ম দে এ-বাড়িতে আসাও কমিয়ে দিয়েছে। তার আচরণে মারুষটার প্রতি টানের কথা কিছুতেই গোপন থাকে না। সে ভাবে মরে গেলেও ফার এ-বাড়িতে আসছে না। কতবার এমন ভেবেছে, পরে নিজ্নেই একটা কাজের উপলক্ষ করে চলে আদে। অথচ মারুষটা আদার আগে তাকে কথনও এ-দব ভাবতে হত না।

উবা তাকে ঘরের মধ্যে নিষে গিয়ে তক্তপোশে জ্বোরজার করে বসিয়ে দিল। নিজে বসল পাশে। পাকা গিয়ির মতো উষা করা শুরু করে দিল। ত্লির করা উঠল। ত্লি ভেগেছে। ত্লিকে খুঁজতে গেছে দিবুদা। উষা জানে সব। বাভিতে বাবাকে বলে গেছে লালিতদা, দিবুদাকে নিয়ে কাঁদি গেছে। ৩-সব মিছে করা। আসলে ওরা গেছে তুলির খোঁজে।

পার্বতী বলল, ছলিকে চেনে ?

क कित ?

পাৰ্বতী ঢোক গিলল। ৰলতে পারল না, দিবুদা চেনে ? দে চুপ করে থাকল।

কী ব্ঝে উষা বঙ্গলা, ওরা আবার চিনে না। সব দেখে। দাদাটা কী পাজি। বলে কি না, ফণীর দিদি সার্কাদে রিঙের খেলা দেখাত। ললিতদা এমন বলেছে। উর্বনী। ভারপর উষা কি ভেবে কের বলল, রোগাপটকা মেয়েটার ভেজ দেখ! ভেগে গেলে কলম্ক হয় না।

কার দক্ষে ভাগল!

কত লোক থাকে। ক্যাম্পে তুই তো ছিলি। আমরা ছিলাম। মল্লিক জ্যাঠা বিয়ে করবে বলেছিল, দব মিছে কথা। বানানো কথা। জ্যাঠা তো এয়েছিল কাল: বলল, হরেনটাকে এবার ভাড়াব। আমার নামে কুংদা, আমার ত্ কাল গেছে রায়মশাই, এক-কাল আছে আমি কী না ত্ত্মপোয় বালিকাকে বড় করছি, আমার মনে আলাদা ভাব আছে। সমাজ সংসারে ধাকি না। ভগবানকৈ ভয় নেই!

कार्या की वनन।

কী বলবে । বলল, ও-সব হয় । এ-নিয়ে ভাববেন না। আমাদের কানেও উঠেছিল কথাটা। কে বিশ্বাস করে বলেন ! সংসার বড় অসার মল্লিকমশাই। বৃথা আফোলনে হাতি ঘোড়া জ্বলে—আপনি এমন কাজ কথনও করতে পারেন না সে আমরা স্থানি!

মিছে কথা দৰ।

হাঁারে মিছে কথা। বলে উষা পার্বতার শাড়ির আঁচলে জরির কাজ দেখতে দেখতে সহসা ভয় পাওয়ার মতো বলল, তুলি পেকে গেছিল। স্বভাব ভাল না বাড়িতে উঠতি ঘ্বারা থাকতে পারত না মল্লিক জ্যাঠার ছেলেরা নালিশ দিয়েছিল।

[†]ছঃ ছিঃ! পাবভীর মুখ কেমন কুঁচকে গেল।

উষা বলল, দাদাটা ্ষ কি ! লালতদাকে নিয়ে খুঁজে বেড়াচ্ছে। কি হয় ভাগ !

পার্বতীর মনে হল ছলি তবে স্ত্যি সৰ পারে। ওর বৃক্
কাঁপছিল। দিবৃদা কিরে আসেনি । পটল মিছে কথা বলেছে। বাবা
পটলকেই বেশি ভালবাদে। দংসারে বিশার যে মর্যাদা আছে ভার তাও নেই। একটা আলতার শিশি পর্যন্ত কিনে দেয় না। দে বড় হয়েছে একটা শাড়ি পর্যন্ত কিনে দেয় না। দিবৃদা না থাকায় তার কাছে সব কিছু অর্থহীন—ভার উপর সেই খারাপ মেয়েটাকে পাগলের মতো খুঁজে বেড়াছে।

উষা বলল, মল্লিক জ্যাঠা তো বলল ছেলে-ছোকরাদেরই কাজ। কোণাও নিয়ে লুকিয়ে রেখেছে। ফুার্ডফার্ডা করবে। দেশ ছাড়লে মামুষের নাকি দব যায়। সব শুনে পার্বভীর বড় বিপর্যস্ত অবস্থা। সে কিছু বলতে পারছে না। কেমন অসহায় বোধে পীড়িত হতে থাকল। দিবুদাকে তবে কেউ টানে। সামনে পেলে যেন থামচে ধরত, তুমি কেন গেলে। ভোমার কি এত আকর্ষণ! কারো মাথা বাধা নেই-তুমি হস্মে হয়ে মুরছ! মনে ভোমার কি আছে। গোপনে এভাবে কাউকে ভালবাসা যার সে আগে জানত না। কেন যে সে মরতে গেল। সই আরও সব কত কথা বলেছে কোনোটা কানে গেছে কোনোটা যায়নি। পাধরের মতো পার্বভী বসে ছিল।

ভবু মনের কোণে ক্ষীণ আশা দিব্দা ফিরে আসবে সে দেখতে পাবে ভাকে।

বাড়িতে সে আর সই। সবাই এখন বাঁধের পাড়ে। স্থুমার মাঠের দিকে চেয়ে আছে: কোন সকালে গেছে কেরার নাফ নেই।

পার্বতী উঠে পড়ল। বাড়ি ফিরে দেখল পটল রাস্তায় দাঁড়িয়ে আছে। দিদিকে দে প্রথমে চিনতেই পারেনি। কাছে এলে বলল. ও মা তুই দিদি! কোণায় গেছিলেরে!

পাৰ্বতী শুধু বলল, মরতে গেছিলাম '

ভোর পায়ে আলভা দিদি।

মারব এক ধাপ্পড়! একদম কোন কথা বলবে না!

মায়ের শাড়ি তুই পরেছিদ!

পরবই তো। মিথুকে পাজি। সহসা পার্বতী কেমন পাগলের মতো ক্ষিপ্ত হয়ে গেল। পটলকে সাপটে ধরে ঝাঁকাতে থাকল। চুল টেনে বলল, আর মিছে কথা বলবি, বল, বলবি। ছাড়ছি না।

পটল হতবাক: দিদিটার কী হয়েছে বুঝতে পারছে না। দিদির আচরণে দে রুপ্ত হয়ে বলল, আমাকে মারছিদ দিদি! বাবা আপ্রক সব বলে দেব। মায়ের শাড়ি পরেছিদ কেন? সব বলে দেব। ছাড় ছাড় বলছি। পার্বতী ভয়ে সন্ত্যি ছেড়ে দিল পটলকে। বাবার ভারি চণ্ড রাগ সে জানে। তার গোপন অভিসার দিনের আলোর মতো ধরা পড়ে গেছে। সে এত অসহায় আর কখনও বোধ করেনি। রাগে ছঃখে অভিমানে ঘরে ছুটে এসে বিছানায় বাঁ।পিয়ে পড়ল। বুক থেকে হাহাকার কানা ঠেলে বের হয়ে এল। পার্বতী ফুঁপিয়ে ফুঁপিয়ে

প্রকৃতির কট কামড বড প্রথর। যে যার কামডে ছোটে। চিন্তাহরণ থানায় না গিয়েই বলেছে, দিয়ে এলাম এজাহার। শালাদের সব কটাকে এবার ধরবে। আসলে সে চায় সবাইকে সন্ত্রাসের মধ্যে রাখতে। কার নামে এজাহার, কে বাদী কে বিবাদী কিছুই বলে না। ছুলি ফিরে এলে আর রক্ষা থাকবে না। সব ফাস হয়ে যাবে। যে নারী আত্মঘাতিনী হতে চায় তার পক্ষে সব সম্ভব। শরীরে কত রকমের পোকামাকভ থাকে। একটা মেরে ফেললে আর একটা উঠে আসে। গাছের ডালপালার মতো কেবল গজায়। হরেন আর তার বৌ--তা ভালই, কাল হল ত্বলি। চোখ ভাসা ভাসা, ছুটে বেডায়, খেলে বেডায় স্নানের জল রাখে, গামছা কাপড এগিয়ে দেয়. তামুক শাজায়, সবই যখন করে বাকিটুকু করলেই নতুন জীবন। ডিমে তা দেবার মতো বড় করে তুলেছিল, সব যখন জেনে গেছে, একটা বাক্য ধসালে কেমন হয়। বাক্য খসাতেই হরেন পুণ্য ভেবে নিল নিজের। **দঙ্গে আজীবন তার খোরপোষ। বৌ-এর খোরপোষ। পরুষ-**মানুষের আবার বয়েদ কি! তুলির ভাগা প্রদন্ত না হলে এমন লায়েক মানুষ, মিলে যায় কি করে! শিবঠাকুরের শামিল। পুরাণে কত লেখা আছে এমন। তা ঠাকুর গাঁজা ভাঙ খান, নেশা করেন, দিগম্বর তিনি শাশানে মশানে ঘুরে বেড়ান--ছলিকে হরেন এমন সব কত পুরাণ কথা শুনিয়ে চাঙ্গা করতে চেয়েছে। পারে নি। কাল হল ত্রিনাথের মেলা। সবাই নেশা ভাঙ করে বেশ নামের মাহাত্ম্যে

যখন ডুবো ডুবো, মল্লিক উঠে গেছিল, পাতে মাছ পড়ে কিনা দেখতে। প্রথমে আদর-সোহাগ, পরে স্থড়স্থড়ি-সবই ভেস্তে গেল। বালিকা নারী হয়ে গেলে, পুরুষমান্থয়ের মগজে কেবল হুল ফোটায়। মল্লিকেরও তাই হয়েছে—দোষের না। কিন্তু কী যে হুল, একখানা নতুন গামছা টেনে ছুলি চিৎকার করে বলেছিল তুমি আমারে খারাপ করতে চাও ঠাকুর-এই দেখ, বলে সে গামছাখানা মুখের উপর ছুলিয়ে কড়ি বরগার দিকে ভাকাতেই আর বাহাজান ছিল না।

ভঠার সময় দেখেছে, ছলি নিঃসাড়। ঘরে একা ছলি—ওর বাপ আসরে, মা পাগলা ক্ষেপা, কথা বলতে পারে না, আলাদা ঘরে থাকে

– সব নিপুণভাবেই সে সেরেছিল—কিন্তু সকাল না হতেই উধাও।
পুলিশে না গিয়ে উধাও হয়ে গেছে বিষয়টা ভালই, বাগে আনা গেল না

– এই আফসোস যতই থাকুক, মানইজ্বত বেশি ভাড়া করে। সকাল-বেলার হম্বিভম্বি, যার জন্ম চুরি করি সেই বলে চোর। কিসের অভাব তোর। থেতে পেভিস, শুতে গেলে দোষ। যা জাহানামে যা। মরগে।
ভাত ছড়ালে কাকের অভাব থাকে কবে।

লোকজন এলে সে সাধুসজ্জন সেজে গেছে। থানার নাম করে ইষ্টিশন পর্যন্ত ঘূরে এসেছে। ফেরার পথে বাজি বাজি বলে এসেছে, ছলির স্বভাব ভাল না। ইজ্জত নিয়ে টানটোনি। ঘরের বার হতে পর্যন্ত দিত না। তবে বৃঝালেন না, গাই বাছনুরে বোঝাপড়া থাকলে থানার দারোগাবাবুর ক্ষেতে সর্থের চাষ। শুরু হলুদ ফুল দেখবে।

শোষণ থাকে রক্তে। যতই তুমি নীতিকথা বল না, পয়সা হাতে এলে কার মাথা ঠিক থাকে! দূষণ এরেই কয়। ললিত নাকি পাটি করে। দিবুটাকেও দলে টানছে। উপেন রায়কে সতর্ক করে দিতে হবে। সে তা করেও এসেছে। মেলামেশা ভাল। তবে দেখতে হয় এতে করে না মাথা বিগড়ে যায়। ললিতের খ্যামটা নাচ ঝাণ্ডা হাতে একদিন সে বের করে দেবে। শুধু স্কুযোগ এবং সময়ের অপেক্ষা।

আর তখন দিবু সেই পাথরের উপর দেখল এক অতিকায় রহস্তের ফণীমনসার গাছ। কেউ সকালের দিকে উপড়ে ফেলে রেখে গেছে। দূর থেকে প্রথম রোদে মনে হয়েছিল, ছলির মতো এক ছাছাড়া নারী গুয়ে আছে একা। কাছে যেতেই মনে হল, সে ছলি না একটা ফণীমনসার গাছ। চারপাশে মুড়ি পাথর বালি, ফণীমনসার জঙ্গল, দূরে রেল লাইন। পাথরের উপর দাড়িয়ে দেখল, একটা চটানের মতো জায়গায় চালা ঘরে মানুষজন। এমন সময় মাঠে লোকজন দেখে সংশয় জাগে। ছ'জনের কাছে সাইকেল। রাস্তা নেই বলে টেনে নিয়ে যাওয়া। যেখানে যেটুকু চড়ার মতো সাইকেল চড়ছে। না থাকলে কাঁধে তুলে নিয়ে জঙ্গল পার হচ্ছে। ললিতদার এক কথা, দিনকে দিন আগাছার প্রকোপ বাড়ছে। সাফসোফ করা দরকার। ছলিকে খুঁজে পেলে তাকে দিয়েই শুক্ন।

এসব দিবু ঠিক বোঝে না। সার্কাসের এক বালিকাকে দেখার পর যে নিত্যদিন গাছের নিচে বসে থাকত আর একবার দেখবে বলে, সেই এখন আগাছা সাফ করার জন্ম উঠে পড়ে লেগেছে। ললিভদাকে তার ভাল লাগে। তার কথা শুনতে ভাল লাগে। সে শুরু শুনে যায়।

চালাঘরটা একটি ঘেরির মাথায়। ধোঁয়া উঠছে। মানুষজন উবু হয়ে বসে আছে। ওদের দিকটা নিচু এলাক। বলে, এবং ঝোপ জঙ্গল আছে বলে, আড়ালে আড়ালে যেতে পারছে। ঘেরির পাড়ে উঠে যেতেই ললিও বৃরাল, এরা সব ঘেরির রাখাল। বৃষ্টি হলে ঘাস গজায়। দূর দূর গাঁ থেকে গরু মোধের পাল নিয়ে চলে আসে। দিন-মানে গরু চরায়—বিকেলে নাস্তা, তারপর শুয়ে থাকে এই চালাবরে। নালকমল লালকমলের প্রস্তাব শুনতে শুনতে এরা ঘুমিয়ে পড়ে। ললিত বলল, এখানটায় খোজ নেওয়া যাক। সে ডাকল, এই শোন।

একজন বাদে সব কটা ছুটে এল। পরনে খোট, কাঁধে গামছা সম্বল। একটা রোদে দেয় আর একটা পরে। মহাজন মানুষের চাল ডাল বেঁধে দেয় পুঁটলিতে। খাই খরচ সঙ্গে পাঁচ টাকা মাসোহারা। হিজলের বিলে এমন পঙ্গপালে আর ক'দিন পর ভরে যাবে স্থমার মাঠে ছাড়া গরু-বাছুর আর এদের হুটোপুটি। সঙ্গে আছে এক খানা করে পাচন। পাচনের ডগায় ভর দিয়ে মিশমিশে কালো ছোকর বলল, আঞ্জে কন।

কেউ এদিকে গেছেরে ?

না গো বাবু।

ওরা চলে যাচ্ছিল। কি ভেবে দিবু বলল, তোরা করে এয়েছিস ?

আজই।

থাকবি এখানে ?

বক্তা এলে চলে যাব।

এই জীবন দিবুর কেন জানি আক্ষণ করে।

কোন গাঁয়ের ছেলে তোরা ? তোরা যে সব কালোসোনা!

চুমরিগাছার।

ভয় করে না।

ভয় কিগো বাবু। মাঠর দেবী আমাদের সঙ্গে কথা কয়। ঘর বাড়ি সব এখানে। জল আসবে। মাঠ ভিজবে। ঘাস হবে। গরু মোষ চরাব। বিকেলে ভাতে-ভাত। পদ্মপাতায় খাব। বড় মজা গো বাবু।

তথনই মনে হল চালাঘর থেকে কেউ পালিয়ে যাচছে। যে বদেছিল তার কাণ্ড। কালোসোনার দল হাই হাই করে উঠল —এই কৃথি যাক্ছিস। রাস্তা হারাবি। মরে থাকবি ভূ ইয়ে। যাস না।

কেরে?

পাগলা আছে বাবু। এসে দেখি চালাঘরটায় পুটলি মাথায় শুয়ে মাছে। আমাদের সঙ্গে খাবে বলছে।

কেমন সংশয় হতেই ললিত ছুটে গেল। ললিতকে দেখে চিনতে প্রেছে। বেশিদূর পালাতে পারবে না বলেই বসে পড়েছিল। বুকের মধ্যে একখানা পুঁট্লি। মাথা গোঁজ করা। মাথার চুল সব কাগে গোঁ ঠোকরে নিয়েছে। লম্বা প্যান্ট, খালি পা, লম্বা শার্ট।

এই মুখ তোল।

মুখ তুলছে না

দিরু পাশে দাঁড়িয়ে। কালোসোনার দল বলছে, পাগলকে চেনেন বারু। তুদিন নাকি খায়নি। ভাত হচ্ছে, পদ্মপাতায় বেড়ে দিব।

এই োল বল্ডি মুখ । ললিভদা একেবারে কচিন গ্লায় বল্ল। কিন্তু সেই যে উবু হয়ে বসে আছে, কিছুভেই মুখ ভুলছে না। সে এবার জোরজার কবে মাথা টেনে ধ্রুভেই সেই চোখ মুখ। ছলি।

তুই !

চোখ টলটল করে তাকিয়ে আছে। মাথা ছেড়ে দিতেই আবার মাথাটা গোঁজ হয়ে গেল। পুরুষমান্তযকে তার ভারি ভয়। সে শাড়ি দায়া পরে নাই। প্যাণ্ট জামা পরে আছে। পুটুলিতে কী নিয়ে ভেগেছে কে জানে। মল্লিক থানায় এজাহার দিয়ে এসেছে। কী জানি কিসে কী হয়ে যায়। ললিত বলল খোল দেখি পুঁটুলি। কী আছে দেখি! পুঁটুলি খুলতেই ললিত অবাক। একখানা ছেড়া দায়া, শাড়ি মার রাউজ। আর একটা ফটো—বাবা লোকনাথের। এই সম্বল করে সে পুরুষের বেশে বের হয়ে পড়েছে। এই স্থমার মাঠ এবং জঙ্গল তার কাছে বেশি নিরাপদ। ললিতের কেন জানি চোখে জল এসে গেল। বলল, চল।

কালোসোনার দল বলল, কে গা বাবু। আপনার ভাই হয়। ললিত বলল, হাঁ।

পাবে যে বলৈছিল।

কি রে ওদের সঙ্গে খাবি বলেছিস ? মাথা নেড়ে হুঁ করল তুলি।

বড় হাঁড়িতে ভাত ফুটছে। সন্ধ্যা হয়ে যাবে। পাঁচ সাত ক্রোশ পথ এরপর যাওয়া কিন। কিন্তু ছলি যে উঠে দাড়াতে পারছে না, বেশিদ্র ছুটেও যেতে পারেনি, একটাই কারণ। ছদিন সে নির্জ্ঞলা উপবাসে আছে। ললিত দিবুর দিকে তাকিয়ে বলল, কী করবি, তুই চলে যাবি! গিয়ে খবর দে, পাওয়া গেছে।

ছলি কেমন চমকে উঠল। তারপর তারস্বরে বলল না আমি যাব না। তোমরা যাও। চোখ ভীষণ লাল হয়ে গেছে ছলির। ঘণায় মুখ কেমন কুঁচকে যাচ্ছে। সে উঠে আর একবার ছুটে পালাতে চাইল। পারল না। দিবু হাত ধরে বলছে. কোথায় যাবে তুমি। কিন্তু সময় এক মুহূর্তও নয়, ছলি সতি। খপ করে কামড়ে ধরল দিবুর হাত। দিবু পাগলের মতো চিৎকার করছে, গেলাম। ছাড় ছাড।

ললিত মাথায় একটা গাট্টা না মারলে বোধ হয় ছাড়ত না। দিবু হাতটা তুলতে পারছে না অবশ হয়ে গেছে যেন। দাত বসে গেছে। রক্তপাত হচ্ছে। শরীর কেমন অসাড় লাগছে। ললিত ক্ষেপে গিয়ে বলল, কি করলি তুই ? এটা কি করলি! ললিতকে কেমন উচাটনে পেয়ে বসল। কি করবে বুঝতে পারছ না! এই তোরা ধর। ধর দিবুকে। দিবুর মুখ বিকৃত হয়ে উঠছে ব্যথায়। ছলির সহসা কেমন সম্বিত ফিরে আসতেই ছেড়া সায়াটা ফালা ফালা করে ছিড়ে ফেলল। তারপর যেমন একজন নারী তার পুরুষকে সেবা শুশ্রমা করে থাকে, ছলি বড় যত্নের সঙ্গে হাতে ব্যান্ডেজ বেঁধে দেবার সময় হাহাক্রার কারায় ভেঙে পড়ল। আমার সব গেছে। আমার কিছন নাই। আমাকে মেরে ফেল তোমরা। ছলি কাদছে গড়াগড়ি দিয়ে। তার জীবনের সর্বন্ধ কেউ কেড়ে নিয়েছে ললিত বুঝতে পারল। কাটা পাঁঠার মতে। ছটফট করছে কাদতে কাদতে। ললিত বলল, ছলি শোন, শোন তুই—তবু মানে না—দিবু এগিয়ে গিয়ে বলল, কোন ভয়

নেই। আমরা আছি। পাগলামি কর না। দরকার হয় তুমি আমাদের বাড়ি থাকবে।

ললিত কেমন সম্বিত ফিরে পাবার মতো বলল, দিবু পারবি। পারব না কেন ?

ছলি মুহুর্তে কেমন স্তপ্তিত চোখে দেখল দিবুকে। বিশ্বাস অবিশ্বাস চোখের ওপর একটা পেণ্ডুলাম হয়ে ছলছে কিন্তু দিবুর সরল চোখে মানুষের জন্ম যে আবেগ তার কোন বাতিক্রম নেই। ছলি কেমন নির্ভয় হতে পেরে বসে পড়ল। তার ভেতর থেকে আর এক কারা উঠে আসছে। সে কারা চাপবার জন্ম মুখে সায়া ব্লাউজ যা ছিল গুঁজে দিচ্ছে।

কালোসোনার একজন কোখেকে নিয়ে এসেছে কিছ্ যাসপাতা, মুখে চিবিয়ে তা দিবুর ব্যাণ্ডেজটা খুলে বেঁধে দিল। মা-জননীর কোলে মানুষ, কোন শেকড় বাকড়ে গাছের মূলে পাতায় বিষক্রিয়া নই হয় তাদের বড় জানা। ব্যাণ্ডেজটা খুলে সেই চিবোন ঘাসপাতা বেঁধে দিতেই বড় আরাম বোধ। জালা ষন্ত্রণা কম, এবং হাতটা বড় হালকা। দিবু বলল, ললিতদা কী করবে।

দিব্ব ছেলেনানুষ। সে একটা আদর্শের ঘোরে মানুষ হচ্ছে।
আগে দিব্বর জ্যাঠামশাইর সঙ্গে কথা বলা দরকার। অসহায় নারীকে
আশ্রয় দেওয়া যত সহজ তার হুজ্জোতি পোহানো তত কঠিন।
প্রতিপক্ষ মল্লিক হরেন তার নিজের লোক, আইন তার হয়ে কথা
বলবে। সে দিব্বর চেয়ে বেশিদিন এই পৃথিবীর মানুষজনের আচরণ
দক্ষ্য করে আসছে। ছলি নিঃসাড় হয়ে বসে আছে। আপাতত
ছলির কিছ্ম খাওয়া দরকার। পদ্মপাতায় ডাল-ভাত বাড়া। কালো-সানার দল বলল, এবারে ঠাকুর পাঠে বসবে, আলোয় আলোয় ভাত
মুখে ছান।

ত্বলি খেতে বসে আনমনা হয়ে গেছে। কালোসোনারা ব্রুখতে পেরেছে, এ মেয়ে, কোন এক অঘটনের সাক্ষী। ওদেরও কেমন মায়া

পড়ে গেছে। বয়স কম থাকলে যা হয়, কোন কিছুই পৃথিবীর বাড়তি মনে হয় না, বাব্ মানুষ ছজনও পদ্মপাতায় খাচ্ছে দেখে ভারি খুশি ভারা। গন্ধরাজ লেব্ ঘর থেকে আনা, অসম্বারি ডালের সঙ্গে এমন স্থমার মাঠে একসঙ্গে ডালভাত বসে খাওয়াতে বড় আনন্দ তাদের।

ললিত একসময় বলল, এমন স্থন্দর চুল কেটে ফেললি ছলি। ছলি বোধহয় ভুলে গেছিল। মাথায় হাত দিয়ে দেখল একবার। কন্তে মুখ ভারতয়ে গেল।

নারার সৌন্দর্য চূলে। ছলিকে কে বলবে এখন উঠিত যুবতী নারী। কেমন সত্যি ছেলে-ছোকরা। যেন সেও এসে গেছে এই স্তমার মাঠে গরু চরাতে। হাতে পাচন থাকলে তাকে কে ধরে!

তুলি খাজ্ঞিল না ভাত নাড়াচাড়া করছে। সেই একইভাবে মাথা গোঁজ করে বেখেছে। মানুষের সর্বন্ধ হারালে যা হয়, একা, অসহায়, ভয়ার্ত, অবিশ্বাস, সব মিলে মাঝে মাঝে তুলির চোখ মুখ প্রতিহিংসাপরায়ণ।

লিলিত বলল, খা বসে আছিস কেন। কতটা আবার হেঁটে যেতে হবে।

দিব্ব বলল, ছলিদি, তোমাকে আমরা কাল থেকে খু^{*}জছি। খাও। ছলি দিব্ব সমবয়সী কি কিছ্ব বড় এ সময় দিব্ব ছলিকে এমন বলে সাহসী করে তুলতে চাইল।

দিবনুর কথায় কি আছে কে জানে কী যেন যাত্ব এক — ছলি মুহূর্তে গোগ্রাদে খেতে শুরু করে দিল।

সামনে স্থমার মাঠ, কেউ হেঁকে গেল। সামনে বিশাল গভীরবন-কেউ হেঁকে গেল। তবু থাকে মাকাশ, নক্ষত্র, পাখির বাসা, সবুজ ঘাস। সন্ধ্যায় সেই স্থমার মাঠে একজন নারীকে নিয়ে ছই খুবকের এক গভীর অন্বেষণ শুক্ত হয়ে গেল। ললিত দেখল ছলি সেই পু^{*}টুলি থেকে তার সায়া শাড়ি বের করছে। একটা গাছের আড়ালে দাড়িয়ে সায়া শাড়ি পরে ফিরে এল। এসেই বলল, হাঁটতে পারছি না। তার-পর কেমন আর্ত গলায় বলল, আর পারছি না। বলে ঘাসের উপর বসে পড়ল। যেন ছলি এখন নিশ্চিন্তে এই স্থনার মাঠে একটু নিরিবিলি শুয়ে থাকতে চায়। তার চোখ জুড়িয়ে আসছে। সে বলল, আমি ঘুমাব। বড় ঘুম পাভেছ। তার হাই উঠছিল।

পার্বতী বসে বসে তার পা তুখানি দেখছিল। আলতা পরা পা।
শাড়ি হাঁট্র ওপর তোলা। ঘরে কেউ নেই। এমন স্তন্দর আলতা
পরা পা এখন ধুয়ে ফেলতে হবে। সে উঠে পড়ল। পটল ক'বার
ডেকে গেছে। সাড়া দেয়নি। বিশাকে মাঠ থেকে নিয়ে এসেছে।
ফ্যান জল দিতে হবে —সে ওঠেনি। পটল রাগ করে বলেছে, আমি
কি করেছি! তুই কথা বলছিদ না দিনি! সে এই বলে আবার
চাকার গাড়িটা নিয়ে বের হয়ে গেছে। একবার বনমালাদা গলা
খাঁকারি দিয়ে উঠোন পর্যন্ত এসে দাড়িয়েছিল, দাড়া শন্দ না পেয়ে সেও
চলে গেছে। কিংবা ঘরের মধ্যে শুরু ফু-খানি আলতা মাখা পা দেখে
ভয় পেয়েও যেতে পারে। সে বালিশে মুখ ও'জে সেই সে পড়েছিল,
আর ওঠেনি। এখন উঠতে হচ্ছে। বাবা ফিরে এসে পায়ে আলতা
দেখলে চমকে যাবে। তোর পায়ে আলতা! কোথায় পেলি।
তারপরই হে'ড়ে গলা—পার্বতীর বুক কাঁপে। কে দিল! বল্ কে
দিল!

সই দিয়েছে। পটল যা তো উষাকে ডেকে আন।

পার্বতীর মনে হল, তার চেয়ে বাবা আসার আগে পা ধুয়ে ফেলা ভাল। যেন এতক্ষণে তার সম্বিত ফিরে এসেছে। সে ঘরের মধ্যে ছিল কাল থেকে। ঘোর কেটে ধেতেই হু'শ ফিরে এসেছে। বাবা জানলে, রক্ষা থাকবে না। কোথায় পেলি বল হারামজাদি মেয়ে, কে দিল তোকে। পটল উস্কে দিতে পারে, বাবা, দিদি না মার শাড়ি পরে কোথায় গেছিল! তবেই হয়েছে। শাড়ি তো না, যেন দেবীর থান। তোলা থাকে। টিনের স্থুটকেসে তেল সিংগ্রর, বাবার দেবীজ্ঞানে পূজা। বড়ই সংকট সামনে পার্বতীর। আর হয়েছেও তার, ভিতরে কোনো জ্বালা ক্ষোভ জন্মালেই চোখে জল চলে আসে। আস্কন। পা না ধূলে তার নিস্তার নেই। কত স্থুন্দর করে সে সেজে ছিল। আয়নার সামনে দাঁড়িয়ে নিজেকে দেখার লোভ কিছ্নভেট আর একবার সংবরণ করতে পারছে না। শেষবারের মতো যেন নিজেকে দেখছে। পটল বলেছিল, ও মা তুই যে গ্রগ্ গাঠাকুর রে দিদি। নাকে নথ দিরেছিস। কপোর নথ। কানে কপোর রিং।

ওর আঁচলে মুখ লুকিয়ে বলেছিল পটল, কী মিষ্টি গন্ধরে। আমাকে দিবি।

সে ক্ষোভে ছথে উঠে পড়ে পটলকে ঠেলা মেরে ফেলে দিয়েছিল
- মিথ্যাক। তোর পাপ হবে পটল। কোন কথা না। কখনও
আমার সঙ্গে কথা বলবি না।

এখন মনে হচ্ছে, এ-সব না বললেই ভাল হত ৷ কেন যে মরতে বলতে গেল ৷ বাবা এলে যদি বলে দেয়, দিদি না বাবা ছগ্গাঠাকুর সেজেছিল ৷ ছগ্গাঠাকুর সেজে কোথায় গেছিল !

প্রথমে সোডা আর বাংলা সাবানে প। ঘংল। সব তুলে ফেলছে।

ঘুরিয়ে ঘুরিয়ে দেখল ছ-খানি পা। আবছা মতো লালছে আভা
কিছুতেই উঠছে না। কা যে করে! একধা শান থাকলে হত।

অথবা ঝামা এখানে কোথায় পাবে! ঝামা দিয়ে ঘখলে হয়তো উঠত।

না কি চামড়ার নিচে রঙ ঢুকে গেছে। সে বোধহয় সারাজীবন ঘষেও

তা তুলতে পারবে না। সে কেমন হতাশ হয়ে পড়ল। মুখ ধূল।

শাড়ি সায়া রাউজ খুলে ভাজ করে আবার যেখানে যেমন ছিল তুলে

রাখল। সারাক্ষণই সে এ সব করছে আর চোখের জল ফেলছে! সে

যে নারী, বাবা বুঝতে চায় না। গোটা সংসারটায় তার আগুন ধরিয়ে

দিতে ইচ্ছে হয়। কিছু ভাল লাগে না তার। কিছু নেই তার।

কেউ নেই! কেউ নেই! আমার কেউ নেই! বলেই হাহাকার কালা।

ফু°পিয়ে কাঁদল কিছ্মক্ষণ। চোখে মুখে জল দিল তারপর। কেমন অসহায় নারীর মতো চোখ তুলে চারপাশটা দেখল। শেষে চুপচাপ বসে থেকে কখন এক সন্তুহীন রহস্তময়তায় তুবে গেল। একসময় মনে হল পটল আসছে ? সে উঠে দাঁড়াল।

ফ্রক পরে তার কেমন আবার লজ্জা লাগছে। ছুটো ফ্রক সম্বল।
আণের বাব্রা গতবার দিয়ে গেছে বিচপ। ব্রুকের কাছটা যেন
অম্বাভাবিক ফুলে ফ্রেপে থাকে। গামছা সম্বল করে সে বাড়ীর বার
হয়। গায়ে সব সময় চাদরের মত ঝুলিয়ে রাখে। বনমালীদার ঠিক নজরে
পড়ে গেছে। সে আর বালিকা নেই। কবেই নারী হয়ে গেছে।
বনমালীদা তাকে একটু পা রাখারও জায়গা করে দিয়েছে আলতা
পাউডার দিয়ে। বাপের চণ্ড রাগের জবাব সে যখন তখন দিতে পারে।
বলুক না, বলে দেখুক, হাঁ। পায়ে দিয়েছি। কে দিল। বনমালীদা
দিয়েছে।

বনমালী! নচ্ছার বদমাস ছোড়াটা! একদম বলবে না। কে কত ভাল জানা আছে! মুখে তোর এত বড় কথা!

হাঁা, একশোবার বলব। বনমালীদা সব দেবে বলেছে। রিকশা করে সিনেমা দেখাতে নিয়ে যাবে। আমি যা চাই সব দেবে বলেছে।

তবে যা! বের হ! বাড়ী থেকে বের হ! যাব বের হয়ে। কি করতে পারবে।

যা তোর গুরুঠাকুরের সঙ্গে। আর মুখ দেখাবি না। মুখ দেখালে খুন করব।

কর নাখুন! কত ক্ষমতা দেখি! একটা শাড়ি দিতে পার না – তার আবার ক্ষেমতা! পাব তী বড় চঞ্চল হয়ে পড়েছে তব্। কোথায় যে কি লুকিয়ে রাখে! আলতার শিশিটা লুকিয়ে রাখা দরকার। কোথায় বে রাখে! ফেলতে কপ্ত হয়। বনমালাদার কিছুই বাবা সহ্য করবে না। তব্ এমন ফুন্দর আলতার শিশি, পাউডারের কোটা সরিয়ে রাখতে ব্রুক ফেটে যাচ্ছে পাব তীর। সে ঘরের পেছনে একটা হাঁড়ির মধ্যে সব লুকিয়ে রাখল। ঘরে চুকে নাক টানল ক বার। মিপ্তি গন্ধটা তব্ মরছে না। বাবা বাড়ি ফিরে অস্বাভাবিক গন্ধেই সত্রক হয়ে যাবে। ভাল না। বাড়িতে এই অলুক্ষণে গন্ধ কিসের! যদি ঘরদোর গোবর জলে লেপে দিয়ে স্বাভাবিক গন্ধটা যায়। সে ঘরদোর নিকিয়ে রাখল। আর মাঝে মাঝে রুখে উঠছে—এত করার পর যদি কিছু বলে, তবে সে ছাড়বে না। তার কা আছে! কে আছে!

চাকুর পাটে বসে গেছে। পটল খবর নিয়ে এল দিব্দার। ফিরে আসেনি। ঘেরির পাড়ে পাড়ে মান্ত্র্যজন। ওরা কোথায় গেল! মধু রায়, উপেন রায়, স্থথো বগলা সবাই ললিতের দোকানের সামনে দাঁড়িয়ে। চোখে মুখে ছশ্চিন্তার ছাপ। শহর গঞ্জে ছ্র্যটনা ওংপেতে থাকে। কখন যে কার কপালে কি লেখা জেগে ওঠে। গোটা বসতে আর এক ছঃসংবাদ ভেসে বেড়াতে থাকল—ওরা কেউ ফেরেনি। করুণা কারাকাটি করছে।

এ-সব খবরে পার তীও চঞ্চল হয়ে উঠল। সঙ্গে সংশয়। ছলি আন্ত ডাইনী। তুক-তাক করে ছজনকেই উধাও করে দিয়েছে। বাবা বাড়ী ফিরছে না। সে ভয়ে ভয়ে বনমালীদাকে ডেকে নিয়ে এল। তব্ কেমন ভয় ভয় করছে। বসত থেকে কে বা কারা চক্রান্ত করে উধাও করে নিচ্ছে। কোনদিন এই বাড়িটার উপরেও হাত পড়বে। দিব্র জন্ম ভেতরে যে জালা ছিল, এখন তা কেমন বিবর্ণ হয়ে যাচ্ছে। অন্থ রকমের এক টান, ছঃখ ব্রি মান্থবের নিরন্তর—

একটা যায়, একটা আসে। সে পটলকে বলল, আমার কাছে বোস।
কুপি জালাল। উন্ননে খড়কুটো চুকিয়ে আগুন দিল। শুধু ভাত
রান্না। বাপ হাট থেকে নিয়ে আসবে মাছ। মসলা বেটে রাখল।
বনমালী বারান্দায় বসে কবে একবার ট্রেনে চড়ে কলকাতা গেছিল
রসগোলা খেয়েছিল, হাওড়ার ব্রিজ, চিড়িয়াখানা দেখেছিল ভার গল্প
বলছে। উন্ননর ধার থেকে পার্বতী হুঁ হুঁ করছে। পটলকে কিছ্নতেই
কাছ থেকে উঠতে দিছে না। সহসা মনে হল পার্বতীর, বাবা এসে
বারান্দায় বনমালীকে দেখলেই ক্ষেপে যাবে। মাথায় আগুন চড়ে
যাবে। তাড়াতাড়ি সে উন্ননের খড়কুটো তুলে উঠোনে এসে বলল,
একটু এগিয়ে দেখ না, দিবনারা কোথায় গেল।

বনমালী পার্বতীর বড় বাধ্যের মানুয। পার্বতীর জন্য সে সাত সাগর সাঁতরে পার হয়ে যেতে পারে। সে বলল, কোনদিকে গেছে।

কাদি যাবে বলে গেছে।

পটল বলল, কাঁদি না দিদি। ত্বলিদিকে খুজতে গেছে! তোকে কে বলল! মারব থাপ্পড়। আবার মিছে কথা। উষাদিকে বলে গেছে দিবুদা।

পার্বতী বলে উঠল, না না ও এমন মানুষ নয়। ও কেন ধাবে। যেন ছলিকে খুজতে গেলে দিবনার মতো মানুষের মান-সম্মান থাকে না। তারপর এখন পর্যন্ত না ফেরাটা আরও ভয়ের। মনের মধ্যে যতই তোলপাড় থাকুক দিবনাকে ছোট করতে তার লাগে। একটা খারাপ মেয়েকে খুজতে কে যায়! বাড়ি ছেড়ে যে মেয়ে উধাও হতে পারে, তাকে আর না খোজাই ভাল।

বনমালী অন্ধকারে বের হয়ে গোল। রোগা জার্ণ চেহারা। গাল ভারী সাফসোফ। পায়ে কেডস জুতো। গায়ে হাওয়াই শার্ট। পরনে পাজামা। পার্বতীকে খবরটা এনে দেবার মধ্যে একটা বড় রকমের যুদ্ধ জয় করার মতো বিষয় আছে তার। মনের মধ্যে কোড়া পাঝি তুব ডুব করে ডাকে। পার্বতী কেমন হালকা বোধ করল। একবার ঘরে গিয়ে শু কল সেই গন্ধটা ভেসে বেড়াচ্ছে কিনা। নাক টানল ঘরের আনাচে কানাচে। হু আছে। আছে। সে অস্থির হয়ে পড়ে বাপের ভয়ে। অন্ধকারে ঘরের পিছন চলে গেল। হাঁড়ি থেকে আলতার শিশি আর পাউডারের কোটা তুলে দূরে জঙ্গলের মধ্যে ছুড়ে ফেলে দিল। তারপর আবার নাক টানভেই, গন্ধটা এসে নাকে ঝাপটা মারল। সে ব্রুল, বাপ হাট থেকে ফিরলে তার রক্ষা নেই। গন্ধটা তাকে আজীবন তাড়িয়ে মারবে।

কপিল বাড়ী ঢোকার পথেই ডাকল, পটল, পার্বতা। সে বাড়ি ঢোকার আগে একটা সংশয়ে ভোগে—সব ঠিকঠাক আছে ত। সারাটা রাস্তায় সে চিন্তায় ভোগে। নতুন জায়গা, ছাড়া বাড়ির মতো সব বাড়িঘর। পার্বতীর বু ক্রিস্থুক্তি এখনও ঠিক হয়নি। পটলটা আরও বোকা। সব ঠিকঠাক আছে রাস্তা থেকে ডেকেই জেনে নিতে চায়। পার্বতী পটল ছুটে গিয়ে দেখল, বাবা মাথায় করে একটা পাতি নিয়ে এসেছে। হাতে ব্যাগ। ব্যাগটা পার্বতী তুলে নিল হাতে। বারান্দায় নামিয়ে বাবার পাতিটা মাথা থেকে নামাল। বিশার জন্ত খোল ্ধি, ডাল তেল মসলা, শুকনো লঙ্কা ব্যাগে আনাজ তরকারী, আলু, নিচে কটা চাপিলা মাছ। মাছ কটা তুলে নিয়ে গেলে কপিলের নাকে এসে সেই অস্বাভাবিক গন্ধটা ঝাপটা মারল। কীসের গন্ধ। সে ডাকল পার্বতী। কিসের গন্ধ পাতিছ।

পার্ব তীর বুকটা কেঁপে উঠল। বলল গন্ধ হবে কেন ? ভারি নিষ্টি গন্ধ। দিবু এসেছিল ?

পাব তীর কপাল ঘামছে। না ত ! দিবন্দা কাঁদি গেছে। এখনও ফেরেনি।

কপিল ঘরে ঢুকে গন্ধটা আরও জোর পেল। পার্বতীর মার শরীরে এমন একটা গন্ধ মাঝে মাঝে সে পেত। সেই কি হাজির। শঙ্কা ভয় এবং প্রাণের এক আবেগে সে নাক টানতে থাকল। এমন হবার কথা নয়। টিনের স্থটকেসটাতে কেউ হাত দেয়নি ত! তার বড় সথের শাড়ি সায়া ব্লাউজ। এখন যা দেবার থান হয়ে আছে এই ঘরে। তেল সিঁহর ঠিক মতো পড়ে কিনা, না বাসি কাপড়ে কেউ ছুঁয়ে দিল! কত রকমের আশঙ্কা। সে বলল, আয়, পটল আয়। ওরা এলে বলল, গন্ধটা পাড়িছেদ ?

পার্ব তী স্রেফ মিছে কথা বলল, না বাবা ওটা, ঐ ভোমার ধূপ-ধুনো দিয়েছি কিনা, তার গন্ধ বোধ হয়। পার্ব তী কুপি হাতে ফিরে আসার সময় দেখল বিছানার বালিশের পাশে অনেকটা পাউডার পড়ে আছে। সত্যি সে ঘোরে ছিল তবে সাজতে গিয়ে! কখন কতটা পাউডার ফেলে রেখেছে বালিশের কিনারে টেরই পায়নি। হাত দিলেই ধরা পড়বে।

পটল বলল, দিদি বাবাকে মিছে কথা বলতে নেই। পাপ হয়। তোর গায়েই তো মিষ্টি গন্ধটা ছিল রে।

সব ফাস হয়ে গেল, সে িংকার করে বলল, পটল ভাল হবে না। বাবা জানো, ও আজ একদম পড়াশোনা করেনি: সারাদিন টো টো করে বেড়িয়েছে।

স্থামি বেড়িয়েছি না ভূই বেড়িয়েহিস বাবা জান, দিদিটা আজ মার সায়া শাড়ি পরে কোথায় গেছিল! পায়ে আলতা পরেছিল।

কপিলের ব্রহ্মতালু ছোত করে কে ফাটিয়ে দিল যেন! কী তুই পাব'তী, তুই, কপিল তোতলাতে থাকল। ঠিক কি বলবে বা কি করবে বুঝে উঠতে পারছে না। দহ্যর মতো দেখতে মান্নটা, চোখ ডেবা ডেবা। পাব'তীর মুখের উপর ঝু'কে পড়ল। পাব'তী ভয়ে দরজায় ঠেদ দিয়ে দাড়িয়ে আছে। পেছনে তার ছ-হাত। বাতা থেকে সাঁ করে হাস্থয়াটা তুলে নিল, তুই খুন হবি। তোর এত সাহস, এত সাহস!

পটল ডাকল, বাবা।

পার্ব তী ক্রমে জোর পাচ্ছিল।

কপিল ঠাস করে টিনের বাক্সটা পেড়ে ফেলল। দেখল সব ওলাট-পালট। সে আবার নাক টানল। তারপর মেয়ের পায়ের দিকে তাকাল। লাল আভা। অশুভ কিছু বাড়ির আনাচে কানাচে ঘুরে বেড়াচ্ছে। সে হাঁকাড় দিল, হারামজাদী! বলেই বৃঝি মনে হল ঠিক তার কোপের প্রকাশ হচ্ছে না—সে আবার হাঁকাড় দিল—দঃস্বভাবা নারা। মানকুলহীন—তোরে নিয়ে আমার কী হবে রে! কে দিল আলতা। বল্ বল্। নাহলে তোর একদিন কি আমার একদিন। সব পুড়িয়ে দেব সব। নিজে পুড়ব। তোদের পুড়িয়ে মারর।

পটল বলে ফেলে বোকা হয়ে গেছে। দিদিটা কিছ্ বলছে না। পটল বলল, না বাবা, আমি মিছে কথা বলছি। তুমিই তো বল, আমি একটাও সত্যি কথা বলি না।

কপিল বলল, মিছে কথা বলছিস ?

হা। বাবা।

পার্ব তীর মর্যাদায় লাগে। বাবা তাকে যে হেনস্থা করেছে তারপর তার আর বেঁচে থাকার অর্থ হয় না। বাবা তার মাথার চুল খাবলা করে ধরে টানাটানি করেছে। বেঁচে থাকা না থাকা সমান। দিব্দাকে দেখতে না পেয়ে বাড়ি ফিরে তার একবার মনে হয়েছিল খুটিতে বুলে পড়বে। দেখুক সবাই সে কত স্থানর দেখতে। তারপর মনে হয়েছে— বদলা নিলে কেমন হয়! তার তো মাটিতে পা রাখার জায়গা আছে। সে এবারে বাপের হাত মাথা থেকে দ্বাহাতে টেনে হিণ্চড়ে নামাবার সময় বলল, মিছে কথা না। আলতা পরেছি। বনমালীদা আলতা দিয়েছে। শাড়ি পরেছি মার শাড়ী। আমি বড় হয়েনি! আমার দিকে তাকিয়ে দেখে বোঝ না, আমি বড় হয়েছি। আমার একখান শাড়ি পর্যন্ত নেই। কোথাও বের হতে পারি না। আমার শাড়ি পরতে ইচ্ছা করে না।

পার্বতী বলছে আর ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদছে।

কপিল একেবারে ধ। এত সাহস মেয়েটার হয় কোখেকে ! তার এক হাঁকড়ে যে মেয়ে কুঁকড়ে যেত সেই মেয়ে মুথের উপর কথা বলছে, হাঁয় পরেছি। আলতা বনমালীদা দিয়েছে। সেই কুমাগুটা বাড়ির আনাচে কানাচে শেয়ালের মতো যার ঘুরে বেড়াবার স্বভাব!

এবার কপিলের দৰ রাগ গিয়ে পড়ল পটলের উপর !—তৃই কোণা থাকিদ হারামজাদা শৃয়োর।

আমি ভো বাডিভেই থাকি।

বনমাজী কথন আদে।

কৈ আদে না তো!

আবার মিছে কথা।

পার্বতী বলল, আদে। আঞ্জও এদেছিল: আমি ডেকে আনিয়েছি। ভয় করে না! তুমি বাড়িনেই, দিবুদারা নিগোঁজ। ভয় করে না! ছলিদিকে তুলে নিয়ে গেছে, ভয় করে না!

কপিল মেয়েকে আর একটা কথাও বলতে পারল না। ঘরের বাইরে এদে দাঁড়াল। ভেতরটা কেন যে জলছে। দে দভিয় অক্ষম মানুষ। চাষ-মাবাদই শুধু করে। জমি কথা কর সবুজ শশ্য জন্মার — কিন্তু বরে থরা চলছে দে টের পায় না দে কেমন কিছুক্ষণ বিমৃঢ়ের মডো উঠোনে দাঁড়িরে বাকল। মা-মরা মেয়েটাকে দে আজ্ব মেরেছে। মেয়েটাও ক্ষণিকের জন্ম কেমন উগ্রচণ্ডা হয়ে উঠেছিল। মার শাড়ি পরে দেখতে চেয়েছে পার্বতী কভ বড় হয়েছে। বড় হওয়া কী মধুর! কপিলের চোখেও জল এদে গেল। একটা শাড়ি দভিয় বড় দরকার। যেন এটা আজ্ব পার্বতীর কাছে তার ইজ্জতের প্রশ্ন। দে চোরের মতো ঘরে চুকে গেল। দেখল পটল পার্বতীর সামনে বদে আছে। পার্বতী ছন্নছাড়া বালিকার মতো ভাকিয়ে আছে কোন স্ফ্রের যেন। দে যে ঘরে চুকল এবং চোরের মতো বের হরে গেল লক্ষ্যই করেনি। জ্বামার নিচে একথান শেষ সম্বল কাঁদের থালা।

নিবারণ করের কাছে বন্ধক রেথে একথান শাড়ি কিনবার আজ বড় শথ হয়েছে ডার।

রাভ বাড়ছে। আকাশে আশ্চর্য সৰ নক্ষত্র মালা ভেমনি উকি

দিয়ে আছে। ভালগাছের মাধায় কিছু শকুনের পাথা ঝাপটানোর

শব্দ। রাভচরা পাথিরাও ডাকছে। রাস্তায় লোকজন—এক কথা,
কোধায় গল ললিভ দিবু। হাতে লগুন। দাপথোপের উপত্রব এই

সময় বড় বাড়ে। দিবুর মা জেঠিরাও বারান্দায় বসে আছে। কোধাও

খুট করে শব্দ হলে কান খাড়া করে রাখছে। কেউ এল বুঝি,
রাস্তাভক হেঁটে দেখে আসে। করুণা লম্বা হয়ে শুয়ে আছে। কেমন
এক নির্জনতা গ্রাস করে আছে বাডিটাকে।

আর তথন ললিত বলল, তোরা ঠিক বলছিস ত ়

্চলেন না। বেরি ধরে গেলে ঘুরতে হয়। আমরা যাব সাহর ডাঙ্গাধরে: হুজোশ পথ-হুন্ন ।

বলিদ কি! এখান থেকে কিছুই বোঝা যায় না।

মাঠ-চরা হই মানুষ, গরুমোষ চরায়, হিছলে, এই করে বড় হওয়া হিছলের পাঁচ-কল ক্রোশের মধ্যে কোপায় কি স্মাছে সব ক্লানা। তুলি দিবু আর না পেরে ঘাদের উপর শুরে পড়েছিল দে কেলো। আর এই মাঠ চরার দল। ওদের কাছে হিজলের কত কিংবদন্তি, ওরা গরুমোষ চরাবার সময় ভাবে পেয়ে যাবে কোপাও গুপুন। কাঠের সিন্দুক ভাসিয়ে আনে বক্সা। আবর্জনার নিচে ঘাঁটাঘাঁটি, কিংবা বালি চাপা পড়ে যায়। পাচনের খোঁচাখুঁচিতে যদি বের হয়ে আসে। এনারা এই তিনজন পথ ভুল করে এই ভুবন্ডাঙায়। বড় কাতর মুখ্চাখ—কী হবে, কোপায় পাকবে বাড়িছরে ভাবনা, এ-সব বলাবলির সময় মাঠচরাদের মধ্যে দাবালক তারা হজন এগিয়ে এল। লগ্তন নিল পাচনের ডগায়। আগে ভারা পেছনে ছিন বড় মানুষ।

ললিড দেখছিল, ছলি একপাশে অবোরে ঘুমোচ্ছে। ছেঁড়া দায়া

ণাড়িতেও সে যে নারী ব্রতে এতটুকু কট হয় না। লাবণ্য ধরছে।

চলির সেই ধারালো চোথ ক্ষণিকের জন্ম সে দেখছিল। তার চোথেও
কোন আজাদ থাকতে শরে। সেই থেকে রাস্তায় বার বার এক,
কথা, তুমি আমাকে ঘর বানিয়ে দেবে। তোমাকে রেঁধে বেড়ে দেব।

চটো খেতে দেবে কিন্তু। তুলি এত গোজামুক্তি কথা বলবে দে কথনও
লাবেনি। আর মানো মাঝে তুলি দাপের মতো ফুঁসে উঠছে। কিছু
বলতে গিয়ে কেমন হাঁপিয়ে উঠছে। ভারপর কোন সময় দেখছে,
রাস্তায় বসে পড়ছে। বলছে, যাব না। তোমরা আমাকে থারাপ
করতে চাও। আমি সব ব্রি!

দিবু তথন হাত বাড়িয়ে দেখিয়েছে, কি করেছ হাতটা ! ছলি জিভ কেটে বলছে, আমার মাধা ঠিক নাই। তবে হাঁটো। বদে খেকো না।

যেন দিবু এই হাত দেখিরে ওকে ফিরিয়ে আনছে। কামড়ে দয়ে ছলি যে সভা অপরাধ করেছে, এটা তার করা ঠিক হয়নি, তার বিন্মায়ে দে এখন যা করতে পারে, ভা দিবুবাবুযা বলবে করা। দিবুর গতের ক্ষভটি না থাকলে ছলিকে শেষ পর্যন্ত বোধ হয় ললিত এডটা গটিয়ে নিয়ে আসতে পারত না। কেমন ছিটগ্রস্ত হয়ে গেছে কিছুটা। দবু ললিত ছজনেই বুঝতে পেরে বলেছে, বলতো লোকে কী বলবে। গুই দিবুর হাত কামড়ে দিলি!

তুলি জীবনে শুধু নির্বাভন সয়েছে। সে জীবনে কাউকে কোন ন্থাতন করার সুযোগ পায়নি। সুযোগ পাবার পর মনে হয়েছে গার মতো আশ্রয়হীন মেয়ের এমন কাজ শোভা পায় না। দিবুরা কিছ ভাল মানুষ, বড় মানুষ। ক্ষভটা দেখলেই কেমন দে নিস্তেজ হয়ে পড়ছে। নিশ্বের জেদ অবিশ্বাস সব ভূলে যাচ্ছে। আবার হাঁটার ছন্ম উঠে দাড়াচ্ছে।

এভাবে তারা হেঁটে বাচ্ছিল। ছই মাঠ-চরা মানুষ আগে। পাচনের তগায় লঠন তুলছে। বন জন্মল, বালির টিবি, নদীর পাড় এবং মাঠের আল ভেঙে একটা ডালগাছের নিচে দাঁড়িয়ে একজন বলল, উই যে আলগুলান হলছে, ওটাই হাজিদের থেরি।

দিবৃ তার সাইকেলটায় ভর করে দেখল—ব্ঝল এসে গেছে। ললিত বলল, কাকা আপত্তি করবে না তো!

দিবু বলল, করলে করবে। কেন ডোমার ঘর নেই। চায়ের দোকানটা ডো আছে। আমরা থেটে না হয় ঘর তুলে দেব।

या की य विनिष् ! लाकि की बनाव।

রাথ তো লোকের কথা।

হ**লি বলল**, তোমরা **আমাকে খারাপ করতে চাও। আ**মি যাব না।

দিবু আবার হাডটা দেখাল। ছলি উঠে দাঁড়াচ্ছে। দিবু একটু এগিয়ে গিয়ে বলল, ললিডদা পারবে ত সামলাতে।

দিবু একটু এগিয়ে গিয়ে বলল, ললিভদা পারবে ত সামলাতে। মাণাটা গেছে।

তোরা দবাই ত আছিন। তারপরই ললিতের মনে হল, এই স্থমার মাঠের মতো বৃষ্টিপাতের অপেক্ষায় আছে হুলি। আর তথনই ছলি কেমন ক্ষেপে গিয়ে বলল, আমি এটো ইাড়ি, পূজার ভোগ করবে কী করে! তোমরা আমাকে খারাপ করতে চাও, দব বৃঝি গো. দব বৃঝি।

দূর থেকে দিবু ললিত ব্ঝতে পেরেছে বাঁধের পাড়ে থোঁজাখুঁজি চলছে। নাহলে রাতে লঠনের এমন মেলা চোথে পড়ার কথা না। না বলে কয়ে এ-ভাবে খুঁজতে আসা ঠিক হয়নি। উষাকে বলেছিল, ললিতদা বলেছে কেরার পথে ছলির থোঁজথবর নেবে। সে বে এ-সবের মধ্যে নেই এটাই বলার ইচ্ছে ছিল দিবুর। এক কলহ থেকে আর এক কেলেস্কারি হতে কভক্ষণ মল্লিক আইনবাজ লোক! সহজেই সব দায় ভাদের মাধায় চাপিয়ে দিতে পারে। এরাই ফুঁসলে বের করে নিয়েছিল, পরে এরাই আবার ঘরে ফিরিয়ে এনেছে। মাঠ-চরা ছজনকে দিবু বলল, ভোমরা যাও, আমরা ঠিক যেতে পারব!

eরা চলে গেলে মনের ধন্দ খুলে বলল, ললিডদাকে। তুলি সেই ষে বসে আছে উঠছে না। ঘেরিডে কিছুতেই ফিরবে না জেদ ধরে বসে আছে।

ললিভ বলল, চিনতে পারবে না বলছিন ? তুমি চিনতে পেরেছিলে!

ললিত কি ভাবল! তুলির গায়ে পুরুষের জামা প্যাণ্ট। চুল দব কাগে বগে ঠোকরানো। মাধা নেড়া করে দিলে একেবারে অক্সরকম। সে প্রথমে ব্রতেই পারেনি তুলি। দৌড়ে পালাবার চেষ্টা না করলে তার সংশয় হত না, একেই তারা খুঁজে বেড়াছে। মেয়েমারুষেরা নেড়া হলে মুখ চোখ এত বদলে যায় পুরুষের পোশাক-আসাকে নারীর লাবণ্য থাকে না, ছলিকে দেখে প্রথম সে তা টের পেয়েছে। তবু মনে ধন্দ থেকে যায় ললিতের। থেয়াল করলে বুঝতে পারবে।

সে বলল, লোক কি এডই বোকা ?

বোকা বলছ কেন ?

তুলিকে দেখলে চিন্তে পার্বে না!

তুমি যে বলতে তুলিকে ঘর থেকে বের হতে দিত না।

সেটা তো সবাই জানে।

তৃমিও জান। ওর মুখ তোমার চেনা, তৃমি ক্যাম্পে মেয়েটাকে অস্তা চোখে দেখেছিলে।

याः कि (य विनम !

আমি সৰ ব্ঝি ললিডদা। তুমি আমার চোথকে কাঁকি দিতে পার
না। তুলিকে আরও একজন ভাল করে চেনে। সে কে তুমি জান।
আর সবার হাজার গণ্ডা মামুবের মধ্যে তুলির মুধ মনে রাথতে বলে
গেছে। কে কোণা থেকে এয়েছে তারই তো থবর এখনও রাথি
না। ভেবে দেথ ঠিক বললাম কি না।

দিবু এবার ছলিকে বলল, ছলিদি পাগলামি কর না। এদিক ওদিক হলে ভূমিও মরবে আমরাও মরব। যা পরে ছিলে ভাই পরে এস। আমরা এখানে থাকলাম। ললিভদা যা বলবে করবে আমাদের মাথা কাটা যায় এমন কাজ কর না।

তুলি দব শুন্ডিল। তুদিনে দে হা-অন্নের তুঃথ বুঝেছে। নে মরতে পারে তার এমন সাহদ নেই। দিবুর বাবা কাকারা মানিজন দিবুর কথার মধ্যে বড় আন্তরিকতা রয়েছে। ললিতদাটাই বরং তালাগাল পেয়ে কেমন নোকা বনে গেছে। সারাটা রাজ্যায় ললিতদ কথা কম বলেছে। কেবল মাঝে মাঝে বলেছে কী যে করি এই মেয়েটাকে নিয়ে। একটা কথাই ছিল মুখে। দিবুদের বাড়ি থাক নিয়ে শেষ পর্যন্ত কতটা অশান্তি পোহাতে হবে তাও ললিতদার মাধালছিল। তুলি সারাটা রাজ্যায় বড় বাধ্যের থাকার চেষ্টা করেছে কিংক্ষণে ক্ষণে মাধার মধ্যে বিজ্ববিক্ষে ঘায়ের মতো দেই অমান্তয়ের দাল এবং চিন্তাহরণের কুৎসিত আচরণ তার ছটকটানি বাড়িয়ে দের প্রতিহিংলায় চোখ মুখ জলে ওঠে। সব মান্তয়কে তখন একরকম মনে হয় সে দরে যাবার সময় দেখল ছটো হায়ামুতি বড় দংলায়। তুলি বুঝতে পারে দিবুদের বাড়িতে দে আপদের সংমিল। পৃথিবীয়ে এখনও তবু মান্তয় আছে যে তাকে দারাক্ষণ খুঁজে বেড়ায়। মানুয়ে

দিবু বলল, হল !

আসহি ৷ খুবই স্বাভাবিক গলা:

এই ভাল হল সলিভদা। ভোমার চারের দোকানে ছোকঃ সেজে থাকবে। ফ্ট ফরমান থাটবে। জল আনবে। মল্লিক ভোমার দেখলে থুথু কেলে। এটা আরও বাড়িয়ে দিতে হবে। আমার বাকাই: কিংবা মরণ সুখো বগলা চোথেই দেখেনি ছলিদিকে। আপাড চলুক ভারপর দেখা যাবে। আমরা কাউকে খাঁজতে যাইনিকেউ আমাদের সঙ্গেও আসেনি। শো দেখে ফরতে দেরি হয়েছে তুমি বললে বাবা সব বিশ্বাস করবেন।

দিবু বলল ছলিদি এই কথাই থাকল।

ললিভ বলল, যা ভাল বোঝ কর। আমার মাধার কিছু আসছেনা।

তুলি ফিরে এল তখন । বলল, দেশলাই আছে ? ললিত বলল, কী হবে !

দাও না। কিছু করব না: ভয় নেই। এন্ধকারেও ললিত যেন টের পায় মানুষের প্রতি নারীর যে চিরস্তন আকর্ষণ ছলির কথাতে বড় আজ বেশি স্পষ্ট। দেশলাই দিলে, ললিত দেখল দেই সায়া শাড়িতে ছলি আগুন দিছে। তার ক্লাবার্তা যেন একজন সাবলীল পুরুবের মতো। ছলি নিজের এই ছলবেশ জীবনের শেব দিন পর্যন্ত রক্ষা করবে এমনই যেন কথা দিল তাদের। ললিত বলল, না থাক শাগুন ধরাবি না:

এটা নিতে বলছ : শোলার একধানা কাঁসার বাসন সম্বল । তোমার মেয়েকে মানাবে অসিল। লাল ভূরে শাভি। মেয়ে তোমার বড় হয়েছে। শাভি্থানা পরলে পরী হয়ে যাবে।

বলছ নিতে! কড আর দিতে হবে ?

বুন্দাবন কর বাসনটা হাতে নিয়ে ওজন পরথ করল। ওজনে বেশ ভারি। দাম পুষিয়ে গেছে। তবু দে একজন ধুরন্ধর কেরিভয়ালা। মানুষ বেচা-কেনার মতে শাভি বেচা-কেনা করতে হয় তাকে। সহজ্ঞে কাব হওয়া ক্রিক না ক্রিপেকে আটকে রাখতে পারলে পরে আবার হাজে মানবে। বলল, মহাজনকে দেখাই। কীবলে দেখি। নিয়ে যাও। পার্বভার মতে মেয়ে হয় না। দেখহ তো দিনকাল কী পড়েছে। ঘরের মেবে ঘরে রাখাই দার। শাভিবানা পারভাকে মানাবে।

কপিলের তর সইছিল না। সে বাইরে এসে নতুন কাপড়ের গন্ধ শুঁকল অস্ধকারে দাঁড়িয়ে: রাস্তায় দেখা মধুদার নঙ্গে। হাতে লঠন নিয়ে বাড়ি কিরছিল। দিবু ফিরে এনেছে অবরটা দিতেই ভার স্থের থবরতা না দিয়ে পারল না। দাদা নিয়ে যাছি। কেমন হল। বলে শাভিটা লগুনের আলোয় মেলে ধরল কপিল।

এই রাতে কপিল এবং শাড়ি এবং তার উদ্ভাসিত মুখ চোথ মধ্ রায়কে কিঞ্চিং বিভ্রমে ফেলে দিল। বলল, কোখেকে আনলি ?

করের কাছ থেকে। আজ যা গেল না!

কপিল বাড়ির কথা এই মানুষটাকে বলতে না পারলে শান্তি পার না। আচ্ছা বলেন, এটা ভাল কাজ। আলঙা দিলেই নিতে হয়।

তোমাকে তো বলছি কপিল, মেয়ের মনে ধরেছে। দশকান কোরো না, পিঁড়িতে বসিয়ে দাও। দেখছ ত কী কেলেংকারিটা করল হরেনের মেয়ে।

সেই। কপিল বলতে পারল না, শাড়িটা পার্বতীকে মানাবে কি
মানাবে না। রাগও করতে পারল না। বাপ হয়ে জলে ফেলে দের কী
করে। মেয়েটা তো তার অবুঝা। বলল, পার্বতীটা আমার অতশত
বোঝে না। বড় নির্বোধ। মেয়ের জন্ম বড় উচাটনে আছে কপিল।
কী করতে কী করে বদবে। বড় বেশি হেনন্থা করেছে। গিয়ে ভালয়
ভালয় দেখতে পেলে হয়। পটলটা ঘুমিয় না পড়ে। মেয়েটার রাগ
হলে মাণা ঠিক রাখতে পারে না। সে ক্রেভ পায়ে ছুটতে থাকল।

ঘরে কিরে সে দেখল পার্বতী তেমনি দরজায় ঠেদ দিয়ে বদে আছে। পটল পায়ের কাছে মেঝেঙেই ঘুমিয়ে পড়েছে। ঘরে
চুকেঃ কপিল বজল দিবু ফিরেছে। ললিতের দকে নিনেমা দেখেছে।

পাৰ্বতী ভেমনি বদে আছে।

কপিলের একটা পা ছবলাবলে, পাটা টেনে বদতে হয়। সে পাটেনে বদে বগলের নিচে থেকে শাড়িটা বের করে বলল, দেখ তো পছন্দ কি না।

পাৰ্বতী বাপের চোখে এমন আগ্রহ জীবনেও দেখেনি রাগ বানের জলের মতো ভেদে গেল। কোখেকে মানলে!

দে এনেছি। একবার পর না দেখি!

পার্বতী কেমন ফিক করে হেদে বলল, কাল পরব। পর না পার্বতী দেখি। পার্বতী শাভিটা নিয়ে দাঁভিয়ে আছে।

কপিল বলল, আমি বাইরে গিয়ে দাঁড়াই। দেখি না কেমন লাগে দেখতে। পর মা।

না লজ্জা করে ! লজ্জা কিরে ! পার্বতী সহসা দৌড়ে বের হয়ে গেল। কোণায় যাচ্ছিস।

এখানে।

কারণ নাই।

পার্বতী ফ্রকের উপরই শাভিখানা পেঁচিয়ে পরল। সারাদিনের সমস্ত গ্লানি মুহূর্তে ভার জল হয়ে গেল রাভে পটল কপিল ঘুমিয়ে পড়লে কেমন তার মনটা খচ করে উঠল। মানুষটাকে পাঠিয়েছে দিবুদার খোঁজ আনতে। দিবুদা ফিরে এয়েছে খবরটা সবাই জেনে গেছে। কিন্তু মানুষটা ভো সেরকমের নয়। তাকে কেন খবরটা দিয়ে গেল না! দে খাবার কোধায় উধাও হল! পার্বতী উঠে বসল। মানুষটা ভো ভাকে বলভ ভোমাকে একখানা শাড়ি এনে দেব। পরবে ত! আমি দেখব ভোমাকে। শাড়িটা পরেই সে শুয়ে খাছে। য়ে কোন সময় এসে দরকায় দাঁড়াতে পারে খেন। বাবা ভো জানে, সে আসে। কত অজুহাত উপলক্ষ্য করে চলে আসে।

শাড়ির নতুন গন্ধ এখন ঘরময়। অন্ধকারেও শাড়ি পরার এক উজ্জ্বল ছবি দে দেখতে পায়। ধরধর করে লজ্জায় কাঁপছে মুখ। কপাল ঘামছে। আর্শিতে পাশাপাশি ছুজন মানুষ। ছু রকমের ছবি। একটা হারিমে ষায় ভো আর একটা ভেদে ওঠে। দে রাঙাচেলি পরে টিনের সুটকেদ হাতে নিয়ে যেন দাঁড়িয়ে আছে।

আত্বও আসবে। বলবে, ফিরেছে। দিবুবাবু ফিরেছে। চিন্তার কোন

কপালে সিঁ ছরের বড় কোঁটা। পায়ে আলতা মুখে পাউভার। শরীরে চন্দনের স্থান্ধ। পাশে তার ঢ্যাঙা মামুষটি। মাধার দাদা রঙের টোপর। পাম্পস্থ পায়। কোরাধৃতি পরনে। গায়ে দিল্কের পাঞ্জাবি দিবুদা ললিভদা ট্রেনে তুলে দিঙে এসে দেবদাক গাছের নিচে দাড়িয়ে আছে। বড় সুখে চোথ বুজল পার্বতী।

তবু ঘুম এল না পার্বতীর। কতরকমের আশকায় যে ভুগছে। গেল ডো কোন খবর নেই! ভারপর ভাবল বাবা বাড়ি আছে বলে হয়ত চুকতেই সাহদ পায়নি। বাড়ির আনাচে কানাচে কোণাও দাঁড়িয়ে আছে। সে সম্ভর্পণে ঝাঁপ তুলে দেখল, দেখা যায় কি না। তার কেমন কষ্ট হল, চোরের মতো একটা লোক তাকে দেখার জ্ঞা ভালবাদার জন্ম কেবল অপেক্ষা করে। মামুষ্টার এই আচরবের ব্দক্ত চোখে জল এসে গেল পার্বতীর। কত হেনস্থা সয়েছে। এক কথায় উঠে গেল, অৰচ ফিরে এসে বাবা বাড়ি বাকায় চুকতে সাহস পাচ্ছে না ৷ সন্তর্পণে দরজা খুলে দেখল—না উঠোনে কেউ দাঁড়িয়ে নেই। গোয়ালঘরের পেছনে যদি থাকে—যেন যভ তুর্যোগই আস্তুক সে আদৰে — পাৰ্বতী খুঁজে বেড়াতে থাকল। মনে মনে বলল, এই বাবা নেই! ভয় নেই। এদ না। কোধায় তুমি! আমি শাড়ি পরেছি তাথ। না কালাও তাকে দেখা গেল না। কোলাও চোরের মতে৷ দাঁড়িয়ে নেই দেখে হতাশ হয়ে ফিরে এসে বড় সমূর্পণে ফের দরজা ভেজিয়ে (দল। মাত্র শুয়েছে তথমই ফটাক ঠাকুমার গলা—ভ क्षिम, क्षिम।

পাৰ্বতী ৰাবাকে ঠেন্সে দিয়ে বলল, এই বাবা, বাবা, ও পটল, পটল দেখ ঠাকুমা মনে হয় ডাকছে।

কপিল সহদা ঘুম ভেঙে যাওয়ার লাফিয়ে উঠে বসল।--কে কে ! আমি। ওঠ। ঠাকুমা ভাকছে।

ভাড়াভাড়ি পার্বতী কুপিটা জ্বে:ল বাইরে বের হয়ে এল। ওমা তুই! ঘুমাদনি। বনমালী ত ফিরল না! পার্বতীর বৃক্টা কেমন ধড়াস করে ওঠে। কিছু জানে না মডে। বলল, কোধায় গেছে!

দিবুকে খুঁজতে যাচ্ছে বলে নের হয়ে গেল।

কপিল কেমন ডেরিয়া হয়ে জবাব দিল, আমাদের জী বলে গেছে। আমরা জানব কী করে। ডোমার ভাইপো ডো দশঘাটের জ্বল খাওয়া লোক কোধায় গিয়ে মজে গেছে গ্রাখ।

ফটকি বোনদি কপিলের ট্যারা কথার জবাব দিতে পারত, কিন্তু এত রাতে কেন জানি বচদা করতে ভাল লাগল না। লাসি ঠুকে ঠুকে অন্ধকারে অদৃশ্য হয়ে গোল।

কপিল বলল, যত শ্বাজ্যের শকুন জায়গাটায় উড়ে আদছে। কে কোনখানে পাকে তার ধবর আমি রাখতে বাব কেন । আনের ধবর কে বাখে! দে পার্বতীর দিকে তাকিয়ে বলল, তুই আবার দাঁড়িয়ে কেন! ভিতরে য়া। এমন তাড়া লাগল যে পার্বতী ছুটে গিয়ে একবার জোয়ে তাকতে পর্যন্ত পারল না, ও বনমালীদা কোপায় গেলে! সে তাকলে যেখানেই পাকুক ঠিক সাড়া দিও মায়ুষটা। টেলিগ্রাফের তারের মতো কেউ তার কাছে পার্বতীর সব ধবর বয়ে নিয়ে যায়। কেউ ষখন জানে না নোকে না, মায়ুষটা ধবর পেয়ে যায় পার্বতীর এখন জাল্ডা পরার সময় শাড়ি পরার সময়।

তার আর ঘুম এল না। সারা রাত এ-পাশ ও পাশ করল। কেবলই মনে হতে থাকে আমুষ্টা জানালায় দাঁড়িতে ভাকবে পার্বতী আমি বনমালী। ভোমার দিবুদা ফিবে এয়েছেন। ভাল ভাছেন। কোন চিন্তার কারণ নাই।

ভারে রাতে ভার যুম লেগে এয়েছিল। শাভি পরে নতুন শুটে থাকলে যা হয় ইট্র উপর শাভি উঠে যায়। প্রায় উল্লয়। বুমের ঘোরে,থেয়াল থাকে না—দকালে এক ভয়ংকর দোরগোলে ভার এম ভাঙল। ভাড়াডাড়ি শাড়ি টেনে রাস্তায় নেমে শুনহ বর্গনান বাঁধের ওপার থেকে চুটে আদছে। গুখানে একটা মান্তয় উরু হয়ে পড়ে আছে। কালে ভারে থেয়েছে।

॥ দ্বিতীয় পর্ব ॥

এই নতুন আবাসভূমিতে কটা ধিরিক্সি তালগাছ সম্বল। একা এবং নির্জনতার প্রতীক বেন তারা। ধূধু মাঠ, এবং রোদের উত্তাপ, দারা দিনমানের সঙ্গী। বাঁধের ধারে ধারে বাড়িছর উঠছে। কাঠ এবং বাঁশ কাটার শব্দ শোনা যায়। দূরে স্টেশন বিন্দুর মতো আকাশের নিচে ঝুলে থাকে। আর থড়ের মাঠ মাইলের পর মাইল ব্যাপ্ত। দূর থেকে দেখলে বোঝা যায় না, এমন নির্জন এবং পরিত্যক্ত জায়গায় কখনও মানুষের আবাস তৈরি হতে পারে।

পুবের আকাশ কর্দা না হতেই একটা হাহান্ধার ধ্বনি এই আবাসভূমিকে সচকিত করে দিয়েছিল; কারো তরাসের গলা—কালে
থেরেছে। সাপ-থোপের উপদ্রব এই বিলেন অঞ্চলে নিত্যদিনের
ঘটনা। প্রচণ্ড দাবদাহের মধ্যে মানুষের মতো এইসব সরীস্পদেরও
পাগল করে রাখে প্রকৃতি। কোপানলে পড়তেই পারে কেউ। দে

দিবোন্দ্র রাতে ভাল ঘুম হয়নি। ফিরতে রাত হয়েছে। নতুন জায়গা, সবার ভাবনা চিন্তা হতেই পারে। সকালে বের হয়েছিল লিজিডদার সঙ্গে দাইকেলে। তুপুর নাগাদ ফিরে আদার কথা ছিল। ফিরতে পারেনি। বাড়িতে সবার কাছেই মিছে কথা বলেছে। লিজিদা জারজার করে বাইজোপে নিয়ে গেল—ভার করার কিছু ছিল না। শুধু জাাঠামশাই বলেছিলেন, ললিভের এটা উচিত হয়নি। এখনই যদি জোমরা এত রাত করে ফের, বড় হলে করবে কি!

দিব্যেন্দু আনে, জ্যাঠামশাই ছিন্নমূল হবার পর প্রিরবারের সবার সম্পর্কে আরও বেশি সচেতন হয়ে গেছেন। তুলিদির ফেরার হওয়ার বিষয়টা নিয়ে একটা কথাও বলেননি। সব ভাঙছে। ভাঙতে ভাঙতে কোথায় গিয়ে ঠেকবে কে আনে! নিজ্মের পরিবারটুকুর ভাঙন ঠেকানোই তার সবচেরে এখন বেশি জ্বরী। দিব্যেন্দু ইচ্ছে করলেই ছলিদিকে খুঁজতে বের হতে পারে না। ললিতদার পরামর্শ মতো সে গেছে, এবং ছলিদি যে কিরে এসেছে, এবং এই আবাসভূমির কোণাও গোপনে এসে উঠেছে কেউ জানে না। সে আর ললিতদা বাদে এই ঘেরির সর্বত্ত স্বাই জানে এবং ওর বাবা মা এমনকি চিন্তা-হরণও জানে মেয়েটা কেরার। কেন যে কেরার এটা ছলিদির চোখ-মুখ দেখে সে টের পেরেছে। ছলিদি তার হাত কামড়ে দিয়েছিল। ব্যাণ্ডেজ বাঁধা। জ্যাঠামশাই চোখ কুঁচকে বলেছিলেন, হাতে কি হয়েছে তোমার ?

म कार्मार मृत्य वरलिएल, माहेरकल त्थरक शर्छ।

গুরুজনদের সামনে কত আর মিছে কৰা বলা যায়! সে কোন রকমে ছটো মুখে দিয়ে নিজের বিছানায় এসে আত্রার নিয়ে কিছুটা যেন স্বস্তিবোধ করেছিল। এবং শুয়ে মনে হল, এত বানিয়ে বানিয়ে সে জজত্র মিছে কথা বলে গেল কী করে! এবং সেই থেকে খেন কোথাও কূট-কামড়, পারিবারিক পরিমণ্ডল মান্ত্রকে যে সং হতে শেগায়—সেখান থেকে সে যেন জনেকটা ছিটকে পড়েছে। জ্যাঠা-মশাইয়ের সামনে সে কোনদিন কিছু গোপন করতে পারেনি—মিছে কথা বলা তো দ্রের কথা, কাল সে তাই করেছে। ঘুম আসছিল না। পার্বতী, ছলিদি এবং সেই ফণীর দিদি, ললিভদার ভাষায় সার্কাসের মেয়ে—স্বাই চোখের উপর নেচে গেলে তার ঘুমটা আসে কী করে।

কেউ তাকে ডাকছে!

(本?

७ हे नाम। भिग्नित्र ७ है। काटन (थरव्र हि।

ঘরগুলি নতুন। মূলি বাঁশের বেড়া, খড়ের চাল। বেলা যে হয়েছে, বেড়ার ফাঁক-ফোঁকরে আলোর চাকচিকাতে ধরা ধায়। সে শোয় বারান্দায়—যেথানটায় জ্যাঠামশাই সকালে ঝাঁপ তুলে কাঠের বাক্সটা নিয়ে বসেন। পাশে একটি চেয়ার আর লম্বা টুল। কুগীপত্তর

এলে এথানটায় তারা বদে। সে উঠে প্রথমে টুলটায় বদে বলল, কি হয়েছে বললি ?

কালে থেয়েছে।

কাকে ?

কটকি ঠাকমার ভাইপোকে!

৩, দেই গোকটাকে! পার্বজীকে বড় জ্বালাভন করত লোকটা!
কোন বিষাদ কিংবা আডক্ষ খ-সময় তার মধ্যে ক্রিয়া করল না।
লোকটা সম্পর্কে কেবল অভিযোগই শুনেছে, কপিলকাকা বাবাকে
বার বার শাসিয়েছে, ঠ্যাং ভেঙে দেব বোঝলেন। আমার পার্বজীরে
কয় আলতা কিনা দিব!

পার্বভীদের বাড়ির দামনে দেও দেখেছে মাঝে মাঝে—গলায় ক্রমাল বাধা একহারা চেহারার এক মানুষ দাঁড়িয়ে থাকে। চক্রাবক্রা গোঞ্জ গায়। ভান হাতে ঘড়ি পরে। একদিন ললিভদার দোকানে গিয়ে চাও খেয়েছে।

সাপের দংশন না অন্ত কিছু, কে জানে ! দিব্যেন্দু এখানে আসার পর থেকেই জায়গাটা সম্পর্কে থোঁজাথুঁজি করতে গিয়ে বুঝেছে, এই থাঁ থাঁ মাঠে প্রকৃতির ক্ষ্যাপামি বড় বেশি .

উষা খবরটা দিয়েই এক দৌড়ে রাস্তায়। লোকজন এখন ঘরে নেই। ছোটকাকি, মা এবং জেঠিমার কোন দাড়া নেই। জ্যাঠামশাই কার সঙ্গে বাইরের উঠোনে কবা বলছেন। দে আর বদে থাকতে পারল না রাস্তায় গিয়ে দেখল, ঘেরির ভালগাছের নিচে নতুন আবাদের সব মানুষজন ভেঙে পড়েছে। খাবার সময় জ্যাঠামশাই বললেন, ওদিকে আর ভোমার যেয়ে কাজ নেই।

এই এক দতর্কতা বাড়ির প্রবীণ মামুষটির দব দময়—রাস্তার বাড়িঃ দবাই দাঁড়িয়ে দূরে তালগাছের নিচে মানুষের জ্বটলা লক্ষ্য করছে—ওদিকে ঘাবার নিষেধাজ্ঞা জারি—স্থতরাং মা জ্বেঠি কাকিমা এবং কল্পন কেউ স্থার বেশি দূরে যেতে পারেনি। কেবল বাবা বোধহর দেখানে গেছেন। সাপে কাটা মড়া সে দেখেনি। কৌভূহল দেখার। এই সঙ্গে ভর ভীতি—একটা জ্যান্ত মানুষ সাপের ছোবলে মরে গেছে—এবং এই নিয়তি যে কার জ্ঞা শেষ পর্যন্ত অপেকা করে খাকে—কেউ জানে না।

এ ডল্লাটে প্রায় কোন গাছপালা নেই, গাছের ছায়াও নেই। বেলা বাড়লে দারা মাঠে গনগনে উত্তাপ। জ্যৈষ্ঠ মাদ গেল, বৃষ্টি নেই। কপিলকাকা দণ্ড নিয়ে পাইক খেলে দেদিন বৃষ্টি ঝড় তৃই নামিয়েছে। ঝাড়ফুঁকে মানুষের বড় বিশ্বাদ। লোকটার উপর বোধহয় এখন দেইদৰ ঝাড়ফুঁক চলবে।

তথন উষা দেখল তার দাদাটা কেমন ভালমানুষের মতো বাইরের উঠোনে দাঁড়িয়ে আছে। কাল পার্বতী কত দেজেগুজে এদেছিল, তার দাদাটা যদি একবার পার্বতীকে দেখত। পার্বতী প্রথম শাড়ি পরে চুপি চুপি এদে জানালায় ডেকেছিল, সই। উষার খুব ইচ্ছে হচ্ছিল দাদাকে বলে, জানিস দাদা পার্বতী এদেছিল, পার্বতীকে শাড়ি পরলে কী স্থন্দর দেখায়। কিন্তু শত হলেও পার্বতী নারী, দেও। একজন পুরুষ মানুষের কাছে নারীর সৌন্দর্য ব্যাখ্যা করার মধ্যে কোলায় যেন একটু বেহায়াপনা থাকে। পার্বতী টের না পেলেও দে পায়। তাই তার বলা হয়নি, অথচ আজ সকালে বনমালীকে দাপে কেটেছে থবরটা পাবার পরই কেমন দে-দব ভুচ্ছ মনে হয়েছে তার। দে ডাকল, দাদা।

দিব্যেন্দু দেখল উষা রাস্থায় দাঁড়িয়ে ডাকে ডাকছে। ওথানটায় গিয়ে সে দাঁড়ালে জ্যাঠামশাই কিছু বলবে না। বাড়ির আর সবার উপর তাঁর নিয়ন্ত্রণ শিবিল হয়নি ডিনি সেটা বোঝেন। কেবল সে কথার বার হয়ে গেছে। কারণ গডকাল যডই সে ললিডদার দোহাই দিক, আসলে সে যে জ্যাঠামশাইকে ছলনা করেছে তা বোধহয় টের পেয়ে গেছেন ডিনি।

এমন সময় দেখা গেল কারা যেন এদিকটায় এগিয়ে আদছে।

ভালগাছ কটা ঘেরির ও-শাশটায়। মাইলখানেক দ্রে প্রায়। গোলা-কার ঘেরির বাঁধ, ভালগাছগুলো থেকে কিছুটা বেঁকে এদিকটায় আসার সময় অনেকটা জায়গা অদৃশু হয়ে থাকে। লোকগুলিকে দে-জন্ম দিব্যেন্দ্ কিবো রাস্তায় দাঁড়িয়ে থাকা অন্য কেউ আগে দেখন্ডে পায়নি। কাছাকাছি আসভেই দেখা গেল কেমন ক্ষ্যাপা রমণীর মভো কটকি বোনদি এদিকটায় লাঠি ভর করে ছুটে আসছে। দিব্যেন্দ্ দেখল, জ্যাঠামশাই এবার কেমন একটু সম্ভস্ত হয়ে উঠেছেন। কটকি বোনদি কাছে এসে প্রায় আছাড় খেয়ে পড়ল জ্যাঠামশাইরের পায়ের কাছে। হাউমাউ করে কাঁদতে থাকল আর কী সব বলতে থাকল যা দিব্যেন্দ্ একবর্ণ ব্যুতে পারল না।

জ্যাঠামশাই, কণীর বাব: এবং আরও ত্ন-একজন এদিকটার এডক্ষণে জড় হয়েছে। তারা বলাবলি করছিল, ওদিকটায় বনমালী কী করতে গেল!

এটা একটা প্রশ্ন। অত দূরে রাত-বিরেতে একা কেউ যায় না।
গেলেও লঠন নিয়ে বায়। রাত-বিরেতে দাপথোপের ভর বড় বেশি
বলে কেউ লঠন ছাড়া চলে না। তু-দালও হয়নি ছিল্লমূল মানুষজন
এখানটায় বাড়ি করতে শুরু করে। জমি জলের দরে। এবং বিশাল
বিলেন অঞ্চল বলে, ঘেরি ছাড়া থাবাদ করার দাহদই পায় না কেউ।
ভাছাড়া ভালগাছগুলির নিচেই গো-মড়কের দময় দব গরু বাছুর
নিয়ে দেখানে কেলে রাখা হত। দিনমানে শকুনের ওড়াউড়ি—রাভে
কর্কশ শব্দে কা কা কালা ভয়ের উজেক করে থাকে। বনমালী
এমনিতেই ভীত মানুষ, বতটা জানে পার্যতীর দিকে নজয় থাকলেও
কাপুরুষের যা হয়ে থাকে, দূর থেকে দেখা, এটা-ওটার লোভে ফেলে
দেওয়া—এ-ছাড়া তার আর কিছু করার দামর্য্য ছিল না।

জ্যাঠামশাই বললেন, কাঁদলে হবে ? যতীন ওঝা গেছে। ও কী বলছে!

की बनाब दा कारे। किছू बरन ना। छरेख दारथ ह— मदानि

বলছে চুল টানলে থদে যাছে রে ভাই। আমার মরণ হয় না কেন! কেন তুই হাভাভের বেটা মরতে এলি। কপিল নির্ঘাত ভলে-তলে কাজ দেরেছে রে ভাই। আমার কী হবে গ!

কশিলকাকার কথা আসছে কেন দিব্যেন্দু ব্যতে পারল না।
জ্ঞাঠামশাই এক ধমক লাগালেন, কপিলকে টানছো কেন।
কপিল কি টেনে নিয়ে গেছে ওকে।

্ ওরে নাথে না। ব্রাবি না। বলল, পিদি ঘ্রে আদি। পার্বভীর দিব্দা আড়ি ফেরেনি। দেখে আদি কী হল। পার্বভী বলল দেখে আদতে।

ছোট হয়ে গেছে। শুধ্ কপিলকে ঋড়ানো নয়, তাঁকেও ঋড়াচ্ছে। কারণ দিলেন্দ্র জন্ম কিছু করা মালে উপেন রায়ের হয়ে করা। দিবোন্দু উপেন রায়ের ভাইপো। কথাটা খেন কটকি বোনদি মনে ধরিয়ে দেবার চেষ্টা করছে: 'দবোন্দু নিজেকে কেমন অপরাণী ভারতা। অপবাধের দক্ষে শস্কা। তার বাড়ি ফিরতে দেরি হচ্চে এমন চিম্না-ভাবনা বা কিছু ভার পরিবারের লোকভনের। পার্বতী ভার কেউ হয় না। উহার সই। সে এখানে আসার আগে থব আস্ত । সে আসার পরও আসে। ভবে থুব ক্ষা। ভাকে দেখলে সব সময় আড়ালে চলে খাব: শুধু এক্দিন, মেয়েটা ভাকে ভরমুজের রুদ খাইয়েছিল। দেদিন দে ফ্রক পরা মেয়ের মুখে দেখেছিল এক আশ্চর্য সার্ম্যা—ঠিক প্রাণখোলা নয়, কেমন একটা উরাট ভাব। পার্বতী দেদিন তার দিকে চোথ তুলে ভাকাভে পারেনি ! এমন একটা উরাট বিজেন জায়গায় মামুষ কথনও ঘরবাডি বানায় দে ভাবতে পারত না : পার্বতীকে দেখে তার মনে হযেছিল, যতটা নীর্দ এবং উরাট ভেবেছে, জ্বায়গাট। ঠিক ডডটা নয়। ভারপর ললিভদাকে আবিষ্কার, কাল রাতে সাইকেলে হিজলের গভীর প্রান্তে চলে গিয়েছিল—কেমন দব রোমাঞ্চর মনে হচ্ছিল—আজ দকালেই

আবার সৰ শুনে কেমন বিস্থাদ লাগছে। কি দরকার ছিল ভোমার পার্বতী, বনমালীকে খুঁজতে পাঠানো। আমি কি ছোট আছি। আমার সঙ্গে তো ললিডদা ছিল। এগুলো বাড়াবাড়ি।

উপেন রায়ের মাধায় কেমন ছশ্চিস্তা দেখা দিয়েছে। চোখ-মুখ দেখলেই টের পাওয়া যায়। পরনে খাটো ধৃতি, খড়ম পায়, খালি গা। সারা শরীরে উপবীতখানা জলজল করছে। একবার কি ভেবে ফণীর বাবাকে কিছু বলতে গেল। কের কি ভেবে বলক না। ফটকি বোনদিকে বলক, তুমি যাখ। কী করা যায় দেখছি।

আসলে এখন উপেন রায় ফটিক বোনদির কাছ খেকে মুক্তি পেতে
চায়। বিষয়টা বড় জটিল হয়ে যাচ্ছে যেন। এখানে ভার শত্রুপক্ষ
ইভিমধ্যে গজিয়ে গেছে। চিস্তাহরণ মল্লিক কোন একটা কলকে যদি
দিবুকে জড়িয়ে দেয় ভবে পরিবারের ইজ্জভ নিয়ে টানাটানি। মনে
মনে কপিলের উপর কেমন ক্ষেপে গেল। পার্বভীর উপর আরও
বেশি। কের ফণীর বাবাকে চোথের চশমা ঠিক করতে কয়তে
বলল, আপনার কী মনে হয়, সাপে কেটেছে না অস্তা কিছু।

সাপে কাটা। পারে কামড়েছে। হটো দাঁত বদানো। বিন্দু
বিন্দুরক্ত জমে আছে। যতীনও বলছে।

বভীন বলবে। ওঝা মামুব। ওর এখন প্রচার দরকার। বেঁচে আছে কি নেই, সেটাও প্রমাণ পাওরা যাচ্ছে না। নিজে একবার বাবেন ভাবলেন। দেশ-ছাড়া হবার পর দব সময় পরিবারের সম্ভ্রান্ত চেহারাটা রক্ষা করার জন্ম বত কম পারেন কোন ঝামেলায় জড়াতে চান না। কিন্ত এখন যা অবস্থা তাতে মনে হয়, তাঁর দেখানে না গিয়ে উপায় নেই। ঝাড়ফুঁকের আগে দেখা দরকার নাড়ি। যদি নাড়ি পাওরা যায়, শহরের হাসপাতালে পাঠানোই ভাল। দিব্যেন্দ্র দিকে তাকিয়ে বললেন, শুনলে তো! যাও। গিয়ে জেঠিকে বল একটা জামা দিতে।

দিব্যেন্দু যথন আমা নিজে বাড়ি চুকছে, তথনই উষা ফিসফিদ করে বলল, দাদা কাল না পার্বজী এদেছিল।

এসছিল তো কী হল !

না, এই এমনি। কি খুন্দর শাড়ি পরে এদেছিল ?
আমি কী করব তার জন্ম।

না, তুই ছিলি না, পার্বজী কেমন···
ধাম তো।

সবদিকেই উৎপাত । জ্যাঠামশায়ের জামা নিয়ে দে ছুটে গেল। জামা গায় দিয়ে উপেন রায় বলল, চল আমার সঙ্গে।

কেমন একটা বিপদের আশহা ভেতরে গুরগুর করতে থাকল। মত রাগ তার এখন পার্বতীর উপর। যদিও তার বয়স থুব একটা বেশি না, জাঠার কাছে সে ছেলেমামুষ, তবু ষেন পার্বতীর এই আবেগ তার 🕶 কোণায় একটা অস্বন্থির কাঁটা ফুটিয়ে রেখেছে। পার্বতীকে এখন সামনে পেলে যা ইচ্ছে বলে দিতে পারত। আঞ পর্যন্ত সে পার্বভীর দঙ্গে একটা কথা বলেনি, এ বাভিতে পার্বভী এলে বড দংগোপনে আদে। ভীরু স্বভাবের মেয়ে। কপিলকাকার সংসারে পার্বতীই সব। এটা-ওটার দরকারে পার্বতাকে ডাদের বাড়িতে আদতেই হয় ৷ মাদ ছ-মাদের দেখা পার্বভী কেমন রহস্তময় চোখে কেবল মাঝে মাঝে তাকে দেখছে এই পর্যন্ত। দেশ ছাডা সব মানুষ। আগেকার ঠিকুজি-কৃষ্টি কেউ কারো জানে না। তবে ৰুপিলকাকা গৰীৰ মানুষ। দালায় দৰ্বস্বান্ত হয়ে দে ভিটেমাট ছেডেছিল-পাৰ্বতীকে নিয়ে ক্যাম্পে ক্যাম্পে ঘুরেছে। কপিলকাকা এ-সব খোলাখুলিই বলে বেড়ায়। এমন্কি পার্বতী যে বভ হয়ে গেছে, ফ্রকে আর তাকে মানায় না, পার্বতী দব দনয় একটা গামছায় চাদরের মত সারা শরীর ঢেকে রাখার চেষ্টা করে—ভার চোখ এড়ায় না-এতে করে পার্বতীর প্রতি তার কোন আকর্ষণ থাকার কথা নয়—কেন যে তবু পাৰ্বতী তার দিবুদা ফেরেনি বলে একটু এগিয়ে দেখতে বলেছে বনমালীকে! বনমালীই বা কবে পার্বভীর এভ বাদ হয়ে গেল। এ-সব চিন্তা-ভাবনা তার মাধায় ঘোরাকেরা করছে। জ্যাঠামশাই আগে, সে পেছনে, কণীর বাবা, বগলা এমনকি হরে। পর্যন্ত খবর পেয়ে সাপে কাটা রুগী—ক্লগী না মড়া দেখতে একটু পা চালিয়েই হাঁটছিল।

এখানে আসার পর সে লক্ষ্য করেছে আজকাল ফণীর বাঝ প্রায়ট বিকেলে চলে আদেন। ভামাক খান। ভার পুষ্ট গোঁফ এবং চালচলনে কিংবা কথাবার্ডায় ভারা যে ফেলনা লোক নয়, জ্যাঠার কাছে বিস্তারিত বলতে ভালবাদেন। ফণীর দিদিকে সে ললিভদার দোকানের পাশে প্রথম দেখেছে। গারের রং ফুটে বের হচ্ছে। বড় বড় চোখ। আর সবচেয়ে বিস্মায়ের ব্যাপার, বব কাটা চুল ফণীর দিদির। একটা উদ্বাস্ত্র পল্লীতে এমন মেয়ে যে কোন মুহুর্তে যেন আগুন ধরিয়ে দিভে পারে। সে দূর থেকে দেখেছে। ভার কাছে যাবারক্ত সাহস হয়নি।

জ্থন মনে হল, ভালগাছের নিচ থেকে বনমালীকে কারা কাংছ ভুলে নিয়ে এদিকটার আদছে। কারা নিয়ে আদছে বোঝা যাচ্ছেনা ফটকি ঠাকুমা লাঠি ভর করে হাঁটছে। কুঁজো মানুষ। বিভ্বিভ করে বকছে। কথনও হাউহাউ করে কাঁদছে।

এটা ঠিক—কার সঙ্গে কি সম্পর্ক এখনও যেন এখানে ঠিক হয়নি! পার্বজী এই বৃদ্ধাকে ঠাকমা ভাকে। উষাও তাই ভাকে; দিবুদ পেরকম কিছু ভাকতে পারে। বৃদ্ধা, ভার জাঠাকে ভাইরে বলে হাউমাউ করছে: যা বয়েস ভাতে পিসির চেয়ে ঠাকমা গোছের কিছু হলেই যেন ভাল হয়। বৃদ্ধাকে প্রায় ভাদের সঙ্গে ছুটতে হচ্ছে। দিবুর কপ্ত হচ্ছিল দেখে। বলল, ঠাকমা ভূমি আর কী করতে যাচছ। ওরা ভো এদিকে আসছে।

দিবু তার জাঠাকেও থামতে বলতে পারজ—কিন্তু সে সাহস তার নেই। যতক্ষণ তিনি হাঁটবেন, তাকে হাঁটাতে হবে। এই সময় যে মামুষটিকে কাছে পাওয়ার দরকার দে হল লিউলা। লালিউলার সঙ্গে সে গোপন কথা সহক্রেই বলতে পারে। ার অভিভাবকরা হয়ত ভাবে, ফণীর দিদিকে দেখলে তার কোন রামাঞ্চ বোধ করার কথা নর। সে এউসব বোরেই না। কিন্তু সে নিয়ে যাচ্ছে বলে, আজ প্রথম টের পেল, সেও বড় হয়ে গেছে। কান নারীর ভাল লাগার মধ্যেই থেকে যায় তার মঙ্গল-অমঙ্গলের ক্রে। বনমালী মরে গিয়ে তাকে ধরিয়ে দিয়ে গেল—পার্বতা তার গাপন প্রণয়া। প্রণয়ী কথাটা ভাবতে গিয়ে কথন দিবুর চোখ-মুখাল হয়ে গেল। পার্বতীকে সে এ-ভাবে কথনও ভাবেনি। তাড়া বেন কোথায় একটা অপরাধও থেকে য়ায় এইসব ভাবনার বো। সভ্যি কথা বলতে কী তার গলা শুকিয়ে বাছে। কেন বে গাকে সঙ্গে নিয়ে য়াওয়া হছে।

কণীর বাবাই প্রথম কথাটা বলল, রায় মশাই ওরা ভো এদিকেই গদছে দেখছি।

তাই।

मत्न रुव मनमात्र शास्त्र नित्य याख्या रुव ।

লোকগুলি ক্রমে স্পষ্ট হয়ে উঠছে। কেমন গা শির্মার ভাব
নব্র। মরা মামুষ দে জীবনে খুব কম দেখেছে। সাপে কাটা
গী সে দেখেইনি। এমন একটা সুমার মাঠে এবং খর রোদে কিংবং
বচণ্ড দাবদাহে মা মনসার দন্ধান-দন্ততিরা এমনিভেই ক্ষেপে থাকে—
গর উপর কোথাকার সব লোক বানের জ্বলের মতে। ভেদে এসে
গদের চরে বেড়াবার জায়গা দখল করে নিচ্ছে। যেন এরা ফাঁকেকাকরে লুকিয়ে এই জ্বরদখলী মানুষগুলিকে মাঝে মধ্যে ছোবল
মরে মনে করিয়ে দিভে চায়—কেন হে এলে এই অঞ্চলে।
গলাভিপাত আমাদের—সেখানে কেন ঘর বাঁধলে।

কালাতিপাত কথাটাই দিবুর ভাবতে ভাল লাগল। বেরির রাস্তা গোলাকার। আর না এগুলেও চলবে। কারণ বগলা মরণ ললিডদাকে এখন মাঠের মধ্যে স্পষ্টই দেখা যাছে। গুরা আড়াআড়ি মাঠ ভাঙছে। বনমালীর পা ঝুলছে, হাড ঝুলছে। জ্যাঠামশাই কী ভেবে আর এগুলেন না। দিবু ললিডদাকে ভিড়ের মধ্যে দেখে কিছুটা আশ্বস্ত হল। এবং কেন বে মনে হয় ললিডদা থাকলে দে সব রক্মের বিপদ খেকে উদ্ধার পেয়ে যাবে।

কশিলকাকার বাড়িতে দিবু কাউকে দেখতে পেল না। এমনকি
পটলও যেন কোধায় অনৃষ্ঠা হয়ে গেছে। গরুটা উঠোনে থোঁটায়
বাঁধা। পার্বতী কোধায়! পার্বতী কী ঘরের মধ্যে চুপচাপ বসে
আছে! একবার রাস্তা পার হয়ে বাড়িতে চুকে দেখার ইচ্ছে হল
দিবুর। দেখা হলে যেন বলত, কে ভোমাকে মাধার দিবিয়
দিয়েছিল! বনমালীকে তুমি পাঠালে, এখন অকারণ এই মৃত্যুর
অস্ত তুমি দায়ী হবে। আমাকে লোকে দায়ী করবে। জ্যাঠামশাই
যে বেশ কাঁপরে পড়ে গেছেন, দেখলেই টের পাওয়া যায়।

খেরি থেকে সোজা নেমে হাঁটছিল ওরা। মনসার থানের দিকে বাচ্ছে। রাস্তায় পড়বে ললিডদার চায়ের দোকান। ওটা পার হলে আচার্যপাড়া। ক' বর মণ্ডল। ভারপর আরম্ভ হরেছে নতুন-পাড়া। ওথানেই থাকে কণীর দিদি। যাবার সময় সে কণীর দিদিকে দেখতে পাবে। মেয়েটাকে দেখার পরই এক প্রবল আকর্ষণ বোধ করছে দিবু। চোখ বড়। যেন চোখের ভেডর আশ্চর্য এক রাপকধার জগৎ গোপন করে রেখেছে। সেই জগৎ অনাবৃত ছিল সেদিন। এমন মায়াবী চোখ সে জীবনেও দেখেনি। বড় টানে। কিন্তু জানাজানি হয়ে যাবে—পার্যভী ভার জন্ম বনমালীকে মাঠে পাঠিয়েছিল। কেন পাঠায়! কণীব দিদি বুঝবে, আগেই কেউ পাত পেতে বদে গছে। ভাকে উঠিয়ে সে বসে কী করে!

দিবুর নিজের উপরই রাগ ৰাড়ছিল। বনমালীকে সাপে কেটেছে, আর এ-সময় দে ফণীর দিদির কথা ভাবছে। ললিডদা এবং অক্সাক্তদের মতো তারও দরকার বনমালীকে তুলে মনদার থানে কেলে রাখা। তাতো করছেই না, আর করবেই বা কী করে, জ্যাঠামশাই না বললে তার এক পা নডবার অধিকার নেই।

ফটকি বোনদির দিকে তাকিছে একবার জ্যাঠামশাই শুধু বললেন, ওর বাড়িতে থবর পাঠিয়েছ ?

গেছে। চিন্তাহরণ কর্তা লোক পাঠিয়ে দিরেছে।

জ্যাঠামশাই কণীর বাবাকে বললেন, চিন্তাহরণ দেখছি খুব কাজের লোক। ঠিক খবর পাঠিয়ে দিয়েছে।

মনসার খানে এখন বড় ভিড়। চিন্তাহরণ জ্যাঠামশাইকে দেখে এগিরে এল। চুল খাড়া সোকটার। জবা ফুলের মতো রঙ চোখের। চোখ কেমন ফুটে বের হচ্ছে। দেখলেই বোঝা যায়, কোথায় যেন রক্রপথের সন্ধান পেয়ে গেছে! কাছে এসে চিন্তাহরণ দীর্ঘাস নিল। তারপর মাঠের উপর বসে পড়ে বলল, শুনেছেন ভোসব।

জ্যাঠামশাই বললেন, শুনেছি।

এ-সবের বিহিত করা দরকার।

তা দরকার। তিনি বুঝলেন এর মধ্যে পার্বতী, দিবু, ললিভ. তুলি এসে যায়।

ললিভ দিবুকে এখন ডাকছে।

জ্যাঠামশায়ের দিকে দিবু একবার ভাকাল। ভিনি বললেন, যাও।

এই প্রথম দে একছন দাপে কাটা মড়া দেখছে। বেছঁশের
মড়ো পড়ে আছে বনমালী। চিত হয়ে, হাত-পা ছড়ানো নয়—
কেমন শক্ত চোয়াড়ে। জ্যাঠামশাই চিন্তাহরণের দঙ্গে কী বলে।ভড়
ঠেলে এগিয়ে আদছেন। পাশে বদলেন, হাত তুলে নাড়ি দেখলেন।
সবাই ঝুঁকে আছে। ললিভদা ভিড় ঠেলে দিয়ে বলছে, একট্
হাওয়া থেলতে দাও। জ্যাঠামশাই হাত ছেড়ে দিলেন, গন্তীর মুথে

বাইরে এসে দাঁড়াঞ্চেন। কপিলকাকা এবং বাবাকে কাছে ডেকে
থুব আন্তে কিছু বললেন। ফণীর বাবাও শুনছে। কথাটা কাঁ,
চিন্তাহরণ এগিয়ে এসে বলল, ষতাঁন শেকড়-বাকড় আনতে গেছে।
হব চাই। কলা চাই। সব যোগাড়। আঃ কি যে কপাল,
এই যে আঃ কি যে কপাল, এই যে ফটজি বোনদি, তুমি একবার
কাছে গিয়ে বদ। হা-হতাশ এখন করার সময় নয়। পরে সময়
পাবে। চিন্তাহরণের এমন কথাবার্তা জ্যাঠামশাইয়ের বুকে হল
ফোটালে দিবুর বুঝতে কেন জানি এডটুকু কট হল না।

জ্যাঠামশাই এবার ললিভদাকে ডাকলেন। ললিভদার প্রতি জ্যাঠামশারের কেমন যেন একটা নির্ভরত। আছে। কাছে গেলে বললেন, বতীন কোধার ১

ষভীনকাকা আসছে বলে গেল।

७ (मृद्युट् ?

(मरथरक ।

কৈ বলল ?

ৰলল, চেষ্টা করে দেখবে। বিষহ্রির বি ইচ্ছা কেউ না ক বলতে পারে না।

উপেন রায় কী খেন গোপন করে ষাচ্ছেন। এখনই বলা ঠিক কিনা ব্যুতে পারছেন না। সাপে কাটা মড়া সম্পর্কে তারও কোন স্পর্বি ধারণা নেই। কিন্তু নাড়ি পাননি। বলডেও পারেন না, বন্দালী মরে গেছে। অথবা ষভীনের লক্ষরস্প। হডেও পারে— বেহুলা লক্ষ্মীন্দর, জরংকারু মুনিপত্নী অথবা কোন দেবীমহিমায় বন্মালী বেঁচে যেতে পারে। দেব-দেবীর কুপায় সংসারে সব হয়, মস্তা ফলে, জয়, মৃত্যু এবং আরও অনেক গ্রন্থি এই জগতের মধ্যে রেছে ভারই ইচ্ছায়। ডিনি বললেই, বন্মালী মরে গেছে কেউ বিশ্বাস নাও করতে পারে। সাপে কাট। মড়া ডো পোড়াবারও নিয়ম নয়। ভেলায় জলে ভাসিয়ে দাও—ষেথানে গিয়ে ঠেকে।

কে জানে—কোন এক কালপুরুষ এদে না উদয় হয়। ওঝার বেশে সেই হয়তেঃ খারোগ্যলাভে সাহাধ্য করতে পারে।

আসলে এই সুমার মাঠে বাড়িঘর বানাবার পরই উপেন রায় থেকে যেন সবাই প্রকৃতির লীলাখেলার বড় বেশি ক্রোডদাস হয়ে পড়েছেন। ভিনি জোর করে বলভে পারলেন না, বনমালীকে নিয়ে রণা চেষ্টা।

কে একজন এসে বলল, যতীনকে নাকি মাঠের দিকে উলঙ্গ হয়ে চলে যেতে দেখেছে।

এগুলো হয়। তন্ত্র-মন্ত্র বলে কথা। মন্ত্রবলে মরা মানুষ জিয়ে প্রেচি। সে গেছে শেকড়-বাকড় তুলতে। এথন নাকি ওদিকটার যাবার কারও নিয়ম নেই। কেবল ষতীন ওঝার বউ লাবণ্য লালপেড়ে শাড়ি পরে যতানের গেরুয়া আলখেল্লা আর লুক্সি নিয়ে অপেক্ষা করবে। কাউকে সে ছোবে না। সকালে স্নান-টান সেরে বের হওয়া। জড়ি-বৃটি নিয়ে সে এল বলে। লাবণ্যর হাতে শাঁখা নােয়া পর্যন্ত নেই। কপালে সিঁত্রের কোঁটাও নেই। সব বন্ধনমুক্ত হয়ে নারী ভার পুরুষের অপেক্ষায় খাকলেই মন্ত্রবল বাড়ে। এ-সব কথাবার্তা এখন ভিড়টার হচ্ছে: মেয়ে-পুরুষ সবাই সাপে কাটা বন্মালীকে এখন দেখার জল্য থেরির পাড় থেকে নেমে আসছে।

কেউ কেউ বঙীন ওঝার শেকড়-বাকড় সংগ্রাহের তরিকা আড়ালে দাঁড়িয়ে দেখার চেষ্টা করছে। ওরা গোপনে অনেক দ্রে দারকার পাড়ে একজন মানুষের হাঁটাচলা লক্ষ্য করছে। কথাবার্তার কাঁকে আহারে বনমালী ভোর কি দরকার ছিল পিদির বাড়ি মরতে আদার —এমন দৰ কথার কাঁকে চোথ তুলে দেখছে—হাঁ৷ একজন মানুষ ঝোপ জললে হেঁটে বাচ্ছে। তার মাথা দেখা বাচ্ছে। কখনও পুরো শরীর। ঘেরির পাড়ে দাঁড়ালে যে-দিকের যে লপ্ত তার দবটাই চোথে পড়ে। ধু ধু মাঠ, খড়ের জমি, মাঝে মাঝে কাঁটা গাছের জলল। খড়ের জমিতে চুকে গেলে মানুষটার কোমর অদি দেখা

ৰাচ্ছে। মানুষ্টা যে উলঙ্গ হয়ে ঘুরছে তা অবশ্য এতদূর থেকে
কিছুই বোঝার উপায় নেই। দিব্যেন্দু, ললিত নিচে রয়েছে কিছুটা।
মনসার থান খেরির মাখায় বলে বাঁ-দিকে তাকালে ষতীন ওঝায়
ৰউকে দেখা যাচ্ছে অনেক দূরে একা দাঁড়িয়ে। কেউ বলছে এখনও
কিরছে না কেন গ কেউ ধমকে দিছেে, ওদিকে তাকাছে কেন! সত্যি
দিবু ভেবে পায় না, সেও একবার সেই অতি দূরে কোনো বনজ্ঞালের
মধ্যে একজন মানুষ্ঠক দেখার চেষ্টা করেছে। যতীন ওঝা আশ্চর্ষ
এক রহস্তময় পরিমণ্ডল সৃষ্টি করে কেলেছে সাপে কাটা বনমালীকে
নিয়ে। কোথেকে একটা মশারি আনা হয়েছে, ললিভদা এখন
চারপাশে চারটা দণ্ড পুঁতে বেঁধে দিছে মশারির দড়ি। তার নিচে
ছুকিয়ে দেবার সময় ললিত ভাকল, এই দিবু, আয় ধর।

কথাটা শুনে তার শরীরটা শির্মার করতে থাকল। ললিডদা এ-সব পারে। তুলিদি দোকানে আছে ঠিক। এখানে নিয়ে আদতে সাহস পারনি। কারণ তুলিদি ষভই মাথা স্থাড়া করুক, পাজামা পাঞ্জাবি পরে থাকুক, চিন্তাহরণের চোথকে ফাঁকি দিভে পারবে না। লোকটা পিশাচ লম্পট। এমন মনে হল দিবুর। না হলে তুলিদির মতো নিরীহ গোবেচারি মেয়েটার উপর পাশবিক অভ্যাচার করতে সাহস পায়! কেন জানি ওর ইচ্ছে হল, একে কেন সাপে খায় না! সে বলল, এই বগলাদা যাও না।

ললিভ চোথ তুলে দিবুর এই ভীক্ষভাকে দামান্ত হেদে কটাক্ষ করতে চাইল । যেন বলতে চাইল দিবুবাবু, এত ভর পাও কেন । মান্নযতো শেষে এই । তুমি আমি দবাই । খুবই থারাপ দেখাবে ভেবে দিবু ললিভদার পাশে গিয়ে দাঁড়াল । চোথ থোলা ছির । বনমালী ছ-হাত ছড়িয়ে এখন যেন বিশ্ব সংদারকে বৃদ্ধান্ত । যেন ভাকে বলভে চাইছে. বোঝা দিবুবাবু মন্ধা বোঝা। ভোমাকে খুঁজতে গিয়ে প্রাণটা দিলাম।

দিবু ডাকল, मिछन।--

ললিত কাছে এলে বলল, বনমালী বাঁচবে তো ? যতীনকাকা আখ কি করতে পারে। ওর বাগ-মা কথন আসবে। রাত হবে।

আদলে দিব্র মধ্যে দেই দকাল থেকে চরম অক্সন্তি, ৰনমালীর অপঘাতের জক্ম দে দারী। পার্বতী দারী। দে দহক্ষতাবে চলাকেরা পর্যন্ত করতে পারছে না। কারো দিকে চোথ তুলে তাকাতে পারছে না। চোথে চোথ পড়ে গেলেই। দে ব্রুতে পারছে দিবুকে তারা তাল চোথে দেখছে না। তোমার এত কি দাম যে একট্ দেরি করে কেরায় বাড়িতে হৈ-চৈ কেলে দিয়েছিলে। তা নতুন জায়গা। প্রকৃতির কৃট কামড় লেগেই আছে, তাই বলে পরের ছেলেটার জান নিষে এই যে লড়ালড়ি তার দামটা কে দেবে!

একবার মনে হল ললিডদার জন্মই এটা হল। ললিডদা তাকে না ফুদলালে যেন্ড না! ছলিদি কেরার—দকালে ছলিদি নেই চিন্তাহরণ রটিয়ে দিরেছে, ছলি তার দব দোনাদানা নিয়ে ভেগেছে—ছলিদর উপর অপবাদের বোঝা চাপিয়ে লোকটা নিজ্ত পেতে চেয়েছল। সে বিশ্বাসই করতে পার্ড না, এমন একজন প্রেচি মানুর শেষ বর্মদে একটা কচি মেয়ের মাধা খাবার জন্ম এত প্রলোভনে পড়ে যেন্ডে পারে! ওর বাপটাও ডেমনি—চিন্তাহরণের একটা ল্যাংবোট —আদলে মানুর ভলে পড়ে গেলে যা হয়! ছলিকে মাঝখানে রেখে পালা খেলতে বদেছিল। অকারণ ললিভের উপর তার যে ক্লোভ সঞ্চার হয়েছিল, ছলিদির অদহায় চোখ মুথ ভেদে উঠডেই তা আবার কেমন নিম্প্রভ হয়ে গেল!

ভথন ৰভীন ওঝা নেমে থাসছে। গশায় ক্রম্বাক্ষের মালা। হাঙে ভামার বালা। পরনে গেরুয়া পোশাক। বগলে একটা বাক্স: ওতে কি আছে সে জানে না। ললিভকে বলল, বগলে ওটা কি ?

বিষহরির পাথর! শেকড়-বাকড়ের রুসে ভিজিয়ে খাওয়াবে। আদলে এই জনপদে, একটা সাপে কাটা রুগী নিয়ে নানাভাবে কৰা চাউর হয়ে যাচেছ। এটা হয়। গত সালেও থেয়েছে এক-জনকে। তথন খেকেই যতীন ওঝার তন্ত্র মন্ত্র, বিষ্ঠ্রির পাণর নিয়ে উদ্ভট দৰ কিস্দা ছড়িয়ে গিয়েছিল। ললিত এই নৃতুন জনপদের প্রথম দিককার মারুষ। দে সব জানে। মনদার ধান চাই একটা। চালাঘরটা ছিল বেওয়ারিশ। ঘেরিতে বান ৰক্ষার কিংবা শুখা মরশুমে দূর দূর থেকে চলে আসত মাঠচরার দল। গরু মোষ সব দঙ্গে। মাদের পর মাদ এই তৃণভূমিতে গরু চরাবার ব্দক্ত এই ष्यश्रोत्री ठालाचत्र। ललिखता ष्यात्न, प्रासूरवत्र मत्त्र लहेत्क शास्क भन्न। ख्या विना भटक ना नाथरक हत्व ना। जिल्ह, वर्गना, भन्न। এবং शावक मवारे भिल्म बानका करत पिराइकिंग। এ-मर्व निम्छित বিশ্বাস কম। কিন্তু সে জানে বেঁচে থাকার জন্ত এ-সবই মানুষের वल भ्रत्रमा । आमाल पान्छ। ना बाकाल विषश्त्रित दाखा निर्धावनाय বাস করা কঠিন - সলিত এটা বোঝে বলেই খানের জন্ম বাঁশ বেত থেকে নব সে সংগ্রহ করে দিয়েছে। খানটার মধ্যে আছে একটা ৰড় পাধর। থানের পাশে যতীন ওঝা এনে লাগিয়েছে একটা পঞ্চবটী। গরু মোষের পেটে না যায়, কিংবা বান বক্সায় ভেদে না ষায়, দে-জ্বন্থ মাটি ফেলে জায়গাটাকে উচু করা হয়েছে। শুভ কাজে এখন মানত পড়ে রোগে ভোগে মানত পড়ে৷ যতীন ওয়া সারাদিন এথানটাতেই পড়ে থাকে। বিষহ্রির দোদর সে একজন--চলাফেরায় ভার গর্জন শোনা যায়, জয় বিষহরি। লোকজন মানভ দিতে এলে জয় বিষহরি। ধুতুরা ফুলের গাছ লাগিয়েছে। পেছনে কলা গাছ। চারপাশের কিছু জাম ছেড়ে দেওয়া হয়েছে ভাকে। নি:দন্তান ওঝা মামুষটি এখন বড় গন্তীর। সারা কপাল জুড়ে ডেল দি ছবে মাথামাথ। দিবু মাতুষটাকে দেখে বইয়ে পড়া কোনে। কাপালিকের কথা ভাবল। মামুষজন দব দূরে দরে গেছে। থানের

চৌহদ্দির মধ্যে এ-সময় কারো থাকার নিয়ম নেই। বভীন একবার ত্রিশূল হাতে বের হয়ে আদছে, মশারিটার চারপাশে ঘুরছে, জার অজ্ঞ বকাবকি—যার সঙ্গে এই অপঘাতের কি সম্পর্ক আছে দিব ব্রতে পারে না। সে শুধু ভাবছিল, হে বনমালী তুমি ভাল হয়ে ওঠ। গা-মোচড় দিয়ে একবার উঠে বস। আমার পরিবারেশ লোকেরা ভোমার অপঘাঙের জন্ম বড় চিস্তিত: তুমি একক্ষন উটকো লোক—পার্বতীর টানে পিসির বাড়ি চলে আসতে। সেই পার্বতীই ভোমাকে কাল দিয়ে থাওয়াল।

এ-সবের মধ্যেও দিবুর মধ্যে কি যেন উদখুদ করছিল। ভামাশা দেখার মতো অথবা নিদারুল ভয় থেকে মানুষলন ছুটে এদেছে, উকি দিয়ে দেখে গেছে। শুধু এই ন্তুন আবাদের মানুষ্ণনেরাই আদেনি ' দুর দুর গাঁ থেকে লোকজন এসেছে খবর পেয়ে। যারা হিজলের বিল ভেঙে গরুর গাভিতে রাচ পেকে খান বোঝাই গাভি নিয়ে যাচ্চিল ডারাণ ছুটে এদেছে। কেবল দে তুল্পনকে দেখডে পেল না। ফণীর দিদি আর পার্বভীকে। ওরা কেট আমেনি। বয়েসটা তার যেমনই হোক পাশের থবর এলেই যে সে রাজকলেজে সাইকেল ঠেডিয়ে পড়তে যাবে—খবরের নেশি দেরিও নেই, তবু জানে, কেন জানি এই বয়দটা নারী দক্ষ কামনা করে বড় পদ দাঁড়িয়েছিল গড না বন্মালীর কি হয় কি না হ্ব দেখার জন্ম তাবচেয়ে বেশি প্রযোজন ভার ফণীর দিদিকে একবার দেখা চাখ কি বলে ! এই যে না দেখার মতো চুরি করে দেখার স্বভাব ফণীর দিদির সেটা ভার বড় প্রিয়। এমন ডাকসাইটে একটা মেয়ে এই উদ্বাস্থ্য পল্লীতে এসে হাজির হয়েছে এবং পর জন্মই যেন তার আর কোণাও যাওয়া চলবে না। সে যে এখানে এে ললিডদার সহযোগী হয়ে দাঁডিয়ে আছে সে যেন একটা অছিলা ' কণীর দিদিকে সে দেখেছে, কি নাম লানে না। এই হয়। নতুন আবাদে এলেই থবর—ইয়মন দে আদার পর খবর হয়ে গিয়েছিল উপেন রায়ের সেই কৃতী ভাইপোটি হাজির :

কৃতী বলতে দে পড়াশোনায় মেধাবী। সৰ আবাদেরই অহংকার করার মতো কিছু দরকার হয়। দে সেই দরকারটা পৃষিয়ে দিছে। উদ্বাস্ত বলে হেলা ফেলার মান্তব নয় ডারা, ডাদের গাঁ থেকেও একটা ছেলে সাইকেলে রাজকলেজে পড়তে যাবে। পরিবারের অহংকার, ডাদের বাড়ি থেকে দে বায়—আবাদের অহংকার ডাদের গাঁ থেকে দে বায়। এই একটা ধবর ফণীর দিদির কাছেও পৌছে গেছে। সমবয়সী দে না ছোট না বড় ডাও জানে না। ফ্রক গায় দেয়। তবে বেমানান। পার্বতী ফ্রক গায় দেয় অভাবের ডাড়নাডে। দে বোঝে বড় হয়ে গেছে—সেজক্ত পার্বতী বাড়ির বাইরে গেলে একটা শুকনো গামছা গায়ে জড়িয়ে রাখে। ফণীর দিদি ডাও করে না। যেন ফুটে বের হছে সব। ভার মাণাটা কেমন করে সব চিন্তা করলো।

দে বসেছিল ছোট একটা টিলার মতো জায়গায়। বগলা, মরণ, ললিভদা এবং আবাদের দব ধ্বারা বদে আছে গোল হরে। আশে পাশে কোন গাছ নেই একটাও। খা খা রোদ্ধ্রে জলছে দব এখন। চাষবাদে আল কেউ নামেনি। কৃষিজীবী মালুষদের কাছে বনমালীর অপঘাত একটা বড় আতক্ষের মত কাল্প করছে। কঠিন মাটি ঘাদ এবং খড়ের জললে তেনারা দব ওৎ পেতে আছেন। বান বক্সা এলে ঘরে পর্যন্ত চুকে যায়। ইত্রের উপত্তব বাড়ে। ঘরের মেঝেতে গর্ত দেখা দেয়। কখনও ভার ফাঁকে বের হয়ে আদে পোড়া কেউটে, চিভি অথবা কালো পানদ। কখন কারে খায়। নিয়ভি বড় মানুষকে টানে। কখবার্তা এমনই হচ্ছিল দব। নিয়ভিই টেনে নিয়ে গেছে বনমালীকে। পার্বভীকে শাপ-শাপান্ত করা ফটকি বোনদির ঠিক হচ্ছে না এমনও কেউ মন্তব্য করছে। এর মধ্যে কি কটাক্ষ আছে দিব্র ব্যতে অস্থবিধা হয় না। দে ক্রমেই আরও অবদর হয়ে পড়ছে।

রোদে মাধার তালু ফাটার বোগাড়। দিবুর তাও থেয়াল নেই। সেব দেখছিল শুধু। এমন সময় কন্ধণ এদে ডাকল, দাদা বাড়ি আয়। জেঠিমা ডেকেছে। এ-সময় একলা উঠে যাওয়াটা স্বার্থপরের মতো দেখাবে। সে ললিডদার দিকে তাকাল। ললিডদার মধ্যে কেমন একটা নেতৃত্ব দেবার অধিকার আছে। যেন ওর কথার উপর কোন কথা নেই। ললিড কী বুঝে বলল, বাড়িডে বলগে যাচ্ছে। কঙ্কণ চলে গেলে ললিড বলল, যা। বদে থেকে আর কী হবে। তোরাও যা। ছটো মুখে দেগা। যতীনকাকার কখন শেষ কথা শোনা যাবে কে জানে!

শেষ কথাটা কি হবে কেউ জানে না! শেষ কথাটা বলবে যতীন ভবাই। পরে এবগা ওর আত্মীয়-অজন বেথুয়াভহরি থেকে এলে ঠিক করবে দেটাই শেষ কথা কি না! এখান থেকে নিয়ে যাওয়া হবে কি না, কারণ দূর দূর থেকে তখন খবর মাদতে শুরু করেছে—কোণাকার কোন ওবা সাপে কাটা রুগী কতদিন পর ভাল করে তুলেছে। অভুত দব নাম। ওবা তো নয় সাফাৎ ধরস্তরি। যারা রাঢ় থেকে এদেছল ভারা নাম করে গেল কারো কারো। এদের আবার নানা রকমের বায়নারা। গেলেই যে হবে ভেমন কোন কথা নেই—সে ভার আর এক ওস্তাদের নাম করে বলভে পারে—সেখানে যাও ভিনিই কালবিষ থেকে উন্ধার করতে পারেন। মাচানে করে তখন গ্রাম থেকে গ্রামান্তরে ঠেলে তুলে নিয়ে যাওয়া। ললিভ যেন এদবের জন্মই মনে মনে প্রস্তুত হচ্ছে এবং দিবু ভাবল দেই দলে যদি ভাকে, যেত্ব হয়—পার্বভীর কী যে দয়ঙার ছিল, সে নিমিত্তের ভাগী হয়ে থাকল।

ওঠার মুখে দেখল দিবু ললিডদার কাকীমা নেমে আসছে। হাতে পেতলের পরাত। যতান ওঝার দিধা নিয়ে যাচ্ছে বানে। পেছনে আরও সব বাড়ির নারী পুক্ষ। বাড়ি বাড়ি থেকে বানে এটা দিতে হয়। এতে বিষহরির ক্ষোভ কমে। যে দেয় দে বাঁচে—তাঁর পরিবারের সবাই বিষহরির ক্ষোভ থেকে রক্ষা পায়। পরাতে চাল ডাল ডেল মুন আলু। কেউ দিয়েছে হথানা পটল হলুদ। একজন মানুবের পেট ভরে থেতে বা লাগে তাই। যতীন ওঝার বউ সেই মতো থানের পাথরের পাশে বসে আছে: বড় গামলা সাজানো। ওতেই যে-যারটা ঢেলে দিয়ে সাপে কাটা বনমালীর চারপাশে প্রদক্ষিণ করে থানে গড়াগড়ি দেবে। এবং তথনই চিংকার উঠবে. জয় বিষহরি, জয় জরংকারু মুনিপত্নী, জয় আস্তিক্স্য মুনির্মাতা—এমন সব হল্লার মধ্যে প্রাণের তাগিদে এই কৃষিজীবী মানুষরা প্রকৃতির ভাবং ক্ষোভ থেকে রক্ষা পেতে চাইবে।

দিবু বাড়ি এসে দেখল, জ্যাঠামশাই ঠাকুরঘরে। একটা পশমের আসনে শির্দাড়া সোজা করে বসে আছেন। ধুপ দীপ জলছে ভামার টাটে ফুল ভিল তলনী আতপ চাল হরিতকী। কাঠের সিংহাসনে ভামার পাত্রে শালগ্রামশিলা। পাশে কষ্টিপাথরের কালো বালগোপাল। চোথ হুটো রূপোয় বাঁধানো। আজ হয়ভো জ্যাঠামশাই ঠাকুরঘরে একটু বেশি সময় থাকবেন। ভার ধারণা, বেঁচে থাকার জ্ঞা এই দেবভার অনুগ্রহ বড় দরকার। ভার পূজা-আর্চায় কোন খুঁত থাকলে রোষে পড়ে যেতে পারেন। হয়ভো আজ পরিবারের সবার কল্যাণে ভিনি একশো আটটা তুলসীপাডা শালগ্রামশিলার মাথায় চাপাবেন।

এ-সবের মধ্যে বড় হয়ে ওঠার একটা আলাদা দৌলর্ঘ আছে।
কিপিলকাকা এই দেদিন বিপদনান্দিনীর ব্রত করল বাড়িতে। মা
পূজার বাডাদা কপালে মাথায় ঠেকিয়ে হাতে দিয়েছে। কেন জানি
ভার এ-সবে বিশ্বাস কম। সে হয়তো হাতে দিলে, মাথায় না
ঠেকিয়েই মুখে ফেলে দেবে, সেই আশক্ষায় মা ভার হয়ে করণীয়
কাওটুকু আগেই করে দিয়েছে। সে শুধু বলেছিল, ভূমি য়ে কি
কর না মা।

মা এমনিতেই কম কথা বলে। কেমন ভীক্ন স্বভাবের রমণী। বাড়িতে তার গলা পাওয়া যায় না। কারণ জ্যাঠামশাই আছেন। কোন কারণে ভাশুর ঠাকুরের কানে গেলে তিনি ক্ষুক্র হবেন। সংসারের এই সব নিরমনীতির মধ্যে সে যেন বড় রকমের একটা শৃত্বলা বিরাজ কংছে টের পার। কাকীমা অবশ্য এতটা মানে না। তাকে মাঝে মাঝে দেখা যায় ঘোমটা ছাড়া—এ-বাড়ির পক্ষে এটা যে কত বেমানান কাকীমা বদি ব্ঝত! এমন একটা বাড়ির ছেলে হয়ে সে কি করে যে পার্বতীর হয়ে কথা বলবে ব্ঝতে পারে না। পটল এসে সকালেই নাকি খবর দিয়ে গেছে, ওর দিদিকে রাতে তার বাবা মেরেছে।

কেন মারল !

পটল অভ সব বোঝে না। সে গড়গড় করে বলে গেছে মাকে, জেঠিকে। ওদের এ সব শোনারও উৎসাহ যে কেন এত। পার্বতী নাকি কাল চুরি করে তার মা'র শাড়ি পরেছিল; কশিলকাকা সেই গুনে ক্ষেপে গেছে! পার্বতী আলতা পরেছিল, পাউডার মেখেছে মুখে। আলতা পাউডার কে দিয়েছে এমন প্রশ্ন করতেই পার্বতী বাপের মুখের উপর জবাব দিয়েছে। এতেই ক্ষেপে গিয়েছিল কপিলকাকা। বনমালী দিয়েছে। সেই বাউণ্ডলে হোঁড়াটা! বাড়ির আনাচে-কানাচে লুকিয়ে থেকে যে নাকি পার্বতীর বড় হওয়া দেখত কিংবা পার্বতী যে বড় হয়ে গেছে, এটা নাকি সেই প্রথম টের পায়। একজন বালিকার পক্ষে সত্যি এটা বড় খবর। বনমালীর উপর জোর খাটাবার সাহসও পার্বতী সেই থেকে ব্ঝি পেয়েছে।

সে খুব অক্সমনস্ক ছিল। বাড়িতে এসেও কারো সঙ্গে কোন কথা বঙ্গেনি। কেবল জেঠি বলেছে তুমি স্নান করে ছরে চুকবে। উষা বাইরে এসে তাকে তেল দিয়েছে। এটা কেন সে ব্ঝতে পারে না। কেবল উষা তেল দেবার সময় বলেছে, জ্ঞানিস দাদা, বনমালী মরে গেছে। বাবা এসে সনে করেছে। ছোঁয়াছু য়ি থেকে সেও বাদ যায়নি, উষার আলগাভাবে তেল হাতে ঢেলে দেওয়া দেখেই এটা ব্ঝতে পারে। সে কিছু বলল না। সাপে কাটা ক্লণীর মৃত্যু নিয়ে নাকি কোনো কথা বলা যায় না। বিষে রক্ত ঠাণ্ডা মেরে যায়। নাড়ি থমকে থাকতে পার! তেমন ওঝার পাল্লার পড়লে নাড়ি বে কথা বলবে না কে ভানে।

্একটা গামছাও উষা ছুঁড়ে দিয়ে গেল। গামছাটা কাঁথে ফেলে দে ঘেরির তালানিতে চান করতে নেমে গেল। একবার ইচ্ছে হল, উকি দিয়ে দেখে পার্বতী কী করছে! সে রাস্তা থেকেই ফটকি ঠাকমার শাপশাপাস্ত শুনতে পাছে । মাঝে মাঝে বিলাপ। বড় কর্কশ গলার স্বর। এমন কোমরভাঙা জরাগ্রস্ত রমণীর গলায় এত জোর না শুনলে বিশ্বাস করা যায় না। একবার যেন শুনতে পেল, ওলোরগতরথাকি তর কোন দেবতা আছে রে। কেন আমার বনমালীরে পাঠালি রে। সে তর কোন চুলোর জল ঢেলেছে রে।

দিব্যেন্দু কথাগুলি শুনে মারও কেমন গম্ভীর হয়ে গেল ৷ অপ্রাব্য গালিগালাজ ৰুডির -পার্বতীর সঙ্গে ভাকেও জড়াচ্ছে। এমন গগন-বিদারি কটুবাক্য রাস্তার মাতুষঞ্চনও শুনছে। হরেনটা বোরাঘুরি করছে। হরেন জ্বানেই না, তার নিথোঁজ মেয়েটিকে ললিতদা এনে ভার চায়ের দোকানে তুলেছে। ছুলিদি ভার এত সথের লম্বা গোছা গোছা চুল কত অনায়াদে বাড়ি থেকে পালাবায় সময় ভালগাছের निर्द्ध किए किए पिर्द्ध शिष्टिल। यन भरन भरन प्र व्याद नांदी থাকতে রাজি নয়। পুরুষের বেশে সে পালিরেছিল, এখনও ললিতদ। তাকে সেই বেশে রেখেছে। বৃদ্ধিটা দিব্যেন্দুই দিয়েছিল। দিয়েছিল এই জ্ব্যু যে, ছুলিদির প্রতি ললিতদার তুর্বদতা টের পেতে তার সময় লাগেনি। ললিতদার টান না থাকলে, তাকে নিয়ে রাজকলেজে ৰাবে বলে বের হত না! সে ব্ঝল, এই যে ৰুড়ি বিলাপের মাঝে মাঝে আশ্রাব্য গালিগালাক দিচ্ছে পার্বতীকে তা যেন ঠাণ্ডা করতে পারে একমাত্র ললিভদা। কেমন একটা পাঁচের মধ্যে পড়ে গেছে ললিতদাও। ললিতদার মুখ দেখেই কাল টের পেয়েছিল, এত ঝড ৰু কি সে নিতে সাহস পাচ্ছে না। চিন্তাহরণের মত ধড়িবাঞ্চ লোকের মকে শেষ পর্যন্ত পেরে ওঠা দার। চিন্তাহরণ হরেনকে পাঠিরেছে

ফটকি ঠাকমার কাছে। দেখাশোনা ৰুড়ির ৰুঝি এখন হরেনই করবে।
আসলে সব জেনে নেওয়া। উপেন রায়ের বাড়িতে যে লীলাখেলা
গোপনে চলছে সেটা তার সবটা জানা দরকার। সরকারী ডোল
জ্যাঠামশায় নেননি। নানা কারচুপি আছে জেনেই নিতে অস্বীকার
করেছেন। চিস্তাহরণ তার জ্যাঠামশাইকে জ্বল করার কৌশল
খুঁজছে। আর জ্যাঠামশাইও যেন সবটা আঁচ করতে পেরেছেন।
ললিতদার জিম্মায় তাকে একা রেখে আসার সময় থেকেই সে টের
পেয়েছে বনমালীকৈ নিয়ে একটা ঘোরালো চটকদার কেছে। বানাবার
তালে আছে লোকটা। জ্যাঠামশাইয়ের এতে মাথা কাটা যাবে
ভেবে তার মনটা আরও দমে গেল। পার্বতীর জ্বন্থ যে আবেগ বোধ
করছিল—কেন এটা যে হয় —সেই ছটো নিরীছ চোখ কেব্ল ভাসে।
মা নেই বলে বড় যেন অসহায় মেয়েটা।

সান খাওয়া শেষে দিৰু কী করবে ব্যুতে পারল না। আবার মনসার থানে যাবে, না বাজিতেই থাকবে এ-সব প্রশ্ন যথন মনে দানা বাঁধছে, তখন সে দেখল জ্যাঠামশাই তাঁর ঘরে খাবার পর আসন করছেন। রোজকার অভ্যাস। দিবু তার মাচানে এসে বসল। এখনও ঘরে ঘরে ভক্তেপোশ হয়নি। বাঁশের মাচান করে কাজ চালিয়ে নেওয়া হছেছ। মাটিতে কেউ ভয়ে শোয় না। মাথার উপর দিয়ে সাপ-খোপ কখন তেড়ে যাবে কে জানে! এমনকি সন্ধ্যা হলে উঠোনেও একটা হারিকেন জ্বালিয়ে রাখা হয়। কোন খড়কুটো ধরতে গেলে বেশ সতর্ক হয়ে ধরতে হয়। বছর তুইও য়য়নি, তৃত্তুজনকে সাপে কাটল।
—এটাই আসের সঞ্চার করেছে সবার মধ্যে; আর এ-সময়ই মনে হল, ফণা তুলে আছে আরও কেউ। ধাক পেলেই ছোবল বসাবে। চিস্তাহরণকে সে দেখল একটা বিষধর সাপ হয়ে গেছে। যেন এবাড়ির আনাচে-কানাচে সে ঘুরে বেড়াচ্ছে। সাপ্টাকে গলায় কাস, পরিয়ে আটকে রাখা দরকার। সে কেমন ছুটে বের হয়ে গেল্ ঘর

সে সোজা গেল ললিতদার কাছে। খর রোদ্ধুর গনগনে আঁচেরঃ
মত স্থমার মাঠটা যেন জ্বলছে। জ্বমি আবার রুখা হয়ে উঠছে। য়ড়য়িটতে যে মাটি ঠাণ্ডা হয়েছিল, ক'দিনের তাপে ভা আর নেই। সে
মনসার থানে গিয়ে অবাক। কেউ ঘেরির টিলায় বসে নেই।
এমনকি সে যতীন ওঝাকেও দেখতে পেল না। থানের গামলায়
যে সিধা পড়েছিল, তাও তুলে নিয়ে গেছে কেউ। এতটা হেঁটে এসে
শুধু সে দেখল, মশারিটা সেইভাবে টানানো। চারপাশে চারটা
দণ্ড। চিস্তাহরণ মল্লিকের বাড়ির উঠোনে শুধু জটলা। এখানে
আসার পর একবারও সে চিস্তাহরণের বাড়ির দিকে যায়নি।
লোকটাকে সে কেন জানি সহ্য করভে পারে না। ললিতদাও যায়
না। এক কথা তার। বড় আইনবাজ্ব লোক। কোর্ট-কাছারি
মামলা-মোকদ্দমা ছাড়া লোকটা থাকতে পারে না। তারপর
ছলিদিকে বাজারসান্তর জঙ্গলের কাছে আবিদ্ধারের পর সে ব্যুক্তে
পেরেছে রটনা মিথ্যা নয়। সেই থেকে বলতে গেলে লোকটাকে সে

মশারির নিচে একজ্বন মামুষ; তবে মরে পড়ে আছে। তার কেমন দিন-ছপুরেও ভয় ধরে গেল। মশারির বাইরে একটা হাত বের হয়ে আছে। দিব্র মনে হল, বনমালী আসলে তার দিকে হাত বাড়িয়ে আছে। পারলে ছুটত—কিন্তু এক অসহায় চিন্তা ভাবনার শিকার এটা, অস্থ কেউ টের পাক সে চায় না। যেমন খানিকটা নেমে এসেছিল, তেমনি খানিকটা উঠে ললিভদার চায়ের দোকানের-দিকে হাঁটা দিল। সেখানে গেলে তুলিদি বলল, ললিভদা ফেরেনি।

সে দোকারের ভেতর ঢুকে গেল। বাঁশের মাচ ন, তার উপর হোগলা বিছানো। তুলিদি ভেতরের দিকে আড়াল করা একটা ঝাঁপের পাশে থাকে। তুলিদি একবার মুথ বাড়িয়ে বলল, বনমালীকে নাকি ছেড়ে দিয়েছে!

কে ছাডল!

যতীন ওঝা।

তার মানে গ

বনমালীর কালবিষ নামবে না বলেছে।

জ্যাঠামশাইরের কথাই তবে ঠিক। বনমালী মরে গেছে!
জ্যাঠামশাই তো সবাইকে বলতে পারতেন ডেকে—কিছু লাভ হবে
না। এখন গলায় নিয়ে যাও। কিন্তু কেন এমন চূপ মেরে গেলেন
সে বুঝতে পারছে না।

দিবৃ মাচানে হেলান দিয়ে প্রায় শুয়ে পড়েছিল, এবারে উঠে বসল। বলল, তাহলে কি হবে ছলিদি!

ছলিদি তাকে তরল গলায় বলল, তোমার দাদার কি ইচ্ছে দেখ। আচ্ছা ছলিদি, বনমালী মরে গেলে আর তাকে নিয়ে এদিক-ওদিক যাবার কি অর্থ।

সাপে কাটা রুগী মরে গেছে বলতে হয় না। বেছলা লক্ষ্মীন্দরের গল্প শোননি! পদ্মপুরাণ শোননি।

আসলে দিবু যেন চায়, যা খটে খুব তাড়াভাড়ি ঘটে যাক। বনমালী মরে গেছে, তাকে নিয়ে আর যতীন ওঝা কিংবা অন্ত কারো বিষহরির নামে তঞ্চকতা সে চায় না। আসলে যেন সবটাই চিস্তা-হরণের কাজ। সে-ই ধরে রাখতে চায়। দ্বিতীয়বার বিয়ের ইচ্ছের কথা জানাজানি হয়ে গেছে সেটা চিম্ভাহরণ বোঝে। এই নিয়ে মাথা কাটা গেছে এমন ভাববার কারণ নেই—কারণ লোকটার দাপট দেখলে তা বোঝাই যাবে না। ছলিদি মাথা পাভেনি, ছলিদি শেষ পর্যন্ত চিম্ভাহরণের আশ্রেয় ছেড়ে ভেগেছে, এটা যেমন সে ও ললিতদা বোঝে, ভেমনি চিম্ভাহরণও বোঝে। তবু মামলার নাম করে থানায় যাবে বলে সবাইকে তড়পেছে। এখন এই আবাসে ছলির কথা হয়ভো আর কারো মনেই নেই। বনমালীর কালে খাওয়া নিয়ে সব বাড়িবরে জন্মনা চলছে। এটা যতক্ষণ চলবে ততক্ষণ পার্বতী জড়িয়ে থাকবে, সে জড়িয়ে থাকবে! পার্বতীকে নিয়ে এক ধরনের নির্বাতন চলবে

আড়ালে। বনমালী সরে গেলেই এই নতুন আবাস আবার তার । স্বাভাষিক মর্জিতে ফিরে আসবে।

তথনই সে গলা খাঁকারি পেল। ঠিক, ললিতদা ফিরেছে। ঘেরির রান্তা থেকে নেমে আসছে। এবং সঙ্গে নিশ্চয় কেউ আছে। যেন ছলিদিকে সতর্ক করে দেওয়া। তুমি মেয়ে যতই পুক্ষের বেশে থাক, তোমার চোখ-মুখ দেখলে কেউ টের পেতেই পারে তুমি নারী। ললিতদা কোন কারণেই ঝুঁকি নেবে না। বনমালীর কেলেকারিটা কেটে গেলেই ইচ্ছে আছে সবার সামনে ছলিদিকে হাজির করা। ললিতদা ক'দিন সময় চেয়েছে। যতই ছিয়মূল হোক মাল্যমের তোশেষ পর্যস্ত একটা মান-সম্মান নিয়ে বাঁচতেই হয়। চিন্তাহরণ যে বাড়িতে ব্রিনাথের মেলা বসিয়ে ছলিদিকে খাবলাতে গেছিল সেটা কোন কারণেই প্রকাশ করা চলবে না। অথচ চিন্তাহরণের নির্যাতনে মেয়েটা ভেবেছিল—এটা প্রমাণ করা দরকার।

দোকানে ঢুকে ললিত দেখল, দিবু বাঁশে হেলান দিয়ে বসে আছে।
দিবুকে দেখে সে অবাক হয় না। কারণ দোকানে কেউ না থাকলেও
দিবু মাচানে এসে বসতে পারে। পাশে তার কাঠের একখানা ক্যাশ
বাক্ম। প্রায় সময় আলগাই থাকে। আজও আছে। দিবুর কিছু
ভাল না লাগলে এখানটায় চলে আসে। এই আবাসভূমির পাঁচ-সাত
মাইলের মধ্যে কোন লোকালয় নেই। দিনভর গরুর গাড়ি আসে
রাঢ় থেকে। যায় সাঁটুই, তারপর গলা পার হয়ে বেলডাল। এবং
আরও সব দ্র দ্র জায়গায়। তারাই খদ্দের। চারপাশটা সবসময়
নির্ম। মনে হয় কোন বনবাসে সবাই চলে এসেছে। এই
দোকানটা আছে বলে দিবু যেন কেমন এক বড় মুক্তির স্থাদ পায়।

त्म वलन, अत्निष्टिम पिब् ?

আমি আর কিছু শুনতে চাই না। বল তোমরা কখন বনমালীকে নিয়ে বাবে ?

কোথায় নিয়ে বাব ?

সে জানি না। লোকটা মরে গিয়ে কন্ত লোককে যে ভয় পাইয়ে দিয়েছে।

দিৰু আসল কথাটাই জানে না। জানলে আরও বাবড়ে যাবে। সে বলল, বেথুয়াড়হরি থেকে ওর আত্মীয়স্বজন না আসাপর্যন্ত আমরা চাই বনমালী থানে পড়ে থাকুক।

্থাকুক না। আমার কি! সে এবারে যেন ললিওদার ভর দেখানোকে ভোয়াকা করল না।

ছলি শুনছ ?

ভোমার সঙ্গে আর কেউ আসেনি ?

কেন আসবে 🕈

তবে গল। খাঁকারি দিলে কেন ?

কেমন অভ্যাস হয়ে গেছে।

ছলি পর্দার আড়াল থেকে বের হয়ে এল। মাথার চুল তেমনি কাগে ঠোকরানো। এক-রাত এই ঝাঁপের ওপাশে ছলিদি ললিভদার সঙ্গে রাত কাটিয়েছে। সব মানুষ যে সমান নয়, এত সুযোগ থাকতেও ললিভদা রাতে তাকে খাবলাতে যায়নি, তাতে সে বোধহয় মানুষ সম্পর্কে আবার বিশ্বাস ফিরে পাচ্ছে।

श्रुणि वनन, किंदू वनरव ?

না বলছিলাম, দিৰ্বাৰ্র ভাগ্য। কত লোকের যে প্রাণ কাঁদে দিৰ্বাৰ্র জন্ম। ফণীর দিদিটাও আড়চোথে কাল বাব্কে দেখে গৈছে। ভোমাকে দেখে স্বন্ধরীরা মাথা ঠিক রাখতে পারছে না।

কী যা তা বলছ সবার সামনে!

আরে তুলি আমাদের ফ্রেণ্ড। কী বলিস তুলি। আমরা যাই হই চিস্তাহরণের চেয়ে খারাপ লোক নই।

তুলির মুখটা কালো হয়ে গেল।

ললিত ৰুঝল সে এটা বলে ভাল কাজ করেনি। চিস্তাহরণের নামে মেয়েটার মধ্যে কেমন তালেং সঞ্চার হয়।সে ফের বলল, আরে না, ও কিছু না, এমনি বললাম। চিন্তাহরণ যতীনকে ডাকিয়ে বলেছে, তুমি একটা মড়াকে নিয়ে শালা ছলচাতুরী খেলছ। বেলা পড়ে আসছে—তোমার ভেলকি বৃঝি না । এখন বলছ, নেই, ভেডরে পাখি নেই। উড়ে গেছে। তারে থান থেকে তুলে নেনগে।

দিৰু বলল, ঠিকই বলেছে, থানে ফেলে রাখতে দেবে কেন! দেবে কেন মানে! কোথায় তবে রাখা হবে। কার বাভিতে!

কেন, ফটকি ঠাকমার ভাইপো—বলতে গিয়ে মনে হল, পার্বভীর একেবারে চোখের সামনে হয়ে যাবে। পার্বভী আর ফটকি ঠাকমার বাড়ি লাগালাগি। জলের টানাটানির সময় পার্বভীই ফটকি বুড়িকে জল যুগিয়েছে। বনমালী তো উটকো লোক। হঠাং হঠাং উদয় হত পার্বভীর টানে।

ফটকি বুজি রাখবে না!

কেন! এত বিলাপ করছে ভাইপোর নামে। বাড়িতে রাখবে না কেন!

থানে আছে থানে থাকবে। বনমালীর বাবা কাকারা এসে যা হয় করবে। ঠাকুরের থান, বিষহরি যদি পড়ে থাকতে থাকতে এক ১সময় কুপা করেন।

ৰুড়ি তো খুব সেয়ানা!

আরে কথা বৃঝিদ না। দাপে কাটা মড়াকে কার বাড়িতে চ্কতে দির ! রাস্তার রাখা বার না। রাস্তার পাশের বাড়ি মানবে কেন। হৈ চৈ করবে না । একটা সাপে কাটা লোক পড়ে থাকলে সে বাড়ির মানুষজ্ঞনের মাথা ঠিক থাকে । ভাগাড়েও দেওয়া বার না, বনমালী তো মরেনি!

দিব্র মনে হল, বনমালী ব্যাটা আচ্ছা বিপদে ফেলেছে স্বাইকে। গঙ্গাভেও নিয়ে যাওয়া যায় না। কার ছকুমে নেবে। সে যে বেঁচে নেই তার প্রমাণ কি! এতো আর রোগে ভূগে মরেনি। কালদেবতা খেরেছে। খুশি হয়ে প্রাণটা আবার ফিরিয়েও দিতে পারে। লক্ষ্মীন্দরের যখন জীবন ফিরে পাওয়া গেছে তখন বনমালীর কেন পাওয়া যাবে না।

এই অকাট্য যুক্তির বলে বনমালীকে পুড়িয়ে না দেওয়া পর্যন্ত সে বেঁচে আছে—আর নদীর জলে ভেলাতে ভাসিয়ে দিলে ভো কথাই নেই। চিরকালের জ্বস্থা বনমালী ব্যাটা অমর হয়ে থাকবে। কে জানে কাথায় কোন সাধ্বাবার সাক্ষাৎ মিলে যাবে, বলবে ব্যাটা ওঠ, ভেলায় করে আর কত ভেসে বেড়াবি। সঙ্গে বেছলা থাকলে একটা প্রমাণ পাওয়া যেত, সে আবার ফিরে আসত ভিটায়। কিন্তু আপাতত বেছলা পাওয়া যাচ্ছে না। কপিলকাকা সকাল থেকে শাসাচ্ছে পার্বতীকে। পার্বতী নাকি একটা কথাও বলছে না। গুম হয়ে বসে আছে। এ-সব জানাজানি হয়ে যায়—কারণ পটলের কাজই হচ্ছে তার দিদিকে বাবা বকাঝকা করলে তা উষাকে এসে বলা। কারণ পটল জানে, তার দিদির হঃখ যদি কেউ বোঝে, সে উষা। সমবয়সী। একবার উষা নিজে গিয়েও সেখেছে—কিন্তু নড়াতে পারেনি। কপিলকাকা নিজেও মুখে দেয়নি কিছু। কথন বনমালী এসেছিল, আর কখনই বা পার্বতী বনমালীকে একট্ এগিয়ে দেখার জ্বস্থা বলেছিল, কপিলকাকা শত জেরা করেও জ্ববাব পায়নি।

ললিভদা বলল, বোস ভূই। স্নান করে ছটো মুখে দি আগে। পরে বলছি।

দিবুর ভেতরটা ছটফট করছে। শুনেছিস দিবু! কী শুনতে হবে! ললিতদা আসল কথাটা বলছে না। অথচ এমনভাবে এসে বলেছে যে পিলে চমকে যাবার মতে। বাড়িতে বাবা জ্যাঠা সবাইকে অস্বস্তির মধ্যে ফেলে দিয়েছে। পার্বতী না বলে যদি ফটকি বুড়ি বলত, কিংবা অস্থা কেউ, কোন দোষের ছিল না। পার্বতী বলেই যত গণ্ডগোলের মধ্যে ফেলে দিয়েছে তাকে। সে কেমন অধীর হয়ে বলল, বলবে তো!

কী বলৰ !

এই যে এসে বললে, শুনেছিস দিবু! আর কিছু বললে না। না। আমার আর তোমার মজা করা ভাল লাগছে না। মন ভাল নেই।

তোর আবার মন খারাপ কেন ? তোকে কেউ ছোবল মারেনি তো !

ইয়ার্কি রাখ ললিতদা! আমার সত্যি কিছু ভাল লাগছে না।
লালত দিবুর প্রতি কেমন সম্রেহ দৃষ্টি ছড়িয়ে দিল। জলপানি
পাওয়া ছেলে। ম্যাটি কেও জলপানি পাবে। এই একটা গর্ব তার।
দে একটা যাত্রাগানের পালা লিখবে ভেবেছে। দিবুকে দিয়ে পরে
ঠিকঠাক করিয়ে নেবে! দিবু জানে কত। সে বলল, আগে খাই।
ছটো মুখে দিতে দে। কি ছলি কী রাঁধলি বাড়লি। ডিম ভাজা
করেছিস ?

ছুলি আবার ওপাশ থেকে বলল, করেছি।
আর একটা কর। দিব্বাবু থাবে আমার সঙ্গে।
না, আমি থেয়ে এসেছি।
পেট ভরে থাওনি। পেট ভরে না থেলে খুঁজবে কি করে।
ভার মানে !
মানে গভীর দিব্বাবু। বদলা নিতে চায়।
কিসের বদলা !

এই তোমার জ্যাঠা উপেন রায় যে বংশ-গৌরব করে না, সততা, শৃঙ্খলার কথা বলে না, তার খেতায় আগুন দিতে চায়।

কে? কেদে?

ক্সান বোঝ; আমার মুখ থেকে আবার ক্সেনে নিতে চাও— এই তো।

দিৰু বলল, এত সহজ্ঞ না।

খুব সহজ । চিন্তাহরণকে তুমি চেন না। তুমি তো এই সেদিন এখানে এসে উঠলে। ভোমার জ্ঞাঠা চেনে, আমরা আরও বেণি চিনি। ব্যতে পারছ না, কারো বাড়িতে টিনের ছাউনি নেই। কিছু
চিন্তাহরণের বাড়িতে আছে। এগুলো এমনিতে হয় না। কী
খরচপত্রের বহর— চায়ের কেটলি বসানোই থাকে। তুমি যখন যাবে
চা পাবে। কোখেকে আসে। হিদাবে পাকা ব্যলে না। আবাসে
একটাই কাঁটা, আর তা হলে তোমরা। আবাসের লোকেরা তোমাদের
আলাদা চোখে দেখে। তোমার জ্যাঠা দেশে যা রেখে এসেছিলেন,
এখানেও সেটার চলন রাখতে চান। সে হতে দেবে কেন ?

দিবু শুনতে শুনতে কেমন গভীর অতলে ডুবে যাচ্ছিল ওর চোখ এমনিতেই বড়, ললিতদার কথা শুনে চোখ ছটো তার যেন আরও হাঁ হয়ে গেল

ললিত বলল, খুব ঘাবড়ে গেছ শুনে ? না, মানে !

মানে চিস্তাহরণ তার সাক্ষোপাঙ্গদের ৰুঝিয়েছে, যার পরামর্শে বনমাঙ্গী কালের পেটে গেল, সেখানেই লাশ রেখে দেওয়া দরকার। দায় তাদের। আমরা থানে মড়া ফেলে দায় রাখব কেন!

দিৰু নড়ে-চড়ে বসল। বাঁশে হেলান দিয়ে আর স্বস্তি পাচ্ছে না। সে বলল, এই যে শুনলাম যতীন ওঝাকে শাসিয়েছে—থানে থাকবে না তো কোথায় থাকবে।

ছুটু লোকের মতি স্থির থাকে না জ্ঞানিস! সকালে একরকম বিকেলে আর একরকম। মাথার মধ্যে পোকা থাকলে যা হয়। বলে লালিত এক দৌড়ে নেবে গেল। ছটো ডুব দিয়ে উঠে এল ঘেরির ভলানি থেকে। ভারপর গামছা চিপে দড়িতে মেলে দিল। লুঙ্গিপরে খালি গায়ে খেতে বসে গেল। ছজনের মাধ্য আর কোন কথা নেই। কথা দিবুও যেন আর জ্ঞানতে চায় না। সে বুঝে নিয়েছে, চিস্তাহরণের সালোপাঙ্গরা বনমালীকে এখন মাচায় করে তাদের বাজির সামনে ফেলে রেখে যাবে। ভয়ে তার কেমন গলা শুকিয়ে কাঠ হয়ে গেল। কারণ সে বুঝেছে, কালের ঘরে তারা না পাঠালেও

তাদের ছেলে দিব্র খেঁাজে বনমালী কালের পেটে গেছে। দিব্
ললিভদার খাওয়া দেখছিল। গোগ্রাসে খাছে। ডিমভাজা ডাল।
কাঁচা লল্পা গ্রাসের সঙ্গে কামড়ে খাছে। ছস-হাস শব্দ হছিল।
ললিভদার কাকা শাড়ি কাপড়ের ফেরি করে। ললিভদা কাকার
কাছ থেকে আলাদা, রাস্তার মোড়ে চায়ের দোকান, মাচান, কেটলি
উম্বন ডেকচি, একজন মামুষের জ্বস্থ যা খা দরকার সব আছে।
ছলিদি বাড়ভি, খরচ বেড়েছে মামুষটার। বোধহয় ললিভদা আর
আগের মডো নেই—চিস্তা-ভাবন। বেড়েছে। পরের ভাল করার
চেয়ে নিজের দিকটা দেখার তাগিদ বেড়েছে। দিব্র ভাল-মন্দ
নিয়ে তার যেন আর কোন আকর্ষণ নেই। সে মাচান থেকে নেমে
বলল, যাই। দেখি জ্যাঠামশাই জানে কি না।

বোস। গিয়ে কী করবি। বনমালীকে কপিলকাকার বাড়িতে কেলে রাখার মতলব আঁটিছে চিন্তাহরণ।

তালে আমাদের বাড়িতে না! সে কেমন উৎফুল হয়ে উঠে বিষয়টা নিয়ে ফের ভাবতে গিয়ে মাথা গরম করে ফেলল, দেখি কি করে রাখে!

কোথায় তবে রাখবে বল। মাঠে ? সব বাড়ি থেকে দেখা যায়।
থানে ? সব বাড়ি থেকে দেখা যায়। তালগাছগুলোর নিচে!
ফেলে রাখলেই সাবাড়। ঝাঁকে ঝাঁকে শকুন বসে থাকে মাথায়।
একটা জ্যান্ত লোককে শকুন দিয়ে খাওয়ালে ওর বাবা কাকার।
ছাড়বে ? গ্রামন্ত্র পুলিশে ধরে নিয়ে যাবে না!

জ্যান্ত বলছ কেন! যতীন ওঝা তো বলেছে, আর কোন আশা নেই, পাথি উড়ে গেছে।

ও বললেই হল। মানবে কেন! সাপের লেখা বাবের দেখা কপালে না থাকলে হয় না। বাবে খেলে সাবাড় হয়, সাপে খেলে লক্ষ্মীন্দর হয়। শাল্ত জানিস না ? বিষ বেম্মতালুতে জ্বমা হয়ে আছে। বেম্মতালু তো বৃঝিস। আমার চেয়ে তোর কড বেশি বিছে। ওটা হল গে মামুষের একখানা পাত্র—ঝেড়ে নামাডে পারলে কাল দেখবি বনমালী গলায় ক্রমাল বেঁধে পার্বতীকে আবার শিস দিক্ষে।

দিব্যেন্দু ব্ঝল. ললিভদার হয়ে গেছে। অথচ গভকাল গুলিদিকে খুঁজতে না গেলে এই অপবাদের বোঝা পার্বভী কিংবা ভাকে বইভে হত না। কেন যে গেল! এখন ললিভদা হাত ধুয়ে মুছে ফেলভে চাষ।

সে বাইরে বের হয়ে এলে ললিভদা হাসল।—দিব্বাৰু গেলে হবে! ভোমার হাভটা দেখি। ব্যথা বেদনা নেই ভো। আর্নিক। খেয়েছ ?

তুলি এ-কথায় একটু সন্ত্ৰস্ত হয়ে পড়েছে। ললিত যে-ভাবে কথা বলছে, যেন দিৰুর হাতের ক্ষতস্থানের কথা মনে ক'রয়ে দিয়ে বলতে চায়, মানুষ হছে হারামের জাত। নাহলে কাল যে তুমি ছলিকে ধরে আনতে গেলে সেই কামড়ে দিল, আজ তুলি একবার ভোমাকে বলেছে, দিৰুবাৰু হাতটা ভাল আছে তো ? কিছু বলেনি। বলে না। নিজে ভাল থাকলে আর কে ভাল থাকল না থাকল আসে যায় না! মানুষের এটা হচ্ছে মূল স্বভাব।

দিবু জানে. ললিতদা পার্টি করে। এই নিয়ে চিস্তাহরণ জ্যাঠামশায়কে নালিশও দিয়েছে। এই একটা উটকো লোক —বোঝলেন
না, ছোটবড় জ্ঞানগিম্যি নেই। কারে কি বলতে হয় জানে না।
দিবুকে ওর সঙ্গে মিশতে দেবেন না। মাথাটি খাবে। মানুষের
হাভের পাঁচটা আঙুল সমান করতে চায়। বলেন, কি মস্ত বড়
কারিগর। আরে প্রকৃতির মধ্যে দেখিস না, গাছ ছোটবড় হয়, নদীর
জ্ঞল এক খাতে বয় না। কখনও বর্ষা, কখনও খরা। শীত গ্রীম্ম
আছে—বলেন সব এক হয় কি করে। বামুন কায়েত নম সব এক
হয় কি করে! বেটা নমর বাচ্চার বাড় দেখেছেন!

पिन् उन् अरे माञ्चलेटिक अरे नजून आनारम मन ठारेटि श्रियमंत्री

মনে করে। রেক্সাণ্ট বের হলে হয়তো ললিডদাই রাজ কলেজে নিয়ে যাবে ভর্তি করাতে --কিন্তু বনমালীটা একি ঝামেলা বাধাল! মরেও না মরে বেটা, এ কেমন বৈরী।

তাই বলে কপিলকাকার বাড়িতে !

বাড়িতে রাখবে কেন! রাস্তার ধারে ফেলে রাখবে। ওর বাড়ি থেকে কেউ না আসা পর্যস্ত সেখানে থাকবে।

কপিলকাকার বাড়ি এবং তাদের বাড়ি খুব কাছাকাছি। মাঝে কাঁকা জমিন কিছুটা। সেখানে বাবা কলার চাষ করছেন। ওটা পার হলেই পার্বতীদের বাড়ি। তারপর ফটকি বুড়ির ঘর। একখানা চালা। কয়েক কাঠা ভূই এই সম্বন্ধ করে এখানে এসে কপিলকাকার সঙ্গেই উঠেছে। স্বাই যখন তাকে দেশে ফেলে আসছিল, তখন কপিলকাকাই বলেছিল. গাঁ! স্থন্ধ, চলে যাচ্ছে, তুমি একা থেকে কি মরবে!

দিব্ অসহিষ্ণু হয়ে উঠেছে ললিত ব্যুতে পেরে কেমন মঞ্জা উপভোগের মতো তাকে দেখছে। এক ফাঁকে মুখ মুছে ফের গামছাটা বাঁশে ঝুলিয়ে রাখল। ভেতরে গলা বাড়িয়ে বলল, ছলি খেয়েনে। বসে থাকিস না। আমি এক্ষুনি আবার বের হব। ছলি বাইরে বের হতে পারে না বলেই এক বালতি স্নানের জ্বলপ্ত নিয়ে এসেছিল ললিত। মগে ছলির জ্বল ঢালার শব্দ পাওয়া যাচ্ছিল।

কী বে ফেরে পড়ে গেল দিব্যেন্দু! যেতেও পারছে না। এমন একট। অ্যাভাবিক ঘটনা ঘটতে যাচ্ছে—সাপে কাটা বনমালী মাচানে চিংপাত হয়ে পড়ে থাকবে—একটা মরা মানুষই বলা চলে, হাত-পা শক্ত, মুখ হাঁ করা; চোয়াড়ে চেহারার বনমালীর চোখ স্থির—ঘরের বার হলেই দৃশ্যটা চোখে পড়বে। একটা মরা কুকুর বেড়াল বাড়ির পাশে পড়ে থাকলে অস্থপ্তি হয়—আর এতো একজন চেনা মানুষ: সেই সঙ্গে মনে করিয়ে দেওয়া, তোঁমরা এর নিয়ভিকে

ভেকে এনেছ। এখন তোমরাই সামলাও। চিন্তাহরণের কৃট বৃদ্ধির কাছে ভার জ্যাঠামশায় কত অসহায়—লোকটাকে খুন করতে পারলে যেন ভার দব অসহিষ্ণুভা কেটে যেত।

সহসা ললিত বলল, দিৰুবাৰু এর নাম ভালবাসা। কত রক্ষের বে কামভূ মান্তুষের, বেচারা বনমানী সত্যি পার্বতীকে ভালবাসত। পার্বতী তোমাকে।

কী বলছ যা তা ?

কিছু গোপন থাকে না জান। উঠতি বয়সে হয়। রক্ত টগবগ করে ফুটতে শুরু করেছে তোমার পার্বতীর। তোমরা টের পাও না!

না আমি টের পাই না । কিছু টের পাই না । তোমরা আমাকে মিথা। জড়াচ্ছ। আমাকে, পার্বতীকে। আমার জ্যাঠানশায় কি ভাববেন। কেমন অসহায় বালকের মতো দিব্যেন্দু ভয়ে কেলেঙ্কারির আশ্বায় কেঁদে ফেলল।

দিব্বাৰু শক্ত হও। তোমার কোন দোষ দিছি না। পার্বতীরও না। পাশাপাশি থাকলে হয়। এটাই সরল সত্য। তুমি ভাবছ এতটুকুন ছেলে প্রেম করলে দোষের। না না, দোষের না। তোমার তো ষোল পার হয়ে গেছে। তোমার গোঁফ উঠে গেছে। তুমি নিজেকে যত ছোট ভাব, তোমার জ্যাঠামশায় তোমাকে যত ছেলেমাকুষ ভাবেন, তুমি তা নও। পার্বতীর কাছে তুমি রোমিও। রোমিও জুলিয়েট নাম শোননি ? কে যেন লিখেছেন। আমি একটা এর বাংলা বই পড়েছি। তবে সেখানে গুইজনই জানত হজনকে। তোমরা হজন অন্ধকারে হাতড়াছ্ছ। বংশ গৌরব সম্পর্কে সব সময় একটা লাঠি খাড়া করে রেখেছেন তোমার সামনে। তোমার জ্যাঠামশায়, দেশ ভাগ হবার পর সব ছেড়ে আসতে পেরেছেন, এটা পারেননি। পারবেন। সময় লাগবে। তুমি পার্বতীকে ভালবাসলে, তোমার বংশের মর্যাদা নষ্ট। এই ভরটাই বেশি কাক্ত করছে।

কত স্বপ্ন তোমার সামনে পার্বতীর একটাই স্বপ্ন। সে তোমাকে ছাড়া কিছু বোঝে না।

ললিভদাকে এত গুছিয়ে কথা বলতে সে কোনদিন দেখেনি। ললিভদা ওর হাত চেপে ধরে আছে। ঠাণ্ডা করার চেষ্টা করছে। বলছে, বোস। ঠিক সময়ে সব হবে। তবে একটা কথা বলে রাখি, সভ্যকে সত্য বলে জেনো। ত্লিকে যে এনে তুলেছি—সত্যকে সত্য বলে জানব এই ভেবে। ত্লিকে নাবালিকা ভেবো না। ওটা চিম্ভাহরণের কারসাজি। কারণ অসহায় হরেনটাকে আশ্রয় খাত্য সব যোগাচ্ছে। শুধু ত্লিকে হাত করার লোভে। বাঘের মুখ থেকে শিকার পালিয়েছে, ব্যতে পার্ছ দিব্বাবৃ। কই আমি তো ভেঙে পড়ছি না। আমি তো সবই আগের মতো করে যাছি। তুমি লেখাপড়া জানা ছেলে, জলপানি পাওয়া ছেলে, এ-শিক্ষাটা হয়নি কেন ?

দিব্যেন্দু কিছু বলতে পারছে না, যে ভীক্তা তার মধ্যে এতক্ষণ প্রবল প্রতিক্রিয়ায় তোলপাড় করছিল, ললিতদার কথা শুনে তা যেন খানিকটা প্রশমিত হয়েছে। সে বলল, ললিতদা পার্বতীর এ-সব কথা আমি জ্ঞানি না। সত্যি বলছি, তুমি বিশ্বাস কর। কাল নাকি পার্বতী ওর মার শাড়ি পরে আমাদের বাড়ি এসেছিল। পায়ে আলতা, মুখে পাউডার। উষা বলল, জ্ঞানিস দাদা পার্বতীকে না কী সুন্দর দেখাচ্ছিল!

ভবে বোঝ। বলে হা হা করে হেদে দিল। তুই ৰুঝলি একটা মুখ্য। ভোর কিছু হবে না। পার্বতী এত সেজে কার জন্ম এরেছিল বল। কাকে দেখাতে এয়েছিল বল।

কিন্তু!

এই কিন্তুটা ছাড়।

না মানে পাৰ্বতী · · · ·

হাঁ। জানি। পার্বভীর এটা আম্পর্বা। কিন্তু দিব্বাব্ তুমি বোর না, ব্যাপারটা কভ নির্মল, কভ পবিত্র। শালতা নাকি বনমালী এনে দিয়েছিল। পাউডারও। বনমালীকে যদি না ভালবাসে, ৬র দেওয়া আলতা পাউডার যে নিল কেন গ

কত গণীৰ কপিলকাকা। জমি চাষ করে কোদাস মেরে। হাল দেবার প্যন্ত টাকা থাকে নংহাতে। মেখেটা ঘর থেকে বের হতে চায় নাং দে ভোজানে বড় হয়ে গেছে। ফ্রকে আর মানায় না। দেধ—সামনে ভাকাও।

দিব্যেন্দু সামনে ভাকাল।

কী দেশত ! কী উদাদ প্রকৃতি ! খা খাঁ করছে। ছটো একটা ভালগাত বাদে কিছু চোখে পড়েনা। আর দুরে দব্র বনটা। ক্লক্ষতা আর এই দব্র বনভূমি ছই প্রকৃতির লীলা। পার্বতী চায় দে ভোমার কাতে একটা দব্র বনভূমির মত বাঁচুক। প্রকৃতির কক্ষতা উলঙ্গনা দে চায় না। ভূমি ভাকে অবহেলা কোরো না।

দিবোনদুর ভেডরে এম্বান্তর কাঁটা ফুটছে। সে বেন আর আগের দিবোনদু নেই। জাঠামশার যার হয়ে গর্ব কং কলতে পারেন, দিব্ আগার কংশের নাম রাথবে সে খন বেইলানি করছে। পার্বতী তাকে গোপনে অস্ত কোলাও নিয়ে যেতে চাব। পার্বতী তাকে নষ্ট করে দিতে চার।

দে নষ্ট কথাটাই ভাবল। লৈশব থেকে এ সম্প.ক কোন চিন্তা-ভাবনা এলেই চার মনে হড়, এ-লব নষ্ট চারত্রের ক্ষণ। দে যভটা পারত ভার থেকে দ্রে দরে থাকতে চেয়েছে। পার্বভী কিংবা কণীর দিদি এই তার মাথা ঘোরাক না কেন, তাই কাছে শটা সুস্থভার লক্ষণ বলে মনে হয় না।

ফণীর দিনিকে দেখার পর সাপনে দে কত থারাপ চিন্তা করেছে।
ভার রাতে ভাল ঘুম হয়নি পর্যন্ত: চোখ আলা করাছিল। শরীরে
কেমন জংজর ভাব। নিকের সজে নিজের এই নষ্ট খেলা এবার
বাইরে প্রকাশ হয়ে পড়ল। বড় লজার। ভারপর ধনমালীকে যদি
সভ্যি পার্বভাদের বাড়ির পাশে এনে রেখে দেয় জ্যাঠামশায় হয়তো

ষর থেকেই বের হবেন না। তার সক্ষে পার্বতীর গোপন সম্পর্কটা তাঁর ভেতর কাঁটা হরে বিঁধে আছে। কোন মুখে ভিনি বের হয়ে বাধা দেবেন।

দিবু এবার তার হাত প্রায় জোর করে ছাড়িয়ে নিল। বলল, ছাড়। আমার কিচ্ছু ভাল লাগছে না। বাড়িতে গিরে থবরটা দিতে হবে

তুই দিবি কেন দিৰু। ওটা এমনিতেই চাউর হয়ে গেছে। তোর জ্যাঠামশায় জানে না ভাবছিদ কেন। সকালের দিকে বনমালীকে নিয়ে যরে বরে কী হা-ছতাশ! আহা রে বাবা মার কি অবস্থা না জানি এখন! আদলে কি জানিদ, মানুষ পরের অমঙ্গলে নিজের অমঙ্গলের কথা তাবে। ভাববারই কথা। এই হিজল বিলে এদে সবাই উঠেছে। উরাট জমি—চাষ আবাদ বলতে এই বেরি। আর সব খড়ের মাঠ, কাটা গাছ। দাপ-খোপের এটা বড় একটা আস্তানা। সবাই বড় আদের মধ্যে থাকে। বনমালীকে নিয়ে তারা সেই আদে পড়ে গিয়েছিল আর যত বেলা পড়ে আদছে, তত ভাবনা, এই সাপে কাটা বনমালীটাকে কোখায় ফেলে রাখা হবে। সবাই এখন ভাবছে তার বাড়ি থেকে না দেখা গেলেই হল।

তারপর নিজেই দিবোন্দুর হাত ছেড়ে দিয়ে বলল, ঠিক আছে যা। বাড়ি যা। আমি দেখছি নী করতে পারি। তথনই ওরা দেখল একটা মাচা কাঁধে করে কারা খেরির রাস্তা ধরে এদিকে আসছে। ললিত বলল, ঐ তাথ। আসছে।

দিবুর মুগ শুকিয়ে গেছে। সে বজল, খবর ভো সেই সকালে গেল। গুরু বাড়ির লোকরা কথন আদবে!

সন্ধ্যা সাভটায় গাড়ি। ফৌশন একে পাঁচ ক্রোশ। এতটা প্রথ ইটিতে হবে। গাড়ি লেট হলে রাভ কাবার হয়ে যেতে পারে।

হঠাৎ কি হল কে জানে। ললিত কিছু না বলে ছুউতে ধাকল। দে রাস্তা ধরে গেল না। আড়াআড়ি মনদার ধানের দিকে উঠে খাচ্ছে ক্ষমি ভেঙে। হাল দেওয়া ক্ষমি। শক্ত চাঙড় হয়ে আছে মাটি।
খালি পায়ে ললিভদা ভা মাড়িয়ে দৌড়ে যাচ্ছে। এবং দে দেখল,
খারা মাচা কাঁবে নিয়ে আলছে, ভাদের সামনে ললিভদা পথ আগলে
দাড়াল। এভদ্র থেকে কিছু বোঝাও যাচ্ছে না। বগলা মরণ কিংবা
আরও খারা আছে সবাই চিন্তাহরণকে ভোয়াক্ষ করে চলে। ক্যাশ
ডোল কে পাবে না পাবে দে ঠিক করে। বাড়ি-খরেয় ঋণ কে পাবে
না পাবে সব চিন্তাহরণের হাছে। সরকারী বাবুর সঙ্গে ভার দহরম
মহরম। চিন্তাহরণ ইচ্ছে করলে ভিটায় ঘুবু চরাতে পারে—সেই
ভরেও কিছু লোক ভাকে ঘাটায় না। ললিভদা কেন পারবে এদের
সঙ্গে!

ত্রলিও বাইরে বের হয়ে খাসছে। দিবু বাদে, কেউ নেই। সে ৰের হতেই পারে। সেও অবাক হয়ে গেছে! বলল, ললিওদা ছুটে গেল কেন দিবু ?

জানিনা। কেন যে গেল!

তারপর দিবু দেখল মাচাটা নিয়ে আবার তারা ফিরে যাচেছ।

এবং একসময় থানের ওপাশে অদৃশ্য হয়ে গেল। তবে কি লালিতদা
থোদ শয়তানের আবাদেই ৩টা রেখে আসতে গেছে! লালিতদাকে
চিন্তাহরণ সবসময় এড়িয়ে চলে ওনেছে। লালিতদা সম্পর্কে যাত
অপবাদ দে-ই ছড়িয়েছে। ওই চায়ের দোকানটা নাকি ফেলগুলানের
মাধা খাচেছ। ওটা তুলে দেবার জ্লু একবার প্রাম-সভাও
ডেকেছিল। তার আগেই লালিতদা গোপনে শাসিয়ে এদেছিল,
টাকুর তোমার বাড়িবরে সেবে তুমি পুড়ে মার থাকবে। আমি
একা মার্য। মনে রেখ সংসারে আমার পিছু টান নেই। পেছনে
লাগলে তোমাকে তাজা পুড়িয়ে মারব। আমি গেলে তুমি বাদ
থাকবে না। তারপর আর প্রাম-সভা বদাতে সাহস পায়নি।
লালিতদা পারে। লালিতদার প্রাড ক্তপ্রতায় তার চোথ কেমন জলে
ভার হয়ে গেল। এবং লালিতদা যথন ফিরে এল, তথন তার কী

হাহাকার হাসি। দিবুকে ভাকছিল, এই এদিকে আয়। শোন। ওকে বেরির উপরে তুলে নিয়ে গিখে বলল, চুপসে গেছে। বলে এসেছি, খামচেছ, দাগ কাগ আমার সব দেখা হয়ে গেছে। বেশি ঝামেলা বনমালীকে নিয়ে বাধালে সব ঠাকুর ফাঁস করে দেব। তুলিকে তুমি শালা কী করেছ ? বুড়া হাবড়া, ক'দিন বাদে নরবে, এখনও লোভের খেতায় আন্তন দিতে পারলে না।

তুমি বলতে পারলে।

আরে স্বার সামনে বলি। ভাল মানুষের মত ডাকলাম, কাকা কথা আছে। ডারপর খুব ফিদকিদ গলায় আমি যে তার যমঠাকুর চিনিয়ে দিলাম। গাঁরে বাদ করবে, আর যমকে ভয় পাবে না! বেটা সাপের ফণা তুলভে গেলে ফের এক ঝটকা, কাঁদির বড়বাব্ স্ব জানে বলে এয়েছি

এদৰ তো কিছুই হয়নি।

শোন, শয়তানের সঙ্গে শয়তানি করতে হয়। লোনের টাকা চুরি-চামারি করছিস কর। টিনের চাল দিয়ে ঘর বানিয়েছিস বানা, তাই বলে মানুষের ইজ্ত নিয়ে টানাটানি করতে পারিস না।

কেমন ঘাম দিয়ে জ্বর ছাড়ার মত অবস্থা দিবুর। দে তবু নি:সংশয় হতে পারছে না। বলল, কোণায় রাখা হবে ঠিক হল ?

ছারকার পাড়ে। কাঁদির রাস্তাট। বেখানে বাঁক খেরেছে সেধানে

,कछे थाकरव ना मिशान !

পাকলে থাকবে, না থাকলে থাকবে না। ভাতে ভারে আমার কি। তুই জানিস বনমালী টেঁসে গেছে, আমিও জানি টেঁসে গেছে, বলোছ, শিয়বে একটা লগুন আলিয়ে রাথতে হবে। যেন বনমালীর বাপ কাকারা রাভে এলে আমরা আলো দেখে অন্ধকারে চিনে থেছে পারি। শেয়ালে কুকুরে না খায় সে জ্বন্তুও আলোর দরকার।

রাজী হয়েছে !

হবে না! মোক্ষম দাওয়াই ঝেড়ে এসেছি। ছলিকে নিয়ে ওর আর ট্যা-ফ করতে হবে না।

দিবু কিছুটা হালা মনেই ৰাড়ি ফিরে আসতে পারল। আর এসেই শুনল, কপিলকাকা পার্বতীকে খুন করবে বলে খুঁজে বেড়াচ্ছে।

কপিলকাকার বড় চণ্ড রাগ। দে জ্বানে। ঠাণ্ডা হয়ে গেলে আবার মেরের জ্বন্ত বদে কাঁদতে শুরু করবে।

উষা বলল, জানিস দাদা, কাল না কপিলকাকা পার্বতীকে মারার পরই কাঁসার থালা বন্দক দিয়ে একটা শাড়ি কিনে এনেছে। দে জানে এই হচ্ছে কপিলকাকা। খুন করা ছাড়া কথা বলে না। হাতে মুগুর। পার্বতীকে তথন পালিয়ে বেড়াতে হয়। তয়ে মেয়েটায় মুখ সাদা হয়ে যায়।

তথন কপিল তার দাওয়ায় বাঁশে হেলান দিয়ে অসহায় মায়ুবের
মত বদেছিল। পটল বাবার পাশে দাঁড়িয়ে—দিদি কোণায় চলে
গেছে। বাবা তার সেই দকাল থেকে দিদিকে হেনস্থা করছিল।
দিদিটা যে তার কেমন! কিছুতেই খেল না। চুপচাপ বদেছিল।
যতবার বাবা বলেছে, তুই খানে যাবি না, গেলে মাথা তেঙে দেব,
তত কেমন ঘাঁড় গোঁজ করে কথাগুলি শুনেছে। জ্বাব দেয়নি।

কপিল দেখল গরুটা আজ বের করা হয়নি। বাছুরটা ছাড়া।
দকালে ছাড়া থাকলে যা হয়, এককোঁটা তথ দোয়াতে পারেনি।
তথনও বিষয়টা মাথায় আদেনি। পার্বতী বনমালীর অপবাতের থবর
পাবার পরই বদে পড়েছিল। তারপর কথাটা চাউর হয়ে গেছে।
কপিল রাগে ফুঁদছিল। তুই মেয়ে বড় হচ্ছিদ, গরীব মান্ত্যের মেয়ে
তুই, ভোর মনে মনে এই ছিল। কুলটা তুই!

কী যে করবে ব্ঝতে পারছে না। পটলের দিকে তাকিয়ে বলল, ষা একবার দিবুদের বাড়ি, গিয়ে দেখ বদি উষার কাছে শাকে। পটল এই নিয়ে তিনবার গেল। এসে আগের মতই বলল, নং দিদি যায়নি।

কোৰায় গেল ভবে!

সে তাকল কের, পার্বতী। হাতে যে মুগুরটা ছিল, যা দিয়ে দে সংকল্প নিয়েছিল পার্বতীর মাধা ফাটাবে, সেটা এখন নিরীছ গোবেচারার মতো বারান্দায় পড়ে আছে। সকাল থেকেই সেশাসাচ্ছিল, কিছু বললে বলবি জানি না। খানে গেলে খুন করব।

কিছুটা কাঁ পাৰ্বতা বোঝে। সে বলেছিল, পাঠিয়েছি বলেছি। বারান্দার বসে আছে। তুমি নেই। যদি তুমি এসে দেখতে পাও বসে আছে, আন্ত রাখবে না। তাই বলেছি। আমার কি দোষ। আমি মিছে বলতে পারব না।

কপিল হকার দিয়ে উঠেছিল, কীবললি, আমার ইজ্জত নাই। তোর মাধা খারাপ। তুই কবি তুই জানিস না।

যত কপিল জোর করছে কথাটা নিয়ে তাত পার্বতী ক্ষেপে গেছে। সে বেংঝে না. এই যে মানুষটাকে সাপে কাটল, মানুষটাকে নিয়ে রাতে সে স্বপ্ন পর্যন্ত দেখেছে, দিবুদা তার কাছে আকাশের নক্ষত্রের মতো, সে তাকে ছুঁতে পারে না, গুধু দেখতে পারে—কিন্তু বনমালীকে ছোরা যায়। বয়সের গাছ-পাথর না থাক, মানুষটার মন ছিল। চিনচিন করে বুকে সে একটা ব্যথা অনুভব করছিল—বাবাটা কেন যে বোঝে না:

কপিলের হুঙ্কার ফের—বাড়ি থেকে বের করে দেব। দাও না। দাও। বলে উঠে দাঁড়িয়েছিল পার্বতী।

পাৰ্বতী তাথ কী সৰ বলছে ফটকি পিসি ? তুই একবার বল, ৰলিদনি, দেখি পিসির কী ক্ষেমভা—

আসলে কপিল কটকি বুড়ির মুখ বন্ধ করতে চেয়েছিল। কান পাতা যায় না। মেয়েটার তব্ যদি হুঁশ থাকে। পার্বতী তব্ মাথা পাতছে না। তবু দে একবার তেড়ে গেছিল, তুই বুড়ি চুপ করবি কিনা বল। পার্বতীকে জ্ঞাক্তিস কেন!

তৃই কানা আছিল কপিল সেয়েটা দজ্জাল। বনমালীরে ভয় দেখায়, পুলিলে দেবে। আর বাল এই বা ক্রেমন ছেলে—এর কাকা পুলিলে কাজ করে, তোর বড় মালা দারোগা বলতে পারলি না। লেজ গুটিয়ে চলে এলি! এক দনও গেল না, আবার ঘুর্ঘুর। মেনি বেড়ালের মড় চলে গেলি: কপিল দেখছে, নক করা ভূললে দশটা কথা বের হয়ে পড়ে। ভলে ভলে এড কথা বলেছে বন্দালীর সঙ্গে! রাগে গুংখে সে এদে পটলকে পিটিয়েছিল। খাকিল কোথায়! বাড়িঙে লীলা চলছে জানিদ না! তুই বাঁদর, হারামজাদা, বের হ বাড়ি থেকে। ভারপর চেলাকাঠ নিরে ছুটিছল। পটল জানে এ-দমর কাছে থাকতে হয় না, সে দৌতে পালিয়েছিল

দিদিও শেষ পর্যন্ত গোঁ না ছাড়লে, ৰাবা একটা মুগুর তুলে ছুটে এসেছিল, খুন করব ডোকে। আমার মাধা কাটা এমনিতেও গেছে, অমনিতেও যাবে। শানা পুলিশ হবে। হোক। সন্তান হড্যার দায়ে পাতক হব।

দিদির ষে কী হল—বাবাকে মুগুর হাতে দেখে একটা কথা বলেনি। মাধার উপর মুগুরটা তুলে শাসিংহছে, বল বলবি না।

দিদি কোন কথা বলোন

ৰল বলৰি, বনমালীকে ভুই বলিদান দিবুকে খুঁজতে থেজে। দিদি কথা বলেনি।

বল, বলৰি আলত। পাউভাৱ বন্মালী দেয়নি, আমি কিনে দিয়েছি।

দিদি মাথা গোঁজ করে বর্দোছল:

एके। अके वनहि।

मिमि छेट्ठे माँ जान ।

খেতে বস। না খেলেও তোকে খুন করব।

পটলকে খেতে দে।

দিদি ভাকে খেতে দিয়েছিল।

আমাকে খেতে দে।

দিদি বাবাকে খেতে দিয়েছিল।

এবারে ভূই খা।

দিদি থেতে বদে হাউহাউ করে কাঁদছিল।

সকাল থেকে বাবার এমন চলছিল। দিদির থেতে থেতে বেলা পড়ে গেছিল। ভারপর বাবা ষথন কিছুটা নিশ্চিন্ত হয়ে গরুটা নিয়ে মাঠে দিতে গেছে, দেও সবার খাওয়া হয়ে যাওয়ায় কেমন হালা বোধ করেছিল—কঙ্কণের সঙ্গে খেরির নিচে গোল্লাছুট থেলবে বলে বের হবে ঠিক করছে, তথনই টের পেল দিদি বাড়িতে নেই। সে এ-দব বিষয়ে বাবার বড় বাধার। কারণ দিদির গতিবিধির খবর না রাথলে ভার পিঠ ভাঙবে বাবা। সে গিয়ে বলল, বাবা, দিদিটা কোধায় গেছে!

পার্বতী না বলে যায় না কোণাও। প্রথমেই সে কেমন একটা হোঁচট খেল খেন। মেয়েটা ভার বড় বাধ্যের। কখনও মনে হয় মেয়েটা যে আজকাল একটু আলতা পরতে ভালবাসে। কখনও বড় ফাংলা মনে হয়। তা শাড়ি একখান দরকার। একখান কিনে দিয়েছে, যদি আউশ গান ভাল হয় তবে আর একখান হবে। সে মাঝে মাঝে এখন শুধু গরু মাঠে দিতে গেলে আকাশ দেখে। জমিতে চাষ দেওয়া আছে। মই দেওয়া আছে। বৃষ্টি ঝাঁপিয়ে নামলেই গান বুনে দেবে।

ভাহলে দেখানেই গেল।

সেখানে মানে বনমালীকে দেখতে। এত সাহস তোর মেরে! বাপের দিকটা দেখলি না। তোকে নিয়ে এত কণা হচ্ছে, তোর মায়া নেই মেয়ে। এত বাড় বাড়লি। মেয়ে যে তার বড় হয়ে গেছে দেটা কপিলের কিছুতেই মাথায় আদে না। সে বুঝল, পার্বতীর বনমালীই দব। তাকে দেখতে না পেলে যেন পাৰ্বতী পাগল হয়ে যাবে। তখনই মনে হল, তৃই—তৃই আমার কে? তোর মতো নির্লিজ্ঞ নেয়ে না থাকলে কী হয় ? দে হাতের মুগুরটা নিরে প্রথমেই ছুটে গেল দিবুদের বাড়ি, ডাকল, পার্বতী আছে ? ওকে খুন করব। মাথা ফাটাব। আমার অমন মেরে দরকার নেই। মেরে মরে যা তুই, বের হয়ে যা। দেখি ভোকে কে ভাত দেয়!

দিবুর জেঠিমা শুধু বলল, কপিল ঠাকুরপো তোমার কি মাধা খারাপ হয়ে গেছে গ সকাল খেকে মেয়েটার পেছনে লেগেছো!

আমি কি করব বউদি। আমার যে একটাই মেয়ে। কত কষ্ট করে বড় করছি। মা ডো তার ড্যাং ড্যাং করে চলে গেল। সব ভাবনা আমার।

কোণাও গেছে, যাবে।

সকাল থেকে বলছে, বনমালীকে দেখতে যাবে।

দিলে না কেন যেতে!

বউদি আপনার মাধা ঠিক নেই! সৰ শুনছেন না।

এ-সময় উপেন রায় ঘর থেকে বের হয়ে বলল, মাধা ঠাণ্ডা করে কপিল বাড়ি যা। আমাদের চুপচাপ থাকা উচিত। ভোর মা**থাটা** যে কী হয়ে যায়!

দিবু ঘরেই বসেছিল। যেন জাঠোর আপদ গেছে! একমাত্র বনমালীর বাড়ি থেকে লোকজন এলে আবার কিছুটা হৈ-চৈ উঠবে। পার্বতী কোধায় যেতে পারে! কপিলকাকার হাতে মুগুরটা তুলছে। অক্য সময় হলে সে বের হয়ে খোঁজাখুঁজি করতে পারত। কিন্তু আজ ষেন সে ভাও পারে না। পার্বতী ভার কে গ

সাঁঝবেলায় ও শুনতে পেল, কপিলকাকা পার্বতীর নাম ধরে ভাকছে, পার্বতী বাড়ি আয়। আমি এমনি বলেছি খুন করব। কখনও করি ? কভবার বলেছি, কখনও করেছি ? পটল ডাকল, দিদি বাড়ি আয়।

কোন সাভা নেই।

চারপাশে অন্ধকার নেমে আদছে। আকাশে নক্ষত্র ফুটে উঠছে একটা-ছুটো করে। ঘরে ঘরে অফ জলে উঠছে। তথন শোনা মাছিল ঘেরির শেষ মাথায়, দিদি কৈ গোলা! দিবু বাইরে দাঁড়িয়ে দেখল, অনেক দূরে একটা মাচা কাঁধে নিয়ে কারা যাচ্ছে। বনমালীকে দেখার জন্ম পার্বতী দেখানে যায়নি ভো! আরও অন্ধকারে মনে হল দূরের সেই মাচা বহনকারীদের সঙ্গে যে কল্ফটা তা আর ছলছে না। স্থির হয়ে গেছে। বনমালীকে বোধহয় এতক্ষণে রাখা হয়েছে ওখানে। মাথার কাছে একটা লঠন জ্বলে কথা আছে।

দিব্র এই প্রথম মনে হল এওটা নির্বিকার থাকা মানুষের লক্ষণ না। দে শুনতে পাচ্ছে, ঘেরির সর্বত্র, কে ডেকে ধার—দিদি বাড়ি আয়। বাবা ডোকে কিছু বলবে না।

দিবু বাড়িতে এই প্রথম মাকে বলে বের হল, মা আমি ললিতদার কাছে বাচ্ছি। ক্ষিরতে দেরি হবে। ভেব না।

দে আর কাউকে কিছু বলল না। বাবাকে না। জ্যাঠাকে না।
জ্যাঠামশায় বৈকালি দেবার জ্বস্থা ঠাকুরঘরে চুকে গেছেন। বাবঃ
বেলভাঙ্গার হাটে যাবেন কাল। ভাল এক জ্যোড়া দামড়া কিনছে
হবে। পাইকারের দঙ্গে কথা বলভে হপুরে চুমরিগাছা গেছেন।
ক্রিতে রাভ হবে। উচটা বাবা নিয়ে গেছেন। রাস্তায় নেমে কেন
জানি মনে হল, নতুন পাডকুয়োটা দেখা দরকার! এ-বয়সে মাফুরের
আত্মনাশের প্রবণতা থাকে। কেউ পার্বতীর কট্ট বোঝে না। দে
এতক্ষণ নিজেকে নিয়েই বেশি বিত্রত ছিল। বনমালীর অপঘাত ষে
কারণে, পার্বতী ভার বড় দায় নিয়ে চুপচাপ কপিলকাকার হিন্ততিরি
হজ্ম করে গেছে, একবারও সেটা মনে হয়নি। শুধু কপিলকাকা কেন,
স্বাই। অলক্ষ্যে যেন হাত উচিয়ে রেখেছে কপিলকাকার বাড়ির
দিকে। অসময়ে মাফুর মায়ুয়ের পাশে থাকে। ভার ললিভদা ছিল
পার্বতীর ভাও ছিল না। উষা যেতে পারত। সেও একবার পাশে
গিয়ে দাঁভায়নি। পাছে জ্যাঠামশায় ক্ষুক হন।

সে পাতকুয়োর অন্ধকারে কিছু দেখতে পেল না। এ-সময় মনে হল লগুন হাতে কেউ এদিকটার নেমে আসছে। কাছে এলে ব্নল কিপলকাকার মনেও এটা উদয় হয়েছে। এমন অন্ধকারে দিবুকে একা বসভের বাইরে দাঁড়িয়ে থাকতে দেখে কপিলকাকা ভাষাক। বে বলল, তুই

না এমনি। ওরা ফিরে আদছে কি না দেগছি।

উভয়ে উভয়কে গোপন করে যাচ্ছে কেন ভারা এথানে হাজির । কপিলকাকা ৰলল, কারো বাডিডে নেই। গেল কোৰায়।

বুকের ভেতর ভয়টা গুড়গুড় করছে পার্বতী যদি কিছু করে বসে! পার্বতী যে তার কেউ না, দিবু আর ভাবতেই পারছে না। একটু দৃদ্ধে ছায়ার মত কেউ দাঁড়িয়ে ৷ দিবু বলল, কে ওথানে ?

কশিলই জ্বাব দিল, পটল, দিদিটা তার যে গেল কোধায়। কশিল লঠন তুলে ভাকল, এই আয়: এসে যাবে। রাগ পড়ে গেলেই এসে যাবে।

পটল কাছে এলে দেখল, ওর চোথ লাল : সে ফুঁপিয়ে ফুঁপিয়ে দিদির জক্ত কাঁদছে!

দিবু কেমন মরিয়া হয়ে বলল, হারিকেনট দেখি। তারপর যেন কেড়েই ওটা নিয়ে কুয়োর নিচে নামিয়ে দিল।—না নেই। স্পট্ট খুব একটা কিছু দেখাও যাছে না। সে দৌড়ে ললিভদার দোকান থেকে একটা টর্চবাভি চেয়ে আনল। তারপর কোকাদ মেরে দেখল, জলের উপর কিছু জোনাকি পোকা শুধু। তাহলে পার্বতী ওদিকেই গেছে। ভয়ে না জেদের বশে, না বনমালীকে যারা নিয়ে গেল তাদের সঙ্গে দে কিছুই বুঝডে পারছে না। পটলের দিকে তাকিয়ে শুধু বলল, বাড়ি যা পটল। তামি তোর দিদিকে ঠিক খুঁজে

দিবু কিছুটা এসেই দেখল, আন্ধকার যেন ওকে গিলে খাচ্ছে। ভারপর মনে হল, না, অন্ধকারেরও একটা আলো গাকে। সেই আলোতে পথের খড়কুটোও দেখা যার। একটু ভাল করে লক্ষ্য করলে কোঝা যার অন্ধকার তত মহামারীর গ্রাস নয়। উর্চটা হাতে। ললিতদা নেই। মাচা নিয়ে দেও চলে গেছে। এখন একবার দেখা দরকার বনমালীকে যেখানটার নিয়ে যাওয়া হয়েছে সেখানটা। কিংবা বাস্তার যদি ললিতদার সঙ্গে দেখা হয়ে যায়—ওরা ফিরে আসার সমর পথে দেখা হয়েই যেতে পারে। সে আর দেরি করল না।

ধানের পাশ দিয়ে যাবার সময় শরীরটা ভয়ে কেমন একবার ফুলে উঠল। মশারির বাইরে একটা হাত বাড়ানো। যেন বনমালী হাতে বাঘ-নথ পরে আছে। প্রতিশোধ নিতে চায়। সে চারপাশে কেমন একটা ভূতুড়ে আণ পাছে। এত ভয় ধাকলে এতটা পথ যাবে কী করে! ঘেরি থেকে নেমে যাবার মুখে চিন্তাহরণের বাড়ি। দামনে হটো আম এবং বাতাবী লেবুর চারা পোঁতা। বারান্দায় লঠন ছেলে চিন্তাহরণ তার শাগরেদদের নিয়ে বদে গেছে। কালীপদ আচার্যের গলা পাওয়া গেল। হরেন নিবিষ্ট মনে কাঠে ঝুঁকে কুচকুচ করে কি কাটছে। ২র্গন তামাশা গল্প এবং জমি সংক্রান্ত কথাবার্তার মধ্যে তার জ্যাঠামশাইয়ের নামও কেউ যেন বলল। এই মজা উপভোগে দিবুর চোধ কেমন তপ্ত হয়ে উঠল।

নিচে নেমে গাড়ির লিক ধরতে হয়। রাস্তা বলে কিছু নেই।
মামুষজনের চলাচল কম। কেবল গ্রীয়ে একটা গরুর গাড়ির লিক
পাশুরা যায়। গ্রথনা বর্ষায় বাঁধে বাঁধে কিছুটা নৌকা এবং জল ভেঙে
পাকা সভকে উঠতে হয়। পাঁচ ক্রোশের মতো পর্ব রন্গাঁর দিকে।
ব্রের মতে! এই বিশাল বিলে কাঁটা আর খড়ের বনের অন্ধকার।
সরসর শক। প্রের হাওয়া দিচ্ছে। সে নিচে নেমে দেখল লঠনের
আলোটা দেখা যাচ্ছে না। তাহলে কি হাওয়ায় নিছে গেছে! কারণ
ভাকে এখন এই আলোটাই দিক নির্ণয়ে সাহায্য করবে। সে কের
ঘেরির পাড়ে উঠে দেখল না লঠনটা জ্বছে। মামুষের সাড়া পাওয়া
ভায় কিনা শোনার চেষ্টা করল। একা এ-ভাবে সে কর্থনও কোন

অন্ধকার মাঠ পার হয়নি ৷ পার্বতী তাকে আঞ্চ দব ভূচ্ছ করছে শিথিয়েছে ৷ সে ডাকল পার্বতী তুমি কোথায় !

এই প্রথম নে পার্বতীকে ডেকে কথা বলছে। সে জান্দ্র াবতী কডকাল থেকে এমন একটা আহ্বান পাথার অভোকার ছিল। বেথানেই থাকুক সাডা না দিয়ে পারবে না।

পার্বতী আমি দিবু: পটল খুব কালাকাটি করছে।

আশপাশের ঝোপ জঙ্গলে পার্বভী তার বাবাকে ভর দেখানোর জন্ম যদি শুকিয়ে থাকে। সে তানদিকে তাকাতেই দেখল তালগাছের নিচে লগুন তুলছে একটা। কপিলকাকা বোধহয় পার্বভীকে সেথানে খুঁজে বেড়াচ্ছে। ললিভদার চায়ের দোকানের দিকে লগুনটা তারপর নেমে গেল। শেষ আশা ললিভদা। যদি সঙ্গে নিয়ে ফেরে। কপিলকাকা এখন সেখানেই যাচ্ছে।

দে আরও একট এগিয়ে দেখতে চায় লিভিদাকে তাই দরকার। আরও তাড়াডাড়ি হাটা দরকার। আলোটা দেখা যাছে । আনক দূরে মাধার উপরে যেন জগছে। দে লিক ধরে গেলে না লারন লিক ধরে গেলে অনেকটা ঘুরতে হবে। সোজা উঠে যাবার সময় মনে হল তার সামনে নিচু জমি নুড়ি পাধর—কোনো নদীর যাতের মডো জায়গাটা। বালি চিকচিক করছে আর মবাক, কখন চোখের উপর থেকে সেই আলোটা সরে গেছে। দে কি তার পর ছেলেছে! বিলেন অঞ্চলটাতে ঘেরির পর ঘেরি। চেউ খেলানো জমি। বোশহয় এমনি চেউ খেলানো জমির কোনো বাঁকে আলোটা অনুশ্র হয়ে আছে। কোনো উচু মডো জায়গায় উঠে গেলে আবার দেখতে পাবে। কিছু এযে কেবল সে নেমেই যাছে। ঘাসকড়িং কীটপতক্ষের শব্দ। একটা শেষাল প্র্যন্ত চোখে পড়ল। বনবিড়াল লাকিয়ে একটা ঝোপ পার হয়ে গেল। চোথ জ্বলছে। পেছন দিকে ভাকিয়ে দেখল, আবাসের আলোও অনুশ্র। সে ঝোবায় নেমে এল! এবং সঙ্গে সঙ্গের জাবায়ের আলোও অনুশ্র। সে ঝোবায় নেমে এল! এবং সঙ্গে সঙ্গের চিংকার, পার্বতী তুমি কি জয় দেখাতে গিয়ে

নিজেই আমার মত আর পণ চিনে আবাদে খেতে পারছ না? সে ডাকল, ললিডদা আছ় । মরণকাকা বগলাদা আছ় । এইডো সামনে আলোটা জ্লছিল, নাকি কোন আলেয়া এটা । সে ছুটতে পাকল । পেছনে উঠে আবার আপের জারগার খেতে চার । খিদ সেই আলো চোথের উপর আবার ভেদে ওঠে। সে ব্যল, এটা আর একটা খেরি। কোন চালা-টালা খদি থাকে। টর্চ জ্লেল খেরির পাড়ে কাউকে খুঁজল। মাঠচরাদের কেউ খদি থাকে। না নেই। কোন চালা নেই। জাত ফুটিয়েও কেউ শদ্মপাতার খাচ্ছে না। কারণ উমুনের গ্রাপ্তন কিংবা লগুনের আলো কিছুই দৃশ্যমান নয়।

খনেক দূরে সে শুধু দেখতে পেল তার সেই আবাদে, লগুনের আলো হটো-একটা ভেদে বেড়াচ্ছে। আবাদ থেকে দে খুব দূরে চলে যায়নি। বরং ঘেরি ধরে আর একটু এগিয়ে দেখা যাক—যদি লিকটা পাওয়া যায়। দে ফের গলা ছেড়ে ডাকল, ললিডদা, ডোমরা কি ফিরে গেছ? না বনমালীকে পাহারা দিছে! ভোমাদের সঙ্গে পার্বভী আছে? কপিলকাকা পাগলের মতো খুঁজছে।

ধ্বনি প্রতিধ্বনি এবং অন্ধকার—বিশাল আকাশ—কোন নক্ষর চোথে পড়ছে না। হাত পা কাঁপছে। ঘামে ভিজে গেছে শরীর। জল তেষ্টা পাচ্ছে। অন্ধকার শুধু একা তাকে ডাড়া করছে না, বনমালীও সঙ্গে। দিবুৰাবু ওকে তুমি পাবে না। সঙ্গে নিয়ে গেছি। অপবাতে গেও গেছে। বৃধা এই বন-বাদাড়ে ডাকে চুঁড়ে বেড়াছে! গাভিমে বৃকের ভেতর তার কেমন একটা কষ্ট হতে থাকল।

নতে নেমে এলেই আবাদের ইতন্তও ছড়ানো জোনাকির মতো ছটো-একটা আন্ধো ঘেরির বাঁধের আড়ালে পড়ে যাচ্চে। দে ষাই করুক, এই কিরে যাবার শেষ সংকেত হারাতে চার না। কী করবে ব্যভেও পারছে না। এখান থেকে নিচে যেদিকেই নেমে যাচ্ছে— দেশিকেই দেখছে শুধু উদাস প্রকৃতি কিসকাস কথা বলছে। পাতার শক, থড় বিচালির শক, কীট-পতঙ্গের শক। টিচ জেলে দেখল, ঘাস

এবং কড়িং, ঘেরির পাড়ে পাড়ে অজ্ঞ কাঁকড়ার গর্ভ। এইদব গর্ডেই
লুকিয়ে থাকেন ভেনারা। কেমন গা শিরশির করছে। গর্ডের মুখে
আলো ফেলল। যদি এরা দল বেঁধে বের হয়ে পড়ে। দে তবু
সম্ভর্পণে ঘেরির পাড় ধরে হাঁটছে। কোন পথ নেই। মটকিলা
গাছের জলল, বেনা ঘাদের ঝোপ, হাঁটাও ষায় না, কখনও ডিওেরে
যেতে হয় কখনও নিচে নেমে আবার উপরে উঠে যেতে হয়। এই
করে দে যখন নিজের আবাদের দিকে কিরে আদবে বলে চেন্তা করছে,
তখনই দেখল পাশের ছোট্ট এক মাঠে লগ্ঠনটা জলছে! এমনকি
মাচাটাও দেখা যাচ্চে। এত কাছে এদে গেছে তবে লগ্ঠনটার!
কিন্তু অবাক, কেউ নেই। শিয়রে শুধু লগ্ঠন। বনমালীর শরীর
চাদরে ঢাকা।

দৃশ্যটা এড বীভংস যে সে চোথ বুব্বে কেলল। যদি ললিভদার। বনমালীকে রেখে বেশি দুরে গিয়ে না পাকে! কেউ নেই যথন, একা পার্বতীকে সে এখানে দেখতে পাবে আশা করে না। যদিও বনমালীকে শেষ দেখার জম্ম এদে থাকে, তবে ললিতদার দক্ষেই দে ফিরে গেছে। সে এ-সময় পার্বভীর নাম ধরে ডেকে বোকামি করতে চায় না। কেবল মনে হয়, লালতদা যদি ভার ভাক শুনতে পায়। বাধের পাড়ে দাঁড়িয়েই দে টর্চ ছেলে ঘোরাতে থাকল। আর হাকতে ধাৰল, ললিভদা পাৰ্তীকে থুঁজে পাওয়া ৰাচ্ছে না। তারপর কোন দাড়া না পেয়ে ভাবল, সে বড় বেশি জীবনের বুঁকি নিয়ে কেলেছে। ভয়ে দে বনমালীর দিকে তাকাতেও পারছে না। নির্জন মাঠে, উপভাকার মতো ছড়ানো বিশাল বিলের বুকে যদি কোন মুভ মামুষ শুরে থাকে এবং আকাশের তারারা পর্যন্ত হারিয়ে যায় তথন দিবুর আর বল পাবার মডো কিছু থাকে না। দে পারলে দব ফলে ছুটত। কিন্তু এখানে এলোপাণাড় ছোটারও সুযোগ নেই—ছুটতে ালে আৰাদের শেষ ধ্রতম সংকেডটাও অন্ধকারে মিলিয়ে যেতে পারে। সে ললিডদাকে ডাকডে গিয়ে বুঝেছে, তার গলার স্বর বের হচ্ছে না। যেন কোন মাডালের জড়ানো কথাবার্ডার মডো শোনাচ্ছে তার গলার আওয়াল্প পায়ে ইট্ছে যেন ডার আর বিল্ফুমাত্র বল নেই। আর এ সময় আর একবার শেষনদেখার মডো দে মাচার দিকে ভাকাবার চেটা করল। কারণ দেই যে মশারির বাইরে বনমালীর হাডটা বের হয়ে ছিল, দেটা লম্ব হয়ে গিয়ে তার পায়ের দিকে একটা তীক্ষ পিচ্ছিল রজ্জুর মডো আবার এগিয়ে আসছে কি না। ভারে ভারে তাকাডে গিয়েই সে ভূতুড়ে একটা ছবি দেখে কেলল। লঠনের পাশে এক নারী বনমালীর শিয়রে বসে আছে। মামুষ শেষ হয়ে যায় না। প্রকৃতি ভার শিয়রে এসে অপেক্ষা করে। সে শেষবারের মডো পার্বতী বলে চিংকার করে উঠল। আর কিছু বলতে পারল না। সংজ্ঞা হারাল।

পার্বতী তথন বলছিল, তর নেই বনমালীদা, বাড়িতে থবর দেওয়া
হয়েছে। ওরা এলে তোমাকে নিয়ে যাবে। ষতীনটা ওঝা না ছাই।
কেবল ভড়ং কিছু জানে না। বিষ গায়ে ঠাণ্ডা মেবে বসে গেছে
গরম হলে সব নেমে যাবে। তোমাকে বলিনি, জান, কাল তোমার
আলতা পারে দিয়ে পাউডার মেখে উষা সইয়ের কাছে গেছিলাম।
আমি গোপন করব না। মিছে কথা বলব না। তোমাকে সাপে
কেটেছে, এ-সময় মিছে কথা বললে আমাদের সবার খারাপ হবে।
পটল তো বন-জকল মানে না। কেবল ঘুরে বেড়ানোর বাই। মিছে
কথা বললে, মা মনসা কোঁস করবে না গ বাবাটা বোঝে না।
তোমাকে তো আমিই পাঠিয়েছিলাম দেখতে। আমি কি জানভাম,
কালে খাবে ভোমাকে! আমায় কী দোষ বল! জান কাল গিয়ে
দেখি, দিবুদাটা ছলিদিকে খুঁজতে কোথায় গেছে। পটল ষে কী মিছে
কথা বলতে পারে। এত সেজে গেলাম, দিবুদাটাই নেই। না আমি
আর মিছে কথা বলব না। আমি একটা কালুটনি, দিবুদার আমাকে
ভাল লাগবে কেন বল। তুমিই আমায় ভাল। আবার যখন আসবে

আমার জন্ম একথানা শাড়ি ভানতে সে লঠনটা তুলে মুখের কাছে নিয়ে গেল। চোথ স্থিয়। ছাহা রে, কীনা কর্ম হচ্ছে শেতরে। আমি এলাম, দেখে গেলাম ডোমাকে। কারো দলে আদিনি। একা একা মাঠ পার হয়ে—কেউ টেরই পায়নি। বাবা খুঁজুক—ভামি নাকি কুলটা। দিবুদাকে জান আমি স্বপ্ন দেখি। আমার স্বপ্নের মামুষ দেখা আর তুমি হলে গে দাঁকোর পারের মামুষ। ডাকলেই দাড়া পাই

এড ক্লার মধ্যে হঠাৎ একবার মনে হল ভার নাম ধরে কেউ ভাকছে। কে ভাকৰে। বাবা। না: বাবার গলার স্বর দে চেনে। পটল এত দূরে একা এই অন্ধকারে আ্সতেই পারে না। কাঁপা কাঁপা গলায় তার নাম ধরে ভেকে ভেকে কেমন মাঠের মধ্যে কেউ মিলিয়ে राम । এই मर विरागन कांग्रशांत्र मोर्ठहें ज्ञाति छेरे था कि । वास-ৰলায় ভ'সিয়ে নিয়ে আদে মান্তুষ: নদীর খাতে গেলবারেও হটো মানুষের কল্পাল পাওয়া গেছে। ভুতুড়ে ভয়—ওঁয়া ওঁয়া, আমর: এদেভি ত্রৈকে নিজে নিশির ডাক বদি হয়— ৭কা পেয়ে থুব স্থয়োগ পেরে গেছে, দে এবার মাঠের দিকে ভাকিয়ে বললা ভাত আমার পুত পেত্রী আমার ঝি, ইংন লক্ষ্মণ সাপে আছে করবে স্থানার জিল বলে পার্বজী ভেংচি বাউল। ইটিতে ফ্রক টেনে বসল। এবং পনই দেখল, জঙ্গল ফাঁডে একটা আলো আকাশের দিকে উঠে খাছে 🔧 🙉 উঠে দাঁড়াল: কে ডাকল ভবে! এও রাতে আকাশে উচ মেকে কার এড সাহস গোরা গোনার। মনে হল ডাব, এ-খেন শুধ একজন্ট পারে। সে দিবুদা। দিবুদাই একখাত বদঙের মানুষ যে ইড়েছ করলে আকাশে কত ভারা গুনে বলে দিতে পারে।

সেই লয়। বড় মানুষ্টাকে পাৰ্বতী কল্পনায় দেখাও পোল টচ হাতে আকাশের তারা গুনছে। কোঁকড়ানো চুল উচু লয়া, সোনালী দাড়ি গোঁফ গালে—যেন কোন নবান সন্নাদী ভার অপেক্ষায় দাড়িছে আছে। ভার ভারী লোভ হল, মাঠ পার হয়ে দূরের সেই জন্মটার কাছে যেতে। আঁধার বড় ঘন। আবছা মতো সব কিছু। অধবা জ্ঞানে ভার ভার আবিদ্বার করেছে।

পার্বতী একা মাঠে দাঁড়িয়ে আছে। পাশ দিয়ে গরুর গাড়ির একটা লিক নদার খাতে নেমে গেছে। বনমালীদাজে দেখাও হয়ে গেছে। এখন লগুনটা মারও শিয়রের কাছে রেখে সে ভাবল, সেই আলোটার দিকে যাওয়া যাক। সে এবাব মুয়ে বনমালার মুখের কাভে মুথ নিয়ে বলল, ষাই আমি। বাবা বুঝুক, কেমন আনাকে কেবল নারে। ভূনি এখানটার গাক। ওয়া এলে তুম চলে যেও।

পার্বতী এগার নেচে নেমে আসতে থাকল। সেই আলোটার কাতে সে হেঁটে যাজে। একবার মনে হুল, পাথি ধরার লোক যদি ভখানটায় ৩ৎ পেতে ৰদে থাকে! নদার এ-দিকটায় শীতের সময় আনে অজ্ঞ পাথ। গ্রম পডলেই ওরা কোথায় উডে চলে যায়। তবু শিকারীদের জানাগোনা শেষ হয়ে যায় না। লোভে লোভে তারা বৰ্ষা না আদা প্ৰস্তু কেউ কেউ ঘাপটি মেরে ৰদে পাকে। সে স্তুৰ্পণে হাঁট'ছল। কাঁপা কাঁপা গলায় কে যেন ডেকেছে, পাৰ্বতী তুমি কোৰায়! পাৰ্বতী, পটল বাড়িতে ফু'পিয়ে ফ্'পিয়ে কাঁদছে। ভোমাকে আমরা সবাই খুঁজছি! এডগুল কথা কেট বলে গেছে ডেকে ডেকে, আসলে বনমালীদাকে দেখার জন্ম তাকে কেমন একটা নেশাতে পেয়ে গেছিল। যাকে বলে দিক্বিদিক জ্ঞানশৃন্ত হয়ে সে নেমে এসেছিল এডদূরে, নদীর খাডে। ক্রোশখানেকের উপর হয়ে যাবে। এডটুকু বিচলিত বোধ করেনি . মা মনসাকে নিয়ে অংহেলা সে মহা করেনি। কে ভার পিছু ধাওয়া করছে কিংবা ভাকছে, কোন কিছু দম্পৰ্কেই তাৰ কোন হুঁল ছিল না: বনমালীকে দেখাৰ পৰ তার হ'ল ফিরে এসেছে। একে একে তার সৰ কথা মনে হচ্ছে— এবং সহসা কেমন তার লোম-কুপে ঝড় উঠে গেল- ও কণ্ঠম্বর আর কারো না, দিবুদার। । দবুদা তাকে খুঁজতে বের হ:েছে। ঐ আলো আর কারো না, দিবুদা উর্চ মেরে সংকেত চিহ্ন ঝুলিয়ে এর্থেছে। এত

বড় বিশাল বিলেন অঞ্চল অন্ধনেরে ভাকলেও বোঝা যায় না, কোথা থেকে কে ভাকছে। সে প্রায় ছুটতে খাবল।

হলে কি হবে, ছুটতে চাইলেই ছোটা যায় না: উচু নিচু চিবিকুচলতার জন্মল, কখনও নাললা বাদে এজন্ম জোনাকির ওড়াউড়ি—
কিংবা রাভচরা পাখিদের ডাঞ তার মধ্যে বিচিত্র উত্তেজনা স্থাষ্টি
করছে, সবচেয়ে সেই সব বিষহরির বংশ কখন বে অল্পঞ্জারে ঠাণ্ডায়
বরক হয়ে পড়ে যাবে পারের ভলায়।

এতক্ষণে তার যে হুঁশ কিরেছে চলাকেরার তা টের পাওরা বাছে: অন্ধনারে দে এডটা দূর এল কি করে! একবারও মনে হর্মন, অঞ্জ্য শীটপতকের মতে। এই বিলেন জারগাটাতে অহ্রহ্ তেনারা দামনে পড়ে বান। গরমে হাওয়া খান ঘাদের উপর চুপচাপ পড়ে বেকে: দে ঐ আলোটার কাছে বাবে—কিন্তু ডেনাদের কবা তেবে পা আর উঠছে না। অবচ দে মাচার দকে যে আলো যার তাকে অনুদরণ করে চলে এনেছিল। পায়ে লাগছে। হাত দিয়ে ব্যল, জারগার জারগার পা কেটে গেছে দে আর যেন এক পা এগুতে গারছে না। তিৎকার করে বলতেও পারছে না, দিবুদা আমি এখানে। আলোটা ধর। দিবুদা বলে দে এই এক মাদের মধ্যে একবারও ডাকোন। পটলকে বলেছে, দেখ তো গিয়ে দিবুদা কী করছে। উয়াকে বলেছে, দিবুদা কোখার রে? আর দিবুকে দেখলে, দে সজ্জার।নক্ষেকে আড়াল করে রেখেছে।

্স নিজেকে বলল, তুনি ভয় পাও কেন।

পে কের নিজেকে বলল তুনি বিষহরির নামে মিছে কথা বলনি। তোমার ভর কি!

্দে পা ৰাড়াল। বলল, দোহাই আন্তিক মৃনি।

আঞিকের দোহাই দিয়ে রে এখন হেঁটে যাছে। পায়ে বড় লাগছে। তবু বলতে পারছে না, দিবুদা এগ। আমার হাত ধর। আমুম আর জোর পাছি না। আলোটা তেমনি উপ্লম্থী। কোকাসটা অনেক উচুতে উঠে কেমন স্থির হয়ে আছে। যেন কোন অলৌকিক রশ্মিতে এখন সামনের আকাশটা উজ্জল।

একবার মনে হল, এই বিলেন অঞ্চলে কত ফকির দরবেশ ঘুরে বেড়ায়। কড মানুষ জানে, ধেয়ে অংসে দামোদর গুপানের রহস্তের খবরেও বাকে কেউ। কে জানে এটা আবার দেই অজগরের মিনিকা, রাজপুত্র, কোটালপুত্র যায় আর বায়। রাজকতা ঘুমিয়ে পাকে। অজগর বড় হিংস্কটে। ঘোড়া ছটো খায়। কোটালপুত্র বৃদ্ধিমান—সে ঘোড়ার বিষ্ঠা দিয়ে সাত রাজার এক মানিকা ঢেকে দিলে সব ক্ষকার। এখানে বান-বত্যায় মেঘডসুর পর্যন্ত উঠে আসে। গেল সালে একটা আন্ত বাছুর গিলে ধরা পড়ে গেল। তেনার জোড়ার মাধার মনি কি না কে জানে। এতক্ষণ কোন মানুষ আকাশে উঠ জ্বেলে দাঁডিয়ে থাকে না।

কত কৰির দরবেশ গুপ্তধন পেরে রাজা হয়ে গেছে। আরু এ-বদি হয় সাপের মাধার মনি, তবে ত কথাই নেই। মনি নগ দল বেঁধে জোনাকি পিগুকোরে উড়ছে—কেমন ভৌনিক অংলো-আঁধারি সৃষ্টি করে চলেছে ভারা

দে খামছে না। লোক সংশ্ব কিবো তার দিবুদার দিপ্তিতি এমন সা চিতা-ভাবনা মাধার কাজ করে ষাক্রে। কিবাধারে স বেতে পারবে না। কারণ বনমালীদাকে ওরা নিতে এলে গরুর গাড়ির লিক ধরেই আদবে। দেখা গয়ে গেলে ধরা পড়ে খাবে, সে, গোপনে বনমালীদাকে দেখতে এসেছিল। প্রাবাসে উঠে যাবার সোজাস্থাজি মাঠের পুথে আলোটা—ভটা পার হরেই ডাকে যেও হবে। নাকি পেবী মনদা তার জন্ম ওখানে অপেক্ষা করছে। দেবী-মহিমা বলতে! বা দিতে পারে, ভোর বনমালীদা ভাল হয়ে যাবে। ভোর ভাজিতে আমি আর ন্তির থাকতে পাহিনি। ধরার নেমে এসেছি। ভেনারি অক থেকে আলো ফুটে বের হস্তে! অথবা সেই আৰাশ থেকে নেমে সাদার সময় যে আলোর সিঁড়ি ধরে এসেছেন ধরায় সেটাই এখন আকাশে ঝুলে আছে। সে কাছে না গেলে বর দেবে কি করে! এমন ভাষতেই পার্বতীর বকটা বড় বেশি ওঠানামা করতে ধাবল। সে আবার কেঁদে ফেলবে না ভো। মা জগজননী, তুমি এদেছ ধরায়, কিলে বে বদতে দি। বাবা আমাকে কেবল মারে। না না তাই বলে বাবা আমাৰ ধারাপ মানুহ না। বড় চণ্ড রাগ। মা জননী তুমি তোনার বাহনদের বলে দিও পটলটা ভারী চঞল। একট দেখে-শুনে যেন ওরা চলে ৷ ব্লোজ ভোমার বাহনদের জন্ম ত্রু রেখে আদর ভালগাছগুলোর নিচে। ওটা বভ থারাপ সায়গা। ভোমার বাংনের। মব দল বেঁধে দেখানটায় থাকে। আমরা যাই না! ৰনমালীদাটা গ্ৰেকা আছে। কেন যে গেল! এর কোন দোষ নেই আমিই পাঠিছে ৷ হাত জ্বোড় করে মন্ত্রপাঠের মতো সে সেই স্থির আলোব সিঁ ড়িটার দিকে এগিয়ে আসছে, আহু বিড্বিড় করে বকছে। এও এক বাহাজানশৃত্যতা –পার্বভী বুঝতে পারছে না ৷ চোধ স্থিত্য াই হল গে দেবীম্হিমা—কেউ বিশ্বাসই করতে পারবে না, জীবনের কত পুণাফজে দেখী মনদা ভাকে দেখা দিতে গেলেন ৷ আর কিছুটা উপরে উঠতে পারলেই দেবীর ঐচিরণ নাগাল পাবে। মাথা থেকে আলোর ফুলকি বের হয়ে আকংশে ছডিয়ে যাচ্ছে বলেই ওই আলোটা। আকাশের দেকে দোজা নরল রে ায় উঠে গেছে - পার্বভীর হাঁটু কাঁপতে খাকল ৷ বিশাল বিলেন মাঠে দে একা, দেবী ভার দামনে হাজির শুভা পদ্ম গদা হাতে জ্রীচরণে কোটা পদ্মের পাপড়ি, নাকে নোলক, বিক্ষাবিত ছই আঁথি কে হাতে কলদি, অন্ত হাতে বরাভয় —এই সব মিলে দেবী তথন পার্বভীর সামনে আবিভূতি। হচ্ছিলেন। কাছে যাবার দাহদ নেই, পার্বড়ী হাটু গেড়ে প্রার্থনার ভলিতে বদে পড়ল। কেমন তার মুহামান অবস্থা। পটল দিবুদাকে ভাল রেখ मा। पितृपादक जान (त्रथ।

দিব্যেন্দু চারপাশে কি ষেন তথন হাতড়ে বেড়াছে। তার বোধবুদ্ধি কিছুক্ষণ ভয়ে কেমন যেন আছের হয়েছিল। সেটা ফিরে আসার
ব্রতে পারছিল, স পড়ে আছে ঘাসের উপর। উচটা হাতে নেই।
সেটা কোথাও ছিটকে পড়ে গেছে। কারণ ভয়ে সে তথন পালাবার
চেষ্টা করছিল—এইটুকু শুধু মনে পড়ছে। চোথ থুলতেও সাহস পাছে
না—কারণ সামনের বিলেন উপত্যকাটা পার হয়ে একটা চিবি মডো
ভায়গার পড়ে আছে বনমালী আর তার পাশে কোন নারী সে এখনও
ভয়ে চোথ খুলছে না—কেবল হাতড়ে টর্চটা খুঁজছে সেটা পেলে
কোনরকমে আবাসের দিকে ছিরে যাবে সে পার্বতীকে খুঁজতে এসে
এমন এক আবিভোতিক রহুস্তের মধ্যে পড়ে যাবে ষদি আগে ভানত।

না, টর্চটা সে পাছে না! এবারে দে ভাকাল। আর তাকাতেই দেখল, একটা আলো খাড়া আকাশের দিকে উঠে গেছে। টর্চের আলো। ওটা আলানোই ছিল তবে। কাঁটা গাছের ভালে আটকে বুলে আছে। সন্তর্পণে হাভ চুকিরে টর্চটা বের করে আনল। দূরে সেই টিবির দিকে ভরে তাকাছে না। টর্চটা নিভিয়ে দে একটু হেঁটে পথ দেখার জল্ম আবার আলাতেই চোখে পড়ে গেল শ হরেক গজ্ম দূরে ঘেরির নিচে পার্বতী! এ কি ভঙ্গি! বিশ্বায়ে সে হতবাক। টর্চের কোকাস পার্বতীর মুখে পড়তেই দিবোন্দু ন্থির হয়ে গেছে। চোখ বোজা পার্বতীর। বুকে হাভ জ্যেড় করা। হাঁটু গেড়ে দে বেন কার জ্যা প্রার্থনা করছে। মেয়েটা তো সভ্যি ভাহলে পাগলা আছে। সে দেলিড়ে নেমে গেল। আবার না পালার। ভাকল, পার্বতী, এই পার্বতী, তুমি এখানে কি করছ।

পাৰ্বতীর চোথ বোজা। কোন সাড়া দিচ্ছে না।
ফ্রক গায়ে সেয়েটা বেন এখন এক অন্ত জগতে আছে।
সে পাশে বসল। ডাকল, এই পার্বতী এটা কী হচ্ছে।
ভূঁ। পার্বতী চোথ খুলে দিবুকে দেখল। কিছু বলল না

তোমাকে কপিলকাকা খুঁজছে। না বলে কয়ে এখানে এনে এই করছ।

কপিলকাকা কে ? কেমন যেন চোগ তুলে প্রশ্ন।

পটলট কাদতে। ওঠো ৬টো কছি। পাললাম বাড়ি গিজে করবে।

পার্বতী বেছ^{*}শ হয়েই আছে। তবে দিবুর তথার সে উঠে দাড়াল। আমি কোণায় ধাব!

দিবুর বলার ইচ্ছা হল, মারব পক শাপ্পড়। যত সব জাকামি। কিন্তু বলতে পারল না। সে পার্বভার মথে টার্চির কোকাস ফেলেরেখেছে। অপার এক ভাবালুডা, না অন্ত কিছু—পৃথিবী কেমন রহস্তময় তার কাছে। বেঁচে শাকা করং এই জীবনধারণ অর্থহীন। সে কোন এক অদৃত্য জগতের মধ্যে ডুবে আছে: চোখ দেখে আর যাই বলা যাক গালাগাল করা যায় না। কিশোরী বালিকা, তার উপর স্থামলা রঙ, চোথ মুধ ভারী ভরাট এবং এক আশ্চর্ম স্থ্যমাথেলে বেড়াছেছ দারা অবরবে। তার কেমন মারা হল। বলল, ছেলেমান্ত্রীর সীমা থাকা দরকার পার্বতী। তুমি তো আর ছোট নগু।

কিছুতেই কিছু হচ্ছে না। মেন দিবুকে পাৰ্বতী চিন্তেও পারছে না। সে হাঁটতে থাকল।

দিবু পার্বতাকে অমুসরণ করছে।

বিভুটা গিয়ে দিবু বলল, গুদিকে না।

এৰারে যেন পার্বতী দিবুর কথা শুনতে পেল। দে এবার দিবুকে আফুদরণ করছে।

দিবুর দব মনে পড়ায় বলল, এভাবে এতদূরে একা ডোমার চলে আসা উচিত হয়নি। কোথায় গোছলে।

পাৰ্বতী কিছু বলল না।

বনমালীর শিয়রে এক নারীকে সে দেখতে পেয়েছে ৷ সে কে ?

পার্বতীর পক্ষে একা সেখানে যাওয়া অবাস্তব চিন্তা। তবু পার্বতী এতক্ষণ কোধায় ছিল, কিংবা এখানেই যদি হাঁটু গেড়ে প্রার্থনার ভালতে সেই থেকে বদে পাকে তবে তা কি কারণে ? কিছুই বুবতে পারছে না। এবং ঠিক আবাদের কাছে আদতেই দেখল পার্বতী ছুটে ঘেরির তলানির দিকে নেমে যাছে। ঘেরির উত্তরের দিকে কয়েকটা লঠন দেখা যাছে, ওরা যে পার্বতী এবং তাকে খুঁলতে বের হয়েছে বুবতে অক্ষ্রিধা হল না। পার্বতী ছুটে যাছে কেন। দেও সঙ্গে নাংল ছুটতে থাকল। আদলে সারাদিনের নির্বাতনে পার্বতীর মাখা খারাপ হয়ে গেছে বোধহম। দে দেখল পার্বতী তলানির সেই ফলাখার লিয়ে বাঁপিলে পড়ল গার একের পর এক ডুগ দিছে।

েশ আর না পেরে ডাঞ্ল, কে আছেন, শিগ্গির আসুন ৷ পার্বঙী কির্ক্ম কর্ছে!

লঠন শুলো এবার একদঙ্গে এদিকে জ্রুত এগিরে আদতে ধাকল।

দিবু জলে নেমে পার্বজীকে টেনে ভূগতেও সাইস পাচ্ছেনা।
কেউ দেখলে খার একটা কেচ্ছা হয়ে যাবে। সে শুরু আর্ত গলায়
ডাক্ছে, পার্বভী ভোমার কী হয়েছে! ভূমি এমন কর্ছ কেন। উঠে এম বলছি।

পার্বতী বোধ হয় ভারে কোন কথাই ওনতে পাছিল না। জলে কেবল ঝুপ ঝুপ শব্দ হছে। বিরাম নেই। এক দণ্ড দাঁভিয়ে পার্বতী দেবছে না, কে পাড়ে দাঁভিয়ে আছে। জলে খুব বেশি না। চৈত্র বৈশাধে হাঁটুজল ছিল। সেদিন ঝড় বৃষ্টি হওয়ায় এখন কোমর জলা এই ফলাটার। পার্বভার ভূবে যাবার ভগ্ন নেই। কিন্তু এ-বড় অস্বাভাবিক আচরণ।

সে সামনেই দেখল কলিতদাকে। সে হাঁউমাউ করে কী বলতে গেল—ভারপর কেমন ভোডলামিতে পেয়ে বসল তাকে—দেখ, দেখ পার্বতী কী করছে।

অনেকে এখন ভার চারপাশে।

দিব্ ৰলক, ওকে—ছেরির ওপাশে নতুন ছেরি হবে—ঠিক বলডে পারছি না, জারগাটা কোলার, দেখি চোখ বুজে অন্ধকারে হাঁটু গেড়ে বদে আছে—এই পার্বজী শোন, দেখ কপিলকাকা, দে দেখল ডার বাবা জ্যাঠামশার এবং এমনকি চিন্তাহরণও হৈ-হল্লা শুনে ছুটে এদেছে। দিব্ ঠিক কিছু যেন বোরাতে পারছে না। কপিলকাকা কালাকাটি জুডে দিয়েছে। জামার একটা মেরে—কিদে পেল ডাকে। হাউমাউ করে ললিভদা ছ-লাকে জলে নেমে ওকে টেনে তুলতে যেতেই হঠাৎ পার্বজী আর্ম্ম লাফিয়ে সরে গেল, ডারপর নিজেই টিঠ এদে বলল, দর সর। আমাকে ছুঁরো না।

বিচারে কিন্তু থাকবি । থানের জমিটা তুই পাবি । দাগ নম্বর মিলিয়ে দেখি । দেবোত্তর করে দেব ভাবছি ।

ষভীন উঠছিল।

নে ভামাকটা খা।

তামাক খেয়ে উঠে যাচ্ছিল—বোঝাই ষায় এই অবেলায় কর্তার সামনে বদে থাকতে তার অস্বস্তি হয়। সাঁঝ লাগলে কর্তার দিল সাফ। শতরঞ্চ পেতে গল্পগুলব—দেশ বাড়ির কথা, নদীর কথা, মাছ ধরার গল্প এবং নারীঘটিত কেচ্ছার সঙ্গে গঞ্জিকা সেবন। দে এক তুরীয় মার্গের ব্যাপার। যে আসে দেই বোঝে কি মহিমা তার। তথন কর্তার মতো বিবেকবান মানুষ হুটি কম হয়। ছাঁকো রেখে সে উঠে যাচ্ছিল—তথন আবার তাক, বদ।

ষতীন ওঝা বসল।

কর্তা একটা পা চেয়ারে তুলে বললেন, তুই নাকি পার্বতীকে আফিংয়ের জল খাওয়ান:

ষতীন সহসা হাউমাউ করে কর্তার পা জড়িয়ে ধরল।

আজ্ঞে ও মিছাকথা কর্তা। আমি বিষহরির দাস। সব তেনার কিরপাতে হয়। তাঁর মহিমা বোঝা ভার। সৰ মিছাকথা।

হাচা মিছা যাই হোক, দাবধানে থাকা জাল। কুংদা বাভাদের আগে যায়।

উঠে যাবার আগে চিন্তাহরণ একবার যতীনের মুখখানা দেখল।
ভয়ে আমসি। কাজে আসবে। দয়া করে যেন বলা, তুই ভালে যা।
আর শোন, সবাইকে খবরটা দিবি, থানে সভা বসছে। সামিয়ানা
টানিয়ে দিবি। হরেন আমার বাড়ি থেকে চেয়ার নিয়ে যাবে।
রায়মশায়ের কাছে আমি নিজেই যাব।

যতীন জানে এই ঘেরিতে একমাত্র কোনো কাঁটা থাকলে মিল্লকমশায়ের, দে হল গে রায়মশাই। কোনো কিছুতেই মাথা পাতে না। পুনর্বাদন দপ্তর থেকে টিন, হাউদ লোন, ক্যাশতোল, বিজিনেদ লোন—কত কিছু দিছে। মিল্লকমশাই হপ্তায় দপ্তরে একবার কাগজপত্র সঙ্গে নিয়ে যায়। অফিদার এলে তদন্ত করায়। তবে এই মানুষটির ওপর আর কারো কোনো কথা নেই। ছয়কে দহজেই নয় করে দিতে পারে। শহরে জাের মুক্রবিব আছে তার। কংগ্রেদের এক নেতার নামে দব দময় মিল্লকমশাই দােহাই দিয়ে থাকে। এরপর দে যত জাঁদরেল অফিদার হোক—মুখে তার আর রা দরে না। মিল্লকমশাই পারে না হেন কাজ নেই। টিউকল দিয়েছে দরকার। কুয়ো থােঁড়ার টাকা বের করেছে। বলতে গোলে দানছত্র। সকাল হলেই লোক এদে বদে থাকে পায়ের কাছে। রাস্তায় য়াবার দময় য়ত্তীন দেখল স্থাঝা যাচেছ। জ্বমির পাটা পাছে না, যদি কর্তা দয়া করেন দেই আশায় যাচেছ চিন্তাহরণের কাছে।

যতীন বলল, কর্তার মেজাজ খারাপ। হিতে বিপরীত হতে পারে। পাটার কথা বলতে যেও না।

(कन कि इन।

ললিত বুড়ো আঙ্ল দেখিয়ে ছলিকে নিয়ে চলে গেছে। বিয়ে করে ফিরে আসবে বলেছে।

এই করে খীরে ধীরে আবাদে জানাজানি হয়ে যায়। চিন্তাহরণ মল্লিক গ্রামসভা ডেকেছে। নয়া আবাস, কড রকমের কীট-পডঙ্গের উৎপাত, তার ওপর যদি ঘরের লোক বৃকে ছুরি বসায়, তখন আর মেজাজ ঠিক থাকে কি করে!

সুধো গিরে দেখল, একখান কত্যা গায় দিয়ে ছাতা মাধায় মলিক বাড়ি থেকে বের হচ্ছে। সঙ্গে হরেন-বগলা। চিস্তাহরণ রাস্তায় কথনও একা চলে না। বাড়িতে সে একা ধাকে না। হরেন-অবিনাশ পাহারাদার তার। চিস্তাহরণ মলিক জানে—তার কাজকর্মে সবাই খুশি নয়। তার প্রভাব-প্রতিপত্তিতেই অনেকের গা-আলা ধরেছে। সাবধানের মার নেই। রাস্তায় সুখোকে পেয়ে বলল, চল। রায়মশাইর কাছে বাজি। যেতে যেতে সুখো তার জমির পাটার কথা তুলল। খুব খুশি মনে যেন চিস্তাহরণ বলল, হবে, সব হবে। আমি ত' মরে বাই নি।

মাথায় বজ্ঞপাত, ঘিলু জ্ঞলছে, তুই বেটা কুলাঙ্গার, প্রাহ্মণ কক্ষার গায়ে হাত দিলি! জানিস মুনি-ঋষিরা পার পায়নি, জত্ম হয়ে গেছে

—আহা ছলির সেই স্বর্ণকান্তির কথা ভাবলে, চোথ জুড়িয়ে আসে।
কত ঘিলু ঘামিয়ে অস্ক কষে কাঞ্চটা করা, দাঁও মর্ববি তুই। মল্লিক
কি মরে গেছে! কোথায় নিয়ে যাই ডোকে দেখ না। এবং এক
অগ্রিকৃণ্ড দেখতে পায় মল্লিক। দাউদাউ করে জ্ঞলছে।

রায়মশাই আছেন ?

উপেন রায় ভাইপোকে ভেকে বলল, দেখ ড' ৰাইরে কে ডাকছে। বদতে বল। তুজন রুগী সামনে বসে। একজনকে হাঁ করতে বলছেন। গলার পাশে টিপে দেখছেন। চোখ টেনে দেখছেন। খালের অভাব। ওষুধে কিছু হবে না। তবু এরা বড আশা নিয়ে থাকে, বাঁচে! তাঁর কাছ থেকে বেঁচে থাকার সঞ্জীবনী সুধা কামনা করে। তিনি বললেন, পাঁচ পুরিয়া থাকল। ছ-দিন অস্তর থালি পেটে সকালে খাবি। ওষুধ খাবার এক-ঘটা আগে, এক-ঘটা পরে বিড়ি খাবি। মনে থাকবে!

থাকবে কর্তা।

কলমি শাক থাবি। গিমা শাক থাবি। ডাল থাবি। সজনে পাডা বাটা থাবি। পুনর্নবার রস থাবি সকালে। পারিস ড'ছ্ধ থাবি ছিটেকোঁটা।

দিবু বাইরে আসতেই মল্লিক একেবারে দরাজ প্রাণ—এই যে বাবাজীবন, ভোমার কৃতিখের খবর আমরা সব রাখি। স্থখোর দিকে ভাকিয়ে বলল, দিবু আমাদের গর্ব। এই ষে দিবু বাবাজীবন, চল ভিতরে যাই। ভোমার জ্যাঠামশাই খুব ব্যস্তঃ

না, ব্যস্ত না।

চিন্তাহরণ দিবুর সক্ষেই হাঁটতে হাঁটতে ভেতর চুকে গেল। হাতের সাঠিখান ঘোরাচ্ছে! এটা তাঁর স্বভাব। ভেতরে চুকেই হাঁক-ডাক এই যে বড়দি মেজদি, ধেন কতকাল ধরে দেখা নেই, ভোমরা কোধার। ভাইটির ভো খবরও নাও না। ভাইটির ভো মন মানে না সে চলে আদে।

দিব্ ভেবে পায় না, এমন মেজাজী মানুষের পক্ষে ভেডরে একজন শয়তান পুষে রাখা কি করে সন্তব! লোকটাকে দে একমাত্র মাঠে নামলে দেখতে পায়। কিংবা শহরে যাবার জক্ষ স্টেশনে ট্রেন ধরতে গেলেও দেখতে পায়। তখন কেমন গন্তীর এবং অভিভাবকস্পভ দৃষ্টি। ছলিদির দে রাতের বর্ণনা শোনার পর লোকটাকে দে পিশাচ ভেবে থাকে। কিন্তু এই মুহুর্তে তার মনেও ধন্দ ধরিয়ে দেয়। মা-

জ্যেঠির সঙ্গে কথা বলছে, দিদিরা আপনাদের রূপের কি শেষ আছে
—এই উগ্রচণ্ডা, এই অন্নপূর্ণা।

অর্থচ লোকটাকে দেখলেই দিবুর কেন জ্বানি পায়ের রক্ত মাথায় উঠে যায়। কেমন নির্পক্ত বেহায়া মনে হয়। মা-জ্যেঠির চেয়ে বয়দে কড বড়, অথচ হাবভাবে কচি থোকাটি। জ্যাঠামশাই রুগী-পত্তর না ছেড়ে যে ওর সঙ্গে কথা বলবেন না দেটা টের পেয়েই বড় যরের বারান্দায় উঠে গেছে। বলছে, কড করে বললাম, একদিন ভাইটির বাড়িছে আদা হোক—কপাল। কে যায়। ভাইটির টান পাকলে কি হবে বোনেদের ভো টান নেই।

মা-জ্যেটিরা হঁ ইা করছে। বোঝাই যাচ্ছে পরিবারের কর্তাটি
চায় না বেশি মেলামেশা। কিছুটা এড়িয়ে যাবার চেষ্টায় দিবু দেখল
ভার মা রাল্লাঘরে ঢুকে গেছে। চা করতে হবে। ঘরে যা মিষ্টি
বানান থাকে, ভাই দিতে হবে। এটা এ বাড়ির মর্যাদার প্রশ্ন।
চিস্তাহরণ কি টের পেয়ে বলল, এখন আর চা না। রাল্লমশাইরের
সঙ্গে সল্ল কটি কথা আছে। দিবু বাবাজীবন দেখ না, হল কি না।

জ্যাঠামশায় তথন ডাকলেন, আসুন।

চিন্তাহরণ ওদেরও ডেকে নিয়ে এল। হরেন এসেই জ্যাঠামশাইর পাষের কাছে উপুড় হয়ে পড়ল, আমার সর্বনাশ রায়মশাই। নাবালিকা হরণ। ললিত আমার মেয়েকে নিয়ে পালিয়েছে।

চিন্তাহরণ কথা কেড়ে নিয়ে বলল, আপনি ব্রাহ্মণ সন্তান। আমি হরেন ব্রাহ্মণ সন্তান। —বর্ণশ্রেষ্ঠ, কি যে অধােগতি সমাজ সংসারের, দেশছাড়া হয়েছি বলে কি সব গেছে! শুদ্রের এড ডেজ থাকবে কেন? নাবালিকা হরণ হলে সমাজ সহা করে কি করে!

জ্যাঠামশাই বললেন, সমাজ আর আছে কোণায়।

নেই বলছেন । না না রায়মশাই আপনি এ কথা বলবেন না। আপনি এমন কথা বললে, এরা সব দাঁড়ায় কোথায়। মাথায় পা রাথতে চায়। এত বড় আত্পধা। আদালতে যাবে বলছে হরেন, অনেক বলেকয়ে বৃঝিয়ে-স্থাঝিয়ে থামিয়েছি। গ্রামসভাতে বলেছি, বিচার চা। গণ-দেবতার রায় নিতে বলেছি। বলুন, এটা ঠিক কাজ করেছি কি না।

থুব ভাল কাজ।

আপনি থাকবেন।

জ্যাঠামশাই উঠে গিয়ে ওষ্ধের ৰাজ্ঞটা আলমারিতে তুলে রাখলেন বারান্দায় একখানাই চেয়ার। জ্যাঠামশাই উঠে চিন্তা-হরণকে বসতে দিয়েছিলেন, কিন্তু চিন্তাহরণ বসেনি। তক্তপোশে ৰসেছে। তক্তপোশে দিব্র বিছানা নেই বলে থালি। হরেন, সুখো দাঁড়িয়ে।

জ্যাঠামশাই বললেন, আমি গিয়ে কি করব। একটা সর্বসম্মত সিদ্ধান্তে আসার দরকার।

জ্যাঠামশাই হাদলেন। কোনো কথা বললেন না।

চিন্তাহরণ বলল, আপনি না গেলে জ্বোর পাব কোধায়। বেন চিন্তাহরণ কড নির্ভরশীল রায়মশায়ের ওপর।

রায়মশাই বললেন, চেষ্টা করব যাবার।

চিন্তাহরণের চোথ মুহূর্তে গোলাকার হয়ে গেছিল, ষেন মাধা ধাবড়ে থুবড়ে আবার ভাকে ঠিক করা। বেদামাল হলে দব যাবে। কাজটা গুছিয়ে নিতে হয় কি করে দে জানে।

চা এল এ সময় ৷ চিস্তাহ্রণ বলল, আ্বার চা :

খান, আর তো কিছু দেবার নেই। রেকাবীতে ছটো করে নারকেলের সন্দেশ।

রায়মশাই বললেন, ললিও শুনেছি বিয়ে করে ফিরবে। তুলির ইচ্ছেনা থাকলে এটা হয় কি করে ?

क्नल-कांनल निया (११६) व्यालन ना।

রায়মশাই গন্তীর হয়ে গেলেন। চিন্তাহরণ কিছুটা যেন প্রমাদ গুণল। আদলে ভেডর থেকে দেও খুব জোর পাচ্ছে না। ডবে এটা বে নিন্দনীয় কাজ, সেটা আবাদের লোকদের বোঝান দরকার। ললিডকে খেরিছাড়া করতে না পারলে সব উচ্চুয়ে যাবে।

চিন্তাহরণ ৰলল, দেখেন সৰার বরে মা-বোন আছে। ছেলেপুলে ৰড় হচ্ছে: সাপ কার ঘরের গর্তে মাধা বের করবে বলা যায় না! একজন কুমারী মেয়ের এটা সর্বনাশ বলতে পারেয়।

রারমশাই উঠে পড়লেন। গুনেছি ছলি নাবালিকা নয়। ছলি যদি বিয়েতে রাজি থাকে আপনারা কিছু করতে পারেন না।

এবারে চিন্তাহরণের চেহারা বের হয়ে পড়ল। বলল, আপনার ভাইপোটি তো শুনেছি দোকান পাহারা দিছে।

ও একা নয়। রতন চরণ সঙ্গে আছে। কাঞ্চা কি ভাল হচ্ছে । ললিতকে আন্ধারা দেওয়া হচ্ছে না । আমি স্নানে যাব। আর কোনো কথা আছে!

চিন্তাহরণ অপমানিত হয়েই বের হয়ে গেল। রান্তায় নেমে বলল, পুরিয়া দিয়ে লোক বশ করার ডালে আছে। এক এক করে সব ভাঙব। আগে ঘূঘুর বাসাটি ভাঙি তারপর রঘুর বাসায় হাড দেওয়া যাবে। চিন্তাহরণ কোন অফায়কেই প্রশ্রেষ দেয় না। একেও দেবে না। আসলে সে যা করবে মনস্থ করেছে, করবেই।

রাস্তায় চিস্তাহরণ বিশেষ আর গছগজ করল না। যাবার পথে জমিগুলি একবার দেখে গেল। বাড়িতে চুকে যাবার সময় শুধু বলল, এ কাজ রায়মশায়ের। দেখলি ডো কি ভাবে কথা বলল। ওঁর সায় না ধাকলে ললিত সাহস পেত না।

সাপে-কাটা বনমালীকে নিয়ে যে রগড় করবে বলে চিন্তাহরণ ভেবেছিল, তাও ভেস্তে দিয়েছিল ললিত। ললিত এত সাহস পায় কি করে! আসলে ললিতকে রায়মশায়ই নাচাচ্ছে। পার্বতীর গোপন প্রেম ভালবাসা আছে ওর ভাইপোটির সঙ্গে, সেটা জানাজানি হয়ে যাওয়ায় এক ধরনের সান্ত্রনা আছে মনে। ভোমরা যে ধোওয়া তুলসীপাতা নও লোকে বুরুক। গরীব মেয়েটায়ে নিয়ে খেলান হচ্ছে।

'অবশ্য বিষয়টার মধ্যে কিন্তু রয়ে গেছে। দিবু বাবাজীবন যদি তার কন্সার পাণিপ্রার্থী হয়—কি ভাবে দেটা করা যায়, কিছুতেই এঁটে উঠতে পারছে না। তু' বাড়িতে মেলামেশা খাকলে স্কুবিধা। দেটিই নেই। নেই বলেই দন্ত মনে হয় সব। এত দন্ত কিদের। দন্ত চূর্ণ করতে পারার মধ্যে এক ধরনের বীরত্ব থাকে। এখন চিন্তাহরণ তাই নিয়ে ভাবছে। বিকালেই দেখা গেল সামিয়ানা টাঙান হয়েছে। লোকজন আসতে শুরু করেছে। আসললে এই নিরিবিলি জীবনে উত্তেজনার বড় অভাব। পার্বতীর ভর হওয়াটা একটা উত্তেজনার খোরাক যুগিয়েছে। এর আগে সাপে কাটা বনমালী। আজ গ্রামসভা। একে একে স্বাই আসতে শুরু করেছে। চিন্তাহরণ আসেলি। স্বাই এলে তাকে ভাকা হবে।

চিন্তাহরণ এলে সভার কাজ শুরু হল। হরেন দাঁড়িয়ে তার অভিযোগ স্বাইকে পড়ে শোনাল।

চঞ্চল দেখাল ভিড়টাকে। অভিযোগটির খদড়া চিন্তাহরণই করে দিয়েছে।

চিস্তাহরণ ঠাণ্ডা গলায় বলল, আমি কাউকে ছোট করতে চাই
না। তবু তোমরা মনে রাখবে আমাদের পাপের বোঝা ভারি না
হলে দেশছাড়া হতাম না। ললিত জাত কুল মানে না। ছোট-বড়
মানে না। আজ হরেনের হয়েছে, কাল ভোমার ঘরে হবে। বেচারা
গরীব বলে ওর হয়ে দেখছি কথা বলবারও কেউ নেই।

পরীব কথাটা অনেককে সুড়সুড়ি দিল। ভেডর থেকে কে বলে উঠল, ওর দোকান পুড়িয়ে দাও।

চিন্তাহরণ বলল, না না, এতটা উগ্র হওয়া ভাল না। বরং বলা ভাল, হরেনের মেয়ে হরেনকে ফিরিয়ে দেওয়া হোক। নাবালিকা আছে। সাবালিকা হলে দে বা ভাল ব্ঝবে করবে। ভারপর কালীপদকে ডেকে বলল, একটুডেই ডোদের মাথা গরম হয়ে বায়। দোকান পুড়িয়ে দেওয়া কি ভাল। কত কট করে দোকানটা ললিত দাঁড় করিয়েছে। তুই তো বলে খালাস, দোকান পুড়িয়ে দাও।

কালীপদ কেমন ভ্যাবাচাকা থেয়ে গেল চিন্তাহরণের কথায়।
এমন ত কথা ছিল না। চিন্তাহরণের পরামর্শমতো কাজ করে সে
বেকুব। অথচ বলতেও পারছে না, কি বলতে হবে না হবে শালো
উয়োরের বাচ্চা তুমিই ডো ডেকে শিখিয়ে দিয়েছিলে। বলেছিলে
জিগির দিবি, পুড়িয়ে দাও। সে একাই বলেনি, স্থাে, বগলাও তার
দেখা-দেখি বলেছে। মরণ হ'ল গে শেষ পর্যন্ত তার। কি সাধু
প্রকৃতির মামুষ সেজে এখন তাকে সবার সামনে ধমকাচ্ছে! একবার
মুখ কসকে বেরও হয়ে গেছিল, কর্তা এ তো আপনার শেখানো বুলি,
আমার কি দরকার বলার দোকান পুড়িয়ে দাও। কিন্তু বলতে পারল
না। ছই মেয়ের নামে ক্যাশভোল, তার নামে বিজ্ञিনেস লোন—
এতগুলি কাঁচা টাকা হাতছাড়া করবে কোন সাহসে। মুখ বুজে
দাড়িয়ে থাকল শুধু।

ভারপর গণ-দেবভার রায়ে ঠিক হল, ললিত এলে আবার গ্রাম-সভা বসবে। নাবালিকা অপহরণের দায় থেকে ভার মুক্তি নিশ্চয়ই মিলবে—কারণ মামুষ মাত্রেই ভুল করে—তুর্মতি হয়েছিল ভার, দেটা অপনোদনের নিমিত্ত গ্রামসভা স্থির করিয়াছে, বালিকা কন্যা ভার পিতার সহিত বসবাস করিবে। কিছুটা সাধু ভাষায় লেখা হল, কিছুটা চলতি ভাষায়। বাবা মা'র মন মানে! ঘরের মেয়ে অপহরণ হলে ইজ্জভের প্রশ্নও থাকে! সে বাবদে জরিমানা একখানা গরু। হরেনকে একখানা গরু ক্রেয় করিয়া দিতে হবে।

চিন্তাহরণ এখন সভার লোকজন দেখছে। নানারকম লোকের বাস। সেই খবর দিয়ে প্রায় সবাইকে আনিয়েছে। তবে তাকে যারা দেশে থাকতে চেনে—তারা কেউ যে আসবে না সে জানত। ক্যাম্পে থাকাকালীন অনেকের সঙ্গে পরিচয়। সে তাদেরই চিঠি দিয়ে আনিয়েছে। কিন্তু এখন দেখছে, দিন যত যাচ্ছে, কিছু লোক সাতে-

পাঁচে থাকতে চায় না। তারা আদে না। কিছু লোক দম্ভ নিয়ে বাস করে—তারাও আসে না। রায় মশাই, খাসনবিশ সে দলের। ভবে খাদনবিশ মশায়ের মেয়েটি আগুন হয়ে উঠছে। কোধায় আসামে আগের পক্ষের বড ছেলের কাছে ছিল। বড় ছেলে রেলে কাষ্ট্ৰ করে। আবাদে ঘর-বাডি বানিয়ে মেয়েকে নিয়ে এপেছে। শহরে বড় হলে দৌথীনতা বাডে। পায়ে জ্বতো পরে বাডিতেই হাঁটাহাঁটির অভ্যাদ। লম্বা ফ্রক এবং ববকাটা রেশমী চল। মেজ ছেলেটির দলে মানাত ভাল। খাদনবিশ বোঝে না, দিনকাল যা আসছে, ঐ মেয়ে অপহরণ না হয়ে যায়। মেয়েদের তো আর চিনতে বাকি নেই—কত করে বৃঝিয়েছি ভোরই সব। এত যে ববরবা দেখ-ছিল লব ভোর। একেবারে তথন ভাজা মাছটি উল্টে খেতে জানে না। গভীর জ্বলের মাছ হয়ে গিয়ে এখন সাঁতার কাটছিদ লজ্জা করে না! বুড়ো বাপটা আমার কাছে পড়ে থাকে লজ্জা করে না! তোর ল্যালাক্ষ্যাপা মাকে খাওয়াই লজ্জা করে না! তবে তোর মা আছে বলে রক্ষে। তোকে থেলিয়ে না তোলা পর্যন্ত ওতেই চালিয়ে নিতে হবে। চিন্তাহরণ চাদরখানা কাঁধে ফেলে লামি ঠুকতে ঠুকতে ঘেরির পাতে উঠে গেল। পেছনে সুখো, ষড়ীন, বগলা, ন্ডাঙ্গীপদ।

এই যখন নতুন আবাঁদের অবস্থা তথন কপিল একবোঝা ঘাদ নিয়ে বাড়ি চুকছে। মন-মেজাজ ভাল না। পটল নিড়ানিখান বগলে নিয়ে বাপের পিছু পিছু আদছে। ঘাদ জলে ধুয়ে আনা হয়েছে। বাঁধা গরুটা দেই দেখে গলা লয়া করে জিভ বার করে ঘাদ খাবার চেষ্টা করছে। পার্বতী বাঁশে হেলান দিয়ে বদেছিল। দে উঠে গেল। ঘাদ জাবনায় দিয়ে গরুটাকে বেঁধে দিল কাফিলা গাছের গুঁড়িডে। আগে খোঁটা ছিল, এখন ভাই ভালপালা গজিয়ে গাছ হয়ে গেছে। জিয়ল গাছের এই নমুনা, মাটি জল বাভাদ পেলেই হল। নিজ থেকেই দে লেগে ৰায়, হাওয়ায় বড় হয়। ডালপালা মেলে দেয়।
বছরে একবার ডালপালা ছেঁটে দিলে গাছ আরও বাড়ে।

পার্বতীর দক্ষে কণিলের কথা কমে গেছে। ত্ব'জ্পনের মধ্যে এখন ছত্তর ব্যবধান। কে বলবে কপিল এই মা-মরা মেয়ে আর ছেলের ছাত ধরে ইজ্জত রক্ষার্থে উদ্বাস্ত হয়েছিল একদিন। এখন মেয়ের গায়ে দেবী মহিমা লেগেছে। স্বাই কেমন আলাদা চোখে দেখে। আগের মতো বাড়ি চুকে বলতে পারে না—পার্বতী মা আমার গরুটাকে কেন জল দে। খড়গুলো তুলে রাখ। রাতে সেদ্ধ ভাত করিদ। ওতেই হয়ে যাবে। ক'খানা কাঁঠাল বীচি সিদ্ধ দিদ। ওতেই হয়ে যাবে। ধুপ-ধুনো দে।

কপিল জানে তার কল্পা বড় শান্ত নিরীহ। বড় বড় চোথে যথন ্ৰচয়ে থাকে তথন কেমন অবলা জীব মনে হয়। এমনটা অবশ্য আগে ছিল না। আগে লাফিয়ে বেড়াত। হাট থেকে কামরাঙা কিনে আনলে রাস্তার দাঁড়িয়ে মুন দিয়ে খেত। উষা সইয়ের সঙ্গে কড়ি থেলত বদে, কিংব। বাঘবনদী। কথনও দেখেছে হিজ্ঞলের উষর মাঠে হুই স্থীতে ছুটছে। জল আন্তে কাঁথে করে। ঘেরির জলে সাঁতার কাটত। বৃষ্টি পড়লে ঘেরির পাড় ধরে ছুটত । কথনও নিমগ্র হয়ে খুঁটে আনত কোঁচড়ে জল-শাক। সব কিছুতেই ডখন পাৰ্বতীর বড় বিশ্বয়। সব কিছুতেই চিৎকার, ও বাবা বাবা রে, ভাগ আকাশে কি তুমুল কাণ্ড। মেঘ জমে কালো। হাট থেকে কিরে এলে আনাজপাতি মাছ দেখে উচ্চুল হয়ে উঠত। এই সেদিনও এটা ছিল। দিবু আসার পর বেরিতে পার্বতীর যে কি হল আর দৌড়ায় না! লাফায় না। वाचवन्मी (थमात क्षम हूर्ति यात्र ना। कछ महस्क कछ हाक्षमा (बरक মুক্ত হয়ে গেল। পার্বতী মাধা মুরে হাঁটে। কারো দিকে যেন আর ভাল করে চোথ তুলে তাকাতে পারে না। কুয়ো থেকে জল আনতে গেলে একখান শুকনো গামছা গায়ে জড়িয়ে নেয়। ভিতরে এক গোপন মহিমায় ডুবে গেলে যা হয়ে থাকে আর कि। বাড়ির বারই হয় না। তারপর বনমালীকে দাপে কাটায় কী ষে হল, কে জানে, কেমন বেয়াড়া হয়ে গল ক' দণ্ডের জন্ম। অন্ধকারে ডাকে দেখতে গিয়ে কি যে কু-বাডাদে পড়ে গেল। না' হলে তার এমন লাজুক মেয়েটা উলঙ্গ হয়ে থানের দিকে হেঁটে যেতে পারে! কি যে থোরে পড়ে গেল। থানে গিয়ে চিৎপাত হয়ে পড়তেই, বাছা বাজাও, শাঁথ বাজাও, দব দেবী মহিমা! যতীন তাই নিয়ে কি হুলস্থলটাই বাঁধিয়ে দিল।

জিয়ল গাছের খোঁটার মডো পার্বভীর যথন মাটিভে লেগে যাবার কথা, যখন বড় বড় চোখে সব কিছু দেখার কথা, গোপনে কাউকে খোঁজার কথা, তখনই কি না দেবী এদে ডার ওপর ভর করল! দেবী না অস্ত কিছু! ওঝা ডাকডে পারে—কিন্তু সব মানুষ ষে ক্রমে দেবী মহিমা টের পাচ্ছে: ধরে একদিন পেটাতে ইচ্ছে হয়েছিল, কিন্তু সতি৷ ষদি তেনার দয়া হয়। মা মনসার কোপে পড়ে কে ষেতে চায়! পটল আছে তার। পটলের যদি কিছু হয়। আর কথনও মনে হয়, ঘেরির সৰাই মিলে তার মেয়েটাকে বাড়ির বার করে দিতে চাইছে। বিপদে আপদে তার ভর্মা ছিল দিবুরা, তারাও কেমন এই ভর হ্বার দিন থেকে আলগা হয়ে গেল। ভার রড় একটা সংকোচ ছিল পার্বতী যুবতী হয়ে উঠছে, বিয়ের কিছু করতে পারছে না, ডাই বলে বন-মালীকে নিয়ে যে কৰা উঠেছিল, দেটাই বা রাখে কি করে! চাল নেই. চুলো নেই, স্বভাব-চরিত্র ভাল না-ভার সঙ্গে মেয়েটার কপাল জুড়ে দেয় কি করে! অথবা হাওয়ায় কথা ভাদে, পার্বভীর নাকি দিবুকে মনে ধরেছিল। মনে ধরলে হয় না। দেখতে, হয় নাগাল পাওয়া যায় কি না। ভোর বাপ বেঁটেখাটো মামুষ অত লম্বা কোটা পাবে কোণায়!

রাগ হঃখ ক্ষোভ জালা অভিমান সব এখন কপিলের বুকে ভর করে আছে। বাপ-বেটিডে কেমন সম্পর্কহীন। পার্বতী ওদের ফিরডে দেখেই উমুন ধরিষেছে। চা করে পটলের হাতে পাঠিয়ে দিয়েছে। দক্ষে এক-ভালা মুড়ি। পটল এদে দাঁড়িয়ে থাকলে পার্বতী ভাইটির
দিকে একবার তাকার। কেমন তথন চোথ জলে ভার ইয়ে আদে।
পটল বোঝে দিদি তাকে বাবার জন্ম চা মুড়ি নিয়ে যেতে বলছে।
বাপ বারান্দায় বদে আছে বেড়াতে হেলান দিয়ে—যেন তার ক্ষ্ধা
তেষ্টা কিছু নেই। দিলে থাবে, না দিলে খাবে না। কোন থোঁজথবর
নেবার যেন বাপের আর দরকার হয় না। সে আবার দোঁড়ে যায়।
দিদি তারটা বেডে দেয়: আক্লার তাকায়। কিছু বলে না দিদি।
পটল বোঝে, বাটিটার মুড়ি তার। দিদি থেল, কি থেল না কেউ
থোঁজথবর নেয় না। যতীন ওঝা এলে বাড়িটা আরও হিম মেয়ে
বায়। দিদির যে কি হয়! কোন জক্ষেপ নেই যেন তাকে নিয়ে
কিংবা তার বাবাকে নিয়ে। পটল আর আগের মতো দিদির কাছে
দোঁড়েও যায় না! তেল মাথিয়ে দে বলে না। থেতে দে বলে না।
সে নিজেই তেল মাথে। নিজেই স্নান করে এদে দাঁড়িয়ে থাকে।
দিদি বেড়ে দিলে খায়। না দিলে মাচানে চুপচাপ শুয়ে থাকে।

ষতীন ওবা এলে দিদি অপেক্ষা করে থাকে, ওবা কি বলে। থানে লোকজন কেমন আসছে। মানসিক কত পড়ছে। তর ওঠার সময় দিদি যাকে যা বলেছে, তার কতটা ঠিক। ঠিক না হলে দিদি কেমন আরও ক্ষেপে যায়। কার প্রতি তার এই আক্রোশ পটল কিছুতেই যরতে পারে না। পার্বতী অবশ্য জানে না, কিংবা মনে করতে পারে না সে কি বলে। কেমন ঘোর লেগে যায়। খানে দে যথন যায়, স্লান সেরে যায়। একখানা লাল পেড়ে শাড়ি পরে। চুল খোলা থাকে। যাবার সময় সে মাটির দিকে তাকিয়ে যায়। দে বুঝতে পারে, সব আবাসের লোক তাকে কৌতৃহল নিয়ে দেখে। দিবুদাদের বাড়ি পার হয়ে যাবার সময় তার এভ্যাস ছিল, সে নাইতে গেলে, কিংবা জল আনতে গেলে, যথনই হোক না অভ্যাস ছিল একবার চোখ তুলে কাউকে খোঁজা। কাউকে দেখা। এখন আর ভাও হয় না। থানে গেলেই স্বাই সরে দিড়ায়। তাকে পথ করে দেয়।

ভামার টাটে চরণামৃত থাকে। যতীন তাকে দেটা খেতে দেয়। ওটা খেলেই তার ঘোর লেগে আদতে শুরু করে। ঝিম মেরে পড়ে থাকে। দব কিছু দ্রাতীত মনে হয়। অর্থহীন মনে হয় এবং এক দমর দে সংজ্ঞা হারাবার আগে ধ্প-ধ্নোর গঙ্গে টের পায়, কেউ তার হয়ে প্রশার ভাবাব দিছে। হাসছে, কিংবা অভিশাপ দিছে। তটক্ত দবাই—দে তথন নিভের মধ্যে থাকে না।

ষতীন যখন নিয়ে আদে, তথন করকোতে নিয়ে আদে। যখন দিয়ে আদে তথন করজোডে দিয়ে আদে। ভরের দিন পার্বতী বঝতে পারে, ভর শেষে তার হাঁটার ক্ষমতা থাকে না। বাবা পটল লঠন নিয়ে সভ্কের ধারে বসে থাকে। আদলে সে এ-সবের মধ্যে কি যেন এক প্রতিহিংসা খুঁজে পায়। প্রতিহিংসা না দিবুদাকে ভড়কে দেবার জন্ম, না সেই জ্যোতিময় আলো এবং দেবী মহিমা রাতের গভীর নিশীপে তাকে যে বরাভয়ের কথা বলে গেছিল তাই তাকে এডটা উন্মাদ করে তুলেছে। মনে হয়েছিল, যেন মা মনদা এক ঝলদানো আলোর গভীরে দাঁড়িয়ে তার মাধায় হাত রাথছে। দিব্যলোক থেকে দেবী নেমে এসে, ভার মাধায় হাত রেখে বলেছে, ভোর দিবুদার কোনো ভয় নেই। পটলের ভয় নেই। বাপের ভয় নেই। আমি তুষ্ট থাকব। তুই আমার সেবা কর। আমার মহিমা প্রচার কর। মহিমা প্রচারে বিল্ল ঘটলে দিবু পটল কারো নিস্তার নেই আমার কোপ থেকে। এই জলা জায়গায়, থড়ের বনে অজ্ঞ কীট-পড়কের মতো তেনারা ঘুরে বেড়ায়। আমার মহিমা প্রচার করলে তারা তুষ্ট পাকে। বনমালী গেছে, আর কে যায় ছাথ। আর কারে কালে খায় ছাখ। তুষ্ট না করলে ভোর সব যাবে।

পার্বতী উন্ধনে শুক্নো খড়কুটো ঠেলে দিচ্ছিল। আগুনে তার মুখ জলজল করছে। দেখলে মনে হয় কেমন সে এক পরিত্যক্ত রমণী। ইাট্র ওপর থুতনি রেখে আগুনটার দিকে তাকিয়ে আছে। নিরাসক্ত চোখেমুখে। কপিল অসহায় মামুষের মতো তেমনি বেড়াতে হেলান দিয়ে বসে আছে। পটল ঘরের মেঝেতে বস্তা পেতে লঠনের আলোর পড়ছে।
ঠিক পড়ছে না কারণ দিদির ভর হওয়ার পর থেকেই তাকে দব সময় দতর্ক থাকতে হয় দিদিটা যেন কোনদিকে না আবার চলে বায়। ঘেরির তলানিতে ছুটে গিয়ে কথন না আবার ডুবের পর ছুব দিতে থাকে। একবার জলে নামলে আর উঠতে চায় না। প্রথম প্রথম সেকি অসহায় অবস্থা। হঠাং হঠাং উধাও। কোথায় গেল, কোথায় গেল, কোথায় গেল, গোঁজ থোঁজ। তালবনের অন্ধকারে একা দাঁড়িয়ে। কোথায় পেল, কোথায় সেল, কোথায় গেল, গোঁজ থোঁজ, কেউ বলতে পারে না। দেখা গেল থড়ের বনে গিয়ে চুপ-চাপ বসে আছে। দেবী মহিমায় পড়ে গেলে মতীন বুঝিরেছে এমনই হবার কথা। মতীন ওঝা তথন বাপের সঙ্গে সময় থাকত। বাপ মাঠে গেলে যতীন ওঝা দখিনের ঘরে শুয়ে থাকে। দেবী না আবার পালায়।

পটল আসলে পড়ছে না। সে বদে পড়ার ভান করছে। সে জানে লঠন জেলে পড়তে বসলে বাপ থুলি থাকে দিদি থুলি থাকে। আজকাল সে থুব বাধ্য হয়ে গেছে। এমনিতেই সারা বাড়িটার কেমন হিম কুয়ালায় ঢেকে আছে, তার ওপর সে বাধ্য না থাকলে, বাপও হয় তো ষেদিকে হু চোথ যায় চলে যাবে। মা নেই, দিদিটা কেমন হয়ে গেল, তার ওপর বাপ যদি ঘর ছেড়ে চলে যায়, তবে সেকার কাছে থাকবে, বাবাকে থুলি করার জন্ম সে বৈশাখ-জ্যৈষ্ঠ হুই মাসকে গ্রীম্মকাল বলে। সে ছয় ঝড়ুর নাম মুখস্থ করছে।

গরুটা তথন গোয়ালে হাম্বা করে ডাকল। পটল পড়া বন্ধ করে শুনল, গরুটা ডাকে।

বাবা গোয়ালঘরের দিকে উঠে যাচ্ছে। সে ভাড়াভাড়ি আলোটা হাভে নিয়ে বাবার পেছনে পেছনে গেল। গিয়ে দেখল, বাছুরটা দড়িডে পাঁচি খেয়ে পড়ে আছে। কেমন গলায় আটকে গেছে ফাঁস। বাবা এবং দে ভাড়াভাড়ি দড়ি খুলে দিতেই দেখল দিদিও এদে দাঁড়িয়েছে। পটল বলল. হরিণার চোথ হুটো জানিস দিদি কেমন হয়ে গেছিল। আর ভখনই মনে হল টর্চ মেরে কেউ চুকছে।

(4 ?

- আমি দিবু কপিলকাকা। পার্বতী বাবার মুখের দিকে তাকিয়ে থাকল।

পটল কি করবে ব্ঝতে পারছে না। দিব্দা তাদের বাড়ি এসেছে ভাবতেই গর্বে বৃক ভরে গেল।

কপিলের অস্বস্থি, কোনো কি আরও থারাপ হঃসংবাদ আছে তার! বে ছেলেটাকে সে স্নেহ করে, কথাবার্তা ভারি স্থন্দর এবং আবাসের সবার কাছে যার স্থনাম শুনতে পায় এবং বে শহরে চলে বাবে পড়তে আর যাকে নিয়ে পার্বতীর গোপন ভাব-ভালবাসা আছে বলে কুংসা রটে, সে নিজে থেকে যেচে এলে অস্বস্তিতে পড়ে যাবারই কথা।

কপিল লঠনটা তুলে ধরল উঠোনে নেমে। লঠনের আলোয় সহসা দিবু হকচকিয়ে গেল। আলোটা চোখে কেমন লাগছে। তাকে যেন অনাবৃত করে দিছে। তুমিও সুথে নেই। সারাটা দিন ভোমার মাধার মধ্যে পোকার ঘিলু কেটেছে। থাকতে না পেরে একা একা গোপনে চলে এসেছ।

কপিল দিবুকে কি বলবে ঠিক বুঝতে পারছে না। বসতে বলবে,
না পার্যতীকে ডেকে বলবে, ডোর দিবুদা এদেছে, বসতে দে—ঠিক
বুঝতে পারছে না। মেয়ের সঙ্গে তার কণা বন্ধ হয়ে গেছে দিবুরা
জানবে কি করে! পার্যতীও বোয়ালঘরে কেমন একঠার দাঁড়িয়ে
আছে। কি ষেন তার ভয়। সামনে যাবার সাহদ নেই। কেমন
নিধর হয়ে যাচ্ছে তার সারা শরীর। সে অন্ধকার থেকেই দেখছে চুরি
করে। দিবুদাকে দেখে মাধাটাও কেমন সাক হয়ে গেছে। ভেতরের
ঘোর ঘোর ভাবটা কেটে যাচ্ছে। সে যেন আগের পার্বতী হয়ে

ৰাচ্ছিল। এই কিংকৰ্ডব্যবিমৃত অবস্থা থেকে পটলই ভাদের বাঁচাল। সে লাক্ষিয়ে এনে দাঁড়াল দামনে। হাত ধরে বলল, এদ না দিবুদা। বসবে। বলে সে হাত ধরে বারান্দার দিকে টেনে নিয়ে যেতে থাকল।

দিবু নিজেও কি ভাবে কথা শুরু করবে বুঝতে পারছে না। তার সঙ্গে পার্বতীর নাম মিশে গিয়ে কেমন তাকে কিছুটা অসহায় অবস্থায় কেলে দিয়েছে। ললিভদা সঙ্গে থাকলে বত ভাল হত। ললিভদার কেরার কথা পরশু। কিন্তু তডদিন দে মাণার এই পোকা নিয়ে থাকবে কি করে ! মুমাতে পার্বে না । ছটফট করবে । কপিলকাকাকে বলা দরকার। এখনও রশি আলগা হয়ে যায়নি, নেশায় পেয়ে বদলে পার্বতীকে আর রক্ষা করা যাবে না। এত সব ভাবার পরও কথাটা মে আরম্ভ করবে কি করে বৃঝতে পারছে না। আগের সম্পর্ক থাকলে তবু যা হোক সে সহজ্ঞাবে কথা বলতে পারত। জ্যাঠামশাই বে ভাকে শহরে পাঠিয়ে দিছে নে নানাদিক চিন্তা করে। নানা দিকের মধ্যে এ পরিবারটিও আছে। পার্বতীর কথা ভেবেই হয়ত জ্যাঠামশাই ভাকে এখান থেকে সরিয়ে দিছে। ললিভদার দোকানে শুভে যাবার পৰে কৰাটা বলে যাবে ছেবেছিল। সারাদিন চেষ্টা করেও এদের বাড়ি আসতে পারেনি। জ্যাঠামশাই যেখানেই থাকুন দিবুর মডিগতি টের পান, তাছাড়া লোকজনও রাস্তায় চলাচল করে। দেখে ফেলডে পারে। সবাই ভাববে, দিবু নিজেও কম না! গোপনে পার্বতীদের বাড়ি উঠে যাবার মডলবে থাকে। দিবু এডসৰ ভেবেছে দারাদিন। এই সময় যথন রাস্তায় কেউ নেই ভেবে সে রতনকাকাকে এগিয়ে বেতে বলে এখানটার গোপনে চলে এদেছে।

দিব্ বলল, পার্বতীকে দেখছি না।
পটল লাফিয়ে উঠানে নেমে গেল, ও দিদি ভোকে ডাকছে।
পার্বতী নড়তে পারছে না। পার্বতী অন্ধকারে দাঁড়িয়ে।
পটল দিদিকে ডাকছে, আয়না দিদি।

দিব্ বলল, ও গোয়ালে দাঁড়িয়ে আছে কেন।
ভান দিব্দা আমাদের হরিণাটা মরে যেত। গলায় ফাঁস লেগে
গেছিল।

দিব্র মনে হল ফাঁসটা এখন পার্বতীর গলায় ঝুলছে। সে বলল,
ঠিক আছে ওকে টেনে আনতে হবে না।

মেরেটা সব সময় ভীতৃ স্বভাবের। তার এক্ষণ্ড টান বেড়ে যায়। কপিল বলল, তৃই শহরে চলে যাচ্ছিদ শোনলাম। ভাই কথা হচ্ছে।

সেই ভাল। এখানে থাকলে সৰ বাবে।

দিবু খেই হারিয়ে কেলছিল আবার পেয়ে গিয়ে বলল, তুমি কাকা শার্বজীকে থানে ষেতে দিও না।

পার্বতীকে এ সময় সে দেখল ছায়ার মতে। সামনে এসে দাঁড়িয়েছে। ৰূপিল নিরুত্তর।

দিবৃ কের বলল, যতীন ওঝা লোক ভাল না। পার্বতী কেমন রুখে উঠল, কে ভাল শুনি!

পার্বতীকে দিবু এমনভাবে কখনও দেখিনি। যে পার্বতী তার দক্ষে কথা বলতে পারত না, লজ্জায় সংকোচে মাথা নিচু করে রাখত —তার এই রুখে ওঠা দিবুর মধ্যে কেমন এক প্রবল প্রতিপক্ষ তৈরি করে দিল। বলল, আমি বলছি ভাল না। তুমি যাবে না।

একশোবার যাব। ঠাকুর দেবতা নিয়ে তামাশা।

দিবু ব্যাল পার্বতীর যে লজ্জা ছিল, সেদিন সেই উলঙ্গ নারী মছিমা দর্শন করিয়ে তা থেকে বৃঝি মুক্তি পেয়েছে পার্বতী। এ পার্বতীকে সে দত্যি চেনে না। পটল এবং কপিলকাকা হজনেই কেমন হতবাক হয়ে গেছে পার্বতীর দিবুর প্রতি এই আচম্বনে।

পটল দিদিকে ঝাঁকুনি দিয়ে বলছে এই দিদি, তুই কি রে! তুই কেমন হয়ে যাস ভর উঠলে। বাবা কেমন চুপচাপ বসে থাকে ঘেরির পাড়ে তুই বুঝিস না! আমার ভয় করে। হাঁ। বুঝি। ছাড় পটল, ওর কথা শুনলে মা মনদার কোপ বাড়বে: দিবু ক্ষেপে গিয়ে বলল, ওদৰ কোপ দেখা আছে। শোনো পার্বভী তুমি যদি যাও ভাল হবে না। ওঝা তোমাকে আফিংয়ের জল খাওয়ায়। ফপিলকাকা আপনার জেনে রাখা ভাল, আফিংয়ের জল খাইয়ে ওঝা পার্বভীর ভর তোলে।

মিছে কথা। তুমি দিবুদা দেবীর নামে কুংদা রটাচ্ছ।

পার্বতী তুমি ব্ঝতে চেষ্টা কর। ধান করে মানসিক পেয়ে লোকটার তুপরদা আয় হচ্ছে। হোক। এতে আমার আপত্তি নেই। কিন্তু লোকটা তোমাকে নষ্ট করে দিছে।

আমি নষ্ট—এ কথা বলতে পারলে!

তুমি না পার্বতী! ভোমার দেবী।

দেবী নষ্ট! দিবুদা ও কথা বলনা। দোহাই। পার্বতী ভয়ে কেমন দিটিয়ে বাচ্ছে। বেন হাজার লক্ষ মনসার বাহন বৃষ্টিপাতের মতো এখনই আকাশ থেকে ভেসে আসতে পারে। পার্বতী বলল, দিবুদা মা মনসাকে একথা বল না! বললে আমরা সবাই তার কোপে পড়ে বাব! তুমি আমি পটল বাব!—সবাই। বলেই হাউহাউ করে কাঁদতে থাকল। আমার তবে কেউ থাকবে না দিবুদা। মুখে আঁচল চাপা দিরে ঘরের মধ্যে দোড়ে ঢুকে গেল পার্বতী।

पितृ बनन, माथारि श्राह ।

কপিল তেমনি নিরুত্তর।

পটল জ্যোৎস্নায় দাঁড়িয়ে। সে অক্সদিকে মুখ ঘুরিয়ে চোখের জল সামলাচ্ছে। দিদিকে কাঁদতে দেখলে তার চোখে জল চলে আসে।

मित् वनन, बाहे।

कशिन किছ वनन ना।

ষাই বলেও দিবু ষেতে পারল না। পা যেন গেঁথে আছে মাটিতে। দে কের কি ভেবে বলল, মন শাস্ত হলে ব্ঝিয়ে বল। আফিংরের জল থেয়ে কি আড়েই হয়ে থাকে দেখে বোঝা না কপিল- কাকা। হাঁটতে পর্যন্ত পারে না! তোমাকে ধরে নিয়ে আসতে ₹য়!

কপিল এবার কথা বলল। আমার কপাল। না'লে ও একা বনমালীকে অন্ধকারে দেখতে যাবে কেন বাতাস লাগলে হয়। তুই কি দেখেছিলি বনমালীর শিয়রে দেবী স্বয়ং বসে আছেন।

বনমালীর শিশ্বরে মা মনদা বদে ছিল কিনা জানি না। তবে দ্র থেকে দেখেছি একজন নারী শিশ্বরে বদে আছে। পার্বতী একা একটা মরা মান্ত্রের শিশ্বরে বদে থাকতে পারে বিখাদ হয় না। পার্বতী কি বনমালীর শিশ্বরে বদেছিল! জিজ্ঞেদ করে জেনে নিও না।

জিজ্ঞেদ তো করি। কিছু বলে না। এখন তো আর কণাই হয় না। দব ভবিতব্যের ওপর ছেড়ে দিয়েছি। পার্বজীটা গেল! হর্ভাবনা পটলটাকে নিয়ে।

'পার্বতীটা গেল' কথায় দিবুর ভেতরটা মোচড় দিয়ে উঠল। কী করে যে এই নাগপাশ থেকে পার্বতীর মুক্তি মিলবে।

দিবৃ কিছুক্ষণ ভারি আচ্ছন্ন ছিল। সে যে পার্বজীদের বাড়ি বসে আছে ভুলে গেছে। সে যে কপিলকাকাকে সভর্ক করে দিতে এসে-ছিল ভাও ভুলে গেছে। পার্বতী উন্নরে ধারে বনে। মূথে কোনো কথা নেই। পটল ঘরের মধ্যে বসে, কোনো কথা নেই। সামনে ভার লগুনের আলো। বই খোলা।

তথনই কপিলকাকা সহদা কেমন ধড়মড় করে উঠে দাঁড়াল। দিবুর দামনে কেমন ক্ষ্যাপা বাবের মতো লাফিয়ে পড়ল। বলল, তুই কার কাছে শুনলি ? পার্বভীকে আফিংরের জল থাওয়ার কার কাছে শুনলি ?

চরণ বলল, ওর বাবাকে দিয়ে হ্বার নাকি আফিং আনিয়েছে। যতীন নিজের জক্সও আনতে পারে।

সে তো নাকি চুপি চুপি বলেছে দেবীর ভোগে লাগে।

কপিলের মাধাটা স্থ্রছিল। কে জানে এই করে মেয়েটাকে নেশার কেলে দিচ্ছে কি না! থানে সে যায় এর টানে তবে! স্নানটান সেরে পার্বতী যায়। ওথানটায় ঝিম মেরে পড়ে থাকে। এইদর চোথের ওপর দে দেখেছে। নিষ্ঠুর প্রকৃতি আর তার অমোঘ আচরণে কপিল এস্ত। দম্বল বলতে ধান। দেই ধানে যতীন মা মনদার নামে এমন হীন কাম্পে প্রবৃত্ত হবে! দে ভেবে উঠতে পারে না। ধান মাহাল্ম্য এবং পার্বতীর দেবী মহিমার দৌলতে দে এ-বাড়িতে খুঁটি পুঁতে কেলেছে। যথন খুশি আদে যায়। পড়ে থাকে। কেমন দে সহদা ব্যক্তিচারের গন্ধ পেল। আর তথনই দেখা গেল জ্যোৎসায় ঘেরির পাড় ধরে দে ছুটছে।

দিবু চিংকার করে উঠল, কপিলকাকা কোণায় যাচছ ? পার্বতী কেমন সংজ্ঞা ফিরে আসার মতো দৌড়ে এসে বলল, দিবুদা আখ বাবা কোথায় গেল!

পটল ছ-লাকে বের হয়ে বাপ কোধার ছুটে বাচ্ছে শুনে দেও বেরির পাড় ধরে ছুটতে থাকল।

দিবু ওদের পেছনে কিছুটা ছুটে গিয়ে আবার ফিরে এসেছে। টর্চটা ফেলে গেছে। সে উঠোনে উঠে বলল, পার্বতী বারান্দায় টর্চটা আছে। দাও।

পাৰ্বতী বাইরে বের হয়ে টর্চটা হাতে দেবার সময় বলল, কোণায় গেল বাবা।

মনে হল থানে। পটল পেছন পেছন লঠন নিয়ে গেছে।

পটল যাভয়ায় পার্বতীর উদ্বেগ কমে গেল। সে জানে, পটলের সামনে বাবা কিছু একট, করে ফেলতে পারবে না। এখন যড ছর্বোগই আসুক একমাত্র পটলই পারে দেখান থেকে বাবাকে ফিরিয়ে আনতে। আর কারো সাধ্য নেই। সে বলল, দিবুদা বদ। বাবা না আসাতক তুমি যেও না। আমার ভর করে।

এই ভর কণাটাতে দিবুর মধ্যে কেমন এক উৎক্ষেপণ শুরু হল।
দে না ৰলে পারল না, ভোমার ভয়! ভয় কিদের ? ভোমার মধ্যে
দেবী মহিমা বিরাজ করছে, ভোমার ভয় কিদের!

पिवूषा !

তুমি একা অন্ধকারে বনমালীর খোঁজে যেতে পার, তখন ভয় করে না ?

मित्रमा !

স্তিয় করে বল, সেদিন সাপে-কাটা লাশ বন্মালীর শিররে একা অক্ষকারে তুমি বদেছিলে কি না!

বদেছিলাম।

তা'লে দেই নারী তুমি !

। प्रदे

ख्य क्रम ना ?

সাপে-কাটা রুগী মরে না। সে তো লখীন্দর বেহুলা। ঠিক জারগামতো গেলে বিব নামিয়ে দিতে পারে। বনমালীদাকে বলতে গেছিলাম, ভর নেই, ভোমার বাবা-কাকারা এদে নিয়ে যাবে। তখন ভাল হয়ে যাবে। অসুস্থ মামুষকে দেখতে গেলে দোষের ?

তুমি পাগল পার্বতী। পাগল। বনমালী মরে যথন লাশ—
আর তুমি এমন অব্ঝ ঃ সেথানে গেলে তাকে একা দেখতে ? সেই
দ্র মাঠে—একা, অন্ধকারে —আর আমি তোমাকে খুঁজতে খুঁজতে
কতনূর চলে গেছি! অন্ধকারে কোঝার ঘেরি তাও টের পাচ্ছি না।
পথ তুল হলে কোঝার হারিয়ে যাব ভয়ে যথন দৌড়াচ্ছি, দেখি একটা
টিবির মধ্যে হারিকেন আর সামনে বনমালীর লাশ। তাও সত্য হত
—কিন্তু দেখি এক নারী, তুমিই সেই, তুমি! তুমি!

পার্বতী বলল, ই্যা দিবুদা আমি। পার্বতী দিবুর দামনে মাথা নিচু করে দাঁড়িয়ে খাকল।

কেন গেছিলে দেখানে মরতে ?

দিবৃদা ভোমাকে খুঁজতে গিয়ে লোকটাকে কালে খেয়েছে। আমিই তাকে ভোমার খোঁজে পাঠিয়েছিলাম। থানে পড়ে ধাকল বন্মালীদা বেল্ডাশ হয়ে। বেতে পারলাম না। বাবা লাঠি নিয়ে বদে আছে, গেলেই মাধা ভেঙে দেবে। আমার জন্ম লোকটাকে দাপে কাটল, তাকে একবার আমার দেখা উচিত না ? মা মনদার তবে কোপে পড়ে বাব না। তুমিই বল, না গেলে বাবা, পটল, তোমার— কারো রক্ষে আছে!

মান্থবের সরল বিখাস কোণার শেষ পর্যন্ত নিরে যেতে পারে! দিব্র সমস্ত রাগ নিমেষে জল হয়ে গেল। সে ৰলল, পার্বভী তৃমি বড় হয়েছ, টের পাও না ?

জ্যোৎস্নায় পার্বতীর যেন শীত করছিল।

পার্বভৌ তুমি ভাল হয়ে যাও। দেবী মহিমা থেকে তুমি মুক্ত হও। কিপিলকাকা কেমন হয়ে গেছে ভাগ। তুমি ভো কি স্থন্দর ছিলে পার্বভী। কি চেহারা হয়েছে দেখেছ। তুমি আর আফিংরের জল থেও না।

দিবৃদা, আমি সভিয় বলছি ও খাই না। গেলে ধানের চরণামৃত নিভে হয় ভাই নিই।

কোখেকে ?

ভামার টাটে আলাদা করে ওঝা রেখে দের।

ওটা থেও না। দোহাই। আর বদি থাও তবে থান টান দব পুড়িয়ে দেব। ললিডদা ভাষণ ক্ষেপে রয়েছে।

পার্বভী বা করে না কথনও, এই প্রথম দেখল দিব্, পার্বভী হাত বাড়িয়ে ভার মুখ চেপে ধরেছে, দিব্দা দোহাই ও-কথা বল না! দিব্দা ওনার কোপে ভোমার আমার সব বাবে। দিব্দা—আ-আ।

দিবু দেখল ওর শরীরের ওপর পার্বতী ঢলে পড়েছে। সে তাড়া-তাড়ি অভিয়ে ধরতেই পার্বতী আবেগে মাৰত হতে থাকল। কাঁপতে থাকল বিরবির করে। কি আশ্চর্য অগং, নিরস্তর সূথ এবং করভালি বাজে কোণাও—যেন সেই প্রাপ্তর, সব্জ কথনও, কথনও নীল কথনও সুমধুর। নক্ষত্র থেকে কোঁটা কোঁটা কুয়াশার জল গড়িয়ে পড়ছে।

খরের মধ্যে পার্বভীর মুখের কাছে মুখ নিয়ে দিবু জনেককণ

অপলক দেখছিল। আর ডথনই দপদপ করে লগুনের আলোটা নিজে গেল।

কপিলকাকার গলা পাওয়া যাছে ' সৰ মিছে কথা। ওঝা বলল, সৰ মিছে কথা। যে বলে দেবীর অভিশাপে তার ক্লিছ খদে পড়বে। যে বলে, দেবীর কোপে পড়ে যাৰে। দেবীর নামে কুংসা রটালে কেউ পার পাবে না। সব মিছে কথা। মিছে কথা।

কোনো এক মগ্ন চৈতকা থেকে উথিত হলে বেমনটা হয়, দিবু তেমনি ঘর থেকে বের হয়ে উঠোন পর্যন্ত হেঁটে এল। কেমন কোলাহলের মতো মনে হচ্ছিল কাপিলের কথাবার্তা। তার শরীর বিমঝিম করছে। পটল ছুটে এদে দিবুকে ছড়িয়ে ধরে বলছে, দিবুদা জান ওঝা ডোমাদের স্বাইকে দেবীর নামে অভিশাপ দিচ্ছে। বলছে, তোমাদের ভিত্ত খনে পড়বে। দেবী মহিমা যে টের পায় না তারই কপাল পোড়ে।

কশিল তথনও বলতে বলতে আসচে, আমার কি সোঁভাগ্য, দেবী আমার বাড়িতেই বিরাজ করছেন। কোটি জন্মের স্কৃতির ফলে এটা হয়। তোমরা দবাই পার্বতীর নামে ওঝার নামে কুংদা রটাছে। দেবী কাউকে ক্ষমা করবে না। পার্বতী পার্বতী। উঠোন থেকেই ডাকল। আলো কোধায়। বাতি জলে না কেন! দব এত অন্ধকার করে রেখেছিদ কেন। ওঠ। ওঠ। তুই মা দাক্ষাৎ জননী জগজননী।

দিব বলল, পার্বতী ঘরে। শুয়ে আছে।

সে তারপর পরম এক আচ্ছন্নতায় ডুবে যেতে থাকল। তার খেয়ালই নেই দে ঘেরির পাড় ধরে টর্চ না জেলেই হেঁটে যাচছে। এটা তার কি হল! কেমন এক দিগন্ত প্রদারিত মাঠ সামনে। সেই মাঠের পাড়ে মে একা দাঁড়িয়ে। সে সমুদ্রের কল্লোল শুনতে পেল। যেন লক্ষ লক্ষ তরঙ্গমালা সমুদ্রের ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। সে ডুবে আছে গভীর এক নীল জলরাশির অভ্যন্থরে। সে বলল, পার্বতী তুমি যদি এ-ভাবে আরোগ্য লাভ কর, যদি এই তোমার ইচ্ছে হয়,

ভবে ভাই হোক। ভোমার আরোগ্যলাভে আমার দব নিমজ্জিভ হোক, তবু আমি দরে দাঁড়াব না।

সে এদে দেখল রভনকাকা ভার ক্ষ্ম্ম দোকানের বাইরে দাঁড়িয়ে অপেক্ষা করছে। ভাকে দেখেই বলল, ভোর এত দেরি!

দিবু বলল, আমি এখন ঘুমাব রতনকাকা। সে আর কোনো কথা বলল না। শুরে পড়ল। গভীর নিজার তারপর দিবু সভ্যি এক পরম তৃপ্তির আস্বাদন পেল। পার্বতী নাকে নধ পরে দাঁড়িরে। কপালে বড় সিঁছরের কোঁটা। মাধার সিঁছর। পরম মললাকাজ্ফী তার। সে দেখল, পার্বতী মুচকি হাসছে। লজ্জার তার ছ-গাল রক্তিম। আনত। নাগপাশ ধেকে পার্বতী মুক্ত।

পরদিন যা ধবর, তা আরও রোমাঞ্চর। যতীন ওঝা চিংকার করে বলে যাচ্ছে, দেবীর মতিভ্রম হয়েছে। দেবী থানে আসছেন না! চিস্তাহরণ বলল, ডোর মরণ হবে এবার। যতীন বলল, কেন ? কেন ?

তৃই যে আফিংয়ের জল খাওয়াস সব জানাজানি হয়ে গেছে। যতীন এই প্রথম টের পেল, তার সব যেতে বসেছে। তার হিসাব-নিকাশে ভুল বের হয়ে পড়েছে।

রায়মশাই যা লোক ভোকে ঝুলিয়েও দিতে পারে।

পুলিশ, না না। এঁয়া কি বলছেন!

পুলিশে দেবে না। শালো তুমি একজন কচি খুকিকে তোমার কজার নিরে আসার জন্ম ঘোট পাকিয়েছিলে। দিবু ললিত সব ভেভে দিছেে।

যতীনের দেই রক্তাম্বর এবং গলার রুদ্রাক্ষের মালার তেজ অতি
তুচ্ছ মনে হবে ভাবতেই দে কেমন বেপরোয়া হয়ে গেল। বিহিত
দরকার। চিন্তাহরণের পায়ের কাছে বদে পড়ল—কি হবে তবে কর্তা।
মাধা ঠাণ্ডা কর। ধৈর্ব ধর। কি বলল পার্বতী ?

ৰলল, খানে সে আসৰে না। ছ-দিন খেকে আসছে না। কেন!

দে বলে কিনা দেবী মহিমা না ছাই। ভোমরা আমাকে কি পেয়েছ!

কপিল কি বলে!

ৰুপিলের ষা স্বভাব, দে ভেড়ে মারতে গেছে মেয়েকে!

দেবীর গায়ে হাত! তুই নিরস্ত করলি না।

করলাম। বললাম, মজিল্রম হয়েছে। ওটা দেরে যাবে। বাড়িছে আজেবাজে লোক ঢুকডে দাও কেন ?

আৰেবাৰে লোকটা কে ?

দিব্যেন্দু। সে গেছিল পরশু রাতে। কি ফুসমন্তর কানে দিয়ে এসেছে কে জানে।

ভোর সমূহ বিপদ দেখছি।

ষতীনের গলা কেমন শুকিরে যাছে। তুপুরবেলার থানে ভিড় হয়। দেবী বদে থাকেন। পূজা আসে। মানসিক আসে। দেবীরই পাতা নেই। ধরে বদে রাল্লা-বালা করছে। পটলকে ভেল মাথিরে দিরেছে। খোঁজ করতেই জানাল, তার সময় নেই থানে ধাবার। কপিল মাঠে ছিল। সে পর্যন্ত থবর পেয়ে ছুটে এসেছে। সে বলেছে, মা তুই তো আমার ঘরে জন্মসূত্রে। আর কি অধিকার আমার। সব মামুষ ভোর দিকে ডাকিয়ে। যা তুই এবার কথা শোন। তুই না গেলে মা-মনসার কোপে পড়ে যাব।

কপিল এত করে বলেছে!

কানে ভাল করে মন্ত্র চুকিয়ে দিয়েছি। বলেছি, দেখ যারা এ-সব ৰলছে সব অগ্নিদম হবে। আগুনে পুড়ে মরবে। দেবীর রোফে আগুন জলে উঠবে।

ৰলেছিদ তুই ?

কি করব কর্তা, আপনার আদেশ লজ্যন করি কি করে !

শোন তবে, যখন বলেই ফেলেছিস, তখন তো তাকে সত্য করে তুলতে হবে। আজ কালই যা হয় কর। একাই তোকে কাজটা সারতে হবে। দেবীর কোপে কী হয়, একবার সবাইকে ব্ঝিয়ে দে। দিবুকে পুড়িয়ে মার। ললিতের দোকানে আগুন ধরিয়ে দে।

কিন্তু দাহদে কুলায় না কর্তা।

আমি ত' আছি ব্যাটা। ওঝাগিরি ফলানি, তুকতাক করে বেড়াস—ডখন ভয় হয় না। ভড়ং ত' কম না। রক্তাম্বর পরে, গলায় রুদ্রাক্ষের মালা পরে ক্ষ্যাপা প্রকৃতিকে কলা দেখাতে চাস, আর আগুন দেবার নামে ভয়। ললিতকে দেশছাড়া না করতে পারলে আমারও শান্তি নেই। তুই না করিস, হরেন আছে, কালীপদ আছে, যে কেউ করবে। তবে বলে দিচ্ছি তোর হ্যাপা তখন তুই সামলাবি। আমার কাছে এলে খড়ম পেটা করব।

ষতীন অগত্যা কি করে। তৃই প্রতিপক্ষের একপক্ষকে হাতে না রাথলে তার চলে না। চরণ রটিয়েছে থবর। স্থতরাং দেবী মহিমার চরণ গেছে। আগু.ন তিন তিনটে প্রাণী যাবে। ভাবতেই কপালে ঘাম দেখা দিল।

তথন রায়মশাই ডেকে বললেন, তোর ললিভদা কবে ফিরবে, দিবু !

আঞ্ভ তো এল না!

ৰায়মশাই দেখলেন, দিবু যেন কি লুকিয়ে যাচ্ছে। ভাকলেন, কাছে আয়।

কাছে গেলে ভাইপোটির চোথ আরও ভাল করে দেখলেন। বললেন, চোথ তোর ছলছল করছে কেন রে! দেখি হাতথানা।

হাতখানা দেখে বললেন, জর আদবে। নাড়ি চঞ্চল । ত্পুরে আজ ভাত খাবে না।

দিবু এ-জ্ঞা সকাল থেকে জ্যাঠামশারের কাছে যায় নি। সবসময়

সে তার জ্যাঠামশাইকে এডিয়ে গেছে। দেখলেই টের পাবে। গা
ম্যাজম্যাজ করছে দকাল থেকে। শহীরে ব্যথা। রোগের আঁচ
পেলেই জ্ঞাঠামশাই কেমন নিষ্ঠুর হয়ে যান। খেতে দেন না। বালি,
মুড়ি, থৈ, হথ—হালকা থাবার: দে বড় ভয় পার। ভাত বদ্ধ হয়ে
গেলে মেজাজ খারাপ হয়ে যায়। পার্বভীকে নিয়ে দে এখন অস্থা এক
ঘোরের মধ্যে আছে। এটা যে ভার কি হয়ে গেল। সংকোচ, লজ্জা
অপরাধবাধ—আবার মনের মধ্যে বেজে ওঠে একভারা, কোন এক
বাউল নিশিদন ভা বাজার।

জ্যাঠামশাই বললেন, পার্বতী শুনছি থানে যাচ্ছে না।
দিব্র মুথ কেমন সহসা অতর্কিতে লাল হয়ে গেল।
কি হয়েছে পার্বতীর!
জানি না ত'।

দিবু আর দাঁড়াল না। পার্বতীর এই পরিবর্তনে সেও কম বিশ্বিত নয়।

দে ঘর থেকে বের হয়ে ঘেরির পাড়ে এদে দাঁড়াল। ললিতদা থাকলে দোকানে গিয়ে চুপচাপ বদে থাকতে পারত। তার কোন কিছু ভাল লাগছে না। পার্বতীকে দেখার আকাজ্জা। ওদের বাড়ির ভেতরটা দেখা যায়। পটল পার্বতী কেউ নেই। পার্বতী ছ-দিন ধরে থানে যাচ্ছে না। তবে কি দিবু এটা পছন্দ করছে না বলে! ওর দাপথোপের ভীতি, কালের ভীতি এত সহজে উবে যায় কি করে! মনের মধ্যে পার্বতী সেই রাতের ঘটনায় কোন দৃঢ়তা খুঁজে পেয়েছে! অথবা সন্দেহ সংশয় এতদিন দিবুকে নিয়ে যা তার ছিল, তা নিঃশেষ হয়ে গেছে! দে আর নিজেকে নষ্ট করে দিছে চায় না। কিবা বয়ঃদম্বিকালে যে অপার্থিব এক জগৎ বিরাজ করে—দেখানে দৰ কিছুই মোহময় ঠেকতে পারে—দিবুর ওপর প্রতিশোধ চরিতার্থ করার জন্ম পার্বতী নিজেকে নষ্ট করে দেবে বলে স্থির করেছিল! অত্তিতে এক বানের জলে ভেসে গিয়ে নতুন

পৃথিবীর দে কি সন্ধান পেয়েছে! দেবী মহিমাকে পর্যন্ত অবহেলায় তুচ্ছ করতে পারছে। ওটা যে টর্চের আলো, ঝোপের মধ্যে ঝুলে ধাকায় আলোটা আকাশমুখো হয়েছিল, দব দে ব্যাখ্যা করার পর কি ব্রতে পেরেছে, দবটাই ডাহলে মনের ভুল! এডদিন যা ভেবেছিল, কোনো জ্যোডির্ময় আলো দিব্যলোক থেকে যার উৎপত্তি নিমেষে তা ভেঙে খান খান হয়ে গেল! এ-দব ভাবতেই ভেডরে এক জয়ের আনন্দ, আশাভীত দাফল্যের রোমাঞ্চ অমুভব করল দিব্। ভার কেন জানি পার্বতীর কাছে দৌড়ে যেতে ইচ্ছে হচ্ছে। কিন্তু পারছে না। পার্বতী মাঠে তথন পটলকে ধরার জয়্ম ছুটছে। পটল পালাতে চাইছে, পার্বতী ধরে নিয়ে আসছে। ঘেরির পাড়ে দিবুকে দেখেই পটলের হাত ছেড়ে দৌড়ে পালিয়ে গেল। নিমেষে উয়াও।

রাতে এই বেরিতে অক্স চেহারা।

সবাই ঘুমিয়ে পড়েছে। চিস্তাহরণ বসে আছে ষতীন আসবে বলে। আসতে দেরি করছে। বারান্দায় লঠন জলছে। হরেন বসে বসে ঝিমোচ্ছিল। আজ ডিন-চারদিন ধরে রাতে তার একবিন্দু ঘুম হয়নি। পরাজ্বের গ্রানিতে ভূগছে। এখানে এসে ওঠার পর এত বড় হার তার!

ষতীন এল এক সময়। সতর্ক পা ফেলে। চুপি চুপি। দেবীর কোপ কত প্রবল, প্রমাণ না হলে তার থান উঠে ষেতে পারে। স্বার মধ্যে আতক ধরিয়ে দেওয়া দেবীর নামে।

ওথানটার টিন আছে। চিন্তাহরণ তক্তপোশে বসেই আঙ্ল তুলে দেখিরে দিল। এই হরেন যা সঙ্গে। আগুন ধরাবে যতীন। তুই তেলটা বেড়ার গারে ছিটিয়ে দিবি! রৃষ্টি নেই। সব শুকিয়ে কাঠ। জতুগৃহ হয়ে আছে। আগুন দিলেই দাউদাউ করে জ্বলে উঠবে। আকাশ মেঘলা। বৃষ্টি নামলে জ্বলবে না। শৃয়োরটা এসে দেখবে সৰ পুড়ে ছাই। লঘু গুরু জ্ঞান না থাকলে এই হয়। যা যা, আর দেরি করিদ না। কাজটা হাসিল হলে নিশ্চিন্তে ঘুমাতে পারি।

যতীন বলল, লগুনটা সঙ্গে নি। রাস্তায় লতাটতা পড়ে থাকতে পারে।

মরতে চাস! তুই ন' ওঝা ব্যাটা। তোর আবার ডর কিসের! ভোর না পাশর আছে! সঠন নিয়ে ওদিকে নেমে গেলে টের পাবে।

ভবে অস্তত একটা টৰ্চ।

কিচ্ছু সঙ্গে না। আগুন দিলে দেখৰি মাথা ঠিক থাকৰে না। কি নিতে কোন্টা ভূলৰি, কোনটা ফেলে আসৰি, পুলিশ এসে ভখন ধকক। গামছাও সঙ্গে না। পাটকাঠি আর কেরোসিন ভেল। আগুন ধরে গেলে ছুটবি। কাঁচা কাজ করেছিস ভ' থানের ভিটে সুদ্ধু উপড়ে ফেলব। ওরা নেমে গেলে চিস্তাহরণ বরের লগুনটাও নিভিয়ে দিল।

খেরি থেকে নেমে আসার সময় মনে হল, হরেনের পা ঠক্ঠক্ করে কাঁপছে। সে হাঁটতে পারছে না।

ষতীন মাঝে মাঝে ভয় তাড়ানোর জন্ম রুদ্রাক্ষের মালা জপছে। বিষহরি, বিষহরি। এত বড় পাপ কাজ দে কথনও করেনি। খুট-খুটে অন্ধকার। সামনে হরেন। হাতে ভার এক আঁটি পাটকাঠি। দোকান জ্বলবে। তিনটে লোক জ্যান্ত পুড়ে মরবে।

कि इन !

হরেন উবু হয়ে বদল। কাঠিগুলি হাড থেকে পড়ে গেছে।
বলে দে উবু হয়ে বদলে দেখল আঁটিটা দামনেই আছে। হাঁটুডে ভর
দিয়ে আবার উঠে দাড়াল। ছলির একমাত্র আবাদ, দে নিজের হাডে
পুড়িয়ে দিতে বাচেঃ। ভেডরে রতন, চরণ, দিবু ঘুমাচেঃ। দব পুড়ে
মরে পাকবে। ভেলটা চারপাশে দিভে বলেছে। দে বলল, যতীনদা
কাঞ্জটা কি ভাল হবে ?

কি বললে!

না, বলছিলাম, এতবড় পাপ কাজ। তিন তিনটে লোক পুড়ে ময়বে। হয়েনের গুলা কাঁপছে ধর্ণর করে।

যতীন বলল, কর্তা বে প্টাচে ফেলেছে, ত্-কৃলেই মরণ লেখা, আমার। তারপর দে ছুটতে থাকল। যেন দেরি করলেই হোঁচট থাবে। যেতে পারবে না। শরীর অসাড় হয়ে পড়ে থাকবে পায়ের নিচে কি আছে টের পাবে না। রাস্তা সংক্ষিপ্ত করার জন্ম তারা জন্ম মাড়িয়ে যাছে। কুকুরগুলো বেরির পাড়ে দাঁড়িয়ে ঘেউবেউ করছে। এই বেরিতে এত কুকুর থাকে তারা যেন আনত না। আসলে চোরের মতো গতিবিধি হলে যা হয়, দ্র থেকে জোনাকি উড়ে এলেও ভয়—যতীন মাঝে মাঝে ঝোপের মধ্যে বদে পড়ছে। হয়েনকে হাছ টেনে বিদয়ে দিছে। মায়ুয়ের গলার আওয়াজ পাছে। কারা যেন কিসকাস কথাবার্তা বলছে। আসলে সবই ধন্দ। দে উঠে পড়ে আবার হাঁটে। এইটুকু পথ, অথচ মনে হছে যোজন দ্র। ঘরটা যত এগিয়ে আসছে তত হয়েনের এবং যতীনের কাঁপুনি বাড়ছে।

আর আগুন দিরে দৌড়ে আসার সময়ই ওঝার পারে কুট করে
কিসে কামড়াল: দাঁড়ালে ধরা পড়ে যাবে। ছুটছে। আঙ্লটা
কেমন অবশ হয়ে আসছে। সে যে হাত দিয়ে দেখবে তারও সমর
নেই। যেন হৈ-হল্লা শুনতে পাচ্ছে। আগুন ধরে উঠেছে, মড়মড়
শব্দ শোনা যাচ্ছে। বাঁশ ফাটার শব্দ। ওরা দৌড়ে যথন
চিস্তাহররেলর বাড়ির মধ্যে চুকে গেল, তখন চুপি চুপি চিস্তাহরণ দরজা
খুলে দিল। বলল—শাবাশ, দেখবি যতীন, ডোর থানের মাহাত্ম
কত এবারে বাড়ে।

ষতীন কোনরকমে বলল, জল খাব কর্তা। বুক কেটে বাছে। টর্চ বাভিটা দেন। দেখি। আর টর্চ মেরে ক্ষতস্থান দেখেই সে আঁডকে উঠল। চলে পড়ার আগে একটা কথাই উচ্চারণ করছে পারল—হাঁ। বিষহরি!

সহসা কেমন দমবন্ধ ভাব হয়ে আসতেই চরণ চোখ খুলে তাকাল। দেখেই চিংকার, আগুন। আগুন। রতন চিংকারে তড়াক कर्त माकिरा वमन। स्मध दाँकन, व्याधन व्याधन। पत्रका र्करन দেখল, বাইরে থেকে বন্ধ। ঝাঁপের দরজা। চরণ লাখি মারতেই কি একটা সরে গিয়ে দভাম করে শব্দ হল। আগুন ধে^{*}ারার খাসকষ্ট। কোনরকমে টেনে আনল ঝাঁপটা, তারপর নিচ দিয়ে হামাগুড়ি দিল। রতনের কাপড়ে আগুন ধরে গেছে। সে কাপড়টা খুলে উলঙ্গ আপনারা কে কোথায় আছেন—ললিতদার দোকানে আগুন লেগেছে। লেলিহান অগ্নি তখন আকাশের দিকে ভয়ন্কর ছ-হাত যেন প্রসারিত করে দিয়েছে। চিংকারে আবাসের মানুষজ্ঞন জেগে গেছে। যে-যেদিক থেকে পারছে ছটছে। কেউ ঘড়া নিয়ে, বালতি নিয়ে, কেমন ভৃতগ্রস্ত হয়ে পড়েছে সবাই। কেউ আবার কিছু না নিয়েই ছটে গেছে। কি করবে বৃঝতে পারছে না। রায়মশাই, কপিল, পটল, মরণ, সুখো, চিন্তাহরণ—কেউ বাদ যায়নি। চিন্তাহরণ নিজেও একখান বালতি নিয়ে দৌড়ে এসেছে। হৈ-হল্লা চিৎকার। খাসনবিশ ছটছে একখান ভিজা কাঁথা যদি চালে ফেলে দেওয়া যায়। বাঁশ, কলার ডিগ হাতে আবাসের মামুষরা, আগুন নেভানোর চেষ্টা করছে। মেয়েরা, বৌরা জল নিয়ে আসছে।

পার্বতী একা দাঁড়িয়ে। দিব্দা কোথায়! দিব্দা, দিব্দা! সে চিংকার করছে, দিব্দা কোথায় ?

রায়মশাই এমন ভয়ত্বর ত্রাদের মধ্যেও ঠাণ্ডা গলায় বললেন, দিবুর হুর। বাড়িতে আছে।

পার্বতীর হাঁটু কাঁপছিল। মুহুর্তে তা কেমন যেন থেমে গেল। গলা শুকিয়ে কাঠ। সে কি করবে বৃথতে পারছিল না। সবার দেখাদেখি সেও দৌড়ে গেল। হাতে বালতি নিয়ে ঘেরির তলানি থেকে জল নিয়ে ছুটল। যাবার সময় দেখল অনেকের মধ্যে দিব্দা চাদর গায়ে দাঁড়িয়ে আছে। সে ললিতদার এই ছাসময়ে কোনো কাজে লাগতে পারছে না বলে বিমর্ষ। সে পার্বতীকে পাশ দিয়ে ছুটে যেতে দেখেও কিছু বলল না। আগুন লাগল কি করে! ললিতদা এলে সে কি বলবে! জ্বর হওয়ায় জ্যাঠামশাই রতনকাকে একাই পাঠিয়েছিল শুতে। বিড়িটিড়ি খেয়ে চরণ কিংবা রতনকাকা ভুল করে ফেলেনি ত'।

সেনিচে নেমে দেখল সব শেষ। কিছুই বের করা যায়নি।

আগুন একইভাবে জ্বলছে। কত কঠ করে জীবন বাজি রেখে
ললিভদা দোকানটা সাজিয়ে তুলেছিল। কত স্বপ্ন দেখত দোকানটা
নিয়ে। ইচ্ছে ছিল তার দোকানের পাশে একটা জ্বলছত্ত দেবে।
দূর দূর থেকে মানুষজন এই পথ ধরে বেলডাঙা যায়। তপ্ত ত্বপূরে
পথিকের তৃষ্ণা নিবারণের জন্ম স্থলর একখানা গাছের ছায়ায় জ্বলছত্ত।
ক্লাব করবে একটা। ক্লাব থেকে এটা করা হবে। জায়গা ললিভদাই
দেবে বলেছিল। ললিভদার কথা ভেবে, ছলিদির কথা ভেবে তার
চোখে জ্বল এসে গেল। দোকানটা চোখের ওপর পুড়ে ছাই হয়ে
যাচ্ছে। ললিভদা ভেবেছিল, দিবু থাকলে তার দোকান থেকে কেউ
কিছু সরাতে পারবে না। এখন পুরো দোকানটাই জ্বলে জ্বলে শেষ
হয়ে গেল। পুড়ে ছাই হয়ে গেল। ললিভদা এলে, তাকে সে কি
জ্বাব দেবে!

সকাল বেলায় পার্বতী দেখল দিব্দা ললিতদার দোকানের দিকে মাথা নিচু করে হেঁটে যাচ্ছে। দিব্দা এক মুঠো ছাই তুলে নিয়ে হাত খুলে কি দেখল। তারপর ছাই ফেলে দিয়ে চুপচাপ দাঁড়িয়ে থাকল। বড় একা নিঃস্ব মনে হচ্ছে দিবুদাকে।